এখন প্রশ্ন জাগে যে - বিবাহ শব্দের আক্ষরিক অর্থ কি? কেনই বা বিবাহে নানাবিধ বিধির উল্লেখ রয়েছে। বিবাহ প্রথার পূর্বে সমাজ জীবন কিভাবে পরিচালিত হত সে প্রসঙ্গে কিছু প্রাচীন গ্রন্থের বচন তুলে সমাধানের চেষ্টা করা হচ্ছে। প্রাক্ বিবাহ যুগে এবং বিবাহ প্রথা প্রচলনের পূর্ব্বে সমাজে নর নারীর মধ্যে যৌনাচার যথেচ্ছভাবে ছিল। এবং তাকে স্বাভাবিক ধর্ম্ম বলে মনে করা হত। ভারতের ঐতিহাসিকগণ ও এবিষয়ে একমত পোষণ করেন। বর্তমান কালেও Live Together প্রভৃতি দেখা যায়। এবিষয়ে বহু প্রমাণ আছে। যেমন - ঋগ্বেদের ১০ মন্ডলের ১০ সূক্তে যমজ ভ্রাতা -ভগিনীর যম যমীর কাহিনী আছে। ঋগ্বেবেদে পিতা ও কন্যা , ভ্রাতা-ভগিনীর যৌন সম্পর্কের উল্লেখ আছে। রুদ্র ও তাঁর কন্যা উষার যৌন সম্পর্ক[৯]। আর ও দেখা যাচ্ছে যে মাতা সূর্য্যা ও ভাগিনীর সঙ্গে পূষা পূষণের যৌন সম্পর্ক[১০]। এইভাবে ঐতরেয়ব্রাহ্মণ[১১], শতপথব্রাহ্মণ[১২] এবং পঞ্চবিংশতিব্রাহ্মণেও[১৩] প্রজাপতি কর্ত্তৃক নিজ কন্যাকে সম্ভোগের কাহিনী। ব্রহ্মপুরাণে ব্রহ্মা তাঁর বড় কন্যা সাবিত্রীর সঙ্গে (১০২ অধ্যায়)। মৎস্যপুরাণানুযায়ী ব্রহ্মা তাঁর কন্যা শতরূপার সঙ্গে যৌনাচারে লিপ্ত হন। ঐ পুরাণে রাজা তৈত্তিরী নিজ কন্যার সঙ্গে লিপ্ত হন এবং নল নামক সন্তানের জন্ম দেন[১৪]। শ্রীকৃষ্ণের পুত্র শাম্ব তাঁর বিমাতার সঙ্গে লিপ্ত হন[১৫]। মহাভারতের বনপর্বে কুন্তীর আহ্বানে সূর্য্যদেবের আগমন[১৬]। আবার বনপর্বে মদ্রদেশ সম্পর্কে কিছু কাহিনী প্রচলিত আছে[১৭]। আবার উদ্দালক পুত্র শ্বেতকেতু প্রথম গম্যা অগম্যা সম্পর্কে নিয়ম করে বিবাহ ব্যবস্থা প্রবর্তিত করেন। বিভিন্ন বৌদ্ধ গ্রন্থেও ভ্রাতা ভাগিনীর বিবাহের উল্লেখ আছে। পালি 'দীঘনিকায়' এর অন্তর্গত টীকা সুমঙ্গলবিলাসিনীতে শাক্যরাজবংশের কাহিনী আছে[১৮]। অতএব এই সব আলোচনার দ্বারা স্পষ্ট ভাবে বলা যায় যে বিবাহ ব্যবস্থার প্রচলনের পূর্ব্বে পৃথিবীর অন্যান্য দেশে , আমাদের দেশেও স্বেচ্ছা যৌনাচার প্রচলিত ছিল।

ড. আর. এস. শর্মার মতে বিবাহ প্রথা প্রচলনের পরেও স্মৃতির যুগ পর্য্যন্ত যথেচ্ছ যৌনাচার ছিল। আর এই কারণে স্বীকৃত বিবাহ সম্পর্কের বাহিরে উৎপন্ন সন্তানদের কথাও স্মৃতিকারদের চিন্তা করতে হয়। ফলে পুত্রের সংখ্যা দ্বাদশ হয়। বিশিষ্ট সমাজবিজ্ঞানী লুই হেনরি মর্গান তাঁর *Ancient*

*Society* গ্রন্থে মানুষের ইতিহাসকে মূলতঃ তিনটি স্তরে বিভক্ত করেছেন - বন্যাবস্থা , বর্বরতা, এবং সভ্যতা। মানব সভ্যতার এই স্তরে অবাধ যৌন সম্পর্ক চলত। ভাই - বোন , পূর্বপুরুষ ও উত্তরপুরুষ অর্থাৎ মাতা - পুত্র , পিতা - কন্যার মধ্যে ও ছিল অবাধ যৌনাচার। রক্তসম্পর্কিত নারীপুরুষের যৌন মিলনের ফলে যে সন্তান সন্ততির জন্ম হয় তারা পঙ্গু হতে শুরু করে। মানুষ ধীরে ধীরে সেটা উপলব্ধি করতে শেখে। পরে সেটা নিষিদ্ধ হয়। এই ভাবে দীর্ঘ বিবর্তনের পর ধীরে ধীরে সমাজের অগ্রগতি হতে লাগল। তখনই বিবাহ ব্যবস্থার প্রবর্ত্তন হল এটা ঐতিহাসিক অভিমত।

খৃষ্টপূর্ব তৃতীয় শতকে স্মার্ত্তকারেরা অনুভব করলেন অবাধ যৌনউচ্ছৃঙ্খলতা বন্ধ হওয়া উচিত। সমাজে বন্ধন থাকা কাম্য। বন্ধন ছাড়া সমাজ টিকে থাকতে পারে না। পাখী যেমন স্বাধীন ভাবে আকাশে উড়তে পারে, কিন্তু তাকেও অভিকর্ষের নিয়ম মেনে চলতে হয়। সমাজ জীবনে ও নিয়মের প্রভাব না থাকলে অরাজকতা দেখা দেয়। লেখাপড়া, খেলাধুলো থেকে অফিস-কাছারি, বিশ্ববিদ্যালয়, কলেজ প্রভৃতি সবই নিয়মের মধ্যে চলে। মহাপুরুষগণ এই নিয়মানুবর্তিতাকে সাধনারূপে অভিহিত করেছেন। অতএব সুশৃঙ্খলভাবে জীবন ধারণ করা কর্ত্তব্য , উচ্ছৃঙ্খলতার মধ্য দিয়ে নয়। যৌবনের উন্মাদনায় ও প্রাকৃতিকগত কারণে নর-নারীদের মিলন ও খুবই স্বাভাবিক, কিন্তু এই মিলন বা বন্ধন যেন যৌন উচ্ছৃঙ্খলতার মধ্যে দিয়ে না গিয়ে নরনারী যেন এক পবিত্র বন্ধনে আবদ্ধ হয় , সন্মানের সহিত সমাজে বৈধ স্বীকৃতি, সুন্দর দাম্পত্য জীবন, সুসন্তানের জন্ম দিতে পারে তার জন্য স্মার্ত্তকারগন 'বিবাহ' এক নতুন সংস্কার রূপে সমাজের কাছে উপস্থাপিত করলেন। সমাজ তখন সাদরে গ্রহণ করতে উদগ্রীব হল। বিবাহ বলতে কি বোঝায় এটি বলতে গিয়ে স্মার্ত্তকারগণ বিবাহের ব্যুৎপত্তিগত অর্থ তুলে ধরলেন। বিবাহ যে কেবল নিছক নরনারীর যৌন মিলন নয় , এটি যে একটি পবিত্র ধর্মীয় অনুষ্ঠান , এবং এখানে যে সমাজ, গুরুজন এবং দেবতাদের ও গুরুত্বপূর্ণ ভূমিকা। এর মধ্যে যে এক আধ্যাত্মিকতার যোগ আছে তাও তাঁরা তুলে ধরলেন। অর্থাৎ বোঝাতে চাইলেন যে বিবাহেতে বর হল বিষ্ণু আর কনে হল লক্ষ্মী। অর্থাৎ বিষ্ণুর সঙ্গে লক্ষ্মীর বিবাহ—“বিষ্ণুং জামাতারং মন্যে।” তাঁরা আরও উপলব্ধি করলেন - ব্যক্তিগত শুচিতার উপর জোর দিতে হবে। তা না হলে কুলধর্ম নষ্ট হবে। নিজের জিনিষ টি নিজের ব্যবহার করা উচিৎ। শাস্ত্রে বলা আছে যে –

> আসনং ব্যসনং শখ্যা জায়াপত্যং কমণ্ডলুঃ।
> আত্মনঃ শুচিরেতানি ন পরেষাং কদাচন।।[১৯]

অতএব নারী পুরুষদের অবাধ মেলামেশা বা যথেচ্ছ যৌনাচারে তা সম্ভব নয়। গীতায় অর্জুনের কথায় –

> কুলক্ষয়ে প্রদর্শন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
> ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোহভিভবত্যুত।।[২০]

অর্থাৎ কুলক্ষয় হলে সনাতন কুলধর্ম্ম নষ্ট হয়, এবং ধর্ম্ম নষ্ট হলে সমগ্র কুল অধর্মে অভিভূত হয়। কুল অধর্মে অভিভূত হলে কুলস্ত্রীরা ব্যভিচারিণী হন। তাতে বর্ণসংকর জন্মে। বর্ণসংকর হলে নরকগমন , শ্রাদ্ধ - তর্পণাদি লোপ এবং পিতৃপুরুষেরা নরকগমন করেন। মহাভারতেও বর্ণসংকর কে গুরুতর পাপ বলা হয়েছে। এইসব মানসিকতা ও দৃষ্টিভঙ্গী থেকেই বিবাহ প্রথার সৃষ্টি হয়। তবে বলা যেতে পারে যে সমাজ বিবর্তনের পশুপালন ও কৃষিকার্য স্তরে সামাজিক ও অর্থনৈতিক কারণে ব্যক্তি ও গোষ্ঠীর কাছে বিবাহের প্রয়োজনীয়তা অনুভূত হয়। যুদ্ধবিগ্রহের জন্য জনসংখ্যার বৃদ্ধির প্রয়োজন হয়ে পড়ে। সমস্ত কিছু চিন্তা ভাবনা করে স্মার্ত্তকারেরা বিবাহকে এক নতুন আঙ্গিনায় রূপান্তরিত করলেন। পূর্ব পূর্ব সমস্ত কিছু বিবেচনা করে বিবাহকে আট প্রকার নিয়মে নিয়ে এলেন। আট প্রকারের মধ্যে ব্রাহ্ম বিবাহকে খুব গুরুত্ব দিতে লাগলেন যে - এ বিবাহ এমন এক ধরনের হবে যেখানে এক অপরিচিত যুবক এবং অপরিচিতার যুবতীর পবিত্র বন্ধনে মিলিত হবে। এই বন্ধন হবে খুবই সম্মানের সঙ্গে। তার জন্য অভিভাবকের দায়িত্ব, পাত্র ও পাত্রীর যোগ্যতা ,আর্থিক চিন্তা রাশিচক্র ইত্যাদি বিচারের মধ্য দিয়ে আসতে হবে। সেখানে বলা হচ্ছে -সংসার হোল পৃথিবীতে স্বর্গ-সত্যের আধার ও সৎ ধর্ম্মের আবাসস্থল (১০.৮৫.২৪)। এই বিবাহ মানুষকে সত্য ও কর্ত্তব্যবোধে উদ্বুদ্ধ করবে, এবং সামনে পবিত্র জীবনের এক নতুন অধ্যয়ের সূচনা হবে।এই বিবাহের পশ্চাতে

ধর্ম্ম ,প্রজা ও রতি এই তিনটি উদ্দেশ্য থাকবে। বিবাহের মাধ্যমে কুলধর্ম্ম বা গৃহধর্ম্মের দায়িত্ব গ্রহণ করবে। আর ও আশ্চর্য্যের বিষয় হল এই বিবাহে কেবল স্বামীর সঙ্গে নয় স্বামীর পরিজন, জ্ঞাতি, গোষ্ঠী , পিতৃ , ঋষি , দেবতা ও অতিথিদের সঙ্গে যোগ হবে।

> ঋষয়ঃ পিতরো দেবা ভূতান্যতিথয়স্তথা।
> আশাসতে কুটুম্বিভ্যস্তেভ্যঃ কার্য্যং বিজানতা।।[২১]

'বি' উপসর্গের সঙ্গে 'বহ্' ধাতুর উত্তর ঘঞ্ প্রত্যয় সংযোগে বিবাহ শব্দটি নিস্পন্ন। 'বি' উপসর্গের অর্থ হল বিশিষ্টভাব, আর 'বহ্' ধাতুর অর্থ হলো বহন করা। অতএব উপসর্গ ও ধাতু এই দুটি মিলে এই রূপ অর্থ হয় - বিশিষ্ট ভাবে বহন করা। অর্থাৎ এক গৃহে থেকে অন্য গৃহে কিম্বা এক কুল থেকে অন্য কুলে বহন করা। তবে এ বহন সাধারণ অর্থে নয়, বিশেষ অর্থে অর্থাৎ সারাজীবন ভরণপোষণ ও সুখ স্বাচ্ছন্দের দায়িত্ব গ্রহণ করা। এখানে বিশিষ্ট বলতে আমরা অগ্নি কে বুঝি, অর্থাৎ অগ্নী কে সাক্ষী রেখে যেটি নিজের ছিল না তাকে নিজের মতো করে নেয়া হল বিবাহ। বিবাহানুষ্ঠানের মাধ্যমে স্ত্রী ও স্বামী একাত্মতা ও একাঙ্গে রূপান্তরিত হয়। রামায়ণে বলা হচ্ছে যে পত্নী ই হলেন স্বামীর আত্মা অর্থাৎ সীতা হলেন রামের আত্মা। তাই হিন্দুশাস্ত্রমতে বিবাহ বন্ধন হল অচ্ছেদ্য, এই বিবাহে স্বামী স্ত্রীর বন্ধন কখনো ছিন্ন হয় না। শতপথব্রাহ্মণে আছে সত্য হল পুরুষ, এবং বিশ্বাস হল নারী, মন হল স্বামী এবং বাক হল স্ত্রী, সত্য ও বিশ্বাস যেমন সমগামী, মন ও বাক যেমন অচ্ছেদ্য, তেমনি বিবাহিত স্বামী স্ত্রীর বন্ধন ও অচ্ছেদ্য, এ কেবল জাগতিক বন্ধন নয়। এত হৃদয়ের বন্ধন, এ জগৎ ও পরজগতের মধ্যে আধ্যাত্মিক বন্ধন, এ বন্ধন উভয়ের মধ্যে বিচ্ছিন্ন হবার অনুমতি দেয় না। বরং যে কোন মত বিরোধের মধ্যে মধ্যস্থতা করে তাদের স্থায়ি বন্ধনে আবদ্ধ রাখে। কেবল মাত্র ব্যাক্তিগত সুখ বা শ্রীবৃদ্ধি নয়, এখানে গৃহীর দায়িত্ব অনেক। স্মার্ত্তরা বলেন - হিন্ধু বিবাহ আত্মহিতায় নয়, এ বিবাহ জগদ্ধিতায়। কারণ এ বিবাহ বংশধারা রক্ষা করে, মৃত পূর্বপুরুষদের উদ্ধার করে এবং মানুষ ছাড়া অন্যান্য জীবজগৎ কে রক্ষার দায়িত্ব গ্রহণ করে। এই প্রসঙ্গে উইল্ ডুরান্টের মত খুবই প্রণিধানযোগ্য—

> Let us understand that marraige is not a relation between a man and woman designed to legalise desire, it is a relation between parent and children, designed to preserve and strengthen the race. If it had been a personalinstead if a racial matter. It would not have been made the concern of human custom and laws..... Why all this paraphenalia of licence bureaus, marriage ceremonies, divorece courts moral exhortations and taboos is not for the reason the marriage is the most fundamental of all institutions, the one which guards and replenishes the stream of human life.[২২]

এই পবিত্র বন্ধনের সমার্থক শব্দ হল - বিবাহ, উদ্বাহ, পরিণয়, উপযম, পানিগ্রহণ ও দারপরিগ্রহ। এই গুলির অর্থ বেশ চমকপ্রদ। যেমন বিবাহ শব্দের পারিভাষিক অর্থ হল কন্যাকে নিজ পত্নীরূপে পাওয়ার জন্য বিশেষ ব্যবস্থার মাধ্যমে নিজ গৃহে আনা। উদ্বাহ শব্দের অর্থ হল - কন্যাকে সম্মানের সঙ্গে পিতৃ গৃহ থেকে বরের গৃহে নিয়ে যাওয়া। পরিণয় শব্দের অর্থ হল নারীর সাথে প্রজ্বলিত হোমাগ্নির চতুষ্পার্শ্বে প্রদক্ষিণ করা। উপনয় শব্দের অর্থ হল কন্যাকে ভার্য্যারূপে স্বীকার করে নেওয়া। পানিগ্রহণের অর্থ হল কন্যার হাত ধরে তাকে গ্রহণ করা। আর দারপরিগ্রহের অর্থ হল কোন পুরুষ কর্তৃক কোন কন্যাকে ভার্য্যাত্বরূপে গ্রহণ করা। এই ভাবে স্বামীর ও অপর নাম ভর্ত্তা ও পতি, এর অর্থ হল স্বামী যখন স্ত্রীর ভরণপোষণের দায়িত্ব নেন তখন তিনি ভর্ত্রা আবার স্ত্রীকে যখন পতিপালন ও রক্ষা করেন তখন তিনি পতিরূপে অভিহিত হন।[২৩] অনুরূপ ভাবে ও বিবাহিত স্ত্রীর সমার্থক শব্দ আছে যথা - অর্দ্ধাঙ্গিনী, ভার্য্যা, পত্নী, জায়া ও দারা, এইগুলির অর্থ হল বিবাহে দুটি প্রাণ এক প্রাণে পরিণত হয়, একের এভাবে একের অঙ্গহানি। অবিবাহিত পুরুষ ও নারী প্রত্যেকে অসম্পূর্ন, বিবাহের মাধ্যমে দুটি প্রাণ এক প্রাণে পরিণত হয়।[২৪] ভার্য্যা - ভরনীয়া যোগ্যা ভার্য্যা। পত্নীর ভরনপোষণের দায়িত্ব নেন পতি। তাই পত্নী হলেন ভার্য্যা। এই ভার্য্যা ই পুরুষের ধর্ম অর্থ কাম সম্পাদনের উপায় স্বরূপা। মানুষ রোগাক্রান্ত, দুর্দশা প্রাপ্ত, ও অন্য প্রকারের দারা পীড়িত হলে তার পক্ষে ভার্য্যার তুল্য অন্য কোনো প্রতিকারের উপায় নেই। জগতে ভার্য্যার তুল্য বন্ধু নেই।

ভার্য্যার সমান আশ্রয় নেই এবং ধর্মপার্জনে ভার্য্যার সদৃশ সহায় নেই।[২৫] পত্নী - স্ত্রী যখন পুরুষের সঙ্গে উপবেশন করে যজ্ঞাদি কর্ম সুসম্পন্ন করেন তখন তিনি পত্নী রূপে অভিহিতা হন, যেহেতু অপত্নিক পুরুষের যজ্ঞাদিকার্য্যে যোগ্যতা থাকে না। "অযজ্ঞীয়ো বা এন যোহপত্নীকঃ।"[২৬] পাণিনির অষ্টাধ্যায়ীতে বলা আছে যে স্ত্রী কে তখন ই পত্নী বলা হবে যখন স্ত্রী স্বামীর সঙ্গে বসে যজ্ঞে সাহার্য্য করবেন। "পত্নী র্নো যজ্ঞসঙ্গকে।"[২৭] জায়া - স্বামী যখন নিজের ভার্য্যার গর্ভে প্রবেশ করে পুত্ররূপে জন্ম গ্রহণ করেন তখন পত্নীর নাম হয় জায়া। মহাভারতে আছে যে পতি শুক্ররূপে ভার্য্যার গর্ভে প্রবেশ করে, পুনরায় পুত্ররূপে জন্মগ্রহন করেন, সেই জন্য ভার্য্যার নাম জায়া।–

> ভার্য্যাং পতিঃ সম্প্রবিশ্য স যস্মাজ্জায়তে পুনঃ।
> জায়ায়াস্তদ্ধি জায়াত্বং পৌরাণাঃ কবয়ো বিদুঃ।।[২৮]

দারা:- স্ত্রী যেহেতু আদরের পাত্রী, তাই তার নাম অভিহিতা, এবার প্রাচীনকালে আটটি বিবাহ প্রসঙ্গে আসছি। প্রাচীনকালে সবর্ণা কন্যার বিবাহ প্রশস্ত ছিল। "সবর্ণাগ্রে দ্বিজাতিনাং প্রশস্তা দারকর্ম্মণি।"[২৯] যদি ও তদানীন্তনকালে অনুলোম বিবাহ (উচ্চ পুরুষ + নিম্ন বর্না কন্যা) ছিল কিন্তু কলিকালে সর্ব্বতো নিষিদ্ধ করা হয়েছে, কারণ সুসমাজ গঠনের অভিপ্রায়ে -"দ্বিজানামসবর্ণাসুকন্যাসূপযমস্তথা।"[৩০] আর প্রতিলোম বিবাহ (নিম্ন বর্ণের পুরুষের সঙ্গে উচ্চবর্ণা কন্যার ) ও তখনকার দিনে সমাজ অনুমোদন করত না। এই বিবাহ গর্হিত বিবাহরূপে চিহ্নিত। যাই হোক আট প্রকার যথা - ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব, রাক্ষস ও পৈশাচ। [৩১] এই আটপ্রকার বিবাহের উল্লেখ কৌটিলীয় অর্থশাস্ত্রেও আছে। [৩২] এই আট প্রকার বিবাহকে এইভাবে সাজান যেতে পারে – বিবাহ (অষ্টপ্রকার) ব্রাহ্ম দৈব প্রাজাপত্য আসুর গান্ধর্ব রাক্ষস আর্ষ পৈশাচ দানাত্মক বিবাহ ক্রয়াত্মক অনুরাগাত্মক বলপূর্বক বিনিময়াত্মক ছলনাত্মক বিবাহ বিবাহ বিবাহ বিবাহ বিবাহ শ্রেষ্ঠ বিবাহ (এক অপরিচিত + এক অপরিচিতার বন্ধন সম্মান পূর্বক) ব্রাহ্ম নিম্মোক্ত বিচার করে -- সমান বর্ণা অসগোত্রা ও সুশ্রী নপুংসকত্বাদি পাত্র ও পাত্রীর রাশি, কোষ্ঠী অক্ষতযোনী অসমান প্রবরা দোষবিচার পূর্ব্বক যোগ্যতা বিচার বিচার পূর্বক সম্পন্না করে ব্রাহ্ম বিবাহের পাঁচটি ক্রম (অর্থাৎ অনুষ্ঠান) ব্রাহ্ম বিবাহ কন্যা সম্প্রদান পাণিগ্রহণ লাজহোম অশ্বারোহন পর্ব সপ্তপদীগমন প্রথম তিনটি (ব্রাহ্ম, দৈব ও প্রাজাপত্য) দানাত্মক বিবাহ বলা হয়েছে, এই কারণে যে এই তিনটি ক্ষেত্রে কন্যার পিতা গুণবান বরকে আহ্বান করে তার হাতে কন্যা সমর্পণ করেন। কন্যাদাতাকে প্রভূত ধন দিয়ে কন্যাদান তাই এই বিবাহ হল ক্রয়াত্মক বিবাহ। পরস্পর অনুরাগ বসত যে মিলন সে হল গান্ধর্ব। কন্যাপক্ষের লোকেদের হত্যা করে বলপূর্বক রোরুদ্যমানা কন্যাকে হরণ করে যে বিবাহ তার নাম রাক্ষস বিবাহ। আর ছলনাপূর্বক নিদ্রাদি অবস্থায় কন্যাকে হরণ পূর্বক যে বিবাহ হল পৈশাচ বিবাহ। ইহা অতীব নিন্দিত বিবাহ। অতএব উপরিউক্ত বিবাহ গুলিকে পর্যলোচনা করলে বোঝা যাচ্ছে প্রথম চারটি (ব্রাহ্ম, দৈব, আর্ষ ও প্রাজাপত্য) বিবাহ হল ধর্ম সঙ্গত আর বাকি চারটি বিবাহ হল (আসুর, গান্ধর্ব, রাক্ষস ও পৈশাচ) হল অধর্ম সঙ্গত বিবাহ। [৩৩] যদি ও ব্রাহ্মণের ব্রাহ্মাদি চারটি বিবাহ প্রশস্তরূপে বলা হয়েছে বটে তথাপি তার মধ্যে সর্ব্বাপেক্ষা প্রশস্ত হল বিবাহ হল ব্রাহ্ম বিবাহ। এই বিবাহে বলপূর্বক হিংস্র পাশব প্রবৃত্তি, কোনো প্রকার শর্তারোপ বা অর্থপ্রদন নেই। সমস্ত প্রকার সামাজিক সৌন্দর্য্য সম্পূর্ণ রূপে বজায় রেখে ধর্মীয়-বিধি যথার্থ ভাবে পালিত হয়, ব্রাহ্ম কথার অর্থ হল নবদম্পতি কে জীবনের সর্বোচ্চ মূল্যবোধ, জীবনের পরিপূর্ণতা এবং পরম ব্রহ্মের উপলব্ধিতে সাহায্য করে বলে একে ব্রাহ্মবিবাহ বলা হয়। এই বিবাহ ব্রাহ্মণের পক্ষে প্রশস্ত। ক্ষত্রিয়ের পক্ষে রাক্ষসবিবাহ আর বৈশ্য ও শুদ্রদের পক্ষে আসুর বিবাহ প্রশস্ত বলে পণ্ডিতগণের অভিমত। ব্রাহ্ম বিবাহ - সম্মানের সহিত সদাচার সম্পর্ণ পাত্র ও সালঙ্কৃত কন্যার দান পিতা কর্তৃক, এতে ২১ পুরুষ পবিত্র হয়। দৈব বিবাহ - যজ্ঞের ঋত্বিককে যে কন্যা দান করা হয়, এই বিবাহে পঞ্চ দশ পুরুষ পবিত্র হয়। তবে এই বিবাহে পাত্রের শ্রমকে বিবেচনা, আর অন্য গুণাবলী বিবেচনা করা হয় না। যজ্ঞ বন্ধ হতে বিবাহ অবলুপ্তি ঘটে। প্রাজাপত্য বিবাহ - তোমরা একসঙ্গে ধর্ম্মাচরন কর এই বলে যে কন্যাদান, এই বিবাহে ১৩ দশ পুরুষ পবিত্র হয়। প্রজাপতির তাদের ঋণ পরিশোধ তাই এর নাম প্রাজাপত্য বিবাহ। আর্ষ বিবাহ - পাত্রের কাছে থেকে গো মিথুন গ্রহণ পূর্বক কন্যাদান এই বিবাহে ৭ পুরুষ পবিত্র হয়, আর্ষ নাম থেকে বোঝা যায় যে যারা পৌরোহিত্য কর্ম্মে নিযুক্ত। পরবর্তী কালে এই বিবাহ বন্ধ হয়। আসুর বিবাহ - কন্যার পিতাকে প্রভূত ধন দিয়ে যদি কন্যা গ্রহণ করা হয় তবে সেই বিবাহকে আসুর

বিবাহ বলা হয়। প্রাচীন কালে ঋগ্বেদের যুগে এই প্রথা প্রচলিত থাকলেও সমাজ তো ভালো ভাবে দেখতো না। বৌদ্ধ ও জৈন গ্রন্থে এ ধরণের বহু উদাহরণ আছে। থেরগাথা থেকে জানা যায় যে বৌদ্ধসন্ন্যাসী ঈসিদাসীর পিতা তার কন্যার জন্য কন্যাপণ নিয়েছিলেন। রামায়ণে কৈকেয়ীর সঙ্গে দশরথের বিবাহ, মহাভারতে গান্ধীর সঙ্গে ধৃতরাষ্ট্রের বিবাহ, ঋচীমুনির সঙ্গে সত্যবতীর, কাশীরাজ যযাতির কন্যা মাধবীর, মাদ্রীর সঙ্গে পাণ্ডুর প্রভৃতি আসুরবিবাহের উদাহরণ।[৩৪] গান্ধর্ববিবাহ : পরস্পর অনুরাগবশতঃ যে বিবাহ, বর্তমানকালে যাকে ভালোবাসার বিবাহ বলা হয়,অর্থাৎ প্রেমজবিবাহ তাকে গান্ধর্ববিবাহ বলা হয়। ঋগ্বেদে এই প্রথার নাম উল্লেখ আছে।[৩৫] মহাভারতে- গঙ্গার সঙ্গে শান্তনুর, ভীমের সঙ্গে হিড়িম্বার, অর্জুনের সঙ্গে চিত্রাঙ্গদার, দুষ্মন্তের সঙ্গে শকুন্তলার ইত্যাদি। হিমালয়ের পাদদেশে তরাই অঞ্চলে বসবাসকারী গান্ধর্ব নামক জাতিগোষ্ঠীর মধ্যে এই প্রথা প্রথম প্রচলিত ছিল। এই থেকে এই প্রথার নামকরণ হয়েছে গান্ধর্ববিবাহ। রাক্ষসবিবাহ : কন্যাপক্ষের লোকদিগকে হত্যা করে বলপূর্বক কন্যাহরণ করে যে বিবাহ তার নাম রাক্ষসবিবাহ, এর অপর নাম ক্ষাত্রবিবাহ। মনুর মতে এই বিবাহ ক্ষত্রিয়ের জন্য। ঋগ্বেদে ও মহাভারতে এই প্রথার উল্লেখ রয়েছে। রাজা বিমদযুদ্ধজয়ের মাধ্যমে পত্নীলাভ করেন।[৩৬] মহাভারতে- বিচিত্রবীর্য্যের জন্য ভীষ্ম কর্ত্তৃক কাশীরাজকন্যা হরণ, দুর্য্যোধনের চিত্রাঙ্গদা হরণ, অর্জুনের সুভদ্রাহরণ, কৃষ্ণের রুক্মিণীহরণপ্রভৃতি। পরবর্তিকালে এই প্রথা বন্ধ হয়, তথাপি তথাপি মধ্যভারতে ও নাগভূমির বিভিন্ন অঞ্চলে উপজাতীয়গোষ্ঠীর মধ্যে এখনও এই প্রথা প্রচলিত আছে। আমাদের ভীল সম্প্রদায়ের মধ্যে এখনও এই বিবাহ প্রচলিত। মধ্যপ্রদেশের বস্তাজেলার গোণ্ডদের মধ্যে এরকম বিবাহ প্রচলিত ছিল। পিশাচবিবাহ : কন্যার নিদ্রাদি-অবস্থায় হরণপূর্বক যে বিবাহ, তাকে পৈশাচবিবাহ বলে। এই বিবাহ সর্ব্বাপেক্ষা পাপজনক ও অধমরূপে অভিহিত। “স পাপিষ্ঠো বিবাহানাং পৈশাচশ্চাষ্টমোঽধর্মঃ”[৩৭] এটি একমাত্র বর্বর জাতিগোষ্টির মধ্যে প্রচলিত ছিল। কালক্রমে এই প্রথার অবলুপ্তি ঘটে। এই হল ব্রাহ্মাদি আটটি বিবাহের স্বরূপ। বিধবার ক্ষেত্রে পুনর্বিবাহের ব্যবস্থা ছিল না। যদিও বিদ্যাসাগর পরাশরের বচন তুলে বিধবা বিবাহের প্রবর্ত্তন করে ছিলেন বটে তবে সে ক্ষেত্রে বাগ্দত্তার অপরের নহে অর্থাৎ ক্ষতযোনীর নহে।

> নষ্টে মৃতে প্রব্রজিতে ক্লীবে চ পতিতেঽপতৌ।
> পঞ্চস্বাপৎসু নারীণাং পতিরন্যো বিধীযতে।।[৩৮]

শাস্ত্রে আছে- “উপযুক্তায় বরায় সকৃৎকন্যা প্রদীয়তে”। ভগবান মনুর মতে-

> সকৃদংশো নিপততি সকৃৎকন্যা প্রদীয়তে।
> সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সতাংসকৃৎ।।[৩৯]

বিবাহের পাত্রও পাত্রীর বয়সের ব্যাপারে স্মার্তকারদের এইরূপ অভিমত ছিল যে পাত্রের বয়স কন্যার চেয়ে অধিক হওয়া বাঞ্ছনীয়। কারণ শাস্ত্রে বলা হয়েছে যে পত্নীর গুরু হলেন পতি। পতির বয়স পত্নীর চেয়ে বেশী না হলে পতির প্রতি শ্রদ্ধা থাকবে না। তাই এই রকম চিন্তা ভাবনা ছিল। তার কারণ পরবর্ত্তী প্রজন্ম অর্থাৎ সন্তান সন্ততি মায়ের কাছ থেকে প্রথম শিক্ষা শুরু হয়। গুরুজনদের প্রতি শ্রদ্ধা ভক্তি যে করতে হয় তা শিখে মায়ের কাছ থেকে।- “শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানম্।”[৪০] ইতি এরপর ব্রাহ্মবিবাহ ক্রম সম্পর্কে আলোচনা হবে। এই ক্রমগুলির পর্য্যালোচনা করলে বোঝা যায় যে এই বিবাহ প্রাচীনকাল হতে অদ্যাবধি কতটা প্রাসঙ্গিক এবং তার সাংবিধানিক বৈধতা এই বিষয়ে আলোকপাত করা হচ্ছে। প্রথম হল কন্যাসম্প্রদান : বিবাহদিবসের প্রাতঃকালে পিতৃপুরুষদের উদ্দেশ্যে বৃদ্ধিশ্রাদ্ধ সমাপন করে শুভলগ্নে মুখচন্দ্রিকা অর্থাৎ শুভদৃষ্টির পর পিতা বরকে আহ্বান করে তাঁর সালঙ্কৃত কন্যা সম্প্রদান করার সময় পাত্রকে বলবেন-

> ধর্মে অর্থে চ কামে চ নাতিচরিতব্যা ত্বয়েয়ম্।[৪১]

বর তখন বলবেন- “নাতিচরামি, নাতিচরামি, নাতিচরামি” ইতি। এই হল বৈদিকী পরম্পর। দ্বিতীয় পাণিগ্রহণ : এই বিবাহে সাক্ষী হলেন অগ্নি, ব্রাহ্মণ, আত্মীয়স্বজন এবং উপস্থিত দর্শকবৃন্দ। অগ্নি বিবাহরূপসংস্কারকে পবিত্র করে। কন্যার হাত ধরে বর যখন মন্ত্রপাঠ করেন, তখন তাকে পাণিগ্রহণ বলে। মন্ত্র এইরূপ-

গৃভ্ণামি তে সৌভগত্বায় হস্তম্, ময়া পত্যা জরদষ্টির্যথাসঃ।
ভর্গোঽর্স্যামা সবিতা পুরন্ধির্মহ্যং ত্বা দুর্গার্হপত্যায় দেবাঃ।।[৪২]

এর অর্থ হল এইরূপ- তোমাকে সৌভাগ্যবতী এবং ঐশ্বর্য্যলাভের জন্য আমি তোমার হস্তধারণ করছি। দেবতারা তোমাকে আমার হস্তে অর্পণ করেছেন। তুমি আমার ধর্মপত্নী আর আমি হলাম গৃহপতি।[৪৩] কি মজার কথা- আরও শুনুন- আমি লক্ষ্মীছাড়া আর তুমি আমার স্বয়ং লক্ষ্মী। তোমা বিনা আমি লক্ষ্মীশূন্য, আমি সাম, তুমি ঋক্, আমি হলাম স্বর্গ,পক্ষান্তরে তুমি পৃথিবী। আমরা পরস্পর বিবাহবন্ধনে আবদ্ধ হয়ে যেন আগামীদিনে আমরা যেন বীর্যশালী হই। আমাদের ভবিষ্যৎপ্রজন্ম যেন দীর্ঘজীবনের অধিকারী হয়। তৃতীয় হল লাজহোম : লাজশব্দের অর্থ হল খই, এই খই দিয়ে যে হোম করা হয়, তাকে লাজ হোম বলে। নিম্নোক্তমন্ত্রে সূর্য্যকে অর্ঘ্য দিয়ে কন্যা বলবেন- পতি থেকে আমি যেন কখনো বিচ্ছিন্ন না হই। আমর স্বামীদীর্ঘায়ু হন এবং আত্মীয় কুটুম্বদের যেন শ্রীবৃদ্ধি হয়।

অর্য্যমণদেবং কন্যা অগ্নিমযক্ষত।
স নো অর্য্যমা দেবঃ প্রেতো মুঞ্চতু মা পতে স্বাহা[৪৪]
ইয়ং নার্য্যপব্রতে লাজানাবপন্তিকা।
আয়ুষ্মান্ অস্তু মে পতিরেধন্তাং জ্ঞাতয়ো মম স্বাহা[৪৫]

ইত্যাদি চতুর্থ হল অস্মারোহণ পর্ব : এটি আরও মজার। হে বধূ! সামনে অবস্থিত এই শিলাখণ্ডে আরোহণ করে পাষাণখণ্ডের মত অচলা হও। তুমি তোমার পতিগৃহে স্থির হয়ে থেকে চিরকাল শত্রুদের পীড়ন কর।

ওঁ আরোহেমমশ্মানমশ্বেব ত্বং স্থিরাভাব।
অভিতিষ্ঠ পৃতন্যতোঽববাধৎস্ব পৃতনায়ত।।[৪৬]

এবার বিবাহের অন্তিম লগ্নে সমাগত- সপ্তপদীগমন । এই কর্মে সম্পূর্ণ দম্পতিভাব সিদ্ধ হয়।

পাণিগ্রহণিকা মন্ত্রা নিয়তং দারলক্ষণম্।
তেষাং নিষ্ঠা তু বিজ্ঞেয়া বিদ্বদ্ভিঃ সপ্তমে পদে।।[৪৭]
তথাপি পাণিগ্রহণেন জায়াত্বং, কৃৎস্নং হি জায়াপতিত্বং সপ্তমে পদে।

সপ্তপদীগমনের অর্থ হল- স্বামী-স্ত্রী একত্র সপ্তপদে গমন করে আরও বেশি করে ঘনিষ্ঠ সম্বন্ধে আবদ্ধ হয়ে বিষ্ণুর কাছে তাঁদের সুদাম্পত্যজীবনের জন্য প্রার্থনা করবেন। 'হে বিষ্ণু! আমদের অভীষ্টার্থলাভের সহায়তা কর। আমাদের প্রাণে বল দাও। আমরা যেন আদর্শ থেকে বিচ্যুত না হই। অর্থসম্পদ দাও। সাতে আমরা আমদের দাম্পত্য জীবনটিকে সুখ ও সমৃদ্ধি ভরিয়ে তুলি তোমার শ্রীচরণে মিনতি জানাই এবং বলি- এই সমস্যাসঙ্কুলসংসারজীবনে তোমার কৃপা থেকে যেন বঞ্চিত না হই। এমন সন্তান-সন্ততি দাও-তারা যেন গুণবান হয়। আজকের মধুযামিনীর এই মিলন বাণী যেন চির সার্থক হয়। তাই দীর্ঘজীবন দাও।'

একমিষে বিষ্ণুস্ত্বা নয়তু। দ্বে ঊর্জে বিষ্ণুস্ত্বা নয়তু। ত্রীণি রায়স্পোষায় বিষ্ণুস্ত্বা নয়তু। চত্বারি মায়োভবায় বিষ্ণুস্ত্বা নয়তু। পঞ্চ পশুভ্যো বিষ্ণুস্ত্বা নয়তু। ষড়্ ঋতুভ্যো বিষ্ণুস্ত্বা নয়তু। সখে সপ্তপদা ভব সা মামনুব্রতা ভব বিষ্ণুস্ত্বা নয়তু।[৪৮]

আর তো দু'চোখ দিয়ে পৃথিবী দেখা নয়, চার চোখের নিষ্পলক দৃষ্টি উভয়ের বাক্ এবং মন এক হোক।

মম ব্রতে তে হৃদয়ং দধামি, মম চিত্তমনুচিত্তং তে অস্তু।
মম বাচমেকমনা জুষস্ব, প্রজাপতিষ্টা নিযুক্তমহ্যম্।।[৪৯]

অর্থাৎ তুমি তোমর হৃদয়কে আমার ব্রতে নিবিষ্ট কর। তোমার মন যেন আমার মনের অনুকূল হয়। তুমি অন্যচিন্তায় মনোনিবেশ না করে আমার বাক্য প্রতিপালন কর। ভগবান্ প্রজাপতি যেন আমার

প্রতি অনুরাক্ত রাখুন। তুমি ব্যতিত আমি যে -"কনকবলয়ভ্রংশরিক্তপ্রকোষ্ঠঃ"[৫০] হিন্দুবিবাহ হল- মানব-মানবীর আধ্যাত্মিক, আত্মিক ও মানবিকসক্ষম সম্বন্ধ। হৃদয়ের সঙ্গে হৃদয়ের যোগ-

যদেতৎ(দ্) হৃদয়ং তব তদস্তু হৃদয়ং মম।
যদিদং হৃদয়ং মম তদস্তু হৃদয়ং তব।।[৫১]

অর্থাৎ তোমার হৃদয় আমার হোক্, আমার হৃদয় তোমার হোক্, সারা জীবন যেন আমরা পরস্পর সুখদুঃখের, আনন্দ-বেদনার সম সাথী হতে পারি। এই হল ব্রাহ্মবিবাহের(হিন্দুবিবাহের)মর্মার্থ। এই বিবাহে যদি বিবাহ বিচ্ছেদ হয়, ত হল খুবই মর্মান্তিক ও বেদনাদায়ক। এই প্রসঙ্গে কবি গুরু রবীন্দ্রনাথের কথায় আসি-

আজ দুর্গার অধিবাস কাল দুর্গার বিয়ে। দুর্গা যাবেন শ্বশুরবাড়ী সংসার কাঁদিয়ে।

এবার উপসংহারে আসা যাক, বর্তমান হল তথ্যপ্রযুক্তির যুগ। ইন্টার পরিষেবার দ্বারা সমগ্র পৃথিবী এখন আমাদের হাতের তালুর মধ্যে বন্দি। আর কি চাই প্রতিদিন নতুন নতুন জিনিসের আস্বাদনে আমরা এতই ব্যস্ত যে ঋষি মুনিদের এই ভারতবর্ষ এই কথা আমরা ভুলতে বসেছি। আর হবে ই না বা কেন- ঝক্ ঝকে চক্ চকের প্রতি কারো না দৃষ্টি ধাবিত হয়,তবে হ্যাঁ যা ঝক্ চকে তা খাঁটি কিনা- হে বন্ধু! সেই সময় সমাগত। আমাদের সুযুক্তি দিয়ে উপলব্ধি করতে হবে কোনতা ঠিক্, কোন টা ভুল বা নকল। কারণ পরবর্তি প্রজন্মের কাছে আমাদের জবাবদিহী করতে হবে। প্রকৃত পরিবর্তনশীলা একথা যেমন সত্যি, তেমন পরিবর্তনের মধ্যে খাঁটিটা গ্রহণ করতে হবে একথাও তেমনি সত্যি। ঋষি মুনিদের ভারতবর্ষ বলে আমরা গর্ব অনুভব করি অথচ তাঁদের পূতস্পর্শ অনুভব করা বা সামাজিক বিধি পালনের পরামর্শ মেনে চলার চেষ্টা করা কি উচিত না? সে প্রশ্ন থেকেই যায়! কথায় বলে-পুরাতন চাল ভাতে বাড়ে। যাক্ সবাই ভালো থাকবেন। সবার মঙ্গল হোক্।

সর্ব্বে ভবন্তু সুখিনঃ সর্ব্বে সন্তু নিরাময়াঃ।
সর্ব্বে ভদ্রাণি পশ্যন্তু মা কশ্চিদ্ দুঃখভাগ্ ভবেৎ।। শমিতি

**উল্লেখপঞ্জি**

১. ন গৃহং গৃহমিত্যাহুঃ গৃহিনী গৃহমুচ্যতে। তয়া হি সহিতঃ সর্বান্ পুরুষার্থান্ সমশ্নুতে।। উদ্বা.ত.- পৃ.-১৭

২. মনুসং- ৩।৫৬

৩. স্ত্রিয়ঃ শ্রিয়শ্চ গেহেষু ন বিশেষোঽস্তি কশ্চন। মনুসং- ৯।২৬

৪. যা.স্মৃ.- পৃ.-৪১

৫. গৃহস্থ উচ্যতে শ্রেষ্ঠঃ স ত্রীনেতান্ বিভর্ত্তি হি। মনুসং. ৬।৮৯

৬. যথা বায়ুং সমাশ্রিত্য বর্ত্তন্তে সর্বজন্তবঃ। তথা গৃহস্থমাশ্রিত্য বর্ত্তন্তে সর্ব্ব আশ্রমাঃ।। মনুসং. ৩।৭৭

৭. অবিপ্লুতব্রহ্মচর্য্যো লক্ষণ্যাং স্ত্রিয়মুদ্বহেৎ। অনন্যপূর্বিকাং কান্তামসপিণ্ডাংযবীয়সীম্।। যা.স্মৃ.- পৃ.৫৫

৮. প্রজাতন্তুং মা ব্যবচ্ছেৎসীঃ। প্রা.ভা.বি.- পৃ-৮

৯. ঋ. বে.- ১০।৬১।৫-৭

১০. ঋ.বে.- ৬৫৫।৪-৫,১০।৮৫।১৪

১১. ঐ.ব্রা.- ৩।৩।৯

১২. শত. ব্রা.-১।৭।৪।১-৮

১৩. পঞ্চ.ব্রা.-৩।৩।৯

১৪. তৈ. ব্রা.- ৩।৪৪-৬২

১৫. মৎ.পুরা.- ৭০।৭

১৬. মহা.ভা.(বনপর্ব) ২৬১।১২-১৬

১৭. মহা.ভা.(বনপর্ব) ৮।৪৪।২৪-২৭

১৮. বৌ.গ্র.(দীর্ঘ.নি)

১৯. প্র.ভা.বি- পৃ-৬

২০. ভগ.গী.-১।৩৯

২১. প্রা.ভা.সং. চ- পৃ.১০৮

২২. ভার্য্যায়া ভরণাদ্ ভত্রা প্রতিপালনাচ্চ পতিঃ স্মৃতিঃ। মহা.ভা.(আদি.প)

২৩. দ্বিধা কৃতাত্মনো দেহমৰ্দ্ধেন পুরুষোঽভবৎ। অৰ্দ্ধেন নারী তস্যাং স বিরাজমসৃজৎ প্রভুঃ।। মনু.স্মৃ. ১।৩২

২৪. নাস্তি ভার্য্যাসমো বন্ধুর্নাস্তি ভার্য্যাসমা গতিঃ। নাস্তি ভার্য্যাসমো লোকে সহাযো ধৰ্ম্মসংগ্রহে।।মহা. ভা.(শান্তিপর্ব)- ১৪০।২৬

২৫. অযজ্ঞীয়ো বা এন যোহপত্নীকঃ। তৈ.ব্রা

২৬. পাণি.ব্যা. ৪।১।৩৩

২৭. মহা. ভা.(আদি)- ৮৮।৩৭

২৮. মনু.স্মৃ. ৩।১২

২৯. উদ্বা.ত.- পৃ.৪৯

৩০. ব্রাহ্মো দেবস্তথৈবার্ষঃ প্রাজাপত্যস্তথাসুরঃ। গান্ধর্বো রাক্ষসশ্চৈব পৈশাচাস্টমোহধৰ্ম্মঃ।। মনুসং- ৩।২১

৩১. কন্যাদানং কন্যামলঙ্কৃত্য ব্রাহ্মবিবাহঃ, সহধৰ্ম্মচৰ্য্যা প্রাজাপত্যঃ, গোমিথুনদানাদার্ষঃ, অন্তর্বেদ্যামৃত্বিজে দানাদ্ দৈবঃ, মিথঃ সমবায়াদ্ গান্ধৰ্বঃ, শুক্লদানাদাসুরঃ, প্রসহ্যদানাদ্ রাক্ষসঃ, সুপ্তদানাৎ পৈশাচঃ। কৌ.অ.-৩।২।৫৯

৩২. চতুরো ব্রাহ্মণস্যাদ্যান্ প্রশস্তান্ কবয়ো বিদুঃ। রাক্ষসং ক্ষত্রিয়স্যৈকমাসুরং বৈশ্যশূদ্রয়োঃ।। মনুসং-৩।২৪

৩৩. মহা.ভা.(আদি)-১০৪।১২-১৪

৩৪. ঋ.বে. - ১১৬।১

৩৫. প্র.ভা.বি.- পৃ-৪৪

৩৬. পরা. স্মৃ.- ৪।২৮

৩৭. মনু.স্মৃ.-৯।৪৭

৩৮. ভগ.গী.- ৪।৩৯

৩৯. প্রা. ভা. সং.চ.- পৃ.১৪১

৪০. ঋ.সং- ১০।৮৫।৩৬

৪১. অথ.বে.- ১৪।১।৫১

৪২. পা.গৃ.সূ.- ১।৭।৬

৪৩. ম.ব্রা.-১।২।১

৪৪. পা.গৃ.সূ. ১।৭।১

৪৫. মনু. সং- ৮।৮২৭

৪৬. পা.গৃ.সূ.- ১।৮।১

৪৭. পা.গৃ.সূ.- ১।৮।৮

৪৮. মে.দূ.(পূর্বমেঘ) ২নং(শ্লো.)

৪৯. ম.ব্রা.- ১।৩।৬

৫০. মনু. সং- ৮।৮২৭

৫১. পা.গৃ.সূ.- ১।৮।১

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**


*অথর্ববেদসংহিতা*। (অনু. ও সম্পা.) কোলকাতা: শ্রীবিজনবিহারী গোস্বামী কলেজস্ট্রীট্, ১৯৮২।

*উদ্বাহতত্ত্ব*। রঘুনন্দনবিরচিত। হৃষীকেশ শাস্ত্রী অনূদিত, কোলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৯৬।

*ঋগ্বেদসংহিতা*। দ্বিতীয়খণ্ড, কোলকাতা: হরফপ্রকাশনী, ১৯৭৬।

*কৌটিলীয় অর্থশাস্ত্র*। রাধাগোবিন্দবসাক (সম্পা.), কোলকাতা: জেনারেল প্রিন্টার্স এণ্ড পাব্লিসার্স, ১৯৭০।

*দীর্ঘনিকায়*। তৃতীয়খণ্ড, অনুবাদ-ভিক্ষুশীলভদ্র, মহাবোধিসোসাইটি, কোলকাতা: ১৩৬১

*পরাশরস্মৃতি*। মন্মাধবাচার্য্যকৃতব্যাখ্যাসহ, কোলকাতা: এসিয়াটিকসোসাইটি, ১৯৭৩।

*পারস্করগৃহ্যসূত্র*। আশোক কুমার বন্দ্যোপাধ্যায়, কোলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪০৬।

*প্রাচীন ভারতের সংস্কৃত চর্চা*। অমিত ভট্টাচার্য্য, কোলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০০২।

*প্রাচীন ভারতের বিবাহ*। জীবন মুখোপাধ্যায়, কোলকাতা: নবভারতী প্রকাশনী, ২০১৩।

*প্রাচীনভারতের সামাজিক ও অর্থনৈতিক ইতিহাস*। রামশরণশর্মা, কোলকাতা:, ওরিয়েন্ট ব্লাকসোয়ান, ১৯৯৬।

*ব্রহ্মপুরাণম*। আর্য্যশাস্ত্র, কোলকাতা: মহামিলন মঠ, ১৩৯৩(বঙ্গাব্দ)।

*ভারতীয়সংস্কৃতি*। শিবপ্রসাদ দ্বিবেদী, বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০০১।

*মৎস্যপুরাণম্*। শ্রীজীব ন্যায়তীর্থ, কোলকাতা: নবভারত প্যাব্লিসার্স, কোলকাতা: ১৪০৬ (বঙ্গাব্দ)।

*মনুস্মৃতি*। সুরেশচন্দ্র বন্দ্যোপধ্যায় (সম্পা.), কোলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৩৩৬।

*মহাভারত* (শান্তি, আদি, বন-অনুশাসনপর্ব ও কর্ণপর্ব), হরিদাসসিদ্ধান্তবাগীশ অনুবাদকৃত, কোলকাতা: বিশ্ববাণী, ১৪০০।

*মেঘদূত*। এম. আর. কালে (সম্পা.), দিল্লী, বারাণসী, পাটনা: মোতিলাল বনারসী দাশ, ১৯৬৯।

*যাজ্ঞবল্ক্যস্মৃতি*। নারায়ণ রাম আচার্য, (সম্পা.) দিল্লী: রাষ্ট্রিয় সংস্কৃত সংস্থান, ২০১০।

*রামায়ণম্*। বাল্মীকিকৃত, সংস্কৃতসিরিজ, লোয়ারসার্কুলার রোড, ১৯৭৬।

# মনঃক্লেশ ও মুক্তির পথরেখা: - প্রসঙ্গ *শ্রীমদ্ভগবদ্গীতা*

দীপশ্রী মণ্ডল

**সংক্ষিপ্তসার**

সম্প্রতি করোনা অতিমারী'র কবলগ্রস্ত বিশ্ববাসী নানাবিধ নিত্য নতুন সমস্যায় জর্জরিত। সেই সমস্ত সমস্যার ফলশ্রুতি দুঃখ। বস্তুত জীবন দুঃখময়। রাগ, ক্রোধ, লোভ, হিংসা হতাশা, নিরাপত্তাহীনতার বোধ, বিচলিত চিত্ত প্রভৃতি কারণে মানসিক ও শারীরিক যন্ত্রণার শিকার হচ্ছেন অধিকাংশই। এই দুঃখসমূহ নিরসনের জন্য জনজাতি নানান উপায়ের সন্ধান করে চলেছে অনবরত। কখনও বা সেই প্রয়াসে সাফল্য লাভ করেছে, কখনও বা ব্যর্থতা। যন্ত্রণামুক্তির জন্য কেউ বা দ্বারস্থ হয়েছেন ডাক্তার-বৈদ্য-এর কাছে, কেউ বা নতজানু হয়েছেন মন্দিরে-মসজিদে। তবে, ভারতীয় দর্শনশাস্ত্রও এই দুঃখসমুহ নিরসনের পথপ্রদর্শক। পণ্ডিতজনেরা তাই বারংবার দ্বারস্থ হয়েছেন শাস্ত্রের কাছে। এপ্রসঙ্গে বিশেষত বৌদ্ধদর্শন ও সাংখ্যদর্শনের কথা না বললেই নয়। বৌদ্ধদর্শনে যে চারটি 'আর্যসত্য' স্বীকৃত, তাতে দুঃখের সত্যতার সাথে সাথে তা নিরসনের আটটি উপায়ের নির্দেশও রয়েছে, যা 'অষ্টাঙ্গিক মার্গ' নামে উল্লিখিত। অন্যদিকে *সাংখ্যকারিকা* গ্রন্থের শুরুতেই গ্রন্থকার ঈশ্বরকৃষ্ণ ত্রিবিধ দুঃখের ঐকান্তিক ও আত্যন্তিক অভিঘাতের কথা বলেছেন। ত্রিবিধ দুঃখের মধ্যে আধ্যাত্মিক দুঃখ নিরসনের সর্বোৎকৃষ্ট উপায়ের সন্ধান দিয়েছে *শ্রীমদ্ভগবদ্গীতা*। অষ্টাদশী *গীতা*'র বিভিন্ন পরতে পরতে মানবজাতির আধ্যাত্মিক অর্থাৎ, মানসিক ও শারীরিক দুঃখের ও সমস্যার সমাধান বিবৃত হয়েছে। মানবজীবনের এই সমস্ত মনোজাত সমস্যার সমাধানে *শ্রীমদ্ভগবদ্গীতা*'র ভূমিকা বিষয়ে আলোকপাতই এই গবেষণাপত্রের মুখ্য উদ্দেশ্য।

**সূচক শব্দ**

কাম, ক্রোধ, লোভ, মনোবিজ্ঞান, মানসিক অসুস্থতা।

1.0. সম্প্রতি করোনা অতিমারী'র কবলগ্রস্ত বিশ্ববাসী নানাবিধ নিত্য নতুন সমস্যায় জর্জরিত। সেই সমস্ত সমস্যার ফলশ্রুতি দুঃখ। বস্তুত জীবন দুঃখময়। রাগ, ক্রোধ, লোভ, হিংসা হতাশা, নিরাপত্তাহীনতার বোধ, বিচলিত চিত্ত প্রভৃতি কারণে মানসিক ও শারীরিক যন্ত্রণার শিকার হচ্ছেন অধিকাংশই। এই দুঃখসমূহ নিরসনের জন্য জনজাতি নানান উপায়ের সন্ধান করে চলেছে অনবরত। কখনও বা সেই প্রয়াসে সাফল্য লাভ করেছে, কখনও বা ব্যর্থতা। যন্ত্রণামুক্তির জন্য কেউ বা দ্বারস্থ হয়েছেন ডাক্তার-বৈদ্য-এর কাছে, কেউ বা নতজানু হয়েছেন মন্দিরে-মসজিদে। তবে, ভারতীয় দর্শনশাস্ত্রও এই দুঃখসমূহ নিরসনের পথপ্রদর্শক। পণ্ডিতজনেরা তাই বারংবার দ্বারস্থ হয়েছেন শাস্ত্রের কাছে। এপ্রসঙ্গে বিশেষত বৌদ্ধদর্শন ও সাংখ্যদর্শনের কথা না বললেই নয়। বৌদ্ধদর্শনে যে চারটি 'আর্যসত্য' স্বীকৃত, তাতে দুঃখের সত্যতার সাথে সাথে তা নিরসনের আটটি উপায়ের নির্দেশও রয়েছে, যা 'অষ্টাঙ্গিক মার্গ'[১] নামে উল্লিখিত। অন্যদিকে *সাংখ্যকারিকা* গ্রন্থের শুরুতেই গ্রন্থকার ঈশ্বরকৃষ্ণ ত্রিবিধ দুঃখের[২] ঐকান্তিক ও আত্যন্তিক অভিঘাতের কথা বলেছেন। ত্রিবিধ দুঃখের মধ্যে আধ্যাত্মিক দুঃখ নিরসনের সর্বোৎকৃষ্ট উপায়ের সন্ধান দিয়েছে *শ্রীমদ্ভগবদ্গীতা*। অষ্টাদশী *গীতা*'র বিভিন্ন পরতে পরতে মানবজাতির আধ্যাত্মিক অর্থাৎ, মানসিক ও শারীরিক দুঃখের ও সমস্যার সমাধান বিবৃত হয়েছে। মানবজীবনের এই সমস্ত মনোজাত সমস্যার সমাধানে *শ্রীমদ্ভগবদ্গীতা*'র ভূমিকা বিষয়ে আলোকপাতই এই গবেষণাপত্রের মুখ্য উদ্দেশ্য।

2.0. প্রথমেই বিবেচ্য বিষয় হল যে, মানসিক অসুস্থতা বা Mental Illness বিষয়টি বাস্তবত কী? বিভিন্ন মনোবিদ্যাসংক্রান্ত গবেষণাকেন্দ্রগুলি মানসিক অসুস্থতা বা Mental Illness-এর সংজ্ঞা নির্ণয়ে বা বলা ভালো একটা স্বচ্ছ ধারণা দেওয়ার কাজে সচেষ্ট হয়েছে। এই সমস্ত সংস্থার মধ্যে অন্যতম American Psychiatric Association[৩]-এর মতে মানসিক অসুস্থতা বা Mental Illness হলো এমনই এক শারীরিক অবস্থা যা ব্যক্তির আবেগ, চিন্তা ভাবনা ও

আচরণের পরিবর্তন বা সংমিশ্রণের দ্বারা প্রভাবিত। মানসিক অসুস্থতা সামাজিক, কাজকর্ম কিংবা পারিবারিক ক্রিয়াকলাপজনিত দুঃখ অথবা সমস্যার সাথে সম্পৃক্ত। এ প্রসঙ্গে সর্বজনবিদিত সংস্থা World Health Organization (WHO)-এর মত উল্লেখ্য- ‘There are many different mental disorders, with different presentations. They are generally characterized by a combination of abnormal thoughts, perceptions, emotions, behaviour and relationships with others.’[৪] অর্থাৎ, বিভিন্ন ধরণের মানসিক অসুস্থতা রয়েছে, যেগুলিকে সাধারণত ব্যক্তির অস্বাভাবিক চিন্তা-ভাবনা, উপলব্ধি, আবেগ, আচরণ এবং অন্যদের সাথে সম্পর্কের ভিত্তিতে চিহ্নিত করা হয়। বেশ কিছু সংস্থার সমীক্ষায় দেখা যাচ্ছে- করোনা অতিমারীর পরবর্তীকালীন সময়ে প্রাপ্তবয়স্কদের মানসিক সমস্যার হার আশঙ্কাজনক মাত্রায় বৃদ্ধি পেয়েছে। NHIS-এর জানুয়ারী ২০২১-এর রিপোর্ট (survey started on April 2020) অনুযায়ী ২০১৯-এ মানসিক সমস্যার যে হার ১১ শতাংশ ছিল, তা ২০২১-এর জানুয়ারী মাসে দাঁড়িয়েছে ৪১.১ শতাংশে। এই সমস্যার শিকার কিশোর থেকে প্রৌঢ় সকলেই। করোনা অতিমারিকালীন একটি সমীক্ষার চিত্র দেওয়া হল-




চিত্রঃ ১[৫]

এছাড়াও বর্তমানে কর্মক্ষেত্রে নানাবিধ সমস্যা ও চ্যালেঞ্জের মুখোমুখি হয়ে কর্মরতরা মানসিক যন্ত্রণার শিকার হচ্ছেন আকছার। যার প্রভাব ও ফলাফলও মারাত্মক। Mental Health America (MHA) নামক একটি সংস্থার একটি রিপোর্টে (*Mind the Workplace 2021 Report*)[৬] দেখা যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারিকালীন শতকরা ১০ জনের মধ্যে ৯ জনের কর্মক্ষেত্রের অতিরিক্ত চাপ মানসিক স্বাস্থ্যের ক্ষতি করছে। শতকরা ৫ জনের মধ্যে ৪ জন আবেগপ্রবণতার কারণে কাজের জগত থেকে নির্ধারিত সময়ের অনেক আগেই কর্মচ্যুত হয়েছেন। শতকরা ৬৫ শতাংশ কর্মী মন সংযোগের অভাবে ভুগছেন। ফলশ্রুতি হিসেবে বেড়ে চলেছে আত্মহনন, বিকৃতচিন্তা ও অপরাধমনস্কতা। এরকম বহু সমীক্ষা প্রতিদিন আমাদের সামনে ভয়াবহ তথ্য নিয়ে উঠে আসছে, যা এক ভয়ানক বিপর্যস্ত সমাজের ইঙ্গিত বহন করছে। আমাদের জীবন যখন কোনো ঘটনার পরিপ্রেক্ষিতে দুর্বিসহ হয়ে ওঠে, সমস্ত পথ যখন বন্ধ বলে মনে হয়, আমরা তখন এমন কোনো শক্তির ওপর নির্ভর করতে চাই, যা সমস্ত সমস্যা এক লহমায় দূর করে দেয়। *শ্রীমদ্ভগবদ্গীতা*ও তেমনই একটি শক্তির আধার যা শুধুমাত্র দর্শনচেতনার আকর গ্রন্থই নয়, কিংবা ধর্মগ্রন্থ নয়। কুরুক্ষেত্রের সমরাঙ্গনে প্রতিপক্ষ হিসেবে

আত্মীয়-স্বজন-বান্ধবদের মুখোমুখি অর্জুন মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েন, যুদ্ধের নৈতিকতা, যুদ্ধের ভয়াবহ বিধ্বংসী ফলাফলের আশঙ্কায় তিনি বিহ্বল হয়ে পড়েন। উদ্বিগ্নচিত্ত অর্জুনের বিচলিত অবস্থার বহিঃপ্রকাশ ঘটে দৈহিক কম্পন, স্বেদবিন্দু, গাত্রদাহ প্রভৃতির মধ্য দিয়ে- 'সীদন্তি মম গাত্রাণি মুখং চ পরিশুষ্যতি/ বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে// গাণ্ডীবং স্রংসতে হস্তাত্ত্বক্চৈব পরিদহ্যতে/ ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ//' (*গীতা*/ ১/২৯-৩০)- শ্রেষ্ঠ ধনুর্বিদ-এর হাত থেকে ধনুক স্খলিত হয়ে যাচ্ছে, মন তাঁর অশান্ত, তিনি স্থির হয়ে দাঁড়িয়ে থাকতে অক্ষম বলে অনুভব করছেন। আধুনিক চিকিৎসাবিজ্ঞানের ভাষায় যাকে 'Anxiety Disorder' কিংবা 'PTSD/ Post-Traumatic Stress Disorder' বলা হয়। জিজ্ঞাসু অর্জুনের সকলপ্রকার সংশয় ও বিহ্বলতা দূরীকরণের জন্য শ্রীকৃষ্ণ উপদেশ প্রদান করেন, যে অমৃতসমান উপদেশ মানবজীবনের নানান সমস্যার সমাধানকল্পে যুগ যুগ ধরে পথপ্রদর্শকের ভূমিকা পালন করে চলেছে।

3.0. শাস্ত্রে মানবজীবনের অরিষড়্-বর্গের দমনের কথা বলা হয়েছে। এই ছটি অন্তঃশত্রু হল- কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য। *কামন্দকীয় নীতিসার* গ্রন্থের 'ইন্দ্রিয়বিজয়' শীর্ষক প্রথম-প্রকরণে অরিষড্বর্গ সম্পর্কে উল্লিখিত হয়েছে- 'কামঃ ক্রোধস্তথা লোভো হর্ষো মানো মদস্তথা/ ষড্বর্গমুৎসৃজেদেনং তস্মিংস্ত্যক্তে সুখী নৃপঃ//' (১/৫৭)।[৭] এর অর্থ এই যে, কাম, ক্রোধ, লোভ, হর্ষ, মান ও মদ এই ছ'টি শত্রুকে ত্যাগ করতে পারলে নরাধিপ সুখলাভ করেন। অন্তরিন্দ্রিয় অর্থাৎ, মনই এদের আশ্রয়স্থল। এই অন্তঃশত্রুদের প্রভাবেই মানসিক সমস্যার সাথে সাথে অন্যান্য সমস্যারও সৃষ্টি হয় এবং তা থেকে দুঃখের সূত্রপাত। মহর্ষি কামন্দক তাঁর নীতিগ্রন্থে এবিষয়ে উপদেশার্থে রিপু-প্রভাবে বিপথগামী রাজা ও অসুরদের যেমন, জন্মেজয়, বাতাপি প্রমুখের কথাও উল্লেখ করেছেন- 'দাণ্ডক্যো নৃপতিঃ কামাত্ ক্রোধাচ্চ জন্মেজয়ঃ/ লোভাদৈলস্তু রাজর্ষির্বাতাপির্হর্ষহতোঽসুরঃ//' (১/৫৮)।[৮] অর্থাৎ, রাজা দণ্ডক কামহেতু, রাজা জন্মেজয় ক্রোধহেতু, রাজা ঐল লোভের কারণে, অসুর বাতপি হর্ষের দরুণ নিধন প্রাপ্ত হন। জনজীবনে কাম, ক্রোধ ও লোভ- এই তিনটি অন্তঃরিপু'র প্রভাবজনিত বিপর্যয় ও শ্রীমদ্ভগবদ্গীতা'র হাত ধরে এই রিপুত্রয়-সংযমের মধ্য দিয়ে দুঃখনিরাময়ের দিকনির্ণয়ই এই সন্দর্ভের আলোচ্য। প্রথমেই আসি কাম-এর প্রসঙ্গে। দিশাহীন অর্জুন কৃষ্ণকে জিজ্ঞেস করছেন- 'অথ কেন প্রযুক্তোঽয়ং পাপং চরতি পুরুষঃ/ অনিচ্ছন্নপি বার্ষ্ণেয় বলাদিব নিয়োজিতঃ//' (*গীতা*, ৩/৩৬)। কি কারণে অনিচ্ছাসত্ত্বেও লোকেরা পাপকর্মে লিপ্ত হয়? এ প্রশ্নের উত্তরে ভগবান কাম ও ক্রোধের কথা উল্লেখ করেন- 'কাম এষ ক্রোধ এষ রজোগুণ সমুদ্ভবঃ/ মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্//' (*গীতা*, ৩/৩৭)। অর্থাৎ, কাম এবং ক্রোধ- এ দুটিকেই শত্রু হিসেবে বুঝতে হবে, যারা মানুষকে পাপকর্মে লিপ্ত হতে বাধ্য করে। তিনি আরও বলছেন- 'আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনো নিত্যবৈরিণা/ কামরূপেণ কৌন্তেয় দুষ্পূরেণানলেন চ//' (*গীতা*, ৩/৩৯)। অর্থাৎ, জ্ঞানীব্যক্তিদেরও কাম চিরন্তন শত্রু, যা অগ্নিসমান, যা জ্ঞানকে অজ্ঞতার আবরণে ঢেকে রাখে। এক্ষেত্রে রাজা দণ্ডকের কথা উল্লেখ করা যেতে পারে। ভোজবংশের এক রাজা ছিলেন দণ্ডক। অনেকে মনে করেন, তাঁর প্রসিদ্ধি থেকেই দণ্ডকারণ্য নামকরণ। একদা তিনি মৃগয়ায় গমন করেন। মৃগয়াকালে তৃষ্ণার্ত অবস্থায় মহর্ষি ভৃগুর আশ্রমে উপস্থিত হন। আশ্রমে রূপযৌবনসম্পন্না ভৃগুকন্যাকে একাকিনী দেখে তাঁর প্রতি আকৃষ্ট হয়ে তাঁকে নিজের রথে চাপিয়ে স্বরাজ্যে প্রত্যাবর্তন করেন। অতঃপর, মহর্ষি ভৃগু বন থেকে সমিত্-কুশাদি সংগ্রহ করে আশ্রমে ফিরে তপঃবলে ঘটনাক্রম অবগত হন এবং ক্রোধান্বিত হয়ে দণ্ডককে অভিশাপ দেন- 'সপ্তভিরহোভিঃ পাংসুবৃষ্ট্যা সবন্ধুরাষ্ট্রো বিপদ্যতাম্'।[৯] আর একথা বলাই বাহুল্য যে, মহাতপা ঋষিদের অভিশাপ কখনই বিফল হয় না। এমন বহু উদাহরণ রয়েছে সাহিত্যে। এক্ষেত্রেও তার অন্যথা হয় নি। কামনার বশে কৃতকর্মের পরিণামে রাজা দণ্ডক বিনাশপ্রাপ্ত হন। এই কাম-রূপ শত্রুর বাসস্থান মানুষের ইন্দ্রিয়, মন ও বুদ্ধিতে- 'ইন্দ্রিযাণি মনো বুদ্ধিরস্যাধিষ্ঠানমুচ্যতে/' (*গীতা*, ৩/৪০)। তাই, ইন্দ্রিয়সংযমের মাধ্যমে কামনার বিনাশ অবশ্য কর্তব্য- একথাই শ্রীকৃষ্ণের উপদেশে বিবৃত হয়েছে- 'তস্মাত্ত্বমিন্দ্রিযাণ্যাদৌ নিযম্য ভারতর্ষভ/ পাপ্মানং প্রজহি হ্যেনং জ্ঞানবিজ্ঞাননাশনম্//' (*গীতা*, ৩/৪২)। কামনার নাশ বুদ্ধির সহায়তায় মনসংযমের মাধ্যমেই

সম্ভব এবং অর্জুনের মতো মহাযোদ্ধার তাই কর্তব্য। *গীতা*র তৃতীয় অধ্যায়ের অন্তিমে শ্রীভগবানের ভাষায়- 'জহি শত্রুং মহাবাহো কামরূপং দুরাসদম্/' (*গীতা,* ৩/৪৩)। সুখপ্রদ বিষয় যা ইন্দ্রিয় তথা কামনাজাত, সেগুলি সাময়িক আনন্দভোগের কারণ হলেও তা অধিকাংশ ক্ষেত্রেই পরিণাম হিসেবে দুঃখের বাহক; এবং সেই বিষয়বাসনাজাত সুখ চিরন্তন নয়- এই চূড়ান্ত সত্যের সন্ধান পাই গীতা'র পঞ্চম অধ্যায়ের ২২তম শ্লোকে, যেখানে শ্রীকৃষ্ণ অর্জুনকে উপদেশ দিতে গিয়ে বলেছেন- 'যে হি সংস্পর্শজা ভোগা দুঃখযোনয় এব তে/ আদ্যন্তবন্তঃ কৌন্তেয় ন তেষু রমতে বুধঃ//' (*গীতা,* ৫/২২)। অনেকক্ষেত্রেই আধুনিক সভ্যতার মোড়কে আবৃত মানবমনন সাময়িক হলেও তাকে শাশ্বত মনে ক'রে অলীক সুখ বা ইন্দ্রিয়জ বিষয়বাসনার সুখসন্ধানের বহু প্রচেষ্টা করে। আপাতভাবে সুখের সন্ধান পেলেও একসময় সেই আনন্দের আবিলতা ফিকে হয়ে আসে। পরিণামে ঘিরে ধরে অবসাদ, শুরু হয় দুঃখভোগ। তাই এই সমস্ত কামনাজাত সমস্যার সমাধানকল্পে *শ্রীমদ্ভগবদ্গীতা*'র শাশ্বত সত্যের নির্ঘোষ সততই স্মরণীয়।

4.0. এবারে আসি ক্রোধ সম্পর্কিত আলোচনায়। ক্রোধ অনেকখানি কামনার সাথে সম্পর্কিত। বেশিরভাগ ক্ষেত্রে দীর্ঘলালিত কামনার অপূর্তিই ক্রোধের মূল কারণ হয়ে দাঁড়ায়। আধুনিক চিকিৎসাবিজ্ঞান বিশেষত, মনোবিজ্ঞান কিছু কিছু ক্ষেত্রে ক্রোধকে মানসিক অসুস্থতার একটি উপসর্গ বা প্রকারভেদ হিসেবে চিহ্নিত করে থাকে। মনোবিজ্ঞানের একটি সমীক্ষায় ক্রোধকে 'Obsessive Compulsive Disorder' বা 'OCD'-এর একটি সাধারণ উপসর্গ হিসেবে চিহ্নিত করা হয়েছে।[১০] 'OCD' হল দীর্ঘস্থায়ী এমনই এক উদ্বেগজনিত ব্যাধি, যাতে আক্রান্ত ব্যক্তি অযৌক্তিক, অনিয়ন্ত্রিত এবং পুনরাবৃত্তিমূলক চিন্তাভাবনা করেন, ফলত আক্রান্ত ব্যক্তির আচরণগত প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়। এই 'OCD'-তে আক্রান্ত প্রায় পঞ্চাশ শতাংশ ব্যক্তি অধিকমাত্রায় ক্রোধান্বিত হয়ে থাকেন। ক্রোধ বা 'Anger issues'-র ওপরে একটি সমীক্ষা চালানো হয় ২০১১ সালে। সমীক্ষাটির ডেটাবেস প্রস্তুত করে 'The National Institutes of Health'[১১], যার ভিত্তিতে 'Industrial Psychiatry Journal'-এ নীতেশ প্রকাশ পেইনুলি (Nitesh Prakash Painuly), সন্দীপ গ্রোভার (Sandip Grover), সুরেন্দ্র কুমার মাট্টু (Surendra Kumar Matto) এবং নিতিন গুপ্ত-র (Nitin Gupta) উদ্যোগে 'Anger Attacks in Obsessive Compulsive Disorder'[১২] শীর্ষক গবেষণাপত্রটি প্রকাশিত হয়, যাতে দেখা যায়, ২০ থেকে ৬০ বছর বয়সী 'OCD'-তে আক্রান্ত ব্যক্তিদের ৪২ জনের মধ্যে ২১ জন মাত্রাতিরিক্ত ক্রোধান্বিত হয়ে পড়েন। অর্থাৎ, মনোবিজ্ঞানে মাত্রাহীন ক্রোধ মানসিক ব্যাধি হিসেবেই বিবেচিত। এই ক্রোধের উৎস ব্যক্তিবিশেষে ভিন্ন ভিন্ন। অতিরিক্ত ক্রোধ ব্যক্তিজীবনে নানারকম সমস্যার সৃষ্টি করে। ক্রোধের বশবর্তী হয়ে কৃতকর্ম সর্বদাই দুঃখদায়ক। *কামন্দকীয় নীতিসার* গ্রন্থের ওপর রচিত *জয়মঙ্গলা* টীকায় ক্রোধের প্রসঙ্গে শঙ্করার্য বলেছেন- 'ক্রোধঃ অক্ষমা, প্রবলেঽপি যো বাক্পারুষ্যাদিহেতুঃ'।[১৩] অর্থাৎ, ক্রোধ বাক্পারুষ্যাদির কারণ হয়ে থাকে। ক্রোধের কারণে হিতাহিতজ্ঞানশূন্য মানুষ এমন অনেক কাজ করে ফেলে, যেমন- কটূকথন, হিংসা, অন্যকে আঘাত, আত্মহনন, খুন, হানাহানি ইত্যাদি। কাশীরাম দাস খুব সাবলীল ভঙ্গিতে যুধিষ্ঠিরের কথনের মধ্য দিয়ে বলেছেন-

ক্রোধসম পাপ দেবী নাহিক সংসারে।
প্রত্যক্ষ শুন ক্রোধ যত পাপ ধরে।।
গুরু লঘু জ্ঞান নাহি থাকে ক্রোধকালে।
অবক্তব্য কথা লোক ক্রোধ হৈলে বলে।।
আছুক অন্যের কার্য আত্মা হয় বৈরী।
বিষ খায়, ডুবে মরে, অস্ত্র অঙ্গে মারি।।
এ কারণে বুধগণ সদা ক্রোধ ত্যজে।
অক্রোধী যে লোক তারে সর্বলোকে পূজে।।
ক্রোধে তাপ, ক্রোধে পাপ, ক্রোধে কুলক্ষয়।
ক্রোধে সর্বনাশ হয়, ক্রোধে অপচয়।।

- (*মহাভারত/ বনপর্ব/ যুধিষ্ঠির ও দ্রৌপদীর পরস্পর কথা*)।[১৪]

এই ক্রোধের সঠিক বা যথাযথ কারণ কী তা নিশ্চিতভাবে নির্ণয় করা মুশকিল। তবে আশাহত অবস্থা বা ব্যর্থকাম অধিকাংশ ক্ষেত্রে ক্রোধের উৎসারক একথা বলা যেতেই পারে। *শ্রীমদ্ভগবদ্গীতা*র দ্বিতীয় অধ্যায়ে শ্রীকৃষ্ণ কামনার সাথে যে ক্রোধের যোগসূত্র রয়েছে তা সুন্দরভাবে উপস্থাপন করেছেন- 'ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সংগস্তেষূপজায়তে/ সংগাত্ সঞ্জায়তে কামঃ কামাত্ ক্রোধোঽভিজায়তে//' (*গীতা,* ২/ ৬২)। অর্থাৎ, বিষয়বাসনার প্রতি আসক্তিই কামনার কারণ এবং কামনার বিঘ্নে, ব্যর্থতায় ক্রোধোৎপত্তি। এই ক্রোধের ফলশ্রুতিও যে মারাত্মক তারও উল্লেখ পাই *গীতা*র অমৃতোপদেশে- 'ক্রোধাত্ ভবতি সম্মোহঃ সম্মোহাত্ স্মৃতিবিভ্রমঃ/ স্মৃতিভ্রংশাদ্বুদ্ধিনাশো বুদ্ধিনাশাত্ প্রণশ্যতি//' (*গীতা,* ২/ ৬৩)। অর্থাৎ, ক্রোধ থেকে জাত হয় মূঢ়ভাব বা সম্মোহ, সম্মোহ থেকে সৃষ্ট হয় স্মৃতিবিভ্রম (Confusion of memory), এই স্মৃতিবিভ্রম হেতু বুদ্ধির নাশ ঘটে, এবং বুদ্ধিভ্রষ্ট ব্যক্তি নিজের স্থিতিশীলতা হারিয়ে ফেলে। অতএব, ক্রোধ যে কতখানি বিপজ্জনক তা আর বলার অপেক্ষা রাখে না।

5.0. এবারে আসি এই সন্দর্ভের আলোচ্য তৃতীয় তথা অন্তিম রিপু লোভ-এর প্রসঙ্গে। লোভের ক্ষতিকারক পরিণাম সম্পর্কে কবি-সাহিত্যিক তথা সকল বিদগ্ধজন তাঁদের সৃষ্টিতে সচেতনতার বার্তা দিয়ে এসেছেন বার বার। বাংলাভাষায় জনসাধারণের জন্য উপদেশমূলক বহু প্রবাদও সৃষ্টি হয়েছে, যেমন- 'অতি লোভে তাঁতি নষ্ট', 'লোভে পাপ, পাপে মৃত্যু' ইত্যাদি। বিদ্যাসাগর মহাশয় শিশুমনে লোভের ক্ষতিকারক প্রভাব দূরীকরণের উদ্দেশ্যে অক্ষরজ্ঞানের সাথে সাথে অত্যন্ত দক্ষতার সাথে নৈতিক মূল্যবোধের পাঠও দিয়েছেন। *আখ্যানমঞ্জরী*র অন্তর্গত 'লোভসংবরণ' শীর্ষক আখ্যানে ধর্মভীরু সুবোধ সচ্চরিত্র বালকের সাময়িক লোভাচ্ছন্নতা কাটিয়ে লোভসংবরণ এবং তার স্বগতোক্তির মধ্য দিয়ে 'লোভ করা বড় দোষ, লোকে লোভ সংবরণ করিতে না পারিলেই চোর হয়, আমি আর কখনও কোনও বস্তুতে লোভ করিব না, এবং লোভের বশীভূত হইয়া চোর হইব না, চোর হইয়া ধনবান্ হওয়া অপেক্ষা, ধর্ম্মপথে থাকিয়া নির্ধন হওয়া ভাল'[১৫]- জনমানসে এই নীতিবোধ সঞ্চারে সচেষ্ট হয়েছেন বিদ্যাসাগর মহাশয়। কিন্তু লোভের উৎস কী? এই প্রশ্নের উত্তর প্রায় সকলেরই জানা; লোভের উৎস কামনা, শঙ্করার্যের মতে, 'পরদ্রব্যাতিশ্রদ্ধা'[১৬]। লোভ এমন রিপু যা সাধারণ ন্যায়-নীতি, মূল্যবোধ, ভাল-মন্দের বিচার বিবেচনাবুদ্ধির বিনাশ করে, লুপ্ত করে হিতাহিতচেতনা। এ প্রসঙ্গে R. F. Taflinger-এর লোভ সম্পর্কিত মন্তব্য অত্যন্ত প্রাসঙ্গিক ও উল্লেখ্য- 'Unrestrained greed in an individual can lead to callousness, arrogance and even megalomania. A person dominated by greed will often ignore the harm their actions can cause others'.[১৭] অর্থাৎ, অসংযত বা অনিয়ন্ত্রিত লোভ ব্যক্তিকে নির্মম, অহংকারী করে তোলে, এমনকী মেগালোম্যানিয়ার শিকারে পরিণত করে। Merriam-Webster-অনুযায়ী 'Megalomania' হল এমনই এক ভ্রমাত্মক মানসিক অসুস্থতা, যাতে ব্যক্তি নিজেকে সর্বশক্তিমান বলে মনে করতে থাকেন।[১৮] এখন যদি Taflinger-এর দৃষ্টিভঙ্গীর ওপর ভিত্তি করে লোভ-এর প্রকৃতি সম্পর্কে আলোচনা করতে হয়, তাহলে লোভও একপ্রকার মানসিক অসুস্থতার উপসর্গ- এরূপ ধরে নিতে হয়। এই লোভের উৎপত্তি বা কারণ হিসেবে শ্রীকৃষ্ণ তাঁর উপদেশে রজগুণের প্রভাবকেই দায়ী করেছেন- 'লোভঃ প্রবৃত্তিরারম্ভঃ কর্মণামশমঃ স্পৃহা/ রজস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে ভারতর্ষভ//' (*গীতা,* ১৪/১২)। রজগুণ থেকেই জাত হয় লোভপ্রবৃত্তি,[১৯] স্বার্থবুদ্ধি-প্ররোচিত সকাম কর্ম, স্পৃহা ইত্যাদি। এই রজগুণ যা প্রকৃতিসম্ভবা ত্রিবিধগুণের অন্যতম, যা 'রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসংগসমুদ্ভম্' (*গীতা,* ১৪/৭), অর্থাৎ, রাগাত্মক গুণ যা তৃষ্ণা বা আসক্তি ও কামনার জনক। সেই রজগুণই ব্যক্তির লোভ-লালসার উৎসারক। তাই, রজগুণ সততই দুঃখদায়ক। অতএব, একথা বলার আর অপেক্ষা রাখে না যে, এই দুঃখনিবৃত্তির জন্য সর্বদাই লোভ তথা স্বার্থবুদ্ধিপ্ররোচিত সকামকর্মাদি পরিহর্তব্য।

6.0. উপরোক্ত আলোচনার ভিত্তিতে একথা বলা যেতে পারে যে, আমাদের অরিষড়্-বর্গকে সংযত করতে পারলে মানসদুঃখ সমুদায় থেকে নিষ্কৃতি সম্ভব। *গীতা*র অমৃতোপদেশ তারই নির্দেশ

দেয়- 'ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ/ কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতৎত্রয়ং ত্যজেত্//' (*গীতা,* ১৬/২১)। অর্থাৎ, কাম, ক্রোধ ও লোভ- এই ত্রিবিধ রিপু নরকের দ্বার, যারা আত্মজ্ঞানের তথা শাশ্বত সত্যের নাশক; তাই, এই তিন শত্রুর ত্যাগই অবশ্যকর্তব্য। চিন্তনে, কর্মে, এককথায় কায়-মন-বাক্যে এই তিন রিপুর প্রভাব যদি উপেক্ষা করা যায়, তাহলে মানসিক সমস্যা অনেকাংশেই খুব সহজে দূর করা যেতে পারে। বর্তমানে অতিমারীর প্রভাবেই হোক কিংবা অন্যান্য সমস্যার কারণেই হোক, জনসাধারণের নানাবিধ মানসিক সমস্যা যেমন, হতাশা, অবসাদ, অনিদ্রা, হিংসা, খুন, আত্মঘাতী প্রবণতা ইত্যাদি বারে বারে ভয়ানক চিত্র আমাদের সামনে হাজির করছে। এই সমস্ত চিত্র, সমীক্ষা থেকে মনোবিদরা ক্ষেত্রবিশেষে বিভিন্ন ধরণের থেরাপির[২০] প্রয়োগ করে থাকেন, যেমন, Psychodynamic, Behavioral, CBT, Humanistic, Choosing (according to Crystal Raypole)[২১] সেই সাথে Meditation, Moral Education প্রভৃতির ওপর জোর দিচ্ছেন। অনেকক্ষেত্রে 'Back to Veda'-র নব্য ধারণারও অনুসরণ করছেন। *শ্রীমদ্ভগবদ্গীতা*র মাহাত্ম্য এখানেই, কারণ *গীতা*র উপদেশাবলী মানবজীবনের সমস্যার উত্তরণের আলো নির্দেশ করে, তাই, ভারতবর্ষের বিভিন্ন শিক্ষাঙ্গনে ধর্মীয় ভেদবুদ্ধিকে উপেক্ষা করে পাঠক্রমে *শ্রীমদ্ভগবদ্গীতা*র সম্পূর্ণ পাঠ, কোথাও বা আংশিক পাঠ, কোথাও বা 'Self-management in the Gita' নামে অন্তর্ভুক্তিকরণ হয়েছে। মানসিক ব্যাধির কেন্দ্রবিন্দু মন, আর মনের মধ্যেই বিরাজমান কাম-ক্রোধ-লোভ-মোহ-মদ-মাৎসর্য্যরূপী অন্তঃশত্রু। এদের দমন করে কর্মের অনুসরণই মানবজীবনের শাশ্বত ধর্ম[২২]- *উপনিষদ্*-এর এই চেতনার অনুসরণের মধ্য দিয়েই দুঃখনিবৃত্তির সুপ্ত বীজ বপন করেছে *শ্রীমদ্ভগবদ্গীতা। মনুসংহিতা*র অষ্টম অধ্যায়ে এই ধারণাই অন্য আঙ্গিকে অনুস্যূত হয়েছে- 'কামক্রোধৌ তু সংযম্য যোঽর্থান্ ধর্মেণ পশ্যতি/ প্রজাস্তমনুবর্তন্তে সমুদ্রমিব সিন্ধবঃ//' (*মনুসংহিতা,* ৮/১৭৫)[২৩], অর্থাৎ, কাম-ক্রোধ নিয়ন্ত্রিত করে যিনি (এক্ষেত্রে রাজা) ধর্মানুসারে কার্য পরিদর্শন করেন, সমুদ্রানুগামী নদীসমূহের ন্যায় প্রজারাও তাঁর অনুগামী হন। শাস্ত্রবিহিত কর্মই সুখের মার্গনির্দেশক। যিনি শাস্ত্রবিধান উপেক্ষা করে কর্মোদ্যোগী হন, তিনি সিদ্ধি, সুখ বা সদ্গতি কোনোটিই লাভ করতে পারেন না, *গীতা*র ভাষায়- 'যঃ শাস্ত্রবিধানমুৎসৃজ্য বর্ততে কামকারতঃ/ ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং গতিম্//' (গীতা, ১৬/২৩)। তাই, অর্জুনের উদ্দেশে ভগবানের উপদেশ- শাস্ত্রবিহিত কর্মই একমাত্র কর্তব্য, যেহেতু শাস্ত্রই প্রমাণ অর্থাৎ, প্রকৃষ্ট জ্ঞানের আধার- 'তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্যাকার্যব্যবস্থিতৌ/ জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম কর্তুমিহার্হসি//' (*গীতা,* ১৬/২৪)- এ যেন সমগ্র মানবসভ্যতার উদ্দেশ্যেই উপদেশ, যাকে একাধারে মনোজাত দুঃখসমুদায়ের নিবৃত্তির সমাধাও বলে যেতে পারে। এই জ্ঞানগর্ভ শাস্ত্রের হাত ধরে আত্মোপলব্ধির মাধ্যমে সৎচিন্তা, সৎকর্মাদির মধ্য দিয়ে মানবসভ্যতা নিশ্চিতরূপে এক সুস্থ চেতনার সন্ধান পেতে পারে।

**উল্লেখপঞ্জি**

১. বৌদ্ধ দর্শনস্বীকৃত অষ্টাঙ্গিক মার্গ হল- ক। সম্মা দিথি (সম্যক দৃষ্টি), খ। সম্মা বাচা (সম্যক বাক), গ। সম্মা আজীব (সম্যক আজীব), ঘ। সম্মা সতি (সম্যক), ঙ। সম্মা সংকপ্প (সম্যক সংকল্প), চ। সম্মা কম্মন্ত (সম্যক কর্মান্ত), ছ। সম্মা বায়াম (সম্যক), জ। সম্মা সমাধি (সম্যক সমাধি)।

২. 'দুঃখত্রযাভিঘাতাজ্জিজ্ঞাসা তদপঘাতকে হেতৌ/ দৃষ্টেসাঽপার্থা চেন্নৈকান্তত্যন্তোঽভাবাত্//' (*সাংখ্যকারিকা,* ১) *Cf.* Radhanath Phukan. *The Sāṃkhya Kārikā of Iśvarakṛṣṇa*; *Being atreatise on Psycho-Physics for Self-realization*, P. 69.

৩. 'Mental illnesses are health conditions involving changes in emotion, thinking or behaviour (or a combination of these). Mental illnesses are associated with distress and/or problems functioning in social, work or family activities.' https://www.psychiatry.org/patients-families/what-is-mental-illness (access on 08.01.22, 19.45 IST)

৪. https://www.who.int/news-room/fact-sheets/detail/mental-disorders (access on 10.01.22, 18.45 IST)

৫.https://www.google.com/url?sa=i&url=https%3A%2F%2Ftwitter.com%2Fjhhcsolutions%2Fstatus%2F1389629015795851264&psig=AOvVaw0TtZ3C84p8cSft6owSxeOe&ust=1644039152684000&source=images&cd=vfe&ved=0CAsQjRxqFwoTCNia_aep5fUCFQAAAAAdAAAAABAI (access on 03.02.22, 11.24 IST)

৬. https://www.mhanational.org/mind-workplace (dated 03.02.22, 18.12 IST)

৭. T. Ganapati Sastri, Ed. *The Nītisāra of Kāmandaka*, *with the commentary Jayamangala of Sankararya*, Trivandrum Sanskrit Series no. XIV, P. 20.

৮. *তদেব*।

৯. *তদেব*।

১০. https://www.healthline.com/health/anger-issues#causes (access on 12.01.22, 21.15 IST)

১১. https://www.ncbi.nlm.nih.gov/pmc/articles/PMC3530280/ (access on 13.01.22, 17.20 IST)

১২. *Ind Psychiatry*, J 2011 Jul-Dec; 20(2): 115-119.

১৩. *প্রাগুক্ত*, Sastri, T. Ganapati, Ed. P. 20.

১৪. সুদেবচন্দ্র চট্টোপাধ্যায় (সম্পা.), *কাশীদাসী মহাভারত*, পৃ. ৩২৮।

১৫. ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধায়, *আখ্যানমঞ্জরী*, প্রথমভাগ, পৃ. ১৩।

১৬. *প্রাগুক্ত*, Sastri, T. Ganapati, Ed. P. 20.

১৭. Taflinger, R. F. *Taking Advantage, The Sociological Basis of Greed*.

১৮. 'a delusional mental illness that is marked by feelings of personal omnipotence and grandeur' https://merriam-webster.com/dictionary/megalomania (access on 23.01.22, 19.30 IST).

১৯. 'সত্ত্বাত্ সংজাযতে জ্ঞানং রজসো লোভ এব চ' (*গীতা*, ১৪/১৭)।

২০. https://www.healthline.com/health/types-of-therapy#psychodynamic (access on 15.01.22, 14.28 IST).

২১. https://www.healthline.com/authors/crystal-raypole (access on 13.01.22, 13.25 IST).

২২. 'কুর্বন্নেবেহ কর্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ/ এবং ত্বযি নান্যথেতোঽস্তি ন কর্ম লিপ্যতে নরে//'-*ঈশোপনিষত্*, ২। ভবানিপ্রসাদ ভট্টাচার্য ও তারকনাথ অধিকারী, *বৈদিক সংকলন*, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৭৯।

২৩. সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (সম্পা.), *মনুসংহিতা*, পৃ. ২১৯।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি


*মনুসংহিতা*। সম্পা. সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। কলকাতাঃ আনন্দ, ২০১৭ (অষ্টম সংস্করণ) (প্রথম সংস্করণ ১৯৯৯)। মুদ্রিত।

বন্দ্যোপাধায়, ঈশ্বরচন্দ্র। *আখ্যানমঞ্জরী*, প্রথমভাগ। (প্রকাশক) কার্ত্তিকচন্দ্র দে। কলিকাতাঃ (অধুনা কলকাতা) ১৩২৪ (বাংলা সন) (চতুর্থ সং), (প্রথম সং ১৯২৪ সংবত)। মুদ্রিত।

*শ্রীমদ্ভগবদ্গীতা*। সম্পা. অশোক কৌশিক। দিল্লিঃ স্টার পাবলিকেশন প্রাইভেট লিমিটেড, ১৯৯৩। পিডিএফ।

*Bhagavadgītā*. Ed. Radhakrishnan. London: George Allen & Unwin Ltd., 1963 (rpt. 7th ed.) (1st ed. 1948). Printed.

Phukan, Radhanath. *The Sāṃkhya Kārikā of Iśvarakṛṣṇa*; *Being atreatise on Psycho-Physics for Self-realization*. Calcutta (now Kolkata): Firma K. L. Mukhopadhyay, 1960. Printed.

Sastri, T. Ganapati, Ed. *The Nītisāra of Kāmandaka*, *with the commentary Jayamangala of Sankararya*, Trivandrum Sanskrit Series no. XIV. Trivandrum: The Trivancore Government Press, 1912. PDF.

*Shrimad-Bhagavad-Geeta.* Vol. I. Ed. Shastri Jeevarama Lallurama. Bombay (now Mumbai): The Gujrati Printing Press, 1912. PDF.

# SECTION B

# वेदान्तस्य प्रस्थानद्वये ब्रह्मणः स्वरूपविषये *श्रीमद्भगवद्गीताया*ः प्रभावः

शिखा-सरकार-शिकदारः

**सारसंक्षेपः**

प्रस्थानमित्यनेन श्रुतिप्रस्थानं, न्यायप्रस्थानं तर्कप्रस्थानं वा स्मृतिप्रस्थानञ्चेत्येतत् प्रस्थानत्रयमेव प्रसिद्धम्। परं प्रस्थानशब्देन आकरग्रन्थस्य अवबोधनत्वात् कश्चित् आकरग्रन्थ एव प्रस्थानमित्यनेनाभिहितः भविष्यति। वेदान्तशास्त्रे प्रस्थानद्वयमित्यनेन विवरणप्रस्थानं भामतीप्रस्थानमेव च अभिहितम्। वेदोपनिषदां सदृशं *श्रीमद्भगवद्गीताया*ः आविर्भावकालविषयेऽपि सुस्पष्टं तथ्यम् अप्राप्तम्। विषयेऽस्मिन् बुधानां विप्रतिपत्तिर्दृश्यते। परं *महाभारतस्या*विच्छेद्यांशभूतायाः गीतायाः अतिप्राचीनत्वं प्रमाणितम्।

भगवता श्रीकृष्णेण अर्जुनं प्रति गीतायाः उपदेशप्रदानस्य पूर्वे एव ज्ञानमिदं ऋषिभिः वहुविधैः गीतं कीर्तितं वा। सर्ववेदैरपि विविधप्रकारेण पृथग् पृथग्रूपेण वा गीतायाः ज्ञानमिदं वर्णितम्। न्यायसङ्गतब्रह्मसूत्रवचनैरपि तद् निरूपितम्। वादरायणाचार्येण वहुविचाराणां संक्षेपरूपेण पञ्चपञ्चशत्यधिकपञ्चशतसूत्रसमन्वितः *ब्रह्मसूत्रग्रन्थ*ः रचितः। परमेतेषां सूत्राणां संक्षिप्तकरणात् अर्थवहुलत्वाच्च भाष्यटीकादिग्रन्थव्यतीतमेतेषां सूत्राणामर्थः दुरूहविषयः। *ब्रह्मसूत्र*मवलम्ब्य रचितानां टीकाग्रन्थानामन्यतमा *पञ्चपादिका*टीका *पञ्चपादिकाविवरण*नाम्नी टीका *भामती*टीका चेति । टीकायामेतेषां यथार्थतर्कसहयोगेन विरोधिमतखण्डनपूर्वकं शारीरकभाष्यस्य गूढरहस्यं स्पष्टीकृतम्। अपिच ब्रह्मणः अद्वितीयरूपमपि श्रुतिवाक्यादीनामाधारैः प्रतिष्ठितम्। यस्याध्यात्मस्योपलब्धेः अन्तर्दृष्टेश्च प्रकाशाय *ब्रह्मसूत्र*ग्रन्थोऽयं विरचितस्तत् सर्वेषाम् उपलब्धेरयोग्यः। अस्योपलब्धिविषये *श्रीमद्भगवद्गीता* एव नः सहायः। यानि दार्शनिकतत्त्वानि अध्यात्मजीवनसृष्टेः निमित्तं सहायस्वरूपाणि भविष्यन्ति, *ब्रह्मसूत्रे* तेषां दार्शनिकतत्त्वानां सन्निवेशोऽस्ति। *श्रीमद्भगवद्गीता* एतेषां दार्शनिकतत्त्वानां सारोद्धारं कृत्वा स्वात्मशिक्षयात्तीकृतवती। अतः गीतामवलम्ब्य *ब्रह्मसूत्राणां* तेषां भाष्यटीकादीनाञ्च अर्थाः अस्माकमनुधावनं करणीयाः। अपिच वेदान्तविषये *श्रीमद्भगवद्गीता* स्वयमेका प्रामाण्यग्रन्थरूपेण परिचिता।

**कुञ्चिकाशब्दः**

प्रस्थानं, *भामती*, *पञ्चपादिका*, *ब्रह्मसूत्रं*, *श्रीमद्भगवद्गीता*।

प्राचीनकालेवर्तमानानां मनीषिश्रेष्ठानामन्यतमाविष्कारम् उपनिषद्, यन्मनुष्याणां दार्शनिकचिन्ताधारायाः निदर्शनम्। अपि च उपनिषद् खलु मनुष्याणां स्वतन्त्रमननशीलतायाः परिचायिका। समग्रविश्वे आनन्दमयस्यैकः प्रकाश उपनिषदेव सर्वप्रथममुपलब्धा। तस्मात् अधिकोपनिषत्सु परमसत्त्वा आनन्दरूपेण अमृतरूपेण वा दृश्यते[१]। संस्कृतसाहित्यस्य उल्लेखयोग्यतत्त्वैः सह पाश्चात्यदेशनिवासिनां संयोगः सर्वप्रथमम् एशियाटिकसोसाइटि इत्यस्य प्रतिस्थापकः उइलियम्जोन्स्महाभागा एव अकरोत्। उपनिषद्विषये आलोचनायाः पूर्वे अस्या उत्पत्तिः, संज्ञादिविषये च वयं ज्ञास्यामः। तस्मात् सर्वप्रथममस्माकं को वेदः?- इति प्रश्नस्यास्य उत्तरमधिगन्तव्यम्। विश्वेऽस्मिन् प्राचीनतमो धर्मग्रन्थः खलु *वेदः*। तदेव वैदिकसाहित्यं, यत् आर्याणां भारतवर्षे सभ्यताविस्तारेण सममेव स्वयमुद्भूतमिति प्रथितम्। अपि च *ऋग्वेद*स्य सूक्तानां संहितायाः वा आविर्भावादारभ्य वेदाङ्गरचनापर्यन्तं कालं व्याप्य यो विशालः साहित्यसम्भारो विराजते, एष एव वैदिकसाहित्यमिति अभिधातुमर्हति। विदेर्निष्पन्नः वेदशब्दोऽयम् अर्थचतुष्टयात्मकः। ज्ञानं, सत्ता, लाभो विचारश्चेति अर्थचतुष्टयाः। विद्यते अनेनेत्यर्थे वेदशब्दो सत्तार्थकाद्विदेः करणवाच्ये घञ्प्रत्यययोजनात् निष्पद्यते। पुनः ज्ञानार्थकाद्विदेः भाववाच्येऽञ्प्रत्यययोगात् विद्यते यत् तदित्यर्थे

वेदशब्दो निष्पन्नः। ज्ञानमिति वेदशब्दस्यास्य अर्थः प्राप्तः। वेदशब्दः हि ग्रन्थविशेषे प्रसिद्धः। तस्मात् मानवानां धर्मादेः मोक्षपर्यन्तस्य वर्गचतुष्टयस्य लाभो येन ग्रन्थेन भवति, स एव वेदशब्देनाभिधीयते। सायणाचार्यपादैः यथार्थमुक्तम्, यो ग्रन्थः इष्टलाभाय अनिष्टहानाय च अलौकिकमुपायं निर्दिशति असावेव वेदः[२]।

১৬. *ভাষাপরিচ্ছেদ*- মুক্তাবলী, পৃ. ৪৬৫।

১৭. *ভাষাপরিচ্ছেদ*, কারিকা– ৮৩।

১৮. *ভাষাপরিচ্ছেদ*- মুক্তাবলী, পৃ. ৪৫৭-৪৫৮।

১৯. 'অত্র পদার্থপক্ষকানুমানে সংসৃষ্টা এবেতি সংসর্গবত্ত্বং সাধ্যতে, সম্ভাবিতসংসর্গকা ইতি সংসর্গস্বরূপযোগ্যত্বং বা'- *ন্যায়কুসুমাঞ্জলি*- হরিদাসীটীকা সহ, ২০১৪, পৃ. ১৩৬।

২০. "আদ্যে 'পয়সা সিঞ্চতি' ইত্যাদাবনৈকান্তঃ..."- ঐ।

২১. 'পদজন্যা হি পদার্থস্মৃতিঃ, স্বরূপসত্যেবান্বয়-বুদ্ধাবুপযুজ্যতে, ন তু জ্ঞাতা, প্রমাণাভাবত্...'- *শব্দ-শক্তি-প্রকাশিকা*- প্রথমভাগঃ, ১৯১৪, পৃ. ৭।

২২. 'তথা চ স্বরূপসত্যা এব আকাঙ্ক্ষায়াঃ শাব্দবোধহেতুত্বাৎ...'- *ন্যায়কুসুমাঞ্জলি*- হরিদাসীটীকা সহ, ২০১৪, পৃ. ১৩৯।

২৩. 'অবন্ধনেতি ন বন্ধনং ব্যাপ্তিরূপঃ সম্বন্ধো যস্যাং সা তথা ইত্যর্থঃ'- ঐ, পৃ. ১৩৯।

২৪. 'প্রমাণৈরর্থ-পরীক্ষণং ন্যায়ঃ, প্রত্যক্ষাগমাশ্রিতমনুমানম্...'- *ন্যায়সূত্র-ভাষ্য*, ১৯৩৬-৪৪, পৃ. ৩৮-৩৯।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি


অন্নংভট্ট। *তর্কসংগ্রহঃ* । সম্পা. নারায়ণ চন্দ্র গোস্বামী। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৮১৪ বঙ্গাব্দ।

উদয়ন। *ন্যায়কুসুমাঞ্জলি* । সম্পা. পদ্মপ্রসাদ উপাধ্যায় ও দুন্ধিরাজ শাস্ত্রী। বারানসী : চৌখাম্বা সংস্কৃত সিরিজ অফিস, ১৯৫৭।

উদয়ন। *ন্যায়কুসুমাঞ্জলি* - হরিদাসীটীকা সহ। সম্পা. চন্দন ভট্টাচার্য্য। কলকাতা : মহাবোধি বুক এজেন্সি, ২০১৪।

কর, গঙ্গাধর। *শব্দার্থ সম্বন্ধ সমীক্ষা* । কলকাতা : সংস্কৃত বুক ডিপো, ২০০৩।

জগদীশ তর্কালঙ্কার। *শব্দশক্তিপ্রকাশিকা* । সম্পা. গঙ্গাধর কর। কলকাতা : মহাবোধি বুক এজেন্সি, ২০১৪।

জগদীশ তর্কালঙ্কার। *শব্দ-শক্তি-প্রকাশিকা* - প্রথমভাগঃ। সম্পা. গুরুচরণ দেবশর্ম্মা। কলকাতা: ক্যালকাটা ইউনিভারসিটি প্রেস, ১৯১৪।

জগদীশ তর্কালঙ্কার। *শব্দশক্তিপ্রকাশিকা* । সম্পা. দুণ্ডিরাজ শাস্ত্রী। বেনারস : চৌখাম্বা সংস্কৃত সিরিজ অফিস, ১৯৩৪।

প্রশস্তপাদ। *প্রশস্তপাদভাষ্য : ন্যায়কন্দলীসহ*। সম্পা. বিন্ধ্যেশ্বরী প্রসাদ দ্বিবেদিন। দিল্লি : শ্রী সদগুরু পাবলিকেশন, ১৯৮৪।

বাৎস্যায়ন। *ন্যায়সূত্র-ভাষ্য* । সম্পা. অমরেন্দ্রমোহন তর্কতীর্থ ও তারানাথ ন্যায়তর্কতীর্থ। *ন্যায়দর্শনম্* । কলকাতা : মেট্রোপলিটন প্রিন্টিং এন্ড পাবলিশিং, ১৯৩৬-৪৪।

বিশ্বনাথ। *ভাষাপরিচ্ছেদঃ* । সম্পা. পঞ্চানন শাস্ত্রী। কলিকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৩৭৪ বঙ্গাব্দ।

# 'সিদ্ধে শব্দার্থসম্বন্ধে' বার্ত্তিকস্থ 'সিদ্ধে' পদের যুক্তি স্থাপনে কৈয়ট ও নাগেশের মতবিচার

প্রিয়াঙ্কা সাহা

**সংক্ষিপ্তসার**

মহাভাষ্যের প্রথম আহ্নিকে আচার্য পতঞ্জলি রক্ষাদি প্রয়োজন সমূহের আলোচনাপূর্বক 'সিদ্ধে শব্দার্থসম্বন্ধে' বার্ত্তিকস্থ 'সিদ্ধে' পদের নিত্যত্ব ও অনিত্যত্ব বিষয়ে আলোচনা করেছেন। এই গম্ভীর প্রশ্নের উত্তর স্বয়ং ভাষ্যকার দেননি, তিনি তার পূর্ববর্তী মহান ও প্রামাণিক গ্রন্থ 'সংগ্রহ' অনুসারে ব্যাখ্যা করেছেন এবং উভয় পক্ষেই গুণ ও দোষ পরীক্ষিত হয়েছে। নিম্নলিখিত আলোচনা থেকে এই সিদ্ধান্ত করা যায় যে শব্দ নিত্য হোক বা অনিত্য দুই পক্ষেই ব্যাকরণ শাস্ত্রের উপযোগিতা আছে কারণ সাধুত্ব অসাধুত্ব উভয় নির্ণয়ই ব্যাকরণের মুখ্য উদ্দেশ্য এবং 'প্রয়োজনমনুদ্দিশ্য মন্দো'পি ন প্রবর্ততে'। বৈয়াকরণ ও মীমাংসকগণ শব্দের নিত্যতার এবং নৈয়ায়িকাদি দার্শনিকগণ শব্দের অনিত্যতার পক্ষ সমর্থন করেছেন। আচার্য পাণিনি শব্দ, অর্থ ও তাদের সম্বন্ধকে নিত্য বলেছেন। এমনকি কার্যশব্দবাহী নৈয়ায়িকরাও শব্দকে প্রবাহনিত্যতার মাধ্যমে নিত্যই বলেছেন। উক্ত বার্ত্তিক বিষয়ে উদ্দ্যোতে দার্শনিক অংশের পাশাপাশি প্রক্রিয়াংশ আছে। কার্যশাব্দিক শব্দটি ব্যাকরণের দিক থেকে অপপাঠ বলে নাগেশাচার্য মনে করেন।

তিনি 'সিদ্ধ' শব্দ প্রয়োগের জন্য চারটি যুক্তি দেখিয়েছেন, সেগুলির আলোচনাও করা হয়েছে। চারটি যুক্তি থেকে এটি নিশ্চিত করা যায় যে, বার্ত্তিকস্থ 'সিদ্ধ' শব্দ 'নিত্য' শব্দের পর্যায়বাচক। তবে তাতে কিছু সমস্যা আছে সেগুলিরও আলোচনা করা হয়েছে। তবে 'সিদ্ধে' শব্দের স্থানে 'নিত্যে' শব্দ পাঠ করলে সন্দেহের নিরসন হলেও সমস্যার সমাধান হয়না। কারণ 'মঙ্গলার্থং সিদ্ধশব্দমাদিতঃ প্রযুঙ্ক্তে'। নিত্য শব্দও যে অসন্দিগ্ধ নয় তারও প্রমাণ ভাষ্যকার দিয়েছেন যেমন- নিত্যপ্রহসিত, নিত্যপ্রজল্পিত। এখানে নিত্য শব্দের দ্বারা আভীক্ষ্ণ্য অর্থ প্রকাশিত হয়েছে। এই জন্য তিনি 'সিদ্ধ' শব্দই প্রয়োগ করেছেন। 'সিদ্ধে' শব্দ গ্রহণ করার জন্য মঙ্গলার্থ ও নিত্যার্থ দুইই ফল পাওয়া যায়।

**সূচক শব্দ**

সিদ্ধ, শব্দার্থসম্বন্ধ, কৈয়ট ও নাগেশের মতবিচার ।

'অথ শব্দানুশাসনম্' 'রক্ষোহাগমলঘ্বসংদেহাঃ প্রয়োজনম্' 'ইমানি চ ভূয়ঃ শব্দানুশাসনস্য প্রয়োজনানি। (১) তে'সুরাঃ, (২) দুষ্টঃ শব্দঃ, (৩) যদধীতম্, (৪) যস্তু প্রযুঙ্ক্তে, (৫) অবিদ্বাংসঃ, (৬) বিভক্তিং কুর্বন্তি, (৭) যো বা ইমাম্, (৮) চত্বারি, (৯) উত ত্বঃ, (১০) সক্তুমিব, (১১) সারস্বতীম্, (১২) দশম্যাং পুত্রস্য, (১৩) সুদেবো অসি বরুণ ইতি। এই ব্যাখ্যেয়বাক্য সম্বন্ধে ব্যাখ্যানবাক্য বার্ত্তিককার ও ভাষ্যকারের আছে। সায়ণাচার্য তার ঋক্সংহিতা ভাষ্যোপোদ্ঘাতে বলেছেন- "তস্যৈতস্য ব্যাকরণস্য প্রয়োজনবিশেষো বররুচিনা বার্ত্তিকে দর্শিতঃ-'রক্ষোহাগমলঘ্বসংদেহাঃ প্রয়োজনম্' ইতি। এতানি রক্ষাদিপ্রয়োজনানি প্রয়োজনান্তরাণি চ মহাভাষ্যে পতঞ্জলিনা স্পষ্টীকৃতানি"। রক্ষাদি প্রধান প্রয়োজন গুলোর পাশাপাশি তেরটি গৌণ প্রয়োজনের কথাও আচার্য পতঞ্জলি বলেছেন ঠিকই কিন্তু কোথাও তিনি প্রয়োজন গুলোর মুখ্য বা গৌণ বিভাজন করেননি। 'প্রয়োজনমনুদ্দিশ্য মন্দো'পি ন প্রবর্ততে' মার্গে বিশ্বাসী তিনি। অতঃপর তিনি 'সিদ্ধে শব্দার্থসম্বন্ধে' এই বার্ত্তিকস্থ সিদ্ধ পদবিষয়ে আলোচনায় প্রবৃত্ত হয়েছেন। এখন প্রশ্ন হল শব্দ নিত্য নাকি অনিত্য? শব্দের নিত্যতা তথা অনিত্যতা বিষয়ে বিভিন্ন শাস্ত্র ভিন্ন ভিন্ন মতামত প্রদর্শন করেছেন। শ্রুতি অনুসারে শব্দ আকাশের গুণ। আকাশ অনিত্য হওয়ায় তার গুণ শব্দও অনিত্য হতে বাধ্য। স্মৃতি অনুসারে অনিত্য আকাশে সমবায় সম্বন্ধে শব্দ থাকে বলে শব্দেরও অনিত্যতা এসে পড়ে। পুরাণসমূহে ও ইতিহাসেও শব্দের নিত্যতা ব্যাহত হয়েছে। এখানে প্রবন্ধবিস্তৃতির কারণে তথ্যপ্রমাণ সহ সেগুলি তুলে ধরা হল না। ন্যায়মতে শব্দ হল শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য আকাশের গুণ। শব্দ অনিত্য। ন্যায়মতে শব্দ তিনভাবে উৎপন্ন হয়, তা হল -

সংযোগজ, বিভাগজ ও শব্দজ। সুতরাং ন্যায়দর্শনে শব্দের অনিত্যতাই প্রকাশ পেয়েছে। মীমাংসাদর্শনে বেদের নিত্যতা স্বীকার করা হয়েছে। বেদ শব্দময়। বেদের নিত্যতা স্বীকার করলে শব্দেরও নিত্যতা স্বীকার করতে হবে। মীমাংসক ও শাব্দিক - উভয় মতে শব্দ নিত্য হলেও উভয়ের মধ্যে মতপার্থক্য রয়েছে। শাব্দিকমতে স্ফোটাত্মক শব্দ নিত্য আর মীমাংসামতে বর্ণাত্মক শব্দ নিত্য। বৈশেষিক, সাঙ্খ্য, যোগ, বৌদ্ধ ও জৈন দর্শনও শব্দের অনিত্যতার প্রমাণ দিয়েছে। শাব্দিকগণের মতে যে শব্দ নিত্য তা আবার বলার প্রয়োজন নেই কারণ পাণিনি 'তদশিষ্যং সংজ্ঞাপ্রমাণত্বাত্' সূত্রের দ্বারা শব্দের নিত্যতাকে সমর্থন করেছেন। বার্তিককারও 'সিদ্ধে শব্দার্থসম্বন্ধে' বাক্যের মাধ্যমে শব্দের নিত্যতাকে বুঝিয়েছেন। সিদ্ধ শব্দটি যে নিত্য অর্থকেই প্রকাশ করে আমার এই প্রবন্ধটির মাধ্যমে তারই প্রতিষ্ঠা করার চেষ্টা করা হয়েছে। মহাভাষ্যকারও 'নিত্যেষু শব্দেষু...' এই বাক্যের মাধ্যমে শব্দের নিত্যতাকে স্বীকার করেন। অতএব ত্রিমুনি একই কথা বলেছেন। তাদের মতে শব্দের ন্যায় তার অর্থ ও উভয়ের সম্বন্ধও নিত্য। বাক্যপদীয়কার আচার্য ভর্তৃহরি বলেছেন –

> নিত্যাঃ শব্দার্থসম্বন্ধাঃ সমাম্নাতা মহর্ষিভিঃ।
> সূত্রাণামনুতন্ত্রাণাং ভাষ্যাণাঞ্চ প্রণেতৃভিঃ।।

তবে শাব্দিকগণ শব্দের যে নিত্যতা স্বীকার করেছেন তা ব্যবহারিক নিত্য। কারণ জগতে সমস্ত অনিত্য পদার্থেরও আদি ও অন্ত নির্ধারণ করা যায় না তখন তাদের প্রবাহনিত্যতা স্বীকার করতে হয়। তাহলে শব্দব্যবহারও অনাদি হওয়ায় তাতে ব্যবহারনিত্যতা স্বীকার করতে হবে, বাস্তবনিত্যতা নয়। আচার্য নাগেশ ও প্রাচীন শব্দাচার্যগণের এই একই অভিমত। কিছু বিদ্বান্ সম্প্রদায় শব্দকে নিত্য বলেছেন আর কিছুজন শব্দকে অনিত্য বলেছেন। এখন প্রশ্ন হল বৈয়াকরণের দৃষ্টিতে শব্দ নিত্য নাকি অনিত্য? এই গম্ভীর প্রশ্নের উত্তর ভাষ্যকার স্বয়ং দেননি, তিনি তার পূর্ববর্তী মহান্ ও প্রামাণিক লক্ষ সূত্র সম্বলিত 'সংগ্রহ' নামক গ্রন্থ অনুসারে ব্যাখ্যা করেছেন। উল্লিখিত গ্রন্থে নিত্যত্বপক্ষে গুণ ও দোষ তথা অনিত্যত্বপক্ষে গুণ ও দোষ উভয়েরই সম্যক পরীক্ষা করা হয়েছে –‘সংগ্রহ এতৎপ্রাধান্যেন পরীক্ষিতম্- নিত্যো বা স্যাৎকার্যো বেতি। তত্রোক্তা দোষাঃ, প্রয়োজনান্যপ্যুক্তানি’[১]। আলোচনা থেকে এই সিদ্ধান্ত করা যায় যে শব্দ নিত্য হোক অনিত্য দুই পক্ষেই ব্যাকরণস শাস্ত্রের উপযোগিতা আছে কারণ, সাধুত্ব ও অসাধুত্ব উভয় নির্ণয়ই ব্যাকরণের মুখ্য উদ্দেশ্য। যা দুই পক্ষের (নিত্যত্ব ও অনিত্যত্ব) জন্যই আবশ্যক। বৈয়াকরণ ও মীমাংসকরা শব্দের নিত্যতার এবং নৈয়ায়িকাদি দার্শনিকগণ শব্দের অনিত্যতার পক্ষ সমর্থন করেছেন। বৈয়াকরণগণ প্রথম থেকেই শব্দের নিত্যতারই সমর্থক।

আচার্য ব্যাড়ি তার 'সংগ্রহ' গ্রন্থে এ বিষয়ে পর্যাপ্ত সমীক্ষা করে গুণ-দোষ প্রদর্শন করেছেন ও তদনুসারেই শব্দের সাধুজ্ঞানের জন্য ব্যাকরণের উপযোগিতা উভয় পক্ষেই স্বীকার করেছেন। আচার্য পাণিনি শব্দের নিত্যতারই সমর্থক। আর তাতে কেবল শব্দই নয়, অপি তু শব্দ, অর্থ ও তাদের সম্বন্ধ এই তিনই নিত্য। স্ফোটরূপ শব্দ নিত্য। পাণিনীয় দর্শনে স্ফোট হল মূলীভূত সিদ্ধান্ত। স্ফোট হল বাচক শব্দ। বৈখরীরূপ সমস্ত বাক্ স্ফোটেরই অভিব্যঞ্জক। শাব্দিকগণ বর্ণ বা বর্ণসমষ্টিব্যতিরিক্ত নাদ বা ধ্বনির দ্বারা অভিব্যঙ্গ স্ফোটকেই শব্দ বলেছেন। অর্থাৎ ধ্বনি বা নাদ অভিব্যঞ্জক এবং স্ফোট হল অভিব্যঙ্গ। ইহা শাব্দিকগণের অভিমত। কিন্তু বর্ণসমষ্টি থেকে শব্দের জ্ঞান হতে পারে না- শাব্দিকগণের এই যুক্তির বিপক্ষে বর্ণবাদী নৈয়ায়িকরা বলেন, যদি বর্ণসমুদায় থেকে অর্থের জ্ঞান অসম্ভব হয় তাহলে ধ্বনি থেকেও স্ফোটের জ্ঞান অসম্ভব হয়ে পড়বে কারণ, বর্ণের ন্যায় প্রতিটি ধ্বনিও ক্ষণস্থায়ী। অতএব বর্ণের ন্যায় ধ্বনির অভিব্যঞ্জকত্বও খণ্ডন হয়ে যায়। এই সবকিছু থেকে শাব্দিকগণ বলেছেন, ধ্বনিসমুদায় থেকেই যে স্ফোটের অভিব্যক্তি হয় এমনটা নয় কারণ প্রতিটি ধ্বনিই স্ফোটের অভিব্যঞ্জক। তবে প্রথম ধ্বনি থেকে স্ফোটের অভিব্যক্তি অস্পষ্টভাবে হয় অতঃপর দ্বিতীয় তৃতীয়াদি থেকে সেই স্ফোট ক্রমশ স্পষ্ট থেকে স্পষ্টতর হতে থাকে। শাব্দিকগণ স্ফোটভিন্ন অন্য কোন পদার্থের অস্তিত্ব স্বীকার করেন না। যা থেকে অর্থ পরিস্ফুট হয় তাই স্ফোট- স্ফোটচন্দ্রিকা। 'পরমলঘুমঞ্জূষা' গ্রন্থে নাগেশাচার্য বলেছেন- মধ্যমা ও বৈখরী নাদ যুগপৎ দুটি শব্দ উৎপন্ন করে। তবে মধ্যমানাদব্যঙ্গ স্ফোটাত্মক নিত্য শব্দই শব্দব্রহ্ম। এই শব্দব্রহ্ম সার্থক হলেও অপরব্যক্তি একে শুনতে পায় না। আর বৈখরীনাদব্যঙ্গ শব্দগুলি একে অপরে শুনতে

পায়। শব্দকে যারা কার্য বা অনিত্য বলেছেন অর্থাৎ কার্যশব্দবাদী নৈয়ায়িকরাও শব্দকে প্রবাহনিত্যতার মাধ্যমে নিত্যই বলেছেন। আর প্রতিটি শব্দ থেকে যে অর্থের বোধ হয় তাও জাতিই হোক বা প্রবাহনিত্যতার কারণেই হোক নিত্যই বটে, ইহা প্রদীপকারের মত -"তত্র নিত্যঃ শব্দো জাতিস্ফোটলক্ষণো ব্যক্তিস্ফোটলক্ষণো বা। কার্যশাব্দিকানামপি প্রবাহনিত্যতয়া।অর্থস্যাপি জাতিলক্ষণস্য নিত্যত্বম্।[২] জাতিপক্ষে শব্দ নিত্য তো বটেই, এমনকি দ্রব্যপক্ষেও শব্দ নিত্য- 'দ্রব্যপক্ষে'পি সর্বশব্দানামসত্যোপাধ্যবচ্ছিন্নং ব্রহ্মতত্ত্বং বাচ্যমিতি নিত্যতয়া প্রবাহনিত্যতয়া বা'[৩]। যখন শব্দ ও অর্থ এই দুই সম্বন্ধী নিত্য তাহলে উভয়ের সম্বন্ধও স্বতঃনিত্যই হবে। সুতরাং পাণিনি শব্দার্থসম্বন্ধের প্রথম স্রষ্টা বা নির্মাতা নয়, তিনি এই সম্বন্ধের স্মর্তা এই আক্ষেপ স্বয়ং প্রদীপকার তুলেছেন –'কিমাচার্য এব স্রষ্টা শব্দার্থসম্বন্ধানাম্, অথ স্মর্তা- ইতি প্রশ্নঃ"[৪]। এই বিষয়টিকেই কাত্যায়ন তার সর্বপ্রথম বার্ত্তিকে লিখেছেন- "সিদ্ধে শব্দার্থসম্বন্ধে'[৫]। উদ্দ্যোতকার নাগেশ প্রথমেই 'শব্দার্থসম্বন্ধে' পদের সমাস নির্ণয় করেছেন যে বিষয়ক কিছুই কৈয়ট বলেননি। সুতরাং দেখা যাচ্ছে উদ্দ্যোতে দার্শনিক অংশের পাশাপাশি প্রক্রিয়াংশ আছে। 'শব্দশ্চ অর্থশ্চ সম্বন্ধশ্চেতি শব্দার্থসম্বন্ধম্, তস্মিন্ শব্দার্থসম্বন্ধে'। ত্রিকালাবাধিত হওয়ায় অর্থাত তিন কালেই এদের আত্যন্তিক যোগ থাকায় সমাহার দ্বন্দ্ব হয়েছে "ত্রযানামাত্যন্তিকাবিশ্লেষপ্রদর্শনায সমাহারনির্দেশ ইতি বোধ্যম্"।[৬] কার্যশাব্দিক শব্দটি ব্যাকরণগত দিক থেকে অপপাঠ বলে নাগেশ মনে করেন। কার্যশাব্দিক পদে উত্তর পদের বৃদ্ধি দেখা গেছে, যা দুর্লভ- "কার্যশাব্দিকানাম্' ইতি ত্বপপাঠঃ, উত্তরপদবৃদ্ধের্দুর্লভত্বাত্"[৭]। সমস্ত পদার্থই ব্রহ্মে অধ্যস্ত শুক্তি-রজতাদিজ্ঞানে শুক্তির বিশেষ্যত্বের মতো সর্ব পদার্থাধিষ্ঠানভূত ব্রহ্মও বিশেষ্য। তাহলে দেখা যাচ্ছে-

ক) শব্দ জাতিস্ফোট বা ব্যক্তিস্ফোটরূপে নিত্য।

খ) অর্থ শব্দব্রহ্মরূপে নিত্য কিন্তু সাংসারিক জ্ঞানে অনিত্য।

গ) শব্দার্থসম্বন্ধ পরম্পরাপ্রবাহে নিত্য।

শব্দ ও অর্থ যখন নিত্য তখন তাদের সম্বন্ধও নিত্য। কিন্তু শব্দ ও অর্থ যখন অনিত্য অর্থাৎ শব্দার্থের অনিত্যত্বপক্ষে কিভাবে তাদের সম্বন্ধ নিত্য বলে প্রমাণিত হয়? এর উত্তরেই কৈয়ট বলেছেন- "সম্বন্ধস্যাপি ব্যবহারপরম্পরয়া'নাদিত্বান্নিত্যতা"[৮]। শব্দ ও অর্থ নিত্য কারণ শব্দ প্রয়োগে ইচ্ছুক কোনো ব্যক্তি বৈয়াকরণগণের কুলে গিয়ে বলে না কোন একটি শব্দ তৈরি করুন যা দিয়ে আমি কোন কাজ করব বা ব্যবহার করব। সুতরাং শব্দ ও অর্থও নিত্য এবং তাদের সম্বন্ধও নিত্য- "তয়োরিব তস্যাপি নিত্যত্বমিতি ভাবঃ"[৯]। এখানে 'তয়োরিব' পদের অর্থ 'শব্দার্থয়োরিব'। 'তস্যাপি' অর্থাৎ 'সম্বন্ধস্যাপি'। যেমনভাবে প্রবাহনিত্যতার দ্বারা ব্রহ্মতত্ত্ব বাচ্য সেই প্রকারেই শব্দার্থ ও তাদের সম্বন্ধও নিত্য। এখন প্রশ্ন হল বার্ত্তিকস্থ সিদ্ধ পদের অর্থ কী? যেহেতু সিদ্ধ শব্দটি নিত্য ও অনিত্য উভয় পদার্থের জন্যই প্রয়োগ হয় তাই এই ভাষ্য রচিত হয়েছে বলে কৈয়ট মনে করেন - "সিদ্ধশব্দস্য নিত্যানিত্যয়োর্দর্শনাৎপৃচ্ছতি- অথেতি"[১০]। যেমন 'সিদ্ধা দ্যৌঃ, সিদ্ধা পৃথিবী, সিদ্ধমাকাশম্' এই নিত্য শব্দের সঙ্গে প্রয়োগ হয় তেমনই 'সিদ্ধ ওদনঃ, সিদ্ধঃ সূপঃ, সিদ্ধা যবাগূঃ' এই অনিত্য শব্দের সঙ্গেও প্রয়োগ হয়। দ্যৌঃ প্রভৃতি শব্দকে অবিচাল বলা হয়েছে। 'বিচালঃ স্থানান্তরসংক্রমঃ' অর্থাত অন্য স্থানে যেতে পারে। *অষ্টাধ্যায়ী*তে বলা হয়েছে 'রূপান্তরাপত্তির্বিচালঃ' অর্থাত বিচাল বলতে রূপের বদল। আর তা যাদের হয় না তারাই অবিচাল, যেমন আকাশ। কৈয়ট কূটস্থ শব্দের অর্থ করেছেন 'অবিনাশী' আর অবিচালিষু শব্দের অর্থ করেছেন 'দেশান্তরপ্রাপ্তিরহিতেষু'। আর অনিত্য শব্দের অর্থ কৈয়ট করেছেন 'ক্রিয়ানিষ্পন্নঃ'[১১]। অতএব দুটি অর্থেই প্রযুক্ত 'সিদ্ধ' শব্দ এই বার্ত্তিকে কোনো একটি অর্থে প্রযুক্ত হয়েছে একথা কিভাবে বলা যায়? এই প্রশ্নের উত্তরে ভাষ্যকার চারটি যুক্তি দেখিয়েছেন-

কোথাও কোথাও প্রত্যয় ছাড়াও পূর্ব বা উত্তর পদের লোপ দেখা যায় -'বিনাপি প্রত্যযং পূর্বোত্তরপদযোর্লোপঃ' (বার্ত্তিক)। যেমন- সত্যভামা ভামা বা দেবদত্ত দত্ত। এখানেও পূর্বপদ লোপ দেখা যায়। সিদ্ধ শব্দ দ্বারা যে নিত্য অর্থকেই বোঝানো হচ্ছে, অনিত্যকে নয় কিংবা একপদ দ্বারাও যে অবধারণ পক্ষই অভিমত তা পূর্ববর্তী দুটি যুক্তি থেকেই স্পষ্ট। কিন্তু দেবদত্ত প্রভৃতি তো নাম বা

সংজ্ঞা সুতরাং এদের একদেশের প্রয়োগ কিভাবে সম্ভব? অর্থাৎ একদেশের প্রয়োগ দ্বারা তো স্মর্যমাণ সমুদায়ের জ্ঞান সম্ভব নয় এমন আক্ষেপ কৈয়ট করেছেন – "ন চৈকদেশাত্ স্মর্যমাণস্য সমুদাযস্য বাচকত্বমুপপদ্যতে"[১৬]। দেবদত্ত প্রভৃতি শব্দগুলি যেহেতু সংজ্ঞাশব্দ সুতরাং তার জায়গায় দত্ত প্রভৃতি শব্দ উচ্চারণ করলে 'দত্ত' প্রভৃতি অর্থেরই জ্ঞান হবে, দেবদত্ত প্রভৃতির জ্ঞান হবে না এই আশঙ্কা করেন টীকাকার। দেবদত্ত শব্দ কখনোই 'দত্ত' শব্দের পর্যায়বাচী নয়, 'ঘটপদং কলশপর্যাযঃ' এর মতো নয়। কেবলমাত্র পর্যায়বাচী শব্দেরই এক্ষেত্রে প্রয়োগ হয়। কৈয়ট নিজেই এই সংশয়ের সমাধান করে বলেছেন – লোপস্ত মাভূদিত্যন্বাখ্যাযতে[১৭]। অর্থাৎ লোপের কারণে বর্ণের সাধুত্ব কখনও চলে যায় না। বর্ণ বলতে দেবদত্ত শব্দের 'দে' ইত্যাদিকে বোঝান হয়েছে। সেখানে কোনটি পূর্বপদ বা কোনটি উত্তরপদ সেটি লোকব্যবহার থেকে নির্ণীত হয়। কিন্তু তা বলে এই যুক্তি 'কৃষ্ণসর্প' প্রভৃতি শব্দে খাটবে না, তার কারণ কৃষ্ণসর্পকে শুধু সর্প বললে যে কোনো সর্পের জ্ঞান হবে, শুধু কৃষ্ণসর্পের নয়। ঐ একই উপায়ে 'অত্যন্তসিদ্ধ' শব্দ থেকে 'সিদ্ধ' শব্দকে বুঝতে হবে। লুপ্ত হলেও তার অর্থ থেকে যাবে। অত্যন্তসিদ্ধ অর্থাৎ কখনও সাধ্য নয়।

ক) ব্যাড়ি রচিত লক্ষ শ্লোকাত্মক 'সংগ্রহ' গ্রন্থে কার্যের প্রতিদ্বন্দ্বী রূপে 'সিদ্ধ' শব্দের প্রয়োগ করেছেন- সংগ্রহে তাবৎকার্যপ্রতিদ্বন্দ্বিভাবান্মন্যামহে নিত্যপর্যায়বাচিনো গ্রহণম্।[১২] প্রদীপকার তার টীকায় 'সংগ্রহ' থেকে বাক্য নিয়েছেন- কিং কার্যশব্দো'থ সিদ্ধঃ।[১৩] এর থেকে স্পষ্ট বোঝা যায় যে, সিদ্ধই নিত্য কারণ আচার্য ব্যাড়ি শব্দকে নিত্য বলেছেন। অতএব উপর্যুক্ত ব্যাকরণ বার্ত্তিকও সংগ্রহ গ্রন্থের সমানতন্ত্র হওয়াই সেখানেও 'সিদ্ধ' এর অর্থ নিত্য বলাই যুক্তিযুক্ত। আচার্য নাগেশ সম্পূর্ণরূপে কৈয়ট এর সমর্থক হওয়ায় এ ব্যাপারে কিছুই বলেননি।

খ) সামান্যরূপে যেখানে অবধারণবাচক 'এব' শব্দের প্রয়োগ দেখা যায় সেখানে অবধারণ অর্থ বা নিশ্চিত অর্থের প্রতীতি হয়। আর তখন দ্যোতক পদ ছাড়াই সামর্থ্য হেতু অবধারণ অর্থ বোঝা যায় তাকে 'একপদ' (একং পদং যস্যাবধারণস্য তদেকপদং) বলে- 'সন্ত্যেকপদান্যবধারণানি'[১৪]। যেমন 'অর্জুন এব ধনুর্ধরঃ' ইত্যাদি বাক্যে 'এব' দ্বারাই নিশ্চিত অর্থ দ্যোতিত হয়। আবার কোথাও কোথাও 'এব' ছাড়াই অবধারণ দেখা যায়, যেমন- অব্ভক্ষো বায়ুভক্ষ ইতি।[১৫] 'সর্ব এবাপো ভক্ষয়ন্তি' এই হল অব্ভক্ষ শব্দের অর্থ। তেমনই এখানেও 'এব' শব্দ না থাকায় নিত্য অনিত্য ব্যতিরেকে সিদ্ধ শব্দ থেকে 'সিদ্ধ এব' এই অর্থই বুঝতে হবে- সিদ্ধে এব ন তু সাধ্যে। অনিত্য পদার্থের প্রাগভাব ও প্রধ্বংসাভাব থাকায় তাদের সিদ্ধতা নেই।

গ) ভাষ্যকার চতুর্থ সমাধানভাষ্যে বলেছেন- অথবা 'ব্যাখ্যানতো বিশেষপ্রতিপত্তির্ন হি সন্দেহাদলক্ষণম্ ইতি নিত্যপর্যায়বাচিনো গ্রহণমিতি ব্যাখ্যাস্যামঃ। ব্যাখ্যা থেকে সন্দেহের নিষ্পত্তি হয়, বিশেষ অর্থের প্রতীতি হয়। 'ন্যায়' শব্দের অর্থ প্রমাণের দ্বারা প্রতিপাদন। কিন্তু শুধুমাত্র সন্দেহ থেকেই লক্ষণ অলক্ষণ হয়ে যায় না। "ন হি সন্দেহমাত্রাদলক্ষণতা ভবতি"[১৯] কিন্তু তবুও প্রমাণান্তরের প্রয়োজন। এই ব্যবস্থা অনুসারে 'নিত্য' শব্দকে 'সিদ্ধ' শব্দের পর্যায়বাচী বলতে হবে। বৃদ্ধব্যবহার থেকেই পদ, অর্থ ও তাদের সম্বন্ধের নিত্যতা প্রমাণিত হয় একথা 'সংগ্রহ' প্রভৃতি গ্রন্থেই বলা হয়েছে। তাই সিদ্ধ শব্দ থেকে নিত্যকেই বুঝতে হবে- বৃদ্ধব্যবহারাদেব পদার্থসম্বন্ধানাং নিত্যত্বং সংগ্রহাদৌ স্থিতমিতি ব্যাখ্যানতঃ সিদ্ধশব্দেন তদেবোপাত্তমিত্যর্থঃ[২০]। মাঙ্গলিক আচার্য কাত্যায়ন তার বিশাল শাস্ত্রসমূহ বার্ত্তিকের সাফল্যের জন্য আদিতে 'সিদ্ধ' শব্দের প্রয়োগ করেছেন। কারণ যে শাস্ত্রের আদিতে মঙ্গলবাচক শব্দ ব্যবহার করা হয় তেমন শাস্ত্র সমগ্র পৃথিবীতে প্রচার বা বিস্তার লাভ করে। এমন শাস্ত্রের অধ্যেতৃগণ দীর্ঘায়ু হন, বীরপুরুষ হন ও সিদ্ধার্থ অর্থাৎ স্বকার্যে সফলতা অর্জন করেন। এই জন্যই কাত্যায়ন প্রথম বার্ত্তিকে 'সিদ্ধে' শব্দের প্রয়োগ ঘটিয়েছেন। মহাভাষ্যেও 'অথ শব্দানুশাসনম্' এই প্রথমোচ্চারিত বাক্যের 'অথ' শব্দটিও মঙ্গলের জন্যই ব্যবহৃত। আবার *অষ্টাধ্যায়ী* গ্রন্থের 'বৃদ্ধিরাদৈচ্' সূত্রস্থ 'বৃদ্ধি ' পদটিও মঙ্গলজ্ঞাপক। তবে এমন শাস্ত্র অধ্যয়নে বিরতি থাকলে চলবে না, অবিচ্ছেদে পাঠ করে যেতে হবে। এমনভাবে পাঠেই শ্রোতৃগণ একজন আরেকজনকে পরাজিত করতে পারবে না আর যথার্থ শাস্ত্রানুষ্ঠানের দ্বারা আয়ুবর্ধনও হবে। উদ্দ্যোতকারের মতে ইষ্টার্থসিদ্ধি ও মঙ্গলাচরণের মধ্যে কার্য-কারণ সম্পর্ক বিদ্যমান। ভাষ্যকার নিজেই উদ্দ্যোতরচয়িতা নাগেশের মতে মঙ্গলানুষ্ঠানের প্রয়োজনরূপে 'মঙ্গলাদীনি হি শাস্ত্রাণি...' এর উল্লেখ করেছেন। আর এই শাস্ত্র

পাঠের ফলও তিনি নিজেই নির্দিষ্ট করেছেন বীরপুরুষাদি শব্দের মাধ্যমে। এই সমস্ত শাস্ত্র পাঠের দ্বারা পাঠকগণ 'অধ্যয়ননিবৃত্তিঃ' অর্থাত্ সেই সমস্ত শাস্ত্র পাঠ সমাপ্তিতে সমর্থ হয়, সাফল্যতা অর্জন করেন। তাই ভাষ্যকার 'নিত্য' শব্দের পরিবর্তে 'সিদ্ধ' শব্দের প্রয়োগ করেছেন। উপর্যুক্ত চারটি যুক্তি থেকে এটি নিশ্চিত হওয়া যায় যে, বার্ত্তিকে প্রযুক্ত 'সিদ্ধ' শব্দ 'নিত্য' শব্দের পর্যায়বাচক। অতএব শব্দ, অর্থ ও উভয়ের সম্বন্ধ এই তিনকে 'নিত্য' বলার জন্যই আচার্য পাণিনি তার ব্যাকরণ শাস্ত্র প্রণয়ন করেছেন।

ভাষ্যকার পুনরায় প্রশ্ন তুলেছেন- যদি 'সিদ্ধে' শব্দের স্থানে 'নিত্যে' শব্দের পাঠ করলেই উপর্যুক্ত সমস্যার সমাধান হয়ে যায় তথাপি 'সিদ্ধে' শব্দের প্রয়োজন কোথায়? 'বর্ণ্যেন' শব্দের অর্থ করেছেন কৈয়ট 'প্রযত্নব্যাখ্যাতব্যেন'। বর্ণ্য পদের অর্থ ব্যাখ্যাযোগ্য। যত্নপূর্বক যা ব্যাখ্যেয় তাই বর্ণ্য। শক্যার্থে কৃৎ প্রত্যয়। যার অর্থ 'যত্নেন বর্ণয়িতুং শক্যং বর্ণ্যম্'। প্রযত্নপূর্বক সন্দিগ্ধমান 'সিদ্ধ' শব্দ প্রয়োগ করে কি লাভ? গলা খুলে 'নিত্য' শব্দ পাঠ করলেই হোত, আর তাতে সমস্ত সন্দেহেরও নিরসন হোত। তার উত্তরে বলা হয়- মঙ্গলার্থং সিদ্ধশব্দমাদিতঃ প্রযুঙ্ক্তে[২১]। অর্থাত মঙ্গলের জন্যই সিদ্ধ শব্দকে প্রথমে প্রয়োগ করা হয়েছে। কোথাও কোথাও 'মঙ্গলার্থং চ' এই পাঠও দেখা যায়। চ কারের দ্বারা নিত্য অর্থেরও প্রতীতি হবে- চেন নিত্যার্থধীসমুচ্চযঃ[২২]। অর্থ শব্দ প্রয়োজনবাচক। এখানে 'আচার্য' শব্দের দ্বারা কাত্যায়নকে বোঝানো হয়েছে আর তার বিশেষণ হিসেবে 'মাঙ্গলিক' শব্দ ব্যবহার হয়েছে। মাঙ্গলিক শব্দের অর্থ যিনি শিষ্যদের মঙ্গল প্রার্থনা করেন। কৈয়ট মাঙ্গলিক শব্দের বিশেষণ করেছেন স্বীয় টীকায় – অগর্হিতাভীষ্টার্থসিদ্ধিঃ মঙ্গলম্, তৎপ্রয়োজন আচার্যো মাঙ্গলিকঃ[২৩]। কিন্তু 'নিত্য' শব্দও যে অসন্দিগ্ধ নয় তারও প্রমাণ ভাষ্যকার দিয়েছেন। সেই নিত্য শব্দ প্রয়োগেও সন্দেহ আছে- অযং খলু নিত্যশব্দো নাবশ্যং কূটস্থেষ্ববিচালিষু ভাবেষু বর্ততে[২৪]। খলু শব্দটি নিশ্চিতার্থে প্রযুক্ত। আভীক্ষ্ণ্য কথার অর্থ বারবার। বারংবার অর্থে যে শব্দ প্রযুক্ত হয়, বিরলার্থে নয় আভীক্ষ্ণ্য কথার দ্বারা তাদেরকে বোঝানো হয়েছে। যেমন- নিত্যপ্রহসিত, নিত্যপ্রজল্পিত (বহুবার যারা হাসে, বারবার যারা বলে)। এখানে নিত্য শব্দ কূটস্থ, অবিচালী শব্দের প্রতিপাদক না হয়ে আভীক্ষ্ণ্য অর্থের প্রতিপাদক হয়েছে। নাগেশ 'আভীক্ষ্ণ্যেণ' শব্দের অর্থ করেছেন 'বাহুল্যেন'। কৈয়ট বলেছেন- আভীক্ষ্ণ্যেণ যে শব্দাঃ প্রযুজ্যন্তে এখানে নাগেশ প্রযুজ্যন্তে শব্দটি প্রয়োগের কারণ বলেছেন যে সাক্ষাৎভাবে শব্দের মধ্যে আভীক্ষ্ণ্য অসম্ভব তাই প্রয়োগের দ্বারা এই অর্থটিকে বুঝতে হবে- 'সাক্ষাত্ শব্দে আভীক্ষ্ণ্যা সংভবাত্ প্রয়োগদ্বারা তত্ গ্রাহ্যম্'। আর এই আভীক্ষ্ণ্যার্থ যেহেতু 'নিত্য' শব্দ দ্বারা বোঝানো হয় তাই নিত্য শব্দটি কখনোই সন্দেহমুক্ত নয়। আর এখানে সিদ্ধ শব্দের অর্থ যে নিত্য তার জন্য এই নিয়মই বলতে হবে- 'ব্যাখ্যানতো বিশেষপ্রতিপত্তির্ন হি সন্দেহাদলক্ষণম্' ব্যাখ্যা দ্বারাই বিশেষের জ্ঞান হওয়া উচিত, কেবলমাত্র সন্দেহ থেকে কোন শাস্ত্র অলক্ষণ বা অসঙ্গত হয়ে যায় না। আচার্য কাত্যায়ন এখানে এটাই বলতে চেয়েছেন যে সিদ্ধ শব্দ মঙ্গলার্থে যেমন প্রযুক্ত তেমনই নিত্য এর পর্যায়বাচী রূপেও ব্যাখ্যাত হবে। এই জন্য তিনি সিদ্ধ শব্দই প্রয়োগ করেছেন। সিদ্ধে শব্দ গ্রহণ করার জন্য মঙ্গলার্থ ও নিত্যার্থ দুইই ফল পাওয়া যায়।

**উল্লেখপঞ্জি**

১. মহাভাষ্য, পস্পশাহ্নিক।
২. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
৩. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
৪. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
৫. বার্ত্তিক, ১।
৬. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক ।
৭. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক ।
৮. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
৯. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
১০. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।

১১. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
১২. মহাভাষ্য, পস্পশাহ্নিক।
১৩. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
১৪. মহাভাষ্য, পস্পশাহ্নিক।
১৫. মহাভাষ্য, পস্পশাহ্নিক।
১৬. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
১৭. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
১৮. মহাভাষ্য, পস্পশাহ্নিক।
১৯. মহাভাষ্য, পস্পশাহ্নিক।
২০. মহাভাষ্য, পস্পশাহ্নিক।
২১. মহাভাষ্য, পস্পশাহ্নিক।
২২. মহাভাষ্য, পস্পশাহ্নিক, ছায়া।
২৩. মহাভাষ্যপ্রদীপোদ্দ্যত, পস্পশাহ্নিক।
২৪. মহাভাষ্য, পস্পশাহ্নিক।

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**


কর, গঙ্গাধর। *শব্দার্থ সম্বন্ধ সমীক্ষা*। কোলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৩।

দেবশর্মা, কালীজীবন। *শব্দশাস্ত্রের ইতিহাস*। কোলকাতা: রামকৃষ্ণমিশন ইনস্টিটিউট অব কালচার, ১৯৯৫।

পতঞ্জলি। *মহাভাষ্য* (প্রথম হইতে নবম আহ্নিক)। সম্পা. মোক্ষদাচরণ সামাধ্যায়ী ও করুণাসিন্ধু দাস। কোলকাতা: সদেশ, ২০০৫।

_। *মহাভাষ্য* (পস্পশাহ্নিক)। সম্পা. গঙ্গাধর কর ন্যায়াচার্য। কোলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০১৫ (দ্বিতীয় সংস্করণ) (প্রথম সংস্করণ ২০০২)।

_। *ব্যাকরণ-মহাভাষ্য* (পস্পশাহ্নিক)। সম্পা. দণ্ডিস্বামী দামোদর আশ্রম। কোলকাতা: দক্ষিণেশ্বর রামকৃষ্ণসঙ্ঘ, ১৪১৭ (চতুর্থ প্রকাশ)।

_।_। (প্রথম নবাহ্নিক)। অনু. চারুদেব শাস্ত্রী। দিল্লী/ মুম্বই/ চেন্নাই/ কোলকাতা/ ব্যাঙ্গালোর/ বারাণসী/ পুনে/ পাটনা: মোতীলাল বনারসীদাস, ২০১২ (দ্বিতীয় সংস্করণ) (প্রথম সংস্করণ ১৯৬৮)।

_। *ব্যাকরণমহাভাষ্য* (ভাষ্যপ্রদীপোদ্দ্যোতসমুল্লসিত)। সংশোধক- ভার্গব শাস্ত্রী জোশী। দিল্লী: চৌখম্বা সংস্কৃত প্রতিষ্ঠান, ২০১৪।

পাণিনি। *অষ্টাধ্যায়ী*। সম্পা. তপন শঙ্কর ভট্টাচার্য্য। কোলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০১২(দ্বিতীয় সংস্করণ)(প্রথম সংস্করণ ২০০৪)।

ভট্ট, নাগেশ। *পরিভাষেন্দুশেখর*। সম্পা. বিশ্বনাথ মিশ্র। বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০০৯।

ভট্টাচার্য্য, অমিয়কুমার। *সংস্কৃত ব্যাকরণের সংস্কৃত ইতিহাস*। কোলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১১ (প্রথম প্রকাশ)।

ভট্টোজিদীক্ষিত। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী* (প্রথম খণ্ড)। সম্পা. গিরিধরশর্মা ও পরমেশ্বরানন্দ শর্মা। দিল্লী: মোতীলাল বনারসীদাস, ১৯৬৫ (দ্বিতীয় সংস্করণ) (প্রথম সংস্করণ ১৯৬১)।

ভর্তৃহরি। *বাক্যপদীয়* (ব্রহ্মকাণ্ড- প্রথম খণ্ড)। সম্পা. বিষ্ণুপদ ভট্টাচার্য্য। কোলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০০৭ (দ্বিতীয় সংস্করণ) (প্রথম সংস্করণ ১৯৮৫)।

_ ।_ । (ব্রহ্মকাণ্ড- প্রথম খণ্ড)। সম্পা. বিষ্ণুপদ ভট্টাচার্য্য। কোলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০০৭ (দ্বিতীয় সংস্করণ) (প্রথম সংস্করণ ১৯৯১)।

_ । *মহাভাষ্যটীকা* (প্রথম ভাগ)। সম্পা. বী. স্বামিনাথন। প্রধানসম্পা. বাসুদেবশরণ অগ্রবাল। হিন্দু বিশ্ববিদ্যালয়, ২০২১ বিক্রমাব্দ।

বর্ণী, রামপ্রকাশ। *ব্যাকরণ দর্শন কো কৈয়ট কা যোগদান* । দিল্লী: পরিমল পাবলিকেশন্স, ২০০৫।

হালদার, গুরুপদ। *ব্যাকরণ দর্শনের ইতিহাস*। কোলকাতা: সংস্কৃত বুক ডিপো, ১৪১২ (দ্বিতীয় প্রকাশ) (প্রথম প্রকাশ ১৩৫০)।

# শ্রীমদ্ মধ্বাচার্য্যকৃত দ্বৈতবাদ - একটি দার্শনিক পর্যালোচনা

সন্তু কাণ্ডার

**সংক্ষিপ্তসার**

মানুষ তাঁর পারিপার্শ্বিক জগতের উপর দৃষ্টি নিবদ্ধ করলে দেখে যে বিচিত্র এই জগৎ অসীম ও অপূর্ব রহস্যে পরিপূর্ণ। এই বৈচিত্র্যময় রহস্য তাঁর মধ্যে সৃষ্টি করে এক গভীর বিস্ময়ের। আর এই বিস্ময় থেকে মানুষের মনে উদ্ভূত হয় অসংখ্য জিজ্ঞাসা ও নতুন কিছুকে জানবার দুর্নিবার আকাঙ্খা। তাঁর এই অদম্য জ্ঞানস্পৃহা ও কৌতূহল তাঁর মনে জাগিয়ে তোলে অসংখ্য প্রশ্ন। কীভাবে এই বিশ্ব জগতের উদ্ভব? এই বিশ্ব জগতের কোন সৃষ্টিকর্তা আছেন কী? যদি থাকেন তবে তাঁর স্বরূপ কী? মানুষের স্বরূপ কী? মানুষের আত্মা কী অমর? জীবাত্মার সঙ্গে পরমাত্মার সম্পর্কই বা কী? – আর এই সমস্ত প্রশ্নের সদুত্তর না পাওয়া পর্যন্ত তাঁর মন তৃপ্ত হতে পারে না। তাই সে চায় প্রকৃত সত্যের উদ্‌ঘাটন করতে। এই সত্যকে দেখা এবং সত্যের প্রকৃত স্বরূপ উপলব্ধি করাই হল দর্শন। ভারতীয় আস্তিক ষড়্‌দর্শনের অন্তর্গত, মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস বা বাদরায়ণ প্রতিষ্ঠিত অন্যতম দর্শন বেদান্তদর্শন এই সত্যানুসন্ধানেই ব্যাপৃত। কিন্তু এই বেদান্তদর্শন সূত্রপর্যায়ে এক হলেও ভাষ্যপর্যায়ে নানান রূপ পরিলক্ষিত হয়। তাই বেদান্ত দর্শনে আর্বিভূত হয়েছে অদ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ, দ্বৈতবাদ, দ্বৈতাদ্বৈতবাদ, শুদ্ধাদ্বৈতবাদ, অচিন্ত্যভেদাভেদবাদ প্রভৃতি নানান মতবাদ। ব্রহ্মের স্বরূপ, জীবের স্বরূপ, ব্রহ্মের সঙ্গে জীব-জগতের সম্বন্ধ কিরূপ? প্রভৃতি নানান বিষয়ে এই সকল বৈদান্তিকগণ ভিন্ন ভিন্ন মত পোষণ করেছেন। তবে আলোচ্য প্রবন্ধে বেদান্তের নানান মতবাদসমূহের মধ্যে শ্রীমদ্ মধ্বাচার্য্য কথিত দ্বৈতবাদের দৃষ্টিভঙ্গিতে পূর্বোক্ত প্রশ্নসমূহের সমাধান দেওয়ার চেষ্টা করা হয়েছে।

**সূচক শব্দ**

ষড়্‌দর্শন, উপনিষদ, ব্রহ্মসূত্র, দ্বৈতবাদ, বিষ্ণু, প্রপঞ্চ, মায়া, মুক্তি।

আস্তিক ষড়্‌দর্শনের অন্তর্গত একটি অন্যতম দর্শন হল বেদান্তদর্শন। এই বেদান্তদর্শন ভারতীয় জনজীবনের সাথে যেমন ঘনিষ্ঠভাবে সম্বন্ধযুক্ত, অন্যান্য দর্শন তেমন নয়। মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস বা বাদরায়ণ হলেন এই বেদান্তদর্শনের প্রণেতা। উপনিষদসমূহে কথিত বাক্যরাশির যুক্তি সহকৃত তাৎপর্য নির্ণয়ের উদ্দেশ্যেই মহর্ষি বাদরায়ণ রচনা করেছিলেন *ব্রহ্মসূত্র*। এই *ব্রহ্মসূত্র*-ই বেদান্তদর্শনের *সূত্রগ্রন্থ* বা *বেদান্তসূত্র* নামে পরিচিত। *বেদান্তসূত্র* ছাড়াও *ব্রহ্মসূত্র* নানা নামে পরিচিত, যথা– *শারীরক-সূত্র, বাদরায়ণ-সূত্র, শারীরক-মীমাংসা, ব্রহ্ম-মীমাংসা, উত্তর-মীমাংসা, ব্যাসসূত্র* প্রভৃতি। বেদান্তদর্শন ভারতীয় জনজীবনের সঙ্গে খুবই ঘনিষ্ঠভাবে সম্বদ্ধ বলে ভারতবর্ষের দর্শনের ইতিহাসে বেদান্তদর্শন বহুল চর্চিত। এই দর্শন মূলতঃ ব্রহ্মবাদ নিয়ে আলোচনা করে। ব্রহ্মের স্বরূপ, জীবের স্বরূপ, ব্রহ্মের সঙ্গে জীব ও জগতের সম্পর্ক, মুক্তির স্বরূপ, মুক্তি লাভের উপায় প্রভৃতি বিষয় এই দর্শনে আলোচিত হয়েছে।

এই বেদান্তদর্শন সূত্রপর্যায়ে এক হলেও ভাষ্যপর্যায়ে নানান রূপ ধারণ করেছে। কেননা, বিভিন্ন মনীষিগণ এই দর্শনের ভিন্ন ভিন্ন ভাষ্য প্রণয়ন করেছেন। অন্যান্য ভারতীয় দর্শনের সূত্রসমূহের ভাষ্য রচনায় মাত্র একজন আচার্যকে প্রবৃত্ত হতে দেখা গেছে, কিন্তু বেদান্তদর্শনের ভাষ্য রচনায় প্রবৃত্ত হয়েছেন বিভিন্ন মহান আচার্যগণ, যথা – আচার্য শঙ্কর, আচার্য রামানুজ, নিম্বার্কাচার্য, মধ্বাচার্য, বল্লভাচার্য, বলদেব বিদ্যাভূষণ প্রমুখ। এঁরা প্রত্যেকেই আপন আপন উপলব্ধ সত্যকে অবলম্বন করে বেদান্ততত্ত্বের ব্যাখ্যা করেছেন। এইভাবে বিভিন্ন ভাষ্যকারগণ ব্রহ্মসূত্রের ভিন্ন ভিন্ন ব্যাখ্যা প্রদান করে নানান মতবাদ প্রচার করেছেন। শ্রীমদ্ শঙ্করাচার্য স্বকৃতভাষ্যে অদ্বৈতবাদ স্বীকার করেছেন, শ্রীমদ্ রামানুজাচার্য বিশিষ্টাদ্বৈতবাদ স্বীকার করেছেন, শ্রীমদ্ নির্ম্বাকাচার্য স্বীকার করেছেন দ্বৈতাদ্বৈতবাদ, শ্রীমদ্ মধ্বাচার্য স্বীকার করেছেন দ্বৈতবাদ, শ্রীমদ্ বল্লভাচার্য শুদ্ধাদ্বৈতবাদ স্বীকার করেছেন, আবার বলদেব বিদ্যাভূষণ স্বীকার করেছেন অচিন্ত্যভেদাভেদবাদ। ব্রহ্মের স্বরূপ, জীবের স্বরূপ, ব্রহ্মের সঙ্গে জীব-জগতের সম্বন্ধ কিরূপ প্রভৃতি নানান বিষয়ে এই সকল বৈদান্তিকগণ ভিন্ন ভিন্ন মত পোষণ করেছেন।

কেউ বলেন ব্রহ্ম নির্গুণ, নিরুপাধিক। আবার কেউ বলেন ব্রহ্ম সগুণ, সোপাধিক। আবার কেউ কেউ ব্রহ্মকে সকল প্রকার হেয়গুণ বর্জিত বলেছেন। অনুরূপভাবে জীবের স্বরূপ, জীব ও জগতের সঙ্গে ব্রহ্মের সম্পর্ক নিয়েও বহুবিধ আলোচনা করা হয়েছে। এখন উক্ত মতবাদসমূহের মধ্যে শ্রীমদ্ মধ্বাচার্য্য কথিত দ্বৈতবাদী দৃষ্টিভঙ্গিতে পূর্বোক্ত বিষয়সমূহ সম্পর্কে সবিস্তার আলচনা করা যাক।

মহর্ষি বাদরায়ণ প্রণীত *ব্রহ্মসূত্র*কে কেন্দ্র করে গড়ে ওঠা মতবাদ সমূহের মধ্যে মধ্বাচার্য (যিনি আনন্দতীর্থ বা পূর্ণপ্রজ্ঞ নামে খ্যাত) প্রবর্তিত দ্বৈতবাদ হল একটি উল্লেখযোগ্য মতবাদ। অবশ্য বিশিষ্টাদ্বৈতবাদ, ভেদাভেদবাদ প্রভৃতিও দ্বৈতবাদের অন্তর্ভুক্ত। এমনকি সাংখ্য সম্প্রদায়ও দ্বৈতবাদী। কিন্তু, মধ্বচার্য প্রণীত দ্বৈতবাদ এই সকল দ্বৈতবাদ থেকে স্বতন্ত্র। দ্বৈতবাদী সাংখ্যমতে পদার্থ দুটি - পুরুষ ও প্রকৃতি। এই পুরুষ ও প্রকৃতি উভয়ই নিত্য ও সৎ। অন্যদিকে রামানুজ ব্রহ্ম ও জীবের মধ্যে স্বগতভেদ মানলেও সজাতীয় ও বিজাতীয় ভেদ মানেন না। ভেদাভেদবাদও বিশিষ্টাদ্বৈতবাদেরই সদৃশ। কিন্তু মধ্বমতে জীব ও ব্রহ্ম দুটি পৃথক্ পদার্থ। ব্রহ্ম ও জীবের মধ্যে সেব্য-সেবকভাব বর্তমান। আর সেবক কখনই সেব্য বস্তুর সঙ্গে অভিন্ন হতে পারে না। এখানে বলে রাখা দরকার যে, ত্রয়োদশ শতাব্দীতে জ্ঞানবাদের প্রাবল্যে যখন সমগ্র দেশ মত্ত, ঠিক সে সময়ই শঙ্করাচার্য প্রবর্তিত অদ্বৈতবাদ তথা জ্ঞানবাদের উপর আঘাত হানতে গড়ে উঠেছিল মধ্বাচার্য প্রবর্তিত দ্বৈতবাদ। যদিও বিশিষ্টাদ্বৈতবাদ ও ভেদাভেদবাদ অনেকটাই শঙ্করের মতের দ্বারা প্রভাবিত ছিল। কিন্তু মধ্বাচার্য প্রণীত দ্বৈতবাদ ছিল শঙ্করের মতের সম্পূর্ণ বিরোধী এক মতবাদ।

মধ্বাচার্যের মতে, পরমেশ্বর বিষ্ণু হলেন পরমতত্ত্ব। আর এই নিয়ামক পরমেশ্বর, নিয়ম্য ভোক্তা জীব ও ভোগ্য জগৎ পরস্পর অত্যন্তভিন্ন এবং সৎ পদার্থ। তাই তাঁর এই মতবাদ দ্বৈতবাদ নামে পরিচিত। মধ্বমতে তত্ত্ব দুই প্রকার - স্বতন্ত্র ও পরতন্ত্র। ভগবান বিষ্ণু যিনি নিয়ামক, স্বাধীন, সকল দোষরহিত এবং অশেষ কল্যাণগুণের আধার, তিনি স্বতন্ত্র। অন্যদিকে নিয়ম্য জীব ও জগৎ – যা ভগবান বিষ্ণুর অধীন, তা পরতন্ত্র। যা থেকে জগতের উৎপত্তি, স্থিতি ও লয় সংঘটিত হচ্ছে, সেই পরমপুরুষ শ্রীহরি (বিষ্ণু) হলেন পরব্রহ্ম। আচার্য্য মধ্বের মতে ব্রহ্ম সগুণ ও সবিশেষ। অপরপক্ষে জীব ভগবানের দাস ও সেবক। ব্রহ্ম পূর্ণ কিন্তু জীব অণু। জীব ও জগত সম্পূর্ণরূপে ভগবানের অধীন। ভগবান বিষ্ণু, জীব ও জগত থেকে সম্পূর্ণ ভিন্ন। মধ্ব মতে জীব-জগতের সাথে ভগবান বিষ্ণুর ভেদ নিত্য। ভগবান নিয়ন্তা আর জীব ও জগত হল নিয়ম্য। সুতরাং, মধ্বমতে ভগবান বিষ্ণু এবং জীব ও জগতের মধ্যে ভেদ সুস্পষ্ট। প্রত্যক্ষ প্রমাণের দ্বারাই ভেদের সত্যতা প্রমাণিত হয়। যখন আমরা প্রত্যক্ষ প্রমাণের সাহায্যে বলি, এই বস্তুটি সেই বস্তুটি থেকে ভিন্ন, তখন তার দ্বারাই ভেদের অস্তিত্ব প্রমাণিত হয়। আবার আমরা আরও বলে থাকি, পীত ঘট, নীল ঘট থেকে ভিন্ন – এটিও ভেদের সত্যতা প্রমাণ করে। তবে কিছু কিছু ক্ষেত্রে প্রতিবন্ধকতা থাকার জন্য আমরা এই ভেদ প্রত্যক্ষ করতে পারি না। যেমন, অতিদূরত্ব– অতিদূরে অবস্থিত পর্বতের বৃক্ষ দেখা যায় না। অতিসামীপ্য– নিজের চোখের রঞ্জন আমরা দেখতে পাই না। ইন্দ্রিয়বিঘাত– যদি কোন ব্যক্তির ইন্দ্রিয় বিকল হয়, তবে সে কিছু দেখতে পাই না। মন অনবস্থান– সামনে বস্তু উপস্থিত থাকা সত্ত্বেও যদি কামাদি জন্য মন অস্থির থাকে, তবে সেই বস্তু দৃষ্ট হয় না। সূক্ষ্মতা– পরমাণু প্রভৃতি অতিসূক্ষ্ম হওয়ার জন্য তা আমাদের দৃষ্টিগোচর হয় না। ব্যবধান– ব্যবধান থাকলে প্রত্যক্ষ হয় না। যেমন – দুটি ঘরের মাঝে দেওয়াল থাকলে একটি ঘরের বস্তু অপর ঘর থেকে দেখা যায় না। অভিভব– প্রখর সূর্যালোকে অভিভববশতঃ আকাশের গ্রহ-নক্ষত্রের আলো দেখা যায় না। সমান অভিহার– দুধ ও জল একসঙ্গে মিশে গেলে তাদের পৃথক্ করা যায় না। কিন্তু তাই বলে এদের অস্তিত্ব নেই – একথা বলা যায় না। সুতরাং ভেদ স্বীকার্য।

মধ্ব বলেছেন কেবল প্রত্যক্ষ প্রমাণ নয়, অনুমান প্রমাণের দ্বারাও ভেদের অস্তিত্ব সিদ্ধ হয়। যেমন –

> পরমেশ্বর জীব থেকে ভিন্ন – প্রতিজ্ঞা
> কারণ তিনি জীবের সেব্য – হেতু
> যিনি যার সেব্য তিনি তা থেকে ভিন্ন, যেমন- রাজা ভৃত্য থেকে ভিন্ন – উদাহরণ।[১]

মধ্ব মতে জগত সৎ ও নিত্য কিন্তু জড়। ভগবান বিষ্ণু এই জগতের নিয়ন্ত্রা। আচার্য্য শঙ্কর জগতকে ব্যবহারিক দৃষ্টি থেকে সত্য বললেও পারমার্থিক দৃষ্টিভঙ্গিতে তা মিথ্যা। আবার আচার্য্য রামানুজের মতে

জগত ব্রহ্মেরই পরিণতি। ব্রহ্মের অচিৎ অংশ থেকেই জগতের সৃষ্টি। কিন্তু আচার্য্য মধ্ব বলেন যে পরমেশ্বর বিষ্ণু ও জগত সম্পূর্ণ পৃথক। অদ্বৈত বেদান্তীগণ বলেন যে, এই জগত প্রপঞ্চ মায়া বা অবিদ্যার দ্বারা সৃষ্ট। সুতরং দ্বৈত মাত্রই কল্পিত, অদ্বৈতই একমাত্র সত্য। এর উত্তরে আচার্য্য মধ্ব বলেন যে, পঞ্চবিধ ভেদযুক্ত এই প্রপঞ্চ কখনই মিথ্যা হতে পারেনা কারণ তা অনাদি। এই জগত প্রপঞ্চ নিত্য এবং সৎ, কেননা তা মায়া সৃষ্ট। মায়া বলতে মধ্বাচার্য্য ভগবদিচ্ছা কে বুঝতেন। পরমেশ্বরের ইচ্ছাতেই এই জগত প্রপঞ্চের উৎপত্তি, স্থিতি ও লয় সংঘটিত হচ্ছে। অর্থাৎ দ্বৈত কখনই মিথ্যাকল্পিত নয়। তবে ভেদ সত্য হলেও পরমেশ্বরই শ্রেষ্ঠ, তাঁর সমান বা তাঁর অপেক্ষা শ্রেষ্ঠ কিছু নেই।

আবার জীব সম্পর্কে আচার্য্য মধ্ব বলেন যে, জীব অণু পরিমাণ এবং প্রতিটি দেহে ভিন্ন। এই জীব ও ঈশ্বরে ভেদ প্রকৃষ্টরূপে বিদ্যমান এবং এই ভেদের অস্তিত্ব সর্বজনবিদিত। যদি কেউ বলে, আমি পরমেশ্বর বিষ্ণুর ন্যায় সকল প্রকার সুখলাভ করব, কোন দুঃখ আমার থাকবে না, তবে সে কখনই সুখ পাবে না। যদি কেউ প্রভুর সমান অবস্থা লাভ করতে চায়, তবে তাতে তার কল্যাণ হয় না, বরং অনিষ্টই হয়। পরন্তু যিনি তার থেকে নিজেকে ভিন্ন বলে মনে করে নিজের হীনতা, দীনতা প্রকাশ করে ঈশ্বরের উৎকর্ষ কীর্তন করেন, তাঁর প্রতি ঈশ্বর সন্তুষ্ট হয়ে সমস্ত অভীষ্ট বস্তু প্রদান করেন। জীব যদি ভগবানের সঙ্গে নিজেকে অভিন্ন বলে মনে করেন বা নিজেকে 'অহং ব্রহ্মাস্মি' বলে ভাবতে শুরু করেন তাহলে ভগবান জীবকে অধঃপাতিত করেন। কেননা যিনি নিজেকে রাজা ভাবেন, রাজা তাকে হত্যা করেন। আর যিনি নিজেকে ছোট ভেবে রাজার উৎকর্ষ গুণকীর্তন করেন, রাজা তাকে প্রীত হয়ে সকল ইষ্টবস্তু দান করেন। কাজেই যারা পরমেশ্বরের সঙ্গে নিজেদের অভেদ কল্পনা করেন, তারা বিষ্ণুর অশেষ গুণকে মৃগতৃষ্ণিকার ন্যায় মিথ্যা বলে প্রচার করে থাকেন। ফলে তারা নিজের অনিষ্ট নিজেই ডেকে আনেন। ভগবানের প্রসন্নতা লাভ করাই সেবক জীবের একমাত্র পুরুষার্থ। দৈত্যরা বিষ্ণুবিদ্বেষী হওয়ায় অর্থাৎ ঈশ্বরের সঙ্গে নিজেদের অভিন্ন মনে করেই চিরকাল অভিশপ্ত হয়েছেন। অন্যদিকে যারা ঈশ্বরের সেবার মধ্য দিয়ে নিজেদের জীবন অতিবাহিত করেছেন পরমেশ্বর বিষ্ণু তাঁদের অভীষ্ট সিদ্ধি করেছেন। তাই মধ্বাচার্যের মতে, ঈশ্বরের সঙ্গে নিজেকে অভিন্ন ভাবার মতো ঔদ্ধত্য যেন জীবের না হয়। তাই মধ্বাচার্য পরমসেব্য ভগবান বিষ্ণুর সেবায় জীবন অতিবাহিত করার কথা বলেছেন। আর যেখানে সেবার প্রশ্ন থাকে, সেখানে ভিন্নত্বই সুপ্রতিষ্ঠিত। যদি সেবক এবং সেবিত ভিন্ন না হয়, তাহলে সেখানে কোন মতেই সেবা হয় না। কেননা, সেবা সর্বদাই দ্বৈত অবস্থাকে সূচিত করে। সুতরাং স্বতন্ত্র ভগবান বিষ্ণুর প্রসন্নতা লাভ করাই হল অস্বতন্ত্র জীবের একমাত্র লক্ষ্য। আর পরমেশ্বর বিষ্ণুর গুণোৎকর্ষজ্ঞান ব্যতীত পরম পুরুষার্থ লাভ সম্ভব নয়। এই জ্ঞানের উদয় 'তত্ত্বমসি' প্রভৃতি মহাবাক্য শ্রবণের দ্বারা উদয় হয় না, বিষ্ণুর সেবার মধ্য দিয়ে হয়ে থাকে।

মধ্বাচার্য তিন প্রকারে বিষ্ণুর সেবার কথা বলেছেন, যথা– অঙ্কন, নামকরণ ও ভজন। নারায়ণের রূপ স্মরণ করে তাঁর অস্ত্রাদির চিহ্ন শরীরে ধারণ করাকে বলা হয় অঙ্কন। জীব তাঁর অভীষ্ট অর্থ সিদ্ধির জন্যই এই অঙ্কনরূপ সেবা করে থাকেন। সাধারণত স্বর্গলোকে অধিকার তাঁদেরই যাঁরা বীতরাগ হয়ে জীবনযাপন করেন। এখানে যিনি বিষ্ণুর চক্র দেহে ধারণ করেন, তিনি সেই বীতরাগ ব্যক্তিদের মত সুরলোকে গমন করেন। বাহুতে যে সুদর্শনচক্র ধারণ করে দেবগণ স্বর্গলোকে প্রবেশ করেন, সেই চক্র অঙ্কন করে মনুষ্যগণ ইহলোকেও সাফল্য লাভ করে থাকেন। অঙ্কিত ব্যক্তিরাই ভক্ত এবং তাঁরা স্বর্গলাভ করে থাকেন। এই চক্রধারণের ব্যাপারে নানান উক্তি লক্ষ্য করা যায়। যেমন সুদর্শন চক্রের উদ্দেশ্যে বলা হয়, "হে মহাদীপ্তিময় প্রভাযুক্ত সুদর্শন! আমাকে অজ্ঞান অন্ধকার থেকে নিত্য বিষ্ণুর পদ প্রদর্শন করাও। শঙ্খের ক্ষেত্রে বলা হয়েছে, হে পাঞ্চজন্য তুমি পূর্বে সাগর থেকে উৎপন্ন হয়ে বিষ্ণুর হস্তে স্থাপিত হয়েছ। সর্ব দেবতার পূজনীয় তোমাকে প্রণাম জানাই।[২]" প্রসঙ্গতঃ উল্লেখ্য, শ্রীকৃষ্ণের হস্তস্থিত পাঞ্চজন্য যুদ্ধের সূচনা ও নির্দেশ দিত। তবে দার্শনিক ব্যাখ্যার কথা ভাবলে পাঞ্চজন্যের একটি নিয়ন্ত্রণ মূল্য আছে, যেটি শুধুমাত্র কুরুক্ষেত্র যুদ্ধে নয়, আমাদের জীবনেও। যদি আমরা পাঞ্চজন্য দ্বারা নিয়ন্ত্রতি হতে পারি, তাহলে আমরা যাঁর হাতে পাঞ্চজন্য রয়েছে তাঁর কৃপা লাভ করতে পারি।

এই পরমেশ্বর বিষ্ণুর সেবা নামকরণের মাধ্যমেও হয়ে থাকে। সব সময় বিষ্ণুর নাম স্মরণ করার জন্য পিতা মাতা কর্তৃক পুত্রাদির কেশব প্রভৃতি নাম রাখাই হল নামকরণ। তবে আমরা বিষ্ণুর বা শ্রীকৃষ্ণের

যে নামসমূহ লক্ষ্য করি, সেগুলির প্রত্যকেটাই তাঁদের বিশেষ বিশেষ লীলাকেই স্মরণ করিয়ে দেয়। যেমন বিষ্ণুর অষ্টোত্তর শতনামের মধ্যে তাঁর এক একটি মহিমা কীর্তিত হয়েছে। কাজেই এই নামকরণ কেবল চিহ্নিতকরণের জন্য নয়, উপরন্তু তাঁদের লীলা স্মরণের জন্য। আর এই লীলা বা মহিমাকেই মনে রেখে পরমেশ্বরের বিভিন্ন নামকরণ করা হয়। এটিও একপ্রকার বিষ্ণুর প্রতি ভক্তের সেবা।

অনুরূপভাবে ভজনকে মধ্বাচার্য সেবার আর একটি উপায় বলে বর্ণনা করেছেন। এই ভজন দশপ্রকারে হয়ে থাকে। বাক্যের দ্বারা যখন আমরা সত্যভাষণ করি তখন সেটি বিষ্ণুর প্রতি একপ্রকার সেবা। শুধুমাত্র সত্য কথন নয়, যখন মানবহিতকারী কোন কথা আমরা বলি, তাও বিষ্ণুর প্রতি একপ্রকার সেবা হিসাবে গণ্য হয়। তবে যে কথা হিতকারী বা মানুষের কল্যাণকারী এবং একই সঙ্গে মনহরণকারী, সেই রকম কথা বর্তমান পৃথিবীতে দুর্লভ। তাই মধ্বাচার্য বলেছেন, শুধুমাত্র সত্যভাষণ বা হিতভাষণ সেবা নয়, প্রিয়ভাষণও একপ্রকার সেবা। তাছাড়া যে ব্যক্তি নিয়মিতভাবে বেদাদি শাস্ত্র পাঠ করেন, তিনিও পরমেশ্বরের সেবা করছেন। যদি কোন মানুষ নিজ শরীর দিয়ে কাউকে কিছু দান করেন, কিংবা কাউকে কোন বিপদ থেকে রক্ষা করেন বা আগত কোন সমস্যার সমাধান করেন, তাহলে সেটিও ঈশ্বরের সেবা বলে গণ্য হবে। তাছাড়া কোন ব্যক্তি যদি নিজের মনকে কারও প্রতি দয়া, শ্রদ্ধা এবং ভালবাসায় নিয়োজিত করে, তাহলে তাকেও সেবা বলা যায়। এ প্রসঙ্গে মধ্বাচার্য আমাদের একটি কথা অবশ্যই স্মরণ করিয়ে দিচ্ছেন যে, পূর্বোক্ত প্রতিটি কার্য সম্পাদন করার পর নারায়ণে সমর্পণ করলেই তাকে ভজন বলে গ্রহণ করা যাবে। যদি কোথাও নারায়ণে সমর্পণ না থাকে, তাহলে উক্ত কর্মগুলি কেবল ব্যক্তিগত অহংকারের প্রকাশ হবে, ভজনের অন্তর্ভুক্ত হবে না।

বর্তমান পৃথিবীতে মানুষ যদি সত্যভাষণ, হিতভাষণ ও প্রিয়ভাষণকে ব্রত হিসাবে গ্রহণ করে, শরীরের দ্বারা অন্যের রক্ষণবেক্ষণে এবং মনের দ্বারা দয়া, স্পৃহা ও শ্রদ্ধায় যদি আত্মনিবেদন করতে পারেন, তবে বর্তমান পৃথিবীর অধিকাংশ সমস্যারই সমাধান হতে পারে। যদি প্রতিটি কর্ম নারায়ণে সমর্পণ করলেই আমাদের জীবন সমস্যার সমাধান হয় তাহলে মনুষ্য কল্যাণের জন্য মধ্ব প্রণীত ভজনকে আমরা অবলম্বন করতেই পারি। তাতে জগতের কল্যাণ ও শুভ হবে বলেই আমাদের ধারণা।

*তত্ত্বমসি* প্রভৃতি বাক্যের দ্বারাও জীব ও ব্রহ্মের অভেদ খণ্ডিত হয়। অশেষ কল্যাণগুণাধার বিষ্ণুই সেই স্বতন্ত্র আত্মা বা *তত্ত্বমসি*। স আত্মা বা তিনিই সেই আত্মা। কিন্তু জীব সেরূপ নয় অর্থাৎ অতত্ত্বমসি সুতরাং মধ্বমতে, পরমেশ্বর ও জীব সম্পূর্ণরূপে ভিন্ন। আর ভেদ আছে বলেই পরমেশ্বর এবং জীবের মধ্যে ভক্তি, সেবা প্রভৃতি গুণ বর্তমান। যিনি জ্ঞেয়, তিনি জ্ঞাতা হতে ভিন্ন হবেনই। বিষ্ণু জ্ঞেয় অতএব তিনি জ্ঞাতা বা জীব থেকে ভিন্ন। মধ্বাচার্য পাঁচ প্রকার প্রপঞ্চ ভেদের কথা বলেছেন, সেগুলি হল – জীব ও পরমেশ্বরের ভেদ, জড় ও ঈশ্বরের ভেদ, জীবগণের মধ্যে পরস্পর ভেদ, জড়সকলের পারস্পরিক ভেদ এবং জড় ও জীবের ভেদ। এই ভেদ সত্য ও অনাদি। যদি অনাদি না হত, তাহলে তার উৎপত্তি থাকত ও বিনষ্ট হত। কিন্তু এই প্রপঞ্চের বিনাশ নেই, এমনকি এটি কল্পিতও নয়। কেননা যদি কল্পিত হত, তবে নিবৃত্ত হত। কিন্তু এর নিবৃত্তি নেই। অতএব বিষ্ণুর সর্বত্তমত্ব, সর্বশ্রেষ্ঠত্ব ও সর্বোৎকর্ষত্ব কীর্তনই আমাদের কর্তব্য। কেননা, মোক্ষই সকল পুরুষার্থের মধ্যে শ্রেষ্ঠ। আর বিষ্ণুর প্রসন্নতা ব্যতীতই মোক্ষ লাভ করা সম্ভব নয়। এই সংসার থেকে একমাত্র যাঁর কৃপায় বা প্রসাদে জীব মুক্ত হয় সেই পরম পুরুষ নারায়ণকেই মুক্তি লাভে ইচ্ছুক ব্যক্তিরা বিশেষভাবে চিন্তা করবেন। তিনি প্রসন্ন হলে কোন কিছুই অলভ্য থাকে না। অনন্ত ব্রহ্মে সমাশ্রিত হলে নিঃসন্দেহে মুক্তিরূপ ফল লাভ করা যায়। তাঁর মধ্যে সর্ব গুণের উৎকর্ষ রয়েছে – এই রকম ভাবনা হতেই তাঁর প্রসাদ লাভ হয়, অভেদ জ্ঞান থেকে নয়। আচার্য্য মধ্বের মতে জীবন্মুক্তি ও নির্ব্বাণমুক্তি প্রকৃত মুক্তি নয়। বৈকুণ্ঠ পাপ্তিই হল প্রকৃত মুক্তি। অর্থাৎ পরমেশ্বর বিষ্ণুর সালোক্য ও সারূপ্যপ্রাপ্তিই মুক্তি। মুক্তি ভগবানের প্রসাদলভ্য। পুরুষার্থ সমূহের মধ্যে ধর্ম, অর্থ ও কাম অনিত্য হলেও মোক্ষ নিত্য। কিন্তু মোক্ষ লাভ করলেও মুক্ত জীব ঈশ্বরের সেবক।

**উল্লেখপঞ্জি**

১. সত্যজ্যোতি চক্রবর্ত্তী, *সায়ণমাধবীয় সর্ব্বদর্শন সংগ্রহ* (১ম খণ্ড), সাহিত্যশ্রী, ১৪১৯ পৃ.- ১১৬-১১৭।

২. *তদেব*, পৃ.- ১১৮।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি

দাসগুপ্ত, শিবপ্রসাদ। *ভারতীয় ষড় দর্শন শাস্ত্র*, কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০১।

*পূর্ণপ্রজ্ঞদর্শনম্* । সম্পা. মহেশচন্দ্র পাল। নিরপেক্ষ ধর্মসঞ্চারিণী সভা, ১৮০৮।

বন্দ্যোপাধ্যায়, শান্তি। *বৈদিক সাহিত্যের রূপরেখা*, কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৯৩।

*বেদান্তদর্শনম্* । অনু. স্বামী বিশ্বরূপানন্দ, কলকাতা : উদ্বোধন কার্যালয়, ২০১৪।

*সাংখ্যতত্ত্ব কৌমুদী* । সম্পা. নারায়ণ চন্দ্র গোস্বামী। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১০।

*সায়ণমাধবীয় সর্ব্বদর্শন সংগ্রহ* (১ম খণ্ড), সম্পা. সত্যজ্যোতি চক্রবর্ত্তী। সাহিত্যশ্রী, ১৪১৯ ।

স্বামী বিশ্বাশ্রয়ানন্দ। *গল্পে বেদান্ত* । রামকৃষ্ণ মিশন স্টুডেন্ট হোম, ২০১৩।

# SECTION C

# अलङ्कारशास्त्रदिशा भक्तेः रसत्वारसत्वविमर्शः

प्रलय-नन्दी


**सारसंक्षेपः**

अवनितले न्युष्यमाणानां नितरां विषयविषाविष्टानां नरनिकराणाम् आनन्दकन्दसन्दोहानुभवार्थं खलु कविकुलक्लेशः। काव्यमनुशीलयन्तो हि सहृदयाः सास्यद्यमानामृतोपम-स्निग्धरससीकरसिक्तहृदयाः सन्तः अनिर्वचनीयानन्दसिन्धौ निमामज्ज्यन्ते। *न हि रसादृते कश्चिदर्थः प्रवर्तते* इति मुनिवचनप्रामाण्यात् काव्यमात्रस्य सारभूतोऽस्ति रसः, स च नवधेति बाहुल्येन सिद्धान्तितम्। अथान्यत्र वत्सलादीनामपि रसत्वनिदानं निवेदितम्। तथा साहित्यशास्त्रेषु भक्तिविषयेऽपि काव्यशास्त्रोक्तं पारिभाषिकं रसत्वमस्ति न वेति विचारपरा परम्परावलोक्यते, तथाहि भक्तिः रस इति रूपगोस्वामिप्रभृतीनां पक्षः, न रसः अपि तु रतिभाव एव भक्तिरित्यपरो मम्मटाद्याचार्याणां पक्षः। भक्तिरसपरम्परा अतीव प्राचीना, *शाण्डिल्यभक्तिसूत्रे* भक्तिस्वरूपप्रतिपादनावसरे रसशब्दस्य प्रयोगो दृश्यते। परन्तु भक्तिरस इत्यत्र रसशब्दस्य तात्पर्यं बहुत्र भिन्नं दृश्यते। रसशब्दोऽत्र रागपर इति *भक्तिचन्द्रिकाटी*काकारो नारायणतीर्थः, शृङ्गारस्थायिभावरतिरूपार्थक एवात्र रसशब्द इत्यपरः टीकाकारो भावदेवो व्याख्यातवान्। श्रीनिम्बार्काचार्यो *दशश्लोक्यां* भक्तिरसं प्राशंसत् परन्तु तत्र रसशब्दस्य कोऽर्थ इति विषये टीकासु मतानैक्यमवलोक्यते। अपरतः अभिनवगुप्तपादादयो भक्तेः पृथग्रसत्वं निराकृत्य रतिभावे च भक्त्यन्तर्भावं प्रदर्श्य रसानां नवसङ्ख्याकत्वं सिद्धान्तितवन्तः। एवं भक्तिः काव्यशास्त्रीयः पारिभाषिको रसो न वेति विषये विवदन्ते विद्वांसः। प्रस्तुते प्रबन्धे तत्तन्मतानि विमृश्य उचितपक्षो युक्त्या प्रतिपाद्यते। अत्रायं विषयसङ्ग्रहः –

- रसपरिचयः।
- रससिद्धान्तः।
- भक्तिस्वरूपनिर्णयः।
- भक्तिरसपरिचयः।
- भक्तिरसस्य अन्तर्भावानन्तर्भावयोर्विचारः।
- विमर्शः।
- उपसंहारः।



**कुञ्चिकाशब्दः**

रतिभावः, रसः, भक्तिः, व्यभिचारिभावाः।


## भूमिका

*एवं हि शास्त्रविषयो न जिज्ञास्येत यदि दुःखं नाम जगति न स्यात्*[1] इति कारणात् आध्यात्मिकाधिभौतिकाधिदैविकात्मक-तापत्रयतापिताः सकलसंसारिणः स्निग्धशास्त्रार्थसुधोदधौ अहमहमिकया मामज्ज्यन्त आबहोः कालात्। आवरीवृत्यमाने जगत्यस्मिन् तत्त्वज्ञानमुद्भासयन्ति हि शास्त्राणि जनानां भवान्तकारणानि सञ्जातानि। ज्ञानोद्भासे सति नित्यो दुःखोच्छेदः, अयमेव मोक्षपदाभिधेयः। *रुचीनां वैचित्र्यादृजुकुटिलनानापथजुषां नृणामेको गम्यस्त्वमसि पयसामर्णव इवे*[2]*ति* प्रामाणिकाचार्यैर्मोक्षावाप्त्यै यद्यपि

विविधविवधाः प्रवर्तितास्तथापि सम्प्रदायेषु मुख्यतयामुख्यतया वा भक्तेर्मोक्षोपयोगित्वे न कापि विमतितति:। एवं मोक्षमार्गोपयोगित्वं मोक्षमार्गत्वं वा भक्तेरिति बुधानां विप्रतिपत्तयः।

अथ लोकोत्तरचमत्कारकारकरमणीयताधर्मेण गुणालङ्कारादिना रसादिव्यञ्जकत्वेन वा सहितौ शब्दार्थौ काव्यमि[३]ति संक्षेपतः काव्यस्वरूपम्। एतादृशकाव्यनिर्माणे प्रवृत्तानां कवीनां कृत्याकृत्यनिर्णयार्थम् अलङ्कारशास्त्रस्योपन्यासः। अलङ्कारशास्त्र-शब्दोऽत्र पूर्वसूरीणां भामहोद्भटप्रभृतीनां व्यवहारात् काव्यशास्त्रपरः। भाषाव्युत्पत्त्यै यथा व्याकरणमनुशील्यते तथैव काव्ये नैपुण्यनिर्माणायालङ्कारशास्त्रम्, तदुत्तीर्णं सदेव काव्यं सततं लोकोत्तरवर्णननिपुणत्वेन प्रतीयते। एवम्भूते काव्ये आत्मस्थानीयो भवति रसः। काव्यास्वादनेन अनुभूयमानोऽलौकिकः स्वात्मैकसाक्षिक आनन्दो रसः। अलङ्कारशास्त्रे रसानां सङ्ख्या, रसस्य स्वरूपम्, रसास्वादनप्रकार इत्यादयो रससम्बन्धिनो विविधा विवादाः प्रसिद्धा वर्तन्ते। तेषु रससङ्ख्याविषये रसानां नवसङ्ख्याकत्वमेव प्रसिद्धम्। परन्तु बहुत्र भक्तिरसः, वत्सलरसः, कार्पण्यरसः, लोल्यरसः इत्येवमतिरिक्तानां रसानां प्रतिपादनं दृश्यते। प्रकृते प्रबन्धे भक्तिरसस्य विषये प्रसिद्धा वादविवादाः प्रस्तूयन्ते किञ्च तेषां विमर्शात्मकमेकम् अध्ययनमुपस्थाप्यते।

**रसनिसर्गः**

रसशब्दो नैकेष्वर्थेषु प्रयुज्यते। *दधानः कलशे रसम्*[४] इति सोमरसार्थे, *रसो वै सः, रसं ह्येवायं लब्ध्वानन्दीभवति*[५] इति आनन्दार्थे, *रसवर्जं रसोऽप्यस्य परं दृष्ट्वा निवर्तते*[६]॥ इति रागार्थ एवं विविधेष्वर्थेषु रसशब्दः प्रयुक्तः। तेषु आनन्दरूपार्थवाचको रसशब्दः संस्कृतालङ्कारशास्त्रे प्रसिद्धः, तत्रापि न हि आनन्दमात्रं रसशब्दवाच्यमपि तु काव्यनाट्यादीनां परमार्थभूते स्वात्मैकसाक्षिकेऽलौकिके आनन्दे एव रसशब्दस्य तात्पर्यम्। संस्कृतालङ्कारशास्त्रे रससम्प्रदायः अतीव प्राचीनः। ब्रह्मणा रसोपदेशः सर्वप्रथमं नन्दिकेश्वराय प्रदत्त इति राजशेखरेण न्यरूपि, किन्तु असावुपदेशः सम्प्रत्यनुपलब्धः। अतो रससम्प्रदायस्य प्रधानाचार्यो भरतमुनिरिति मन्यते। *एते ह्यष्टौ रसाः प्रोक्ता द्रुहिणेन महात्मना*[७] इति मुनिवचः पुना रससम्प्रदायस्य अतिप्राचीनत्वं निश्चाययति। *विभावानुभावव्यभिचारिसंयोगाद्रसनिष्पत्तिरि*[८]*ति* भरतमुनिप्रणीतं रससूत्रमेव रसस्वरूपानुसन्धाने प्रधानमाधानम्। काव्येन नाट्येन वा आलौकिकत्वेन समर्पितो रामादिः समुद्रप्रभृतिर्वा पदार्थो विभावः। विभावगतकटाक्षवेक्षेपभाषणादिचेष्टाविशेषः अनुभावः। अस्थिरस्वभावः लज्जासंशयप्रभृतिश्च व्यभिचारिभावः। एतेषां समुचिते संयोगे सति रसनिष्पत्तिः। एवञ्च संमिलितैः विभावादिभिः अभिव्यक्तो रत्यादिस्थायिभाव आस्वादयोग्यः सन् रस इत्यभिधीयत इति रससूत्रतात्पर्यम्। तत्र अनादिवासनारूपेण सहृदयानां मनसि स्थितो रतिहासशोकप्रभृतिः भावः स्थायिभावः, रसत्वप्राप्तिपर्यन्तस्थिरत्वात्तेषां स्थायित्वम्। तत्र सकललौकिकसम्बन्धानाम् अभावोऽनवभासो वा साधारणीकरणम्, अनेन रत्यादीनामलौकिकतया अभिव्यक्तिर्जायते।

रस उत्पद्यत इति भट्टलोल्लटः, अनुमीयत इति श्रीशङ्कुकः, भुज्यत इति भट्टनायकः, अभिव्यज्यत इत्यभिनवगुप्तपादध्वनिकारादयः। एतेषु रसाभिव्यक्तिवाद एव सिद्धान्तभूतः। प्रथमे मतद्वये रसो रामादिनिष्ठो नटनिष्ठो वेति सिद्धान्तितः। तथा सति सहृदयानुभूतेरनुपपत्तिः, त्रेतायुगीयरामतद्देशकालाद्यभावात्, व्याप्तिग्रहाभावे अनुमानाभावाच्च। किञ्चैतन्मते काव्यार्थस्य लौकिकत्वेन रामसीतादीनां रत्यादिविषयका वृत्तान्ता अस्मदादिजीवनसाधारण्यात् परस्त्रीपुरुषवृत्तत्वेन आस्वादयोग्या न भवन्ति। लज्जाजुगुप्सादिप्रसङ्गात् तत्र सहृदयानां प्रवृत्तिरेव न स्यादिति दोषमाक्षिप्य भट्टनायको रसो भुज्यत इति पक्षमुपस्थापितवान्, साधारणीकरणव्यापारञ्च

वर्णितवान्। परन्त्वत्र मते प्रस्तावितयोः भावकत्वं भोगीकरणं चेति शब्दव्यापारयोः स्वीकारे गौरवदोषः। भावकत्वं सहृदयमाहात्म्याद्भवति, ततः चित्तविश्रान्तौ रसः स्वयमेव आस्वाद्यत एवेति रसचर्वणाय भोजकत्वव्यापारोऽपि अनुचितः अनपेक्षितश्चेत्याशयः। एवंविधदोषान् अवलोक्य अभिनवगुप्तपादो व्यञ्जनया रसाभिव्यञ्जनं सिद्धान्तयन् रसाभिव्यक्तिवादम् उपन्यस्तवान्। अयमेव सिद्धान्तः, एषैव रसस्य शाश्वती प्रतिष्ठा। तदनु पण्डितराजजगन्नाथोऽस्य आत्यन्तिकीं वेदान्तविद्यासोदरीं दशां प्रत्यपादयत्। भग्नावरणः चिदानन्दात्मावभास्यो रत्यादिः रस इत्यभिनवगुप्तपादः, भग्नावरणो रत्याद्यवच्छिन्नः चिदानन्द आत्मा रस इति जगन्नाथः। चिदानन्दात्मविशेषणको रत्यादिविशेष्यको रससिद्धान्तः अभिनवगुप्तपादानाम्, रत्यादिविशेषणक आत्मविशेष्यको रससिद्धान्तः पण्डितराजजगन्नाथानामिति तात्पर्यम्। अत्र रससिद्धान्तस्य निरूपणसौष्ठवं चरमोक्तिश्च पण्डितराजस्य मतेऽधिकं प्रत्येति। एवञ्च साधारणीकरणेन आत्मावरणभूतस्य अज्ञानांशस्य शैथिल्ये रत्यादीन् अधिष्ठाय दीप्यमानं चैतन्यमेव रस इति साहित्यसमयः।

**भक्तिनिरुक्तिः**

सेवार्थकाद्भज्-धातोर्भावे क्तिन्-प्रत्यये भक्तिशब्दो निष्पद्यते, तदुक्तं *गरुडपुराणे* –

> भज इत्येष वै धातुः सेवायां परिकीर्तितः।
> तस्मात् सेवा बुधैः प्रोक्ता भक्तिः साधनभूयसी[९]॥

एवञ्च सेवा भक्तिशब्दस्य वाच्यार्थः। परन्तु सेवामात्रस्य अनिर्वचनीयानन्दानुभूतिहेतुत्वप्रीततिर्न जायते, अतो ग्रन्थान्तरे परमाराध्ये परानुरक्तिर्भक्तिरिति भक्तितत्त्वमुपन्यस्तम् - *सा परानुरक्तिरीश्वरे*[१०], *सा त्वस्मिन् परमप्रेमरूपा*[११]॥२॥ इत्यादि। अथ भक्तिभजनयोर्भेदोऽवधेयः, *श्रवणं कीर्तनं विष्णोः स्मरणं पादसेवनम्। अर्चनं वन्दनं*[१२]...॥ - इति पुराणेषु श्रवणकीर्तननमस्कारादिष्वर्थेषु भक्तिशब्दप्रयोगो दृश्यते। तत्रैतेषां गौणत्वम्, तथाहि - *सततं कीर्तयन्तो मां यतन्तश्च दृढव्रताः। नमस्यन्तश्च मां भक्त्या*[१३]...॥ इति गीताश्लोके भक्तिभजनयोर्भेदः सम्यक्प्रतीयते। अतो कीर्तननमस्कारादिरूपाया भक्तेर्गौणत्वम्, ईश्वरे परानुरक्तिरूपाया भक्तेश्च परत्वम्। परभक्तिं प्रति कीर्तनादीनामङ्गत्वात्तेषां गौणरूपता, परभक्तिसाधनत्वेन तत्र भक्तिशब्दस्य *आयुर्घृतम्* इतिवद्गौणः प्रयोग इत्याशयः। एवं भक्तिर्गौणमुख्यभेदेन परापरभेदेन साध्यसाधनभेदेन सात्विकादिभेदेन बहुधा भिद्यते। अद्वैतिनो हि *बहूनां जन्मनामन्ते ज्ञानवान्मां प्रपद्यते*[१४] *मद्भक्त एतद्विज्ञाय मद्भावायोपपद्यते*[१५] इत्यादिवचनाद् भक्तेर्ज्ञानद्वारा मोक्षसाधनत्वं साधयन्ति। माध्वाचार्य-रामानुजाचार्य-वल्लभाचार्य-निम्बार्काचार्यादीनां मते च भक्तिः साक्षान्मुक्तिप्रदेति संसाध्यते। परन्तु प्रेम-स्नेह-स्मरणादिरूपेण भक्तितत्त्वस्योपपादनपरेषु भिन्नेष्वपि अमीषु अभिमतेषु सत्सु क्वापि साक्षात्परम्परया वा भक्तेर्मोक्षसाधनत्वे न कापि विप्रतिपत्तिः परिलक्ष्यते।

**भक्तिरसः**

ईश्वरे परानुरक्तिर्भक्तिः। सा च परानुरक्तिः तैलधारावदविच्छिन्नरूपा, तैलधारासमाखण्डाकाराकारिता भगवद्विषयिणी परानुरक्तिरेव भक्तिरिति तात्पर्यं गृह्यते। अथैतत्स्वारस्येनैव भक्तेः रसरूपतोद्भासिता। भगवदनुग्रहजन्या सद्गुरुप्रदत्तमन्त्रानुसारेण आत्मनो भगवत्समर्पणोत्तरं भगवद्गुणानुसन्धानजो भगवद्विषयकप्रेमरूपः सकललोकहृदयाह्लादकारी भक्तिरस एव परमा भक्तिरिति रूपगोस्वाम्यादीनामभिमतिः। अनुरक्तिः अनुरागः, रागश्च

भावविशेषः। अत्र भाव एव भगवद्गुणश्रवणेन स्नेहाद्युद्दीपनद्वारा द्रुतस्य चित्तस्य धारावाहिकी भाव्याकारा मनोवृत्तिः। तदुच्यते –

> द्रुतस्य भगवद्धर्माद्धारावाहिकतां गता।
> सर्वेशे मनसो वृत्तिर्भक्तिरित्यभिधीयते[१६]।।

अस्या एव विभावादिना अभिव्यक्तौ रस इति व्यवहारः। तदा परमानन्दलक्षणभाव्याकाराद् अनपायत्वेन रागस्य स्थायित्वात् स्थायिभावत्वमिति शृङ्गारादिवदेवात्र स्थितिः। परन्तु शृङ्गारादौ विषयावच्छिन्नस्यैव चिदानन्दांशस्य स्फुरणादानन्दांशस्य न्यूनता, भक्तिरसे तु अनवच्छिन्नचिदानन्दघनस्य भगवतः स्फुरणाद् आनन्दस्य अत्यन्तमाधिक्यमिति भेदाद् भक्तिरसस्य सर्वोत्कृष्टत्वं निर्णीतम्। अयं रसो भगवदालम्बनो नेत्रविक्रियाद्यनुभावितो हर्षादिसञ्चारितश्च। अत्र देवादिविषयकरतिः स्थायिभावो भवति।

**अन्तर्भावः**

परम्परागतेषु रसेषु भक्तिरसस्य त्रिधा अन्तर्भावः सम्भवति, ते च प्रकाराः – रतिभावे, शान्तरसे, करुणरसे चेति। सम्प्रति संक्षेपेण ते प्रस्तूयन्ते -

१. रतिभावे - शृङ्गारस्थायिभावभूता रतिः, सा यदा परिपुष्टा भवति तदा शृङ्गाररसत्वेन व्यवहारः। यदा त्वपरिपुष्टता तदा भावत्वेन व्यवहारः। एवमपरिपुष्टतावस्थापन्नो रतिभाव एव भक्तिरिति आशयः। तदुच्यते *काव्यप्रकाशे - रतिर्देवादिविषया व्यभिचारी तथाञ्जितः। भावः प्रोक्तः*[१७]...।। यथा विभावादिभिरभिव्यक्तो रत्यादिश्चिदानन्दचमत्काररूपत्वेन परिणतो रसत्वमाप्नोति तथैव स्वकार्यकारणाभ्यामभिव्यक्तो देवादिविषयकरत्यादिः चिदानन्दरूपतामापन्नो भावत्वेन व्यवह्रियत इत्याशयः। अत्रेयं भावत्वमापन्ना देवादिविषयकरतिरेव भक्तिः। अथात्र रसत्वमापन्ने रतिभावे चमत्कारसत्त्वम्, भावत्वमापन्ने रतिभावे च चमत्कारासत्त्वमिति भेदोऽवधेयः। रत्यादिभावानां निरङ्गत्वे देवादिविषयकत्वे अन्यरसं प्रति अङ्गभावापन्नत्वे वा स्थायिभावत्वव्यपदेशो न भवति। अतः परम्परायां प्रसिद्धेयं कारिका –

> रत्यादिश्चेन्निरङ्गः स्याद्देवादिविषयोऽथ वा।
> अन्याङ्गभावभाग्वा स्यान्न तदा स्थायिशब्दभाक्।।[१८] इति।

स्थायित्वाभावे न रसत्वव्यवहारसम्भव इति तत्त्वम्। अस्यामवस्थायां कथञ्चिद्रससत्त्वेऽपि चमत्कारभूमित्वाद् भावादीनामेव प्राधान्येन अभिव्यञ्जनं भवति। एवं देवादिविषयकरतित्वेन भावान्तर्गतत्वाद् भक्तेर्न पृथग्रसत्वव्यपदेश इति प्रथमोऽन्तर्भावः।

२. शान्तरसे - मोक्षोपयोगित्वाद्भक्तिरसस्य शान्तरसेऽन्तर्भावः। अभिनयेऽनुपयोगित्वाच्छान्तरसस्य यद्यपि नाट्येऽभावः परन्तु श्रव्यकाव्येष्वस्योपयोगः स्वीकार्यः। तस्मिन् शान्तरसे भक्तिरसः अन्तर्भाव्यते। शान्तरसे निर्वेदो वैराग्यं वा स्थायिभावो वर्तते, किञ्चास्य मोक्षप्रवर्तकत्वमपि निरूपितं *नाट्यशास्त्रे* –

*अथ शान्तो नाम शमस्थायिभावात्मको मोक्षप्रवर्तकः। स तु तत्त्वज्ञान-वैराग्याशयशुद्ध्यादिभिर्विभावैः समुत्पद्यते*[१९]।

एवं भक्तिरसस्यापि मोक्षप्रवर्तकत्वं सर्वसम्प्रदायसम्मतम्। अतो मोक्षप्रवर्तकत्वेन भक्तिरसस्य शान्त एवान्तर्भावसम्भवान्नास्य पृथग्रसत्वमिति द्वितीयोऽन्तर्भावप्रकारः।

३. करुणरसे - रसत्वेनोपन्यस्यमाना भक्तिः रतिमूलस्वभावा। भक्तिरसे रतिरेव स्थायिभावः। अथ रतावनुरागे च कारुण्यमेव प्रधानं कारणम्, कारुण्यं विना अनुरागस्यानुत्पत्तेः। अत एव भक्तेश्चरमसीमा सम्प्राप्ता भक्ता हसन्ति, नृत्यन्ति, रुदन्ति अश्रुधारां प्रवाहयन्ति च। एवमनुरागस्वरूपा रतिः स्थायिभावः, भक्तिश्च सर्वथा करुणामूलिकेति करुणरसान्तर्गतत्वाद्भक्तेर्न पृथग्रसत्वमिति तृतीयोऽन्तर्भावप्रकारः।

**अनन्तर्भावः**

प्रसिद्धेषु नवसु रसेषु भक्तिरसस्यान्तर्भावो यथा प्रतिपाद्यते तथा तेषां विरोधोऽपि परिलक्ष्यते। सम्प्रति तेऽनन्तर्भावाः प्रदर्श्यन्ते-

Here the Supreme Self appears as the body through ignorance. All these examples are of the same kind and their meanings are evident. They are used only to strengthen the

main principle that Ātman is real, while the world is unreal. And all these are illustrative of a set of false knowledge due to an error in cognition and judgment, *ajñāna-yogatah.*

यथा वृक्ष-विपर्यासो जलाद् भवति कस्यचित् ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञान-योगतः ॥ 75

पोतेन गच्छतः पुंसः सर्वं भातीव चञ्चलम् ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञान-योगतः ॥ 76

पीतत्वं हि यथा शुभ्रे दोषाद् भवति कस्यचित् ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञान-योगतः ॥ 77

चक्षुर्भ्यां भ्रमशीलाभ्यां सर्वं भाति भ्रमात्मकम् ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञान-योगतः ॥ 78

Just as one sees the illusion of a tree on account of water, so does a person on account of ignorance sees so is the Ātman as the body. 75.

Just as to person going in a boat everything appears to be in motion, so does one, etc. 76

Just as to a person suffering from a defect (jaundice) white thing appear as yellow, so does one, etc. 77.

Just as to a person with defective eyes everything appears to be defective, so does one, etc. 78.

(Translation by Swami Vimuktananda)

These examples deal with only with imperfect knowledge in which forms are made much of in disregard of substance which is the reality behind them.

An example of *alāta* in *Māṇḍūkyakārikā*

अलातं भ्रमणेनैव वर्तुलं भाति सूर्यवत् ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञानयोगतः ॥ 79 [6]

Examples of ignorance causing superimposition are collected in the following verses of *Aparokṣānubhūti*.

महत्त्वे सर्ववस्तुनामणुत्वं ह्यतिदूरतः ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञानयोगतः ॥ 80

सुक्ष्मत्वेन सर्वभावानां स्थूलत्वं चोपनेत्रतः ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञानयोगतः ॥ 81

काचभूमौ जलत्वं वा जलभूमौ हि काचता ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञानयोगतः ॥ 82

यद्वदग्नौ मणित्वं हि मणौ वा वह्निता पुमान् ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञानयोगतः ॥ 83

अभ्रेषु सत्सु धावत्सु सोमो धावति भाति वै ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञानयोगतः ॥ 84

यथैव दिग्विपर्यासो मोहाद्भवति कस्यचित् ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञानयोगतः ॥ 85

यथा शशी जले भाति चञ्चलत्वेन कस्यचित् ।
तद्वदात्मनि देहत्वं पश्यत्यज्ञानयोगतः ॥ 86

Just as all things that are really large appear to be very small owing to a great distance, so does one, etc. 80.

Just as all objects that are very small appear to be large when viewed through lenses, so does one, etc. 81.

Just as a surface of the glass is mistaken for water, or *vice versa*, so does one, etc. 82.

Just as a person imagines a jewel in fire or *vice versa*, so does one, etc. 83.

Just as when clouds move, the moon appears to be in motion, or *vice versa*, so does one, etc. 84.

Just as a person through confusion loses all distinction between the different points of the compass, so does one, etc. 85.

Just as the moon (when reflected) in water appears to one as unsteady, so does one, etc. 86

(Translation by Swami Vimuktananda)

These examples explain different kinds and experiences of illusions. Yet, actually, all experiences and actions are superimposed on Ātman, the Supreme or Highest Self. No action executed by the body can touch Ātman in any manner. Understanding or identifying the Supreme Self as the body is called *dehādhyāsa*.

**Notes & References**

1. Thangaswami, *Advaita-Vedānta Literature: A Bibliographical Survey*, p.114.
2. EIP, vol.3, p.4.
3. Swami Vimuktananda, *Śaṅkarācārya's Aparakṣānubhūti,* pp.18-19.
4. *Śrīmadbhagavadgītā,* verses 2.20, 24.
5. BṛU, 4.3.15.
6. *Cf.* ऋजु-वक्रदिकाभासमलातास्पन्दितं यथा ।

   ग्रहण-ग्राहकभासं विज्ञानस्पन्दितं तथा ।। Māṇḍu.kā. 4.47

## Select Bibliography


Apte, Vaman Shivram. *The Practical Sanskrit-English Dictionary*. Delhi / Varanasi / Patna: MLBD, 1975. (Rpt. of 4th rev. ed. 1956).

Basu, Ratna. "Mahīdhara Expounds Advaita Vedanta" in *Our Heritage*, Vol.46, 2018.

__. "Nārāyaṇa-yati's Vedānta-vibhāvanā with Auto commentary: An unpublished Advaita-Vedānta Text" in *Our Heritage*, Vol.48, 2019.

Bādarāyaṇa. *Brahmasūtra*. Ed. Durgācaraṇa Sāṃkhya-Vedāntatīrtha. *Bedanta Darshanam*. Part 1. With *Śārīrakabhāṣya* and its Beng. trans. along with *Bhāmati* comm. of Vācaspati Miśra. Calcutta (now Kolkata): Dev Sahitya Kutir Pvt. Ltd., 2010 (rpt.).

Chakraborty, Nirod Baran. *A Dictionary of Advaita Vedanta*. Calcutta (now Kolkata): RMIC, 2010. (3rd rpt.; 1st ed. 2003).

Das, Rashbehari. *An Introduction to Śaṃkara.* Calcutta (now Kolkata): FIRMA KLM Pvt. Ltd, 1957.

Dasgupta, Surendranath. *A History of Indian Philosophy*. (Vols. 1-3). Delhi: MLBD, 1988. (Rpt. ; 1st ed. Cambridge, 1922; 1st Indian ed. Delhi, 1975).

Śaṃkarācārya. *Aparakṣānubhūti*. Ed. and Eng. Trans. Swami Vimuktananda. Kolkata : Advaita Ashrama, 2015. (18th rpt.).

-,- Ed. and Eng. Trans. Shrikrishna Deshmukh. *Ādi Śaṅkarācārya's Aparakṣānubhūti*. Delhi, Mumbai, Chennai: MLBD, 2019.

Thangaswami, R. *Advaita-Vedānta Literature: A Bibliographical Survey*. Madras (now Chennai) : University of Madras, 1980 (MUSS 36).

# A BRIEF DISCUSSION ON BASIC MATHEMATICAL TECHNIQUES AND EASY SŪTRAS

Pratika Sanyal

**Abstract**

Mathematics, the very word, reminds us of the abstract science which denotes a study of quality, structure, space, change and many more concepts. It is the subject which has evolved from elemental practices of counting, measuring and describing the shapes of objects. It would not be an exaggeration if we say that mathematics has its own language- the language of calculation. Many scholars from the very early age to modern era, figure out the language of calculation with their excellence of expressing new patterns to formulate new conjectures and establish truth by rigorous deduction from appropriately chosen axioms and definitions. As mathematics provides vital life skills, it is an important part of learning since the ancient times. Even in the early years, mathematics helps children in solving problems, measurements along with developing their own spatial awareness and understanding shapes. Time passes silently. The world changes gradually. In modern times, we are prone to do each and everything with less effort and time. Here comes so-called 'modernity' in the respective field of mathematics. Modern mathematics approaches things separately. It is the theory to understand patterns, to quantify relationships and to predict future with a pure scientific view. As the world is interconnected, 'modern mathematics' shows the connections and possibilities. Some people like to concede that the origin of 'modern mathematics' is based on the old theories, while some people like to accept the fact that 'modern mathematics' is a separate stream of the esteemed subject. There are other perceptions too. Here's a write up, namely 'A Brief Discussion on Basic Mathematical Techniques and easy Sūtras', where some basic mathematical rules and formulas are concisely assimilated with ancient and modern approach.

**Key Words**

Basic, Division, Mathematics, Multiplication, Sūtras

There is a huge contradiction among scholars regarding the place from where 'Mathematics', the very subject, had been originated. Some of them like to ensure that Egypt is the very place, while some like to convince us that India is the birthplace as well as the epitome of this subject. The Sanskritic term of 'Mathematics' is 'gaṇita', where 'gaṇa' refers to the sum. The seeds of mathematics were finely sowed in Vedic Era. In terms of 'yāgayajña', the priests felt the importance of geometry to make fine measurements. Even the significance of deep thoughts on mathematics had been felt by them regarding astronomy. The importance of mathematics had been specified in a śloka in '*Vedāṅga Jyotiṣa*'-

> ...वेदाङ्गशास्त्राणां गणितं मूर्धणि स्थितम्।

Notes on number-system could be found in *Yajurveda* –

इमा मे अग्न इष्टका धेनवः सन्त्वेका च दश च दश शतं च शतं च सहस्रं च सहस्रं चायुतं च नियुतं च प्रयुतं चार्वुदं च न्यर्वुदं च समुद्रश्च मध्यं चान्तश्च परार्धश्चै ता मे अग्न इष्टका धेनवः सन्त्वमुद्रामुस्मिल्लोके।[1]

One to ten and the multiples of ten were mentioned in *Ṛgveda*. [2]

So it could be said that mathematics was not totally unknown to them. There were several books on this vast study, like-

*Āryabhaṭṭīya* by Āryabhaṭṭa I, *Triṣatikā* by Śridharācārya, *Līlāvatī* by Bhāskara II, *Laghu-bhāskarīya* by Bhāskara I, *Laghumānasa* by Muñjalabhaṭṭa, *Siddhānta Śirōmaṇi* by Bhāskara II, *Mahā-siddhānta* by Āryabhaṭṭa II, *Gaṇita-kaumudī* by Nārāyaṇa, *Gaṇitasārasamgraha* by Mahāvīra etc.

Now it is going to be clarified some basic mathematical rules, according to the ancient Sūtras. There would be some examples also following the esteemed rules.

We all know that the basic mathematical order of simplifying expressions of numbers is BODMAS where 'B' refers to Bracket, 'O' refers to Of or Order, 'D' refers to Division, 'M' refers to Multiplication, 'A' refers to Addition, 'S' refers to Subtraction.

In early times, this order was used also. Of course, there was no such 'rule' regarding this order, but the order was maintained to solve arithmetical and algebraic problems.

**Addition and Subtraction**

Addition is the process of calculating the total of two or more numbers or amounts. It is the way of combining objects or numbers and counting them together as one large group. On the other hand, subtraction, the very method, takes away from a group or a number of things.

In case of addition, we must do the sum according to their position; while in case of subtraction, we must do the sum according to their difference. This elementary formula was written in this Sūtra-

कार्यः क्रमादुत्क्रमतोऽथवाङ्कयोगो यथास्थानकमन्तरं वा।[3]

Examples:

5 7 2 1 6 + 2 3 9 8 4

5 7 2 1 6

2 3 9 8 4

8 1 2 0 0

3 5 9 2 7 – 1 8 0 1 6

3 5 9 2 7

1 8 0 1 6

1 7 9 1 1

**Multiplication**

A product is the result of multiplication or an expression that identifies factors to be multiplied. Many scholars had discovered several rules for multiplication. But one of the easiest and effective ones, is "ऊर्ध्वतिर्यगभ्याम्" (Ūrdhva Tiryagbhyām) which is a Vedic Sūtra and the general formula applicable to all cases of multiplication.

"The formula itself is very short and terse, consisting of only one compound word and means 'vertically' and 'crosswise'." [4]

Suppose, the problem is 15 × 16

- We multiply the left-hand most digit of the multiplicand vertically by the left-hand most digit of the multiplier. We will get their product and will set it down as the left-hand most part of the answer.

Here, it is 1×1=1

- Then we multiply 1 and 6 along with 1 and 5 crosswise and add the two, and we get 11 as the sum and set it down as the middle part of the answer.

Here, we will add 1 to the left-hand most part of the answer as it is a two digit number.

- We multiply 5 and 6 vertically and get 30 as their product and put it down as the last part of the answer.

Here, we will add 3 to the middle part of the answer as it is a two digit number.

So the answer is, 15×16= 240

Another examples-

12×13 : 12

13

1:3+2:6 = 156

21×14 : 21

14

2:8+1:4 = 294

It could be said that using this method for this kind of multiplication is easier than the way we like to multiply in a general way. The one-liner process according to the rule, is easy to memorize and there are short chances for incorrect results also.

Now suppose we have to multiply 37 and 33

- When one of the results contains more than 1 digit, the right-hand most digit thereof is to be put down together.

- The preceding digit or digits should be carried over to the left should be placed under the digit or digits of the upper row.

37×33 : 37

33

9 0 1

3 2

1 2 2 1

More examples-

49×49 : 49

49

1 6 2 1

7 8

2 4 0 1

94×81 : 94

81

7 2 1 4

4

7 6 1 4

In case of algebraic multiplication, we can use this method also.

Suppose, we have to multiply (ax+b) and (cx+d)

The answer is: $a\times(cx+d)+b(cx+d)$

$= acx^2+axd+bcx+bd$

$= acx^2+x(ad+bc)+bd$

This is the general way we like to follow. But the esteemed rule could be followed in this algebraic multiplication also.

- The 1st term $acx^2$ is got by vertical multiplication of a and c.
- The middle term x(ad+bc) is obtained by the crosswise multiplication of a and d and of b and c and the addition of the two products.
- The independent term bd is arrived at by vertical multiplication of the absolute terms.

More examples-

$(a+b)\times(a+9b)$ : a + b

a+9b

$a^2+10ab+9b^2$

$(3y^2+5y+7)\times(4y^2+7y+6)$ : $3y^2+5y+7$

$4y^2+7y+6$

$12y^4+41y^3+81y^2+79y+42$

Another formula for multiplication was found in Līlavatī:

> गुणयो राशिर्गुणकारराशिनेष्टाधिकोनकेन गुणः।
> गुणयोष्टवधो न युतो गुणकेऽभ्यधिकोनके कार्यः॥[5]

This Sūtra could be simplified by showing an example-

83×23 = (83+17)×23-17×23 = 2300-391 = 1909

83×23 = (80+3)×23 = 80×23+3×23 = 1840+69 = 1909

This rule is also useful for any kind of arithmetical or algebraic multiplication. Even the process could be followed for modern mental mathematics also.

**Division**

Division is the process of splitting a large group into equal smaller groups. The result is always less than the dividend. There are many methods for division. But one of the easiest ways was discovered and well-explained by Bramhagupta. The formula can be useful for any type of division. As per his words-

> न्यासः।१/१, १/२, २/३, ३/४, १/५, १/१६, १/४ सर्वणिते जातम् ७६६/८०। षडभिरपरिवर्तिते जातम् ६/७६८०=१/१२८०।[6]

This process could be followed for arithmetical as well as algebraic divisions also. There are other methods also, like-

'Nikhilam' Method, 'Parāvartya' Method, once again 'Ūrdhva Tiryak Sūtra' etc.

- 'Nikhilam' Formula

> Thus, in our 'division'- process (by the Nikhilam formula), we perform only small single- digit multiplications; we do not subtraction and no division at all; and yet we readily obtain the required quotient and the required Remainder.[7]

Suppose we have to divide a number of dividends successively by the same Divisor 9. Here is a chart therefore as follows-

| | | |
|---|---|---|
| 9) 1/2 | 9) 5/2 | 9) 8/0 |
| /1 | /5 | /8 |
| 1/3 | 5/7 | 8/8 |

So at first we have to split each dividend into a left-hand part for the Quotient and a right-hand part for the Remainder. Then we have to divide them by a vertical line. According to the examples, we can say that we can mechanically take the first digit down for the Quotient-column and by adding the Quotient to the second digit, we can get the exact Remainder.

o ‘Parāvartya’ Formula

It is a special-case formula which means ‘Transpose and apply’. Actually it reads ‘Parāvartya Yojayet’. Here Horner’s ‘Remainder Theorem’ could be applied.

Suppose we have to divide ($12a^2$-8a-32) by (a-2)

(a-2) $12a^2$-8a-32

2 24+32

12a+16 0

We put the Divisor (a-2) down on the left (as usual) and just below it we change the sign changed (-2). Then we do the multiplication.

Another example:

Suppose we have to divide ($7y^2$+5y+3) by (y-1)

y-1 $7y^2$+5y +3

1 7 +12

7y+12 15

So, the Quotient is (7y+12) and the Remainder is 15.

o Ūrdhva Tiryak Sūtra

It is a simple method alike the rule of multiplication.

Suppose we have to divide ($12b^2$-8b-32) by (b-2)

$12b^2$ divided by b, gives us 12b. The 12 multiplied by (-2) gives us (-24), but the actual coefficient of b in the product or the dividend is (-8).

Therefore we must get the remaining 16b by multiplying the b of the Divisor by 16.

Therefore the absolute term in the Divisor must be 16.

So, Q= 12b+16 and as (-2)×16= 32.

Therefore, R= 9. [Q= Quotient, R= Remainder]

**Conclusion**

Mathematics, the very subject, is very interesting and it sharpens our brain as well as increases the processing of thoughts. But few people are afraid of this particular subject. Is it just because of the subject is full of formulas and rules? I think, it is not like that. They find this subject uninteresting, that is why they don’t want to solve such sums. And the fear generates gradually. As a student of Sanskrit literature, I have found that there were many easy formulas and rules for ‘Basic Mathematics’. These rules could be applied in modern mental mathematics also. After reading some books on this topic, what I have found, is that mathematicians and scholars used to discover ‘easy’ steps for simple usage of Mathematics in even ancient age. They wanted to make proper application of these Sūtras, rules etc in daily chores. That is why, some

formulas were exceptionally discovered in the field of arithmetic, algebra, mensuration and even geometry. Today most of the tiny toddlers are intended to join their 'Abacus' class. What I think, if we try to apply these formulas for the simple usage of 'Basic Mathematics'- it would be easier than the complicated laws of 'Abacus' and modern mental mathematics.

It could be said as future scope that in this present write-up, we have basically discussed about the basic mathematical tools which were used in ancient times and the Sūtras mentioned here, are easier than the present-day mathematical tools. In this work, such basic rules of addition, subtraction, multiplication and division with few examples have been briefly discussed.

I would like to request all my readers to apply these Sūtras which were discovered long long ago. These Sūtras can be done in less time with minimum possibility of committing errors. Following the Sūtras, the calculations could be done easily and it will help us to improve our knowledge and curiosity in the vast expanse of the mathematical field. Let us follow the legacy of these 'modern' rules of ancient age.

**Notes & References**

1. *Yajurveda*, 17/2.
2. *Ṛksamhitā*, 1/15/4, 1/15/10, 8/22/32, 8/1/9.
3. *Līlavatī*, 2/1/12.
4. *Vedic Mathematics*, p. 40.
5. *Līlavatī*, 2/15/6.
6. *Brāhmasphuṭasiddhānta*, Gaṇitadhyāya.
7. *Vedic Mathematics*, p. 59.

## Select Bibliography


Bandyopadhyaya, Dhirendranath. *Samskṛta Sahityēra Itihāsa*, Kolkata: West Bengal State Book Board, 2018.

Das, Devkumar. *Samskṛta Sahityēra Itihāsa*, Kolkata: Sandesh, 2016.

Plofker, Kim. *Mathematics in India*, Princeton, New Jersey: Princeton University Press, 2009.

Tīrthajī Maharaja, Swāmi Śrī Bhāratī Kṛṣṇa. *Vedic Mathematics or Sixteen simple Mathematical Formulae from the Vedas (For One-line Answers to all Mathematical Problems)*, Varanasi: Motilal Banarsidass Indological Publishers & Booksellers, 1981.

# বর্তমান সমাজে সমাবর্তন সংস্কারের প্রাসঙ্গিকতা

ঐশী সাহা


**সংক্ষিপ্তসার**

সংস্কার হল প্রাচীন সংস্কৃত গ্রন্থে বর্ণিত একজন মানুষের জীবনের উত্তরণের রীতি, সেই সাথে ভারতীয় দর্শনের কর্মতত্ত্বের একটি ধারণা। হিন্দুশাস্ত্রমতে সংস্কারের সংখ্যার বিভিন্নতা দেখা যায়। কোন কোন গ্রন্থে বলা হয়েছে এর সংখ্যা দশ, কোথাও এগারো, কোথাও তেরো, কোথাও চল্লিশ আবার কোথাও ষোলো। এই সংস্কারের মধ্যে অন্যতম হল সমাবর্তন বা স্নান। এই সন্দর্ভে সমাবর্তন সংস্কার বিষয়টি কী? এই সংস্কারের স্বরূপ, সময়কাল, স্নাতকের প্রকারভেদ, সমাবর্তনের ভাষণ ও তাৎপর্য্য, এই সংস্কারের নিয়ম, বৈদিক সমাজে এই সংস্কারের গুরুত্ব। বর্তমান সমাজে এই সংস্কারের প্রাসঙ্গিকতা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে।



**সূচক শব্দ**

সংস্কার, সমাবর্তন, স্নান, স্নাতক।


সংস্কার শব্দটি একটি পারিভাষিক শব্দ। পৃথিবীর সকল দেশের সকল জাতি ও সম্প্রদায়ের মধ্যে সংস্কারের অস্তিত্ব পরিলক্ষিত হয়। গৃহ্য ও ধর্মসূত্রগুলোতে সংস্কারের সংখ্যা বিষয়ে বিভিন্নতা দেখা যায়। যেমন *আশ্বলায়ন গৃহ্যসূত্রে* সংস্কারের সংখ্যা ১১টি। *বৌধায়ণ*ও *পারস্কর গৃহ্যসূত্রে* ১৩টি। আবার *গৌতম ধর্মসূত্রে* মোট ৪০টি সংস্কারের উল্লেখ আছে। *ব্যাসসংহিতায়* ১৬ টি সংস্কারের উল্লেখ পাওয়া যায়। সেগুলি হল – ১) গর্ভাধান ২) পুংসবন ৩) সীমন্তোন্নয়ন ৪) জাতকর্ম ৫) নামকরণ ৬) নিষ্ক্রমণ ৭) অন্নপ্রাশন ৮) কর্ণবেধ ৯) বিদ্যারম্ভ ১০) চূড়াকরণ ১১) উপনয়ন ১২) বেদারম্ভ ১৩) কেশচ্ছেদন ১৪) সমাবর্তন (স্নান) ১৫) বিবাহ ১৬) অগ্নি সংস্কার (দক্ষিণাগ্নি, গার্হপত্যাগ্নি ও আহবনীয়াগ্নি – এই তিন প্রকার অগ্নি আছে, ব্রাহ্মণগণ এই তিন প্রকার অগ্নি মৃত্যু পর্যন্ত রক্ষা করেন)। স্মৃতিশাস্ত্রকার মনু বলেছেন ব্রহ্মচারী গুরুগৃহে ৩৬ বছর যাবৎ তিনটি বেদ অর্থাৎ ঋক্, যজুঃ ও সাম এই তিনটি বেদ-অধ্যয়নরূপ ব্রতাচারণ (ব্রত শব্দ বলতে এখানে ব্রহ্মচারীর ধর্ম অর্থাৎ পালনীয় নিয়মের কথাই বলা হয়েছে)করবে অর্থাৎ প্রতিটি বেদ ১২ বছর ধরে অধ্যয়ন করবে,অথবা তার অর্ধেক অর্থাৎ ১৮ বছর ধরে বেদত্রয় অধ্যয়ন করবে অর্থাৎ প্রত্যেক বেদশাখা ছয় ছয় বছর ধরে অধ্যয়ন করবে অথবা পাদিক বা চতুর্থাংশকাল যাবৎ অর্থাৎ নয় বছর ধরে অধ্যয়ন করবে।[১]

## সমাবর্তনের স্বরূপ

সমাবর্তন শব্দের অর্থ হল প্রত্যাবর্তন অর্থাৎ বেদ অধ্যয়নের পর গুরুগৃহ থেকে নিজের গৃহে প্রত্যাবর্তনই হল সমাবর্তন। এই সমাবর্তনকে ব্রহ্মচর্য পালনের সমাপ্তিও বলা যেতে পারে। শৈশব উত্তীর্ণ সংস্কার হিসেবে যেমন পরিচয় পাওয়া যায় উপনয়ন সংস্কারের। তেমনই যৌবনের সংস্কার হল সমাবর্তন এবং এই সংস্কার বিদ্যাসমাপনান্তে অনুষ্ঠিত হয়। উপনয়ন সংস্কারের জন্য বিদ্যার্থীকে আচার্যের কাছে যেতে হয়। অর্থাৎ এককথায় বলতে গেলে বলা যেতে পারে উপনয়ন হল আচার্যের নিকটে গমনের অনুষ্ঠান। অপরদিকে সমাবর্তন হল ঠিক তার বিপরীত অর্থাৎ আচার্যের নিকট থেকে পিতৃগৃহে অর্থাৎ স্বগৃহে প্রত্যাবর্তনের অনুষ্ঠান। গার্হস্থ্যাশ্রমে প্রবেশ করার অভিশংসাপত্র হল সমাবর্তন। এই প্রসঙ্গে *আশ্বলায়ন গৃহ্যসূত্রে* বলা হয়েছে "বিদ্যান্তে গুরুমর্থেন নিমন্ত্রং কৃত্বাঽনুজ্ঞাতস্য বা স্নানম্"অর্থাৎ সমাবর্তনকে স্নান বলার কারণ হল বিদ্যা সমাপ্ত করার পর গুরুকে অর্থ অর্থাৎ সংকল্প দ্বারা আমন্ত্রিত করে গুরুর দ্বারা আদেশ প্রাপ্ত হওয়া ব্রহ্মচারীর স্নান অর্থাৎ সমাবর্তন হয়। *পারস্কর গৃহ্যসূত্রে* বলা হয়েছে বেদং সমাপ্য স্নায়াৎ অর্থাৎ বেদ শেষ করে বিধি পূর্বক স্নান করবে । উপনয়ন ও সমাবর্তন এই দুই ক্রিয়ার মধ্যে বহু বছরের ব্যবধান রয়েছে। উপনয়ন হল শৈশবোত্তীর্ণ সংস্কার এবং সমাবর্তন হল যৌবনের সংস্কার।[২]

**সমাবর্তনের সময়**

*মহাভারতের শান্তিপর্বে*প্রাপ্ত তথ্যানুসারে বেদসম্বন্ধী ব্রত ও উপবাস করতে করতে একজন ব্রহ্মচারীর যখন আয়ুর চার ভাগের একভাগ অর্থাৎ পঁচিশ বছর অতিক্রান্ত হয়ে যায় তখনই কেবল সেই ব্রহ্মচারী যথাবিধি গুরুকে দক্ষিণা দান করে সমাবর্তন সংস্কার সম্পন্ন করবে। গুরুর আজ্ঞা গ্রহণ এবং যথাশক্তি প্রীতি উপহার প্রদান[৩] এই দুই বিষয়ই সমাবর্তন সংস্কারের আলোচনায় গুরুত্বপূর্ণ স্থান পেয়েছে।[৪]

**সমাবর্তন সংস্কারের মাধ্যমে শৃঙ্খলাবদ্ধ ব্রহ্মচারী জীবনের মুক্তিলাভ**

জীবনের উপযুক্ত বিকাশের জন্য ব্রহ্মচারী জীবনের যে বিধিনিষেধ ছিল সেখান থেকে মুক্তি লাভ হয় এই সমাবর্তন অনুষ্ঠানে। ব্রহ্মচারী জীবনে বিদ্যার্থীর একমাত্র লক্ষ্য ছিল জ্ঞানার্জন করা। ব্রহ্মচারী অবস্থায় পায়ে জুতো, মাথায় ছাতা, চোখে কাজল, মুখাবলোকনের দর্পণ, গাত্রমার্জনী এবং কোনরকম দৈহিক প্রসাধন ব্যবহার তাদের জন্য ছিল নিষিদ্ধ।সমাবর্তন অনুষ্ঠানে এই নিয়মের শিথিলতা লক্ষ করা যায়। এই অনুষ্ঠানে ব্রহ্মচারী অবস্থার নিষিদ্ধ বিষয়ের উপর বিধি নিষেধের প্রত্যাহার লক্ষ করা যায়।[৫] সমাবর্তনের সময় ব্রহ্মচারী ব্রহ্মচর্যে পরিহিত বস্ত্র পরিবর্তন করে নতুন বস্ত্র পরিধান করবে, জটা-লোমাদি ছেদন করবে, গায়ে সুগন্ধি লেপন করবে, হাতে পুষ্প ধারণ করবে, মাথায় উষ্ণীষ বেষ্টন করবে, দুটি কানে কুণ্ডল ও মাথায় ছাতা ধারণ করবে এবং অন্যান্য অনুষ্ঠেয় শাস্ত্রীয় কাজ সম্পন্ন করবে।[৬] সুতরাং এই বিষয়গুলোর থেকে বোঝা যাচ্ছে যে ব্রহ্মচারী অবস্থায় যা যা নিষিদ্ধ ছিল সেই সব বিষয়ই সমাবর্তনের সময় ব্রহ্মচারী ব্যবহার করতে পারবে। বিভিন্ন প্রসাধনসামগ্রী গ্রহণ করার সময় বিভিন্ন মন্ত্র পাঠ করতে হবে এবং গুরুর আর্শীবাদ নিতে হবে। এইভাবে শিষ্য ব্রহ্মচারী থেকে স্নাতক পদে উন্নীত হবে।

**স্নাতকের প্রকারভেদ**

সমাবর্তনকারীকে বলা হয়ে থাকে স্নাতক। স্নাতকেরা আবার বিদ্যাস্নাতক, ব্রতস্নাতক এবং বিদ্যাব্রতস্নাতক ভেদে তিন শ্রেণীতে বিভক্ত। বেদাধ্যয়ন সমাপ্ত করে শাস্ত্রনির্দিষ্ট সময় পর্যন্ত ব্রহ্মচর্য সমাপ্ত না করে যার সমাবর্তন সংস্কার হয় সে বিদ্যাস্নাতক। শাস্ত্রনির্দিষ্ট ব্রহ্মচর্যব্রত সমাপ্ত না করে কেবল নিয়মানুসারী বেদাধ্যয়নের পর যিনি সমাবর্তন করেন তিনি ব্রতস্নাতক। পরিশেষে বিদ্যা ও ব্রত (নির্দিষ্ট ব্রহ্মচর্য ব্রত) উভয়ই সমাপ্ত করে যিনি প্রত্যাবর্তন করেন তিনি বিদ্যাব্রত স্নাতক। স্নাতকের তিন প্রকার ভেদ থাকলেও বিদ্যাব্রত স্নাতকই ছিলেন অধিক মর্যাদার অধিকারী।

**স্বাধ্যায় পাঠের বিষয়বস্তু: স্বাধ্যায় পাঠের বিষয়বস্তু**

দীর্ঘকাল যারা ব্রহ্মচর্য পালনের পর সমাবর্তন সংস্কারের দ্বারা স্নাতক হয়, তাদের জন্য স্বাধ্যায় পাঠের যে ব্যবস্থা আছে তার অন্তর্গত হল- ঋক, যজুঃ, সাম ও অথর্ববেদ এবং ব্রাহ্মণগ্রন্থ ও সূত্র গাথা (বিশেষ কিছু মন্ত্র), নারাশংসী (বিশেষ মানুষের কামনামূলক কিছু মন্ত্র), ইতিহাস ও পুরাণ। এছাড়া বেদাঙ্গ (অর্থাৎ শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ ও জ্যোতিষ), মীমাংসা প্রভৃতি গ্রন্থ সমূহও পাঠ করতে হত। আশ্বলায়ন বলেছেন, ঋক, যজুঃ প্রভৃতি প্রত্যেকটি বিষয় যে প্রত্যেকদিন পাঠ করতে হবে এমন নিয়মও নেই, একাগ্র চিত্তে যতটা পাঠ করা সম্ভব ততটাই পাঠ করবে।[৭] ব্রহ্মচারী অবস্থায় বেদপাঠ ও অন্যান্য অঙ্গবিদ্যা সমাপ্ত করে যে ব্যক্তি সমাবর্তন অনুষ্ঠানের মাধ্যমে 'স্নাতক' পদবী লাভ করত, সমাজে সে অত্যন্ত সম্মানিত হত।[৮] বিদ্যালাভের শেষে শিক্ষা সমাপনকারী ছাত্র গুরুকে জিজ্ঞাসা করতেন, আমি আপনার কোন উদ্দেশ্য সাধন করবো? এই প্রশ্নের উত্তরে গুরু যা করতে বলবেন তা করে এবং তার অনুমতি নিয়ে শিষ্য গুরুগৃহে থেকেই স্নান বা সমাবর্তন করবে।[৯]

**সমাবর্তন সংস্কারের বিধি**

পারস্কর সমাবর্তনের পর স্নাতক রূপে পরিচিত ব্যক্তির পক্ষে কয়েকটি নিয়ম পালনের কথা বলেছেন। "নৃত্যগীতবাদিত্রাণি ন কুর্যান্ ন গচ্ছেত্" অর্থাৎ নাচ, গান, বাজনা প্রভৃতি প্রমোদ মূলক কাজ স্নাতক নিজে করতে পারবে না এবং যেখানে এগুলো হয় সেখানে যেতে পারবে না। অবশ্য

এখানে পারস্কর অন্য একটি মতও উল্লেখ করেছেন – “কামং তু গীতং গায়তি বৈব গীতে বা রমতে ইতি শ্রুতে র্হি অপরম্” অর্থাৎ বিকল্প মতানুসারে স্নাতক ইচ্ছা করলে নিজে গান করবে এবং অন্যে গান করলে শুনবে বা তার সাথে মিলিত হবে, কারণ সঙ্গীত শুনলে বা নিজে করলে হৃদয়ে রতি জন্মায়- এইরকম শ্রুতিবচনও আছে। কোনো রকম জরুরী প্রয়োজন না হলে স্নাতক রাত্রিতে অন্য গ্রামে যাবে না এবং অযথা এখানে ওখানে দৌড়াদৌড়ি করবে না। কূপের মধ্যে নীচু হয়ে দেখতে পারবে না, গাছে চড়তে পারবে না, গাছের অপক্ক ফল সংগ্রহ করতে পারবে না, নিষিদ্ধ পথে যেতে পারবে না, পর্বত-গর্ত প্রভৃতি লঙ্ঘন করতে পারবে না, অশ্লীলবাক্য বলতে পারবে না, কারোর কাছে ভিক্ষা চাইতে পারবে না। যখন অকাল বৃষ্টি হবে তখন ছাতা বা অন্য কিছুর দ্বারা নিজেকে আচ্ছাদিত করে যাত্রা করবে, জলের মধ্যে নিজের মুখ দেখতে পারবে না। গাত্রলোমহীন এবং দাঁড়ি গোফ বিশিষ্ট নারী (নপুংসক) দেখে উপহাস করা যাবে না। গোরু যখন বাছুরকে দুগ্ধ পান করাবে তখন অন্যকে বলা যাবে না। শষ্যপূর্ণ বা তৃণাচ্ছাদিত ভূমিতে বসে মল-মূত্র ত্যাগ করবে না, ছিন্ন বা উৎকট রঙে রঞ্জিত কাপড় পরিধান করতে পারবে না, কেউ বিপদে পরলে নিজেকে ও অন্যকে রক্ষা করতে হবে, সকলের সাথে বন্ধুর মত ব্যবহার করতে হবে। এই সব ব্রত যদি স্নাতক পালন করতে না পারে তাহলে বিশেষ প্রায়শ্চিত্তের বিধান ছিল।

সমাবর্তনকাল থেকে গার্হস্থ্যাশ্রম গ্রহণ করার পূর্ব পর্যন্ত স্নাতকের বর্জনীয় বিষয়গুলোর কথা বলার পর পারস্কর স্নাতককে “ত্রিরাত্রিব্রত” আচরণের কথা বলেছেন। সমাবর্তনের পর থেকে পর পর তিন দিন স্নাতককে যে ব্রত পালন করতে হবে তাকেই ত্রিরাত্রিব্রত বলা হয়। “ত্রিরাত্রি”বলতে তিন দিন বা তিন রাত্রি বুঝতে হবে এই তিনটি দিন বা রাত্রিতে স্নাতক মাংস ভক্ষণ করতে পারবে না। মাটির পাত্রে জলাদি পান করতে পারবে না, নারী, মৃত দেহ, কাক ও কুকুরকে দেখতে পারবে না, মৃত্যুজনিত এবং সন্তানাদি জন্মজনিত অশৌচ যারা পালন করছেন তাদের দেওয়া অন্ন খাওয়া যাবে না, সূর্য কিরণ পড়ছে এমন স্থানে মল-মূত্র ত্যাগ করতে পারবে না, ছাতা প্রভৃতির সাহায্যে সূর্যের কিরণ থেকে মাথা ঢাকতে পারবে না, শৌচ আচমন প্রভৃতি কাজগুলো গরম জলের সাহায্যে করতে হবে, অন্ধকারে ভোজন করতে পারবে না এবং রাত্রিতে ভোজনের সময় অবশ্যই প্রদীপ জ্বালিয়ে রাখতে হবে। পারস্কর সব শেষে বলেছেন উপরি উক্ত নিষেধ গুলোর কোনোটি পালন করা যদি সম্ভব না হয়,তাহলে নিষেধ না মানার প্রকৃত কারণ সত্য কথার সাহায্যে জানিয়ে দেবে এবং সকল সময়েই সত্য কথা বলবে।[১০]

*যাজ্ঞবল্ক্য সংহিতায়* বলা হয়েছে কোনো ব্যক্তি যদি বিবাহযোগ্য হয়, তাহলে তার বেদাদি-পাঠ ও ব্রহ্মচর্য কোনও বিশেষ সীমার মধ্যে আবদ্ধ থাকবে না। গুরুর অনুমতি লাভ করলেই ঐ ব্যক্তির সমাবর্তন অনুষ্ঠান হতে পারে। যাজ্ঞবল্ক্যের বক্তব্যটি এইরকম- মন্ত্রব্রাহ্মণের সমন্বয়ে প্রস্তুত বেদের অধ্যয়ন ও ব্রহ্মচারীধর্ম-পালন এই দুটি অথবা বেদাধ্যয়ন ও ব্রহ্মচর্যের কোনো একটি সমাপন করে, নিজের শক্তি অনুসারে গুরুদেবকে তাঁর অভীষ্ট ধন দক্ষিণারূপে নিবেদন করে সমাবর্তন স্নান করতে হবে। গুরুর প্রাথিত ধন শিষ্য যদি দিতে অসমর্থ হয় তাহলে গুরুর অনুমতি নিয়ে স্নান করবে। এখানে যে বিকল্পগুলো পৃথক পৃথক ভাবে বলা হল, তা শিষ্যের শক্তি ও কাল অনুসারে সাধন করতে হবে অর্থাৎ শিষ্যের আর্থিক ক্ষমতার উপর গুরুদক্ষিণা নির্ভর করবে এবং সময়ের অল্পতা বা বাহুল্যের উপর বেদ-বেদাঙ্গ-মীমাংসা-ইতিহাস-পুরাণাদির অধ্যয়ন নির্ভর করবে।[১১]

*আশ্বলায়নগৃহ্যসূত্রে* বলা হয়েছে তৃতীয় অধ্যায়ের অষ্টম ও নবম খণ্ডে কিছুটা বিস্তৃতভাবে সমাবর্তন সংস্কার আলোচিত হয়েছে, সংক্ষিপ্তকারে সেগুলো বর্ণনা করা যেতে পারে। সমাবর্তনসংস্কারের পর যে শিষ্য গুরুগৃহ থেকে নিজের বাড়িতে প্রত্যাবর্তন করতে ইচ্ছুক, যে নিজের ও গুরুর জন্য এগারোটি জিনিস সংগ্রহ করবে। মণি(গলায় ধারণের জন্য), দুটি কুণ্ডল (কানে পরার জন্য), একজোড়া কাপড়, দণ্ড, মালা, গায়ে ঘষার জন্য গুড়ো সাবান জাতীয় জিনিষ, অনুলেপন দ্রব্য, কাজল ও উষ্ণীষ। যদি শিষ্যের পক্ষে দুজনের জন্য ওই সব জিনিষ সংগ্রহ করা সম্ভব না হয়, তাহলে আচার্যের জন্যই সেগুলো সংগ্রহ করবে। শিষ্য যদি পরবর্তী জীবনে ভোজ্য অন্ন, পুষ্টি অথবা শক্তি কামনা করে, তাহলে গুরুগৃহের উত্তর পূর্বদিক থেকে আদ্র সমিৎ আহরণ করবে, আর যদি আধ্যাত্ম শক্তি কামনা করে তাহলে সমিধ কাঠ সংগ্রহ করবে। আর যদি সে ভোজ্যাদি দ্রব্য ও আধ্যাত্মশক্তি

উভয়ই কামনা করে তাহলে সে এমন সমিধ কাঠ সংগ্রহ করবে যার একাংশ হবে ভিজা ও বাকী অংশ শুকনো। সমিধ মাটিতে কোথাও না রেখে উপরে কোথাও রাখতে হবে, সৎ ব্রাহ্মণকে অন্ন ও গাভী দান করতে হবে এবং দাড়ি-গোঁফ প্রভৃতি কামিয়ে ফেলতে হবে। একক্লীতকের অর্থাৎ করঞ্জবীজের চূর্ণ দ্বারা শরীর মর্দন করতে হবে। ঈষৎ গরম জলে স্নান করে নির্দিষ্ট বৈদিক মন্ত্র উচ্চারণ করতে করতে নতুন কাপড় পড়তে হবে এবং অন্য একটি মন্ত্র পাঠ করে চোখে কাজল লাগাতে হবে। দুই কানে দুটি কুণ্ডল পরার সময় মন্ত্র পাঠ করতে হবে। চন্দন, কুমকুম প্রভৃতি অনুলেপন দ্রব্য গায়ে মাখবার সময় ঐ দ্রব্যটি ভালোভাবে অনুলিপ্ত করে ব্রাহ্মণ প্রথমে নিজের মুখে, ক্ষত্রিয় দুই বাহুতে এবং বৈশ্য উদরে লেপন করার পর দেহের অন্যান্য অংশে লেপন করবে। এইভাবে বিশেষ বিশেষ মন্ত্র পড়ে একে একে মালা, জুতা, বেণুদণ্ড, গলায় মণি ও মাথায় উষ্ণীষ ধারণ করতে হবে। উষ্ণীষটি নতুন কাপড়ের হতে হবে। এইরকমভাবে সজ্জিত হয়ে শিষ্যকে আগুনে সমিধ স্থাপন করতে হবে। সমাবর্তন শেষ হওয়ার পর শিষ্য নিজগৃহে গিয়ে গার্হস্থ্য পালন করে জীবন অতিবাহিত করবে যতদিন না সে বানপ্রস্থ ধর্ম অবলম্বন করে। সমাবর্তনের পর যতদিন না সে বিবাহ করছে ততদিন সে "স্নাতক" রূপে পরিচিত থাকবে এবং স্নাতকের জন্য নির্দিষ্ট ব্রতগুলো পালন করবে।[১২]

## সমাবর্তনে ভাষণ ও তার তাৎপর্য

প্রাচীন ভারতের বেদপন্থী সমাজে বিদ্যার্থীরা যখন ব্রহ্মচর্যব্রত ও বেদবিদ্যা সমাপ্ত করে গৃহস্থাশ্রমে প্রবেশের উপযুক্ত হতেন, তখন গুরুগৃহে তাদের জন্য সম্পাদিত হত সমাবর্তন অনুষ্ঠান। *পারস্কর গৃহ্যসূত্র* থেকে জানা যায় ৪৮ বছর বেদপাঠ ও ব্রহ্মচর্যব্রত প্রতিপালনের পর আচার্যের অনুমতি সাপেক্ষে বিদ্যার্থী সমাবর্তন সংস্কারের অধিকার অর্জন করেন।[১৩] ব্রহ্মচারী স্নানান্তে শুচিবস্ত্র পরিধান করে গুরু এবং মাতৃসমা গুরুপত্নীর চরণবন্দনার পর সমাবর্তনের প্রার্থনা করেন। আচার্য তখনই আশীর্বাদান্তে সমাবর্তন ভাষণ দেন।[১৪]

প্রাচীন ভারতীয় শিক্ষার আদর্শ ও উদ্দেশ্যে কি ছিল- এই সংক্ষিপ্ত ভাষণটি পর্যালোচনা করলেই আমরা তা জানতে পারি। স্নাতকের প্রতি আচার্যের সর্বপ্রথম আদেশ ও উপদেশ 'সত্যং বদ'। বৈদিক সমাজে সত্যের উপর সমধিক গুরুত্ব আরোপ করা হত। *ঋগ্বেদ সংহিতাতে* বলা হয়, পৃথিবী সত্যের দ্বারাই উত্তোলিত হয়ে আছে।[১৫] ব্রহ্মচর্য আশ্রমে প্রবেশের সময় বিদ্যার্থী কৃতসংকল্প হয়েছিলেন 'সত্যমুপৈমি স্বাহা' অর্থাৎ আমি (ব্রহ্মচারী) যেন সত্য লাভ করতে পারি। গৃহস্থাশ্রমে প্রবেশের পূর্বেও আচার্য স্নাতককে সত্যানুসরণের জন্য নির্দেশ দিচ্ছেন। সংসারের ঘূর্ণাবর্তে পড়ে গৃহী যেন কখনও সত্যভ্রষ্ট না হন।

আচার্যের দ্বিতীয় অনুশাসন – 'ধর্মং চর'। আচার্য মনু ধৃতি, ক্ষমা, দম, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয়নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য এবং অক্রোধ ভেদে ধর্মের যথাক্রমে দশটি লক্ষণ আমাদের শুনিয়েছেন এবং বলেছেন।[১৬] স্নাতক সংসারে প্রবেশ করে উল্লিখিত বিষয়ের যথাযথ অনুশীলন যেন করেন। এজন্য বিশেষভাবে সতর্ক করে দেওয়া হয় 'ধর্মান্ন প্রমদিতব্যম্'।

আচার্যের তৃতীয় নির্দেশ 'স্বাধ্যাযপ্রবচনাভ্যাং ন প্রমদিতব্যম্।' অর্থাৎ স্বাধ্যায় থেকে ভ্রষ্ট হওয়া যাবে না। প্রাচীন ঋষিগণ আমাদের জন্য যে জ্ঞানভাণ্ডার সযত্নে রেখেছেন তার সংরক্ষণ এবং সম্প্রসারণ বেদপন্থী সমাজের প্রত্যেক ব্যক্তির অবশ্যকর্তব্য। একারণে গৃহস্থাশ্রমে প্রবেশ করেও প্রত্যেক স্নাতককে নিয়মিতভাবে স্বশাখা উক্ত বেদপাঠ করতে হত, যার নাম স্বাধ্যায়। আবার কেবল স্বয়ং অধ্যয়ন করলেই চলবে না, অধ্যাপনাও (প্রবচন) করতে হবে। না হলে বিদ্যার প্রসার সম্ভব না। এজন্য গৃহে গমনের প্রাক্কালে আচার্য অন্তেবাসীকে স্মরণ করিয়ে দেন সে যেন সব কাজের চাপে পিতৃকার্য্যে ঔদাসীন্য না দেখায়। আত্মানুরূপা পত্নী গ্রহণপূর্বক বংশধারাকে অব্যাহত রাখবে "প্রজাতন্তুং মা ব্যবচ্ছেৎসীঃ"। যেহেতু বিদ্যার্থী মাতা, পিতা এবং আচার্যের নিকট ঋণী সেহেতু কেবল এদের তিন জনকেই শ্রদ্ধা করলে চলবে না। এজন্য শ্রুতিতে বলা হয়েছে, "অতিথিদেবো ভব"। সনাতন ভারতে গৃহাশ্রমীর পক্ষে অতিথিসেবা অবশ্য অনুষ্ঠেয় যজ্ঞ রূপে বিবেচিত হত। এই অতিথিপূজন (নৃযজ্ঞ) পঞ্চমহাযজ্ঞের অন্তর্গত।

যথাশক্তি দান অবশ্যকরণীয়। গৃহাশ্রমীর দানের উপর অপরাপর আশ্রম নির্ভরশীল। দান কীভাবে করতে হবে আচার্য অন্তেবাসীকে সে বিষয়ে অবহিত করেছেন সমাবর্তন ভাষণে, "শ্রদ্ধয়া দেযম্, অশ্রদ্ধয়াঽদেযম্, শ্রিয়া দেযম্, হ্রিয়া দেযম্।"[১৭]

কোনোরকম ঔদ্ধত্য প্রকাশ যেন না পায় তাই 'হ্রিয়া দেযম্' লজ্জার সঙ্গে দান করবে। অর্থী যেমন দূরবস্থায় পতিত হয়ে সাহায্যপ্রার্থী হয় তেমনই যে সাহায্যকারী তার দৈবদূর্বিপাকে কখনও সেরকম অবস্থা হতে পারে। সুতরাং ভীতির ভাব নিয়ে দান করতে হবে 'ভিয়া দেযম্'।

আচার্য একথাও বলেন স্নাতক কেবল যে সকল আচরণ উত্তম সেগুলোই অনুসরণ করবে। প্রাচীন আচার্যেরা তাঁদের স্বকীয় চরিত্রের উৎকর্ষ ও অপকর্ষ, দৈবী সম্পৎ, আসুরী সম্পৎ- উভয়দিক সম্পর্কে সচেতন ছিলেন। তাঁরা জানতেন একত্র সহাবস্থানের ফলে শিষ্যের কাছে তাঁদের চরিত্রের উভয় দিকই ধরা পড়েছে। বিদায়লগ্নে আচার্য সেজন্যই অকপটে শিষ্যকে বলেছেন, তাঁদের চরিত্রে যে সকল সদ গুণ সে দেখেছে গৃহে প্রত্যাবর্তনের পর সেসমস্তই তাকে অনুসরণ করতে হবে "যান্যস্মাকং সুচরিতানি"।

**আধুনিককালে সমাবর্তন**

হিন্দুশাস্ত্রগ্রন্থে সমাবর্তন সম্পর্কে নানারকম আলোচনা থেকে বোঝা যায় যে প্রাচীনকালে ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্য এই তিন বর্ণের মানুষরাই এই সমাবর্তন অনুষ্ঠানকে খুব গাম্ভীর্যের সাথে ও পবিত্রভাবে পালন করতেন। বর্তমানে এই নিয়মের শিথিলতা দেখা যায়। আমাদের এই পশ্চিমবঙ্গে বর্তমানে ব্রহ্মচর্য অবস্থা ও বেদপাঠের প্রথা অবলুপ্ত। সুতরাং বেদাধ্যয়নই যখন নেই, তখন ব্রহ্মচর্যাদি ব্রতপালন নিরর্থক। তবুও বর্তমানে সমাবর্তন অনুষ্ঠান, সমাবর্তন ভাষণ ইত্যাদি এখনও আধুনিক শিক্ষাব্যবস্থায়ও রয়েছে। তবে বৈদিক যুগে কেবলমাত্র দ্বিজ বালক অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্য এই তিন বর্ণের সমাবর্তন অনুষ্ঠান হত বর্তমানে জাতি, ধর্ম নির্বিশেষে সকলেরই সমাবর্তন হয়। বৈদিক যুগে সমাবর্তনের আগে অধীতবেদ বিদ্যার্থীকে স্নান করতে হতো। বর্তমানে এই প্রথার অবলুপ্তি ঘটেছে। পূর্বে স্নাতকদেরই সমাবর্তন দেওয়া হত এবং এই স্নাতকের প্রকারভেদ হল বিদ্যাস্নাতক, ব্রতস্নাতক এবং বিদ্যাব্রতস্নাতক অর্থাৎ বিদ্যা এবং ব্রতকে অনুসরণ করেই এই বিভাজন করা হয়েছিল বর্তমানে ব্রত পালন করার বিষয়টি লুপ্ত কারণ বর্তমানে ব্রহ্মচর্য ব্যবস্থাই লুপ্ত। তবে বর্তমানে সময়ে সমস্ত বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর সকলকেই সমাবর্তন অনুষ্ঠানের মাধ্যমে সম্মানপত্র দেওয়া হয়। তবে এই নিয়মের ব্যতিক্রমও দেখা যায়। যেমন কলিকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতকদের সমাবর্তন অনুষ্ঠানের মাধ্যমে সম্মানপত্র প্রদান করা হয় না। এই বিশ্ববিদ্যালয়ে স্নাতকদের পরবর্তী স্নাতকোত্তর শিক্ষার্থীদের সমাবর্তন অনুষ্ঠানের মাধ্যমে সম্মানপত্র প্রদান করা হয়। পরীক্ষোত্তীর্ণ ছাত্রছাত্রীদের নিয়ে বিশ্ববিদ্যালয়ের পরিচালকমণ্ডলী আজও প্রাচীনব্যবস্থার অনুরূপ সমাবর্তন অনুষ্ঠান করেন। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের আচার্য (রাজ্যপাল অথবা প্রধানমন্ত্রী অথবা রাষ্ট্রপতি) সমাবর্তন অনুষ্ঠানে সম্মানপত্র সম্প্রদানের সময় প্রাচীন রীতিকে অবলম্বন করেই নিষ্ঠার সঙ্গে বৈদিক যুগে কথিত সমাবর্তন সম্পর্কে যে ভাষণ উল্লেখ করা হত সেই একই ভাষণই প্রদান করেন। প্রসঙ্গত উল্লেখ্য সমাবর্তন উৎসব উপলক্ষ্যে যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রাচীন রীতিকে অবলম্বন করেই, *তৈত্তিরীয় উপনিষদে* উল্লিখিত প্রায় সবগুলো উদ্ধৃতি উদ্ধৃত করেই আচার্য ছাত্রদেরকে ভবিষ্যতের সুনাগরিক হিসেবে প্রতিষ্ঠিত হবার উপদেশ দেন। অবশেষে বলা যেতে পারে যে বর্তমান সমাজে বৈদিক যুগের সমস্ত প্রথা, নিয়ম সম্পূর্ণভাবে মেনে না চললেও আংশিক ভাবে আমাদের সমাজকে সুন্দরভাবে গড়ে তোলার জন্য এই নিয়মকে যুগ যুগ ধরে আমরা অবলম্বন করে চলেছি।

**উল্লেখপঞ্জি**

১. ষটত্রিংশদাব্দিকং চর্যং গুরৌ ত্রৈবেদিকং ব্রতম্ ।
তদর্দ্ধিকং পাদিকং বা গ্রহণান্তিকমেব বা।। মনু ৩.১

২. বিদ্যান্তে গুরুমর্থেন নিমন্ত্রং কৃত্বাঽনুজ্ঞাতস্য বা স্নানম্ । আ. গৃ. ৩/৯/৪

বেদং সমাপ্য স্নাযাত্। গুরুণাঽনুজ্ঞাতঃ। পা.গৃ ২/৬

৩. মহা শান্তিপর্ব ২৪২/২৭-২৯

৪. গুরুবে তু বরং দত্ত্বা স্নাযাদ্বা তদনুজ্ঞযা।
বেদং ব্রতানি বা পারং নীত্বা হ্যুভযমেব বা।। ৩/৫১

৫. উদুত্তমমিতি মেখলামুন্মুচ্য দণ্ডং নিধায বাসোঽন্যত্পরিধাযাদিত্যমুপতিষ্ঠতে। পা.গৃ ২/৬/১৫

৬. পা.গৃ ২/৬/১২-৩২

৭. স যাবন্মন্যেত তাবদধীত্যৈতযা পরিদধাতি। আশ্ব.গৃ.সূ ৩/৩/৪

৮. মহত্ বৈ ভূতং স্নাতকো ভবতীতি বিজ্ঞাযতে। আশ্ব. গৃ.সূ ৩/৯/৮

৯. বিদ্যন্তে গুরুম্ অর্থেন নিমন্ত্র্য কৃতানুজ্ঞাতস্য বা স্নানম্ । আশ্ব.গৃ.সূ ৩/৯/৪।

১০. পা.গৃ ২-৭

১১. যা.সং ৩/৫১

১২. আশ্ব.গৃ ৩/৮-৯

১৩. পা.গৃ ২/৬/১-৪

১৪. তৈ. উ. ১/১১/১-৪

১৫. সত্যেনোত্তভিতা ভূমিঃ সূর্যেণোত্তভিতা দ্যৌঃ।
তেনাদিত্যাস্তিষ্ঠন্তি দিবি সোমো অধি শ্রিতঃ।। ঋ. স. ১০/৮৫/১

১৬. মনু.সং ৬/৯১-৯৩

১৭. অশ্রদ্ধযা হুতং দত্তং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ।
অসদিতুচ্যতে পার্থ ন চ তৎ প্রেত্য নো ইহ।। শ্রী.গী. ১৭/২৮

### নির্বাচিত গ্রন্থপঞ্জি

*আশ্বলায়ন গৃহ্যসূত্র*। জমুনা পাঠক। (সম্পা.)। বারাণসী: চৌখম্বা সংস্কৃত সীরীজ অফিস, ২০১৮।

*উপনিষদ*। অতুলচন্দ্র সেন/ সীতানাথ তত্ত্বভূষণ/ মহেশচন্দ্র ঘোষ। (সম্পা.)। কলকাতা: হরফ প্রকাশনী, ১৯৭৬।

*ঋগ্বেদ সংহিতা*। রমেশচন্দ্র দত্ত ও হিরন্ময় বন্দ্যোপাধ্যায়। (সম্পা.)। কলকাতা: হরফ প্রকাশনী, ১৩৮৫।

*ঋগ্বেদীয় গৃহ্যসূত্র*। অমরকুমার চট্টোপাধ্যায়। (সম্পা.)। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০১।

*পারস্কর গৃহ্যসূত্র*। ব্রহ্মানন্দ ত্রিপাঠী ও জগদীশচন্দ্র মিশ্র। (সম্পা.)। বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০১২।

*পারস্কর গৃহ্যসূত্র*। অশোককুমার বন্দ্যোপাধ্যায়। (সম্পা.)। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪০৬।

*যাজ্ঞবল্ক্যস্মৃতি*। নারায়ণরাম আচার্য। (সম্পা.)। নিউ দিল্লী: রাষ্ট্রীয় সংস্কৃত সংস্থান,২০১০।

*মনুসংহিতা*। মানবেন্দু বন্দ্যোপাধ্যায়। (সম্পা.)। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১৯।

*মহাভারত*। হরিদাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য। (সম্পা.)। কলকাতা: বিশ্ববাণী প্রকাশন, ১৪০০।

*শ্রীমদ্ভগবদ্গীতা*। স্বামী বাসুদেবানন্দ। (সম্পা.)। কলকাতা: উদ্বোধন কার্যালয়, ১৯৬৮।

# বৌদ্ধনয়ে পঞ্চস্কন্ধসমষ্টি

মিঠুন নস্কর

**সংক্ষিপ্তসার**

ভারতীয় দর্শন পরম্পরায় জীব বা আত্মাএক অতিগুরুত্বপূর্ণ তথা বহুল চর্চিত বিষয়। ভারতীয় অধ্যাত্মবাদী দর্শন তথা উপনিষদে জীব বা আত্মাকে নিত্য, শাশ্বত, চেতনকর্তা, ভোক্তা, জ্ঞাতা ইত্যাদি বলা হয়েছে। কিন্তুভগবান বুদ্ধ আত্মা সম্পর্কিত উক্ত বিচারধারাকে অস্বীকার করেছেন।তাঁর মতে, জীব বা আত্মা হল অনিত্য পঞ্চবিধ স্কন্ধের সমষ্টি বা সংঘাত। এই পঞ্চবিধ স্কন্ধ হল- রূপস্কন্ধ, বিজ্ঞানস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ ও সংস্কারস্কন্ধ। বুদ্ধের মতে, *রথ* যেমন দণ্ড, চক্র, রজ্জু, অশ্ব, সারথি ইত্যাদির সমাহার, প্রকৃতার্থে এসবের অতিরিক্ত *রথ* বলে কিছু নেই, তেমনি জীব বা আত্মাও অনিত্য পঞ্চস্কন্ধের সমাহার, তদতিরিক্ত *আত্মা* বলে কিছু নেই।

এখন প্রশ্ন হল,ভারতীয় অধ্যাত্মবাদী দর্শন পরম্পরায় যেখানে নিত্য, শাশ্বত জীব বা আত্মার শ্রেষ্ঠত্ব সর্বত্র প্রতিপাদিত হয়েছে, সেখানে জীব বা আত্মাকে অনিত্য পঞ্চস্কন্ধের সমষ্টি বলার পিছনে বুদ্ধের যুক্তি কী? আর আত্মাকে যদি তিনি অনিত্য তথা ক্ষণিক বলেন, তাহলে স্মৃতি, প্রত্যভিজ্ঞা, পুনর্জন্ম, কর্মফল ইত্যাদির ব্যাখ্যা দেন কীভাবে? যেহেতু তিনি পুনর্জন্ম, কর্মফল ইত্যাদিতে বিশ্বাসী। এই সকল বিষয় তথা বৌদ্ধমতে জীব বা আত্মার প্রকৃত স্বরূপ সম্পর্কে আমার এই গবেষণাপত্রে আলোচিত হয়েছে।

**সূচক শব্দ**

আলয়বিজ্ঞান, ক্ষণিক, নামরূপ, পঞ্চস্কন্ধ, প্রবৃত্তিবিজ্ঞান, সমুদায়।

বৌদ্ধদর্শন প্রতিষ্ঠাপক ভগবান বুদ্ধ মুখ্যতঃ অনাত্মবাদী ছিলেন। অনাত্মবাদই বৌদ্ধধর্মের প্রধান দার্শনিক ভিত্তি, যার উপর বৌদ্ধ সম্প্রদায়ের সমগ্র আচার ও বিচার আশ্রিত। বুদ্ধের মতে, জগৎ তথা জগতের সমস্ত কিছুই ক্ষণিক অর্থাৎ পরিবর্তনশীল, জগতে স্থায়ী দ্রব্য বলে কিছু নেই। জগতের কোনো কিছুই এককক্ষণের বেশি স্থায়ী থাকে না। প্রতিটি ক্ষণের বস্তু, পরবর্তী ক্ষণের বস্তুকে উৎপন্ন করা মাত্রই বিনাশপ্রাপ্ত হয়।[১] সুতরাং অধ্যাত্মবাদী দার্শনিকগণ যে স্থায়ী জীব বা আত্মার কথা বলেন, বৌদ্ধমতে তা অমূলক। তাই ভগবান বুদ্ধ কেবল স্থায়ী জীব বা আত্মাকে অস্বীকার করেছেন তাই নয়, অধ্যাত্মবাদী দর্শন তথা দার্শনিকগণকে তিনি তাঁর উপদেশের মাধ্যমে কঠোর সমালোচনা করেছেন। তাঁর মতে, যদি কোনো ব্যক্তি বলেন যে, সে দেশের সবচেয়ে সুন্দরী রমণীর সাথে প্রেম করে, কিন্তু সে সেই সুন্দরী রমণীর কোনো প্রকার গুণাবলীর সাথে বিন্দুমাত্র পরিচিত নয়, তাহলে সে যেমন বাস্তবে সর্বদা উপহাসের পাত্র হয়, ঠিক তেমনি অদৃষ্ট আত্মার কোনো প্রকার গুণ তথা ধর্মকে না জেনে সেই আত্মার সুখপ্রাপ্তির নিমিত্ত যে সকল ব্যক্তি নানাবিধ কর্ম করে, তারাও ঐ রকম উপহাসের পাত্র হয়। তিনি আরো বলেন, নিত্য জীব বা আত্মার প্রতি বিশ্বাস করার অর্থ হলো এমন এক প্রাসাদে উঠার জন্য সিড়ি তৈরি করা, যাকে কেউ কখনো দেখেনি।[২] সুতরাং সত্তাহীন পদার্থের প্রাপ্তির জন্য প্রচেষ্টা যেমন মুর্খতার সূচক, তেমনি অসৎ আত্মার মঙ্গলের জন্য নানা প্রকার কর্ম করা চরম অজ্ঞতার পরিচয়।

ভারতীয় অধ্যাত্মবাদী দার্শনিকগণ জীব বা আত্মাকে চেতনকর্তা, ভোক্তা, জ্ঞাতা ইত্যাদি বিশেষণে বিভূষিত করেছেন। কিন্তু বৌদ্ধমতে, জগতে জীব বা আত্মা নামক কোনো চেতনকর্তা বা ভোক্তা বা জ্ঞাতা নেই। অধ্যাত্মবাদী দার্শনিকগণ যে চেতনকর্তা, ভোক্তা, জ্ঞাতা ইত্যাদি গুণবিশিষ্ট আত্মার কথা বলেন, তা কেবল সদা পরিবর্তনশীল কতকগুলিদৈহিক ও মানসিক অবস্থাসমূহের প্রবাহমাত্র। অর্থাৎ চেতনার অবিরাম প্রবাহই আত্মা, যা অনিত্য তথা অস্থায়ী। এই প্রবাহে ক্রিয়া আছে কিন্তু কর্তা নেই, কর্ম আছে কিন্তু কর্মী নেই। আমাদের ক্রিয়া বা কর্মের অভিজ্ঞতা হলেও কর্তা বা কর্মীর অভিজ্ঞতা হয় না। অপরোক্ষ অভিজ্ঞতায় যাদের সঙ্গে আমাদের সাক্ষাৎ পরিচয় হয়, তা হল পরিবর্তনশীল কতকগুলি অবস্থাসমূহের- ভালোবাসা বা ঘৃণার, সুখ বা দুঃখের, উষ্ণতা বা শীতলতার, আলোক বা

অন্ধকারের। এসবের অতিরিক্ত কোনো স্থায়ী সত্তা অর্থাৎ জীব বা আত্মার সঙ্গে আমাদের সাক্ষাৎ পরিচয় হয় না। সুতরাং আত্মা কোনো নিত্য পদার্থ নয়, আত্মা হল কতকগুলিপরিবর্তনশীল দৈহিক ও মানসিক অবস্থাসমূহের সমষ্টি বা সংঘাত। বৌদ্ধমতে, যাদের *স্কন্ধ* নামে অভিহিত করা হয়েছে। *স্কন্ধ* শব্দের অর্থ সমুদায় বা সমূহ। যদিও *স্কন্ধ* শব্দের অর্থ নিয়ে দার্শনিকদের মধ্যে মতভেদ রয়েছে। আচার্য মণিভদ্রের মতে, সংসরণ বা বিস্তার লাভ করাই যাদের স্বভাব, তাদের *স্কন্ধ* বলা হয়।[৩] আচার্য গুণরত্ন, *স্কন্ধ* বলতে এক জন্ম থেকে অপর জন্মে গমনকারী চেতন ও অচেতন পদার্থসমূহকে বুঝিয়েছেন।[৪] আবার, দর্শনাঙ্কুর টীকায় বাহ্যভূত ব্যতীত অন্যান্য যে সকল মূর্ত তত্ত্ব রয়েছে, তাদের *স্কন্ধ* বলা হয়েছে।[৫] এই পঞ্চবিধ স্কন্ধ হল- রূপস্কন্ধ, বিজ্ঞানস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ ও সংস্কারস্কন্ধ। এদের মধ্যে *রূপস্কন্ধ* দেহসংক্রান্ত। এবং বিজ্ঞানাদি অপর চারটি স্কন্ধ মনসংক্রান্ত, যাদের একত্রে *নামস্কন্ধ* বলা হয়।[৬] বস্তুতঃ জীব বা আত্মা হল নামরূপের সমাহার বা সংঘাত। সংক্ষেপে পঞ্চস্কন্ধ নিম্নে আলোচনা করা হল-

১. রূপস্কন্ধঃ পঞ্চস্কন্ধের মধ্যে প্রথম স্কন্ধ হল রূপস্কন্ধ। *রূপ* পদটির দুই প্রকার ব্যুৎপত্তি করা হয়েছে। প্রথমটি হল- *রূপ্যন্তে এভির্বিষয়াঃ,* অর্থাৎ যেগুলির সাহায্যে বিষয়সমূহ নিরূপিত হয়, সেই ইন্দ্রিয়গুলিকে রূপ পদটির দ্বারা বুঝতে হবে। দ্বিতীয়টি হল- *রূপ্যন্তে ইতি রূপাণি* অর্থাৎ বিষয়সমূহ। সুতরাং রূপস্কন্ধ বলতে ইন্দ্রিয়সমূহ এবং বিষয়সমূহ উভয়কেই বুঝতে হবে।[৭]

২. বিজ্ঞানস্কন্ধঃ দ্বিতীয় স্কন্ধ হল বিজ্ঞানস্কন্ধ। বিজ্ঞান দুই প্রকার- আলয়বিজ্ঞান ও প্রবৃত্তিবিজ্ঞান। *অহম্* ইত্যাকারক জ্ঞান হল আলয়বিজ্ঞান ওবং *ইদম্* ইত্যাকারক জ্ঞান হল প্রবৃত্তিবিজ্ঞান। এই দ্বিবিধ প্রবাহাপন্ন জ্ঞান *বিজ্ঞানস্কন্ধ* পদবাচ্য। তাই ভামতীকার বলেছেন- *বিজ্ঞানস্কন্ধোঽহমিত্যাকারো রূপাদিবিষয় ইন্দ্রিয়জন্যো বা দণ্ডায়মানঃ*।[৮] আচার্য মণিভদ্রের মতে, বিজ্ঞান বলতে বুঝতে হবে বিশেষ প্রকারের জ্ঞানকে এবং সেই জ্ঞান হল *সকল বস্তুই ক্ষণিক*। অর্থাৎ কোনো বস্তুর পক্ষে স্থায়ী হওয়া সম্ভব নয়, প্রতিক্ষণে বস্তুর উৎপত্তি-বিনাশ ঘটে- এই সিদ্ধান্তের উপলব্ধিই হল বিজ্ঞানস্কন্ধ।[৯] আচার্য গুণরত্নরূপ, রসাদি বিষয়ক নির্বিকল্পক জ্ঞানসমূহকেই বিজ্ঞানস্কন্ধ বলেছেন।[১০]

৩. বেদনাস্কন্ধঃ তৃতীয় স্কন্ধ হল বেদনাস্কন্ধ। *বেদনা* শব্দের অর্থ সুখ-দুঃখাদির অনুভব। রূপস্কন্ধ ও বিজ্ঞানস্কন্ধের সমন্বয়ে উৎপাদিত যে সুখ-দুঃখাদি জ্ঞানের প্রবাহ, তার নাম বেদনাস্কন্ধ। তাই মাধবাচার্য বলেছেন- *প্রাগুক্তস্কন্ধদ্বয়সম্বন্ধজন্যঃ সুখদুঃখাদিপ্রত্যয়প্রবাহো বেদনাস্কন্ধঃ*।[১১] আচার্য গুণরত্নের মতে, সুখ, দুঃখ ও অসুখদুঃখ অবস্থাবিশেষের নাম বেদনাস্কন্ধ। পূর্ব কৃতকর্মের ফলেই সুখ, দুঃখাদি বেদনার উৎপত্তি হয়। এই কর্মফল ভোগ থেকে কারোরই পরিত্রাণ নেই। তাই ভগবান বুদ্ধ তাঁর শিষ্যদের উপদেশ দিতে গিয়ে বলেছেন, হে ভিক্ষুকগণ, আজ থেকে বহু পূর্বে আমি ছুরিকার দ্বারা এক মনুষ্যকে হত্যা করেছিলাম, সেই কর্মের ফলস্বরূপ পায়ে কণ্টকবিদ্ধ হয়ে আজ আমি দুঃখ অনুভব করছি। তাই তর্করহস্যদীপিকা টীকায় বলা হয়েছে-

> ইত একনবতে কল্পে শক্ত্যা মে পুরুষো হতঃ।
> তৎকর্মণো বিপাকেন পাদে বিদ্ধোঽস্মি ভিক্ষবঃ।।[১২]

৪. সংজ্ঞাস্কন্ধঃ চতুর্থ স্কন্ধ হল সংজ্ঞাস্কন্ধ। *সংজ্ঞা* শব্দের অর্থ নাম। যে জ্ঞানসমূহে বস্তুর নামোল্লেখ হয়, সেই জ্ঞানপ্রবাহকে সংজ্ঞাস্কন্ধ বলা হয়। তাই মাধবাচার্য বলেছেন- *গৌরিত্যাদিশব্দোল্লেখিসংবিৎপ্রবাহঃ সংজ্ঞাস্কন্ধ* [১৩] অর্থাৎ *গৌ* প্রভৃতি শব্দের দ্বারা যে সংবিৎ প্রবাহ, তারই নাম সংজ্ঞাস্কন্ধ। আচার্য গুণরত্ন সংজ্ঞাস্কন্ধ বলতে সবিকল্পকজ্ঞানকে বুঝিয়েছেন। তাঁর মতে, নাম, জাতি ইত্যাদি যোজনা করে *এটা গরু, এটা অশ্ব* ইত্যাদি ব্যবহারের প্রযোজক যে সবিকল্পক জ্ঞান, তাকে সংজ্ঞাস্কন্ধ বলে।[১৪]

৫. সংস্কারস্কন্ধঃ পঞ্চম স্কন্ধ হল সংস্কারস্কন্ধ। রাগদ্বেষাদি ক্লেশ, মদমানাদি উপক্লেশ এবং ধর্মাধর্ম হল সংস্কারস্কন্ধ। সর্বদর্শনসংগ্রহকার সংস্কারস্কন্ধকে *বেদনাস্কন্ধনিবন্ধন* বলে অভিহিত করেছেন। কারণ রাগাদি বেদনাস্কন্ধরূপ হেতুর দ্বারাই এদের উৎপত্তি হয়ে থাকে।[১৫] আচার্য গুণরত্ন পাপ, পুণ্য ইত্যাদি ধর্মসমূহের সমুদায়কে সংস্কারস্কন্ধ বলেছেন- *পুণ্যাপুণ্যাদিধর্মসমুদায়ঃ সংস্কারস্কন্ধঃ*।[১৬]

যদিও পঞ্চস্কন্ধের ক্রম নিয়ে আচার্যদের মধ্যে মতভেদ রয়েছে। আচার্য হরিভদ্রসূরী তাঁর *ষড়্দর্শনসমুচ্চয়* গ্রন্থে উপরি উল্লিখিত ক্রমকে অনুসরণ করেননি, তিনি বিজ্ঞানস্কন্ধকে প্রথমে স্থান দিয়েছেন।[১৭] গুণরত্ন, মণিভদ্র প্রভৃতি আচার্যগণ, হরিভদ্রসূরীর এই মতকে সমর্থন করেছেন। আবার, বৌদ্ধাচার্য বসুবন্ধু বিজ্ঞানস্কন্ধকে শেষ অর্থাৎ পঞ্চম স্থান দিয়েছেন।

ভগবান বুদ্ধ তাঁর শিষ্যদের উপদেশ দিতে গিয়ে বলেছেন, হে ভিক্ষুকগণ, এই যে আমার আত্মা, অনুভব কর্তা, অনুভবের বিষয় তথা যত্রতত্র নিজের খারাপ কর্মের বিষয়কে অনুভব করে এবং এই যে আমার আত্মা নিত্য, ধ্রুব, অপরিবর্তনশীল তথা অনন্ত বর্ষ পর্যন্ত এমনই থাকবে- এরূপ ভাবনা অবশ্যই বাল ধর্মের সমান।[১৮] রূপ, বিজ্ঞানাদি পঞ্চস্কন্ধের সমষ্টির পরিবর্তনশীল প্রবাহকে আত্মা নামে ব্যবহারিক প্রয়োগ করা হয় মাত্র। সুতরাং এটাই প্রতীত হয় যে, ভগবান বুদ্ধঅধ্যাত্মবাদী দার্শনিকদের ন্যায় স্থায়ী দ্রব্যরূপে জীব বা আত্মাকে অস্বীকার করলেও পরিবর্তনশীল দৈহিক ও মানসিক অবস্থাসমূহ অর্থাৎ পঞ্চস্কন্ধের সমষ্টিকে জীব বা আত্মারূপে স্বীকার করেছেন। বৌদ্ধভিক্ষু নাগসেন ও গ্রীকরাজ মিলিন্দের আত্মা সংক্রান্ত কথোপকথনে এই তত্ত্বই প্রকাশ পেয়েছে। রাজামিলিন্দ যখন বৌদ্ধসম্মত নৈরাত্মবাদের পূর্ণ তাৎপর্য বুঝতে পারছিলেন না তখন নাগসেন মিলিন্দকে প্রশ্ন করেন, মহারাজ, এই প্রখর রৌদ্র তথা তীক্ষ্ণ কংকরযুক্ত মার্গে আপনি কি পদব্রজে এখানে এসেছেন? তখন মিলিন্দ প্রত্যুত্তরে বলেন, না ভন্তে, আমি রথে করে এসেছি। তখন নাগসেন মিলিন্দকে বলেন, মহারাজ, রথ বলতে আপনি কি বোঝেন? দণ্ড কি রথ? অক্ষ কি রথ? মিলিন্দ না বলায় নাগসেন পুনরায় জিজ্ঞাসা করেন, মহারাজ, তাহলে চক্র কি রথ? এমনি করে রথের প্রত্যেকটি অংশকে পৃথকভাবে রথ কিনা জিজ্ঞাসা করলে রাজা মিলিন্দ শেষে বলেন, দণ্ড, চক্র, অক্ষ ইত্যাদি রথ নয়, এদের সুসংবদ্ধতা হেতু রথ। বস্তুতঃ রথ কেবল ব্যবহারিক নাম মাত্র। তখন নাগসেন রাজা মিলিন্দকে বলেন, যেমন দণ্ড, চক্র, অক্ষ ইত্যাদি রথ নয়, এদের সকলের সমষ্টিকে রথ নামে অভিহিত করা হয়, তেমনি অনিত্য পঞ্চস্কন্ধের সমষ্টিকে জীব বা আত্মা নামে ব্যবহারিক প্রয়োগ করা হয়, তদতিরিক্ত জীব বা আত্মার পৃথক কোনো অস্তিত্ব নেই।[১৯] মহাকবি মাঘও আত্মা সংক্রান্ত এই বৌদ্ধমতকে উপমানরূপে গ্রহণ করেছেন-

> সর্বকার্যশরীরেষু মুক্ত্বাঙ্গস্কন্ধপঞ্চকম্।
> সৌগতানামিবাত্মান্যো নাস্তি মন্ত্রো মহীভৃতাম্।।[২০]

বৌদ্ধমতে, জগৎ তথা জগতের সমস্ত কিছুই ক্ষণিক অর্থাৎ পরিবর্তনশীল। পরিবর্তনই জাগতিক সত্য। সুতরাং স্থায়ী জীব বা আত্মার অস্তিত্ব অমূলক। এখন প্রশ্ন হল, জীব বা আত্মা তথা জগতের সমস্ত কিছুই যদি অস্থায়ী হয়, তাহলে ভগবান বুদ্ধ যে স্মৃতি, প্রত্যভিজ্ঞা, পুনর্জন্ম, কর্মফল ইত্যাদিতে বিশ্বাস করেন, তার ব্যাখ্যা কীভাবে সম্ভব হয়? কারণপূর্ব পরিচিত ব্যক্তি বা বস্তুর সঙ্গে সাক্ষাৎ হলে তাকে আমরা চিনতে পারি। সুতরাং বস্তু মাত্রই যদি পরিবর্তনশীল হয়, স্থায়ী বস্তু বলে যদি কিছুই না থাকে, তাহলে দুটি ভিন্ন কালের ব্যক্তি বা বস্তু ভিন্ন ভিন্ন হবে। কাশীতে দেখা দেবদত্ত কাঞ্চীতে দেখা দেবদত্ত থেকে ভিন্ন ব্যক্তি হবে। ফলে দেবদত্তকে কাশীতে দেখে *এই সেই কাঞ্চীতে দেখা দেবদত্ত* - এরূপ প্রত্যভিজ্ঞা সম্ভব হবে না। আবার, যদি বস্তুর ন্যায় দ্রষ্টা বা জ্ঞাতাও ক্ষণিক বা অস্থায়ী হয়, তাহলে স্মৃতিও সম্ভব হবে না। কারণ স্মৃতির মূলে হচ্ছে পূর্ব প্রত্যক্ষিত বিষয়ের প্রতিরূপ সংস্করণ। কিন্তু বৌদ্ধমতে, উক্ত আপত্তিটি যুক্তিযুক্ত নয়। কারণ, বুদ্ধ পরিবর্তনশীলতার মূলে কোনো স্থায়ী সত্তাকে স্বীকার না করলেও ধারাবাহিকতাকে স্বীকার করেছেন। ফলস্বরূপ অতীত, বর্তমান ও ভবিষ্যতের মধ্যে এক যোগসূত্র রক্ষিত হয়েছে। পূর্বক্ষণের সংস্কার থেকেই বর্তমান ক্ষণের উৎপত্তি। পূর্বক্ষণ ও বর্তমান ক্ষণের বস্তু বা ব্যক্তি অভিন্ন না হলেও তারা ভিন্ন ও অভিন্নের মধ্যবর্তী, অর্থাৎ সদৃশ। সুতরাং পূর্বক্ষণের সংস্কার পরবর্তী ক্ষণগুলিতে সঞ্চারিত হওয়ায় স্মৃতি, প্রত্যভিজ্ঞা সম্ভব হয়।[২১] অনুরূপভাবে, পুনর্জন্ম, কর্মফল ইত্যাদিও সম্ভব হয়। কারণ পরজন্ম, পূর্বজন্ম থেকে স্বতন্ত্র হলেও বিচ্ছিন্ন নয়, পূর্বজন্মের সংস্কার থেকেই পরজন্ম নির্ধারিত হয়। পরিবর্তনশীল বিভিন্ন অবস্থার মধ্যে ধারাবাহিকতা বা যোগসূত্র থাকার ফলে পূর্বজন্ম ও পরজন্ম স্বতন্ত্র হলেও তারা সদৃশ। বৌদ্ধগণ একটি উপমার দ্বারা বিষয়টিকে ব্যাখ্যা করেছেন। একটি দীপশিখার আলো ও উত্তাপ যেমন পরবর্তী ক্ষণের শিখাগুলিতে পরম্পরাগতভাবে সঞ্চারিত হয়, তেমনি একটি দীপশিখা থেকে অন্য একটি

দীপশিখা প্রজ্জ্বলিত করলে, সেটি থেকে অন্য একটি দীপশিখা প্রজ্জ্বলিত করলে এবং এভাবে একটির পর একটি দীপশিখা প্রজ্জ্বলিত করলে পরম্পরাগতভাবে শিখাধারাটি অব্যাহত থাকে। অনুরূপভাবে, বর্তমান জীবন থেকে পরবর্তী জীবন, তার থেকে পরবর্তী জীবন, তার থেকে আবার পরবর্তী জীবন- এইভাবে এক জীবন থেকে অন্য জীবনের উৎপত্তি হলে সেক্ষেত্রে স্থায়ী আত্মারূপে কিছু না থাকলেও জীবনধারাটি নিরবচ্ছিন্নরূপে থাকে। এই জীবনধারার নিরবচ্ছিন্নতাই হল পুনর্জন্ম। সুতরাং স্থায়ী জীব বা আত্মা না থাকলেও স্মৃতি, প্রত্যভিজ্ঞা, পুনর্জন্ম ইত্যাদি সম্ভবপর হয়।[২২]

উপসংহারঃ ভারতীয় চিন্তন পরম্পরায় মূলতঃ যে অর্থে আত্মা শব্দটি প্রযুক্ত হয়েছে, ভগবান বুদ্ধ তা অস্বীকার করেছেন। তাই ভারতীয় দর্শনে বুদ্ধসম্মত আত্মবাদ *নৈরাত্ম্যবাদ* নামে পরিচিত। বুদ্ধের মতে, জীব বা আত্মা কোনো স্থায়ী, শাশ্বত, ধ্রুব ও অপরিবর্তনশীল দ্রব্য নয়, তা হল অনিত্য পঞ্চস্কন্ধের সমষ্টি বা সংঘাত। বস্তুতঃ, বুদ্ধসম্মত অনাত্মবাদ তৎকালীন শাশ্বতবাদ ও নাস্তিত্ববাদ নামক দুটি চরমপন্থা মতবাদের মধ্যবর্তী মতবাদ। শাশ্বতবাদ অনুসারে আত্মা আছে এবং তা স্থায়ী, নিত্য, শাশ্বত ও অপরিবর্তনশীল। আর নাস্তিত্ববাদ অনুসারে আত্মা বলে কিছু নেই। কিন্তু বুদ্ধমতে, আত্মা আছে, তবে তা স্থায়ী দ্রব্যরূপে নেই, আছে কেবল পরিবর্তনের ধারা বা প্রবাহরূপে। যদিও বুদ্ধের এই আত্মা সংক্রান্ত মতবাদ ভারতীয় দর্শনে পুনঃ পুনঃ খণ্ডিত তথা নিন্দিত হয়েছে, তবুও এর গুরুত্বকে কেউ আমরা অস্বীকার করতে পারিনা। কারণ, অধ্যাত্মবাদী দার্শনিকগণ উক্ত আত্মসংক্রান্ত মতবাদকে খণ্ডন করার প্রয়াসে আত্মা সম্পর্কে নতুন নতুন তত্ত্বের সন্ধান পেয়েছেন। তাই বলা যায়, বুদ্ধ নির্দেশিত আত্মা সংক্রান্ত বিচারধারা যেমন সুদূর অতীত থেকে অদ্যাবধি ভারতীয় দর্শনে স্বমহিমায় বিরাজমান, আগামীদিনেও বিরাজমান থাকবে।

**উল্লেখপঞ্জি**


১. সর্বং ক্ষণিকং ক্ষণিকম্। - মাধবাচার্যঃ. *সর্বদর্শনসংগ্রহঃ.* সম্পা. উমাশংকর শর্মা. বারাণসী : চৌখম্বা বিদ্যাভবন, ২০২১, পৃ.৩১ ।

২. পোট্ঠপাদসুত্ত, *দীঘনিকায়* ১।৯ ।

৩. সংসরন্তীতি সংসারিণো বিস্তরণশীলাঃ স্কন্ধাঃ প্রচয়বিশেষাঃ। - হরিভদ্রসূরী. *ষড্দর্শসমুচ্চয়ঃ.* সম্পা. শ্রীনিবাস শর্মা. বারাণসী : চৌখম্বা কৃষ্ণদাস অকাদমী, ২০১২ (দ্বিতীয় সংস্করণ). পৃ.২৫ ।

৪. সংসরন্তি স্থানাৎস্থানান্তরং ভবাদ্ ভবান্তরং বা গচ্ছন্তীত্যেবংশীলাঃ সংসারিণঃ স্কন্ধাঃ সচেতনা অচেতনা বা পরমাণুপ্রচয়বিশেষাঃ - হরিভদ্রসূরী. *ষড্দর্শনসমুচ্চয়.* সম্পা. মহেন্দ্রকুমার জৈন. দিল্লী : ভারতীয় জ্ঞানপীঠ প্রকাশন, ১৯৯৭ (প্রথম সংস্করণ). পৃ.৪০ ।

৫. ভূতব্যতিরিক্তান্যমূর্তানি তত্ত্বানি স্কন্ধশব্দেনোচ্যন্তে। - *দর্শনাঙ্কুরটীকা* ।

৬. সোঽয়ং চিত্তচৈত্তাত্মকঃ স্কন্ধঃ পঞ্চবিধো রূপ-বিজ্ঞান-বেদনা-সংজ্ঞা-সংস্কারসংজ্ঞকঃ। - মাধবাচার্যঃ. *সর্বদর্শনসংগ্রহঃ.* সম্পা. উমাশংকর শর্মা. বারাণসী : চৌখম্বা বিদ্যাভবন, ২০২১, পৃ.৭৫ ।

৭. তত্র রূপ্যন্ত এভির্বিষয়া ইতি রূপ্যন্ত ইতি চ ব্যুৎপত্ত্যা সবিষয়াণীন্দ্রিয়াণি রূপস্কন্ধঃ। - *তদেব* ।

৮. *ভামতী* ২। ২১৮ ।

৯. বিজ্ঞানমিতি বিশিষ্টং জ্ঞানং সর্বক্ষণিকত্বম্। - হরিভদ্রসূরী. *ষড্দর্শসমুচ্চয়ঃ.* সম্পা. শ্রীনিবাস শর্মা. বারাণসী : চৌখম্বা কৃষ্ণদাস অকাদমী, ২০১২ (দ্বিতীয় সংস্করণ). পৃ.২৫ ।

১০. তত্র রূপবিজ্ঞানং রসবিজ্ঞানমিত্যাদি নির্বিকল্পকং বিজ্ঞানং বিশিষ্টজ্ঞানং বিজ্ঞানস্কন্ধঃ। - হরিভদ্রসূরী. *ষড্দর্শনসমুচ্চয়.* সম্পা. মহেন্দ্রকুমার জৈন. দিল্লী : ভারতীয় জ্ঞানপীঠ প্রকাশন, ১৯৯৭ (প্রথম সংস্করণ). পৃ.৪০ ।

১১. মাধবাচার্যঃ. *সর্বদর্শনসংগ্রহঃ.* সম্পা. উমাশংকর শর্মা. বারাণসী : চৌখম্বা বিদ্যাভবন, ২০২১, পৃ.৭৫ ।

১২. হরিভদ্রসূরী. *ষড্দর্শনসমুচ্চয়.* সম্পা. মহেন্দ্রকুমার জৈন. দিল্লী : ভারতীয় জ্ঞানপীঠ প্রকাশন, ১৯৯৭ (প্রথম সংস্করণ). পৃ.৪১ ।

১৩. মাধবাচার্যঃ. *সর্বদর্শনসংগ্রহঃ.* সম্পা. উমাশংকর শর্মা. বারাণসী : চৌখম্বা বিদ্যাভবন, ২০২১, পৃ.৭৫ ।

১৪. তদাত্মকঃ প্রত্যয়ো নামজাত্যাদিযোজনাত্মকং সবিকল্পকং জ্ঞানং সংজ্ঞাস্কন্ধ ইত্যর্থঃ। - হরিভদ্রসূরী. *ষড্দর্শনসমুচ্চয়.* সম্পা. মহেন্দ্রকুমার জৈন. দিল্লী : ভারতীয় জ্ঞানপীঠ প্রকাশন, ১৯৯৭ (প্রথম সংস্করণ). পৃ.৪১ ।

১৫. বেদনাস্কন্ধনিবন্ধনা রাগদ্বেষাদয়ঃ ক্লেশাঃ উপক্লেশাশ্চ মদমানাদয়ো ধর্মাধর্মৌ চ সংস্কারস্কন্ধঃ। - মাধবাচার্যঃ. *সর্বদর্শনসংগ্রহঃ.* সম্পা. উমাশংকর শর্মা. বারাণসী : চৌখম্বা বিদ্যাভবন, ২০২১, পৃ.৭৫ ।

১৬. হরিভদ্রসূরী. *ষড্দর্শনসমুচ্চয়ঃ.* সম্পা. মহেন্দ্রকুমার জৈন. দিল্লী : ভারতীয় জ্ঞানপীঠ প্রকাশন, ১৯৯৭ (প্রথম সংস্করণ). পৃ.৪১ ।

১৭. দুঃখং সংসারিণঃ স্কন্ধাস্তে চ পঞ্চ প্রকীর্তিতাঃ।

১৮. বিজ্ঞানং বেদনা সংজ্ঞা সংস্কারো রূপমেব চ।। - *ষড্দর্শনসমুচ্চয়ঃ,* কারিকা – ৫ ।

১৯. *মজ্ঝিমনিকায়* ১।১।২ ।

*মিলিন্দপ্রশ্ন.* সম্পা. ধর্মাধার মহাস্থবির. কোলকাতা : মহাবোধি বুক এজেন্সি, ২০১৩, পৃ. ২১-২৪ ।

২০. *শিশুপালবধম্* ২।২৮ ।

২১. উপাধ্যায়, বলদেব. *বৌদ্ধ-দর্শন-মীমাংসা.* বারাণসী: চৌখম্বা বিদ্যাভবন, ২০১৩, পৃ.১৯৪ ।

২২. *মিলিন্দপ্রশ্ন.* সম্পা. ধর্মাধার মহাস্থবির. কোলকাতা: মহাবোধি বুক এজেন্সি, ২০১৩, পৃ.৩৫ ।

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**


উপাধ্যায়, বলদেব। *বৌদ্ধ-দর্শন-মীমাংসা* । বারাণসী: চৌখম্বা বিদ্যাভবন, ২০১৭।

কর, গঙ্গাধর। *নাস্তিকদর্শনে প্রমাণতত্ত্ব* । কোলকাতা: যাদবপুর বিশ্ববিদ্যালয়, ২০২১ (প্রথম সংস্করণ)।

ভট্টাচার্য, অমিত। *ভারতীয় দর্শনের রূপরেখা*। কলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০০৯ (তৃতীয় সংস্করণ), ২০০৩ (প্রথম সংস্করণ)।

__। *মাধবাচার্যকৃত সর্বদর্শনসংগ্রহে বৌদ্ধদর্শন*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৭ (প্রথম সংস্করণ)।

মাঘঃ. *শিশুপালবধম্* । সম্পা. শ্রীনিবাস-শর্মা। বোম্বাই: নির্ণয়সাগর প্রেস, ১৯১৭ (সপ্তমসংস্করণম্)।

মাধবাচার্যঃ। *সর্বদর্শনসংগ্রহঃ* । সম্পা. উমাশংকর শর্মা। বারাণসী: চৌখম্বা বিদ্যাভবন, ২০১৭।

সাধুখাঁ, সঞ্জিত কুমার। *মাধবাচার্যকৃত সর্বদর্শনসংগ্রহে বৌদ্ধদর্শন ও জৈনদর্শন* । কলকাতা: সদেশ, ২০১১ (দ্বিতীয় সংস্করণ)।

*সুত্তপিটককা দীর্ঘ-নিকায়* । সম্পা. রাহুল সাংকৃত্যায়ন। সারনাথ: মহাবোধি সভা, ১৯৩৬ (প্রথম সংস্করণ)।

*সুত্তপিটককা মজ্ঝিম-নিকায়* । সম্পা. রাহুল সাংকৃত্যায়ন। সারনাথ: মহাবোধি সভা, ১৯৩৩ (প্রথম সংস্করণ)।

হরিভদ্রসূরী। *ষড্দর্শনসমুচ্চয়* । সম্পা. শর্বাণী গাঙ্গুলী। কলিকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০১০ (প্রথম সংস্করণ)।

---। *ষড্দর্শনসমুচ্চয়* । সম্পা. মহেন্দ্রকুমার জৈন। দিল্লী: ভারতীয় জ্ঞানপীঠ প্রকাশন, ১৯৯৭ (প্রথম সংস্করণ)।

---। *ষড্দর্শনসমুচ্চয়* । সম্পা. শ্রীনিবাস শর্মা। চৌখম্বা কৃষ্ণদাস অকাদমী, ২০১২ (দ্বিতীয় সংস্করণ)।

# *বীরভদ্রদেবচম্পূ*-কাব্যে পদ্মনাভ মিশ্রের রচনাশৈলী: একটি সমীক্ষা

মনিকা হাঁসদা

**সংক্ষিপ্তসার**

শিষ্ট সংস্কৃত সাহিত্যে গদ্য ও পদ্যের সংমিশ্রণে রচিত একটি বিশেষ কাব্যধারা চম্পূকাব্য নামে পরিচিত। এই চম্পূকাব্যকে মিশ্রকাব্য বলা যায়। গুরুত্বের দিক দিয়ে বিচার করলে চম্পূকাব্য অন্যান্য মহাকাব্য প্রভৃতির সমান না হলেও সংস্কৃত সাহিত্যের বিকাশে এই বিশেষ ধারার অবদান নিঃসন্দেহে স্বীকার করতেই হয়। সংস্কৃত কাব্যশাস্ত্র পরম্পরায় সর্বপ্রথম গণ্য করা হয় আচার্য ভরতমুনিকে। তাঁর নাট্যশাস্ত্রে চম্পূকাব্যের কোনো উল্লেখ পাওয়া যায় না। চম্পূকাব্যের কথা প্রথম উল্লেখ করেন আচার্য দণ্ডী তাঁর *কাব্যাদর্শ* গ্রন্থে। তিনি বলেছেন গদ্য-পদ্যময় কাব্য চম্পূ নামে অভিহিত হয়। খ্রিস্টিয় পঞ্চদশ শতকের পরবর্তীকালে পদ্মনাভ মিশ্র রচিত *বীরভদ্রদেবচম্পূ* পাওয়া যায়। এই চম্পূকাব্যটি ঐতিহাসিক বৃত্তান্ত অবলম্বনে রচিত। উক্ত চম্পূকাব্যে কবি বিভিন্ন অলংকার, ছন্দ, রীতি, গুণ ও রসের মনোহারী প্রয়োগে খুব সুন্দরভাবে কাব্যের সৌন্দর্য উপস্থাপন করেছেন। আলোচ্য গবেষণা নিবন্ধের বিষয় হল *বীরভদ্রদেবচম্পূ* কাব্যে পদ্মনাভ মিশ্রের রচনাশৈলী। কাব্যসৌন্দর্যের (ছন্দ, অলংকার, গুণ, রীতি, রস) মাপকাঠিতে এই কাব্যের পর্যালোচনা করাই হল এই নিবন্ধের মূল বিষয়।

**সূচক শব্দ**

পদ্মনাভ, চম্পূ, গুণ, রীতি রস, অলংকার।

## ভূমিকা

মানুষ সামাজিক জীব। সমাজে নিজের অস্তিত্ব বাঁচিয়ে রাখার জন্য তাকে নিরন্তর সংঘর্ষ বা লড়াই করতে হয়। এই লড়াই তাকে নিজের সঙ্গে, অন্য ব্যক্তিদের সঙ্গে এবং প্রকৃতির সঙ্গেও করতে হয়। ফলস্বরূপ তার সুখ, দুঃখ, আনন্দ, ক্রোধ প্রভৃতি নানা প্রকার অনুভূতি হয়। এই সমস্ত প্রকারের অনুভূতি এবং অভিব্যক্তির যোগ বাণীর মাধ্যমে প্রকাশিত হয়ে 'বাঙ্ময়' রূপ পায়। বৈদিক কাল থেকে আজ পর্যন্ত সংস্কৃত বাঙ্ময়ের ধারা অজস্র গতিতে প্রবাহিত হয়ে চলেছে। রাজশেখর বাঙ্ময়কে কাব্য ও শাস্ত্র এই দুটি ভাগে ভাগ করেছেন। আচার্য দণ্ডী *কাব্যাদর্শে* কাব্যের তিনটি ভেদের কথা বলেছেন- 'গদ্যং পদ্যং চ মিশ্রং চ তত্ ত্রিধৈব ব্যবস্থিতম্'।[১] গদ্য পদ্য মিশ্রিত শৈলীতে নির্মিত কাব্যকে মিশ্রকাব্য বলা হয়। মিশ্রকাব্যের উৎকৃষ্ট অঙ্গ হল চম্পূকাব্য। আচার্য দণ্ডী চম্পূ সম্পর্কে *কাব্যাদর্শে* বলেছেন- 'গদ্যপদ্যময়ী কাচিচ্চম্পূরিত্যভিধীয়তে'।[২] *সাহিত্যদর্পণ*কার আচার্য বিশ্বনাথ কবিরাজও গদ্য ও পদ্যে রচিত কাব্যকেই চম্পূ বলেছেন- 'গদ্যপদ্যময়ং কাব্যং চম্পূরিত্যভিধীয়তে'।[৩] বিভিন্ন ঐতিহাসিক, আলংকারিক ও টীকাকার চম্পূ সম্পর্কে বিভিন্ন মতামত প্রকাশ করেছেন। এই নিবন্ধে সেগুলির বিশদ আলোচনা করার প্রয়োজন নেই বলে আলোচনা করা হল না।

চম্পূকাব্যের মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন রচনা ত্রিবিক্রমভট্টের *নলচম্পূ*। মহাভারতের বনপর্বের নল-দময়ন্তীর আখ্যান অবলম্বনে রচিত এই কাব্যটি সাতটি উচ্ছ্বাসে নিবদ্ধ। আরো একটি উল্লেখযোগ্য চম্পূকাব্য হল জৈনকবি সোমদেব রচিত *যশস্তিলকচম্পূ*। রামায়ণ কাহিনী অবলম্বনে রচিত সংস্কৃত চম্পূকাব্যের ইতিহাসে সর্বাপেক্ষা জনপ্রিয় গ্রন্থ হল *চম্পূরামায়ণ*। সংস্কৃত সাহিত্যে আরো বহু চম্পূকাব্য পাওয়া যায়। অনন্তভট্ট রচিত *ভারতচম্পূ*, জীবগোস্বামী রচিত *গোপালচম্পূ*, রামানুজ রচিত *রামানুজচম্পূ*, দৈবজ্ঞসূরী রচিত *নৃসিংহচম্পূ*, পদ্মনাভ মিশ্র রচিত *বীরভদ্রদেবচম্পূ* প্রভৃতি অনেক চম্পূকাব্য সংস্কৃত সাহিত্যকে সমৃদ্ধ করেছে।

## কবি পরিচিতি

*বীরভদ্রদেবচম্পূ* কাব্যের রচয়িতা হলেন পদ্মনাভ মিশ্র। পদ্মনাভ মিশ্রের পিতার নাম বলভদ্র মিশ্র এবং মাতার নাম বিজয়শ্রী। এই তথ্য উক্ত চম্পূকাব্যের প্রত্যেক উচ্ছ্বাসের শেষে উল্লেখিত।

'...যুবরাজ-শ্রী-বীরভদ্রদেব-চরিতে মিশ্র-শ্রী-বলভদ্রাত্মজ-বিজয়শ্রী-গর্ভসম্ভব-সকলশাস্ত্রারবিন্দ-প্রদ্যোতন-ভট্টাচার্য-শ্রী পদ্মনাভবিরচিতে...'।[৪]

কবির জন্মস্থান নিশ্চিতভাবে জানা যায় না। তবে এটা স্পষ্ট যে, তিনি মূলতঃ পূর্ব ভারতের অধিবাসী ছিলেন। কবি 'সকলশাস্ত্রারবিন্দ প্রদ্যোতন-ভট্টাচার্য' উপাধি পেয়েছেন। আলোচ্য চম্পূকাব্যের প্রত্যেক উচ্ছ্বাসের শেষে এই উপাধির উল্লেখ রয়েছে। কবির বিভিন্ন শাস্ত্রে পাণ্ডিত্য দেখে এই উপাধি সমীচীন বলে মনে হয়। বিভিন্ন বিষয়ের উপর কবির সম্ভবতঃ ১৫টি রচনার উল্লেখ পাওয়া যায়। তার মধ্যে *কিরণাবলী ভাস্কর* হল কবির সর্বশ্রেষ্ঠ রচনা। কবির দ্বিতীয় উল্লেখযোগ্য গ্রন্থ হল *প্রশস্তপাদভাষ্য* -এর উপর *সেতু টীকা*। কাব্যশাস্ত্রের লক্ষণ গ্রন্থের অন্তর্গত তাঁর মহত্ত্বপূর্ণ রচনা *শরদাগম বা চন্দ্রালোক প্রকাশ*। এটি *চন্দ্রালোক*-এর উপর রচিত টীকা গ্রন্থ।

**রচনাকাল**

আলোচ্য *বীরভদ্রদেবচম্পূ* কাব্যের রচনাকাল নিশ্চিতরূপে জানা যায়। সপ্তম উচ্ছ্বাসের অন্তিম শ্লোকে স্পষ্টভাবে উল্লেখ করেছেন কবি।

> যুগরামর্তুশশাঙ্কে বর্ষে চৈত্রে সিতে প্রথমে।
> শ্রীবীরভদ্রচম্পূঃ পূর্ণাভূচ্ছ্রেয়সে বিদুষাম্।।[৫]

এই শ্লোকে যুগরামর্তুশশাঙ্ক পদটির বিশ্লেষণ করলে বোঝা যায় যে, যুগ অর্থাৎ সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই চারটি যুগের কথা বলা হয়েছে। রাম অর্থাৎ বলরাম, পরশুরাম ও রামচন্দ্র এই তিন রাম প্রসিদ্ধ। ঋতু বলতে ছয়টি ঋতু ও শশাঙ্ক অর্থাৎ চাঁদকে বোঝায়। অতএব উক্ত পদটি থেকে ৪৩৬১ সংখ্যাগুলি পাওয়া গেল।

কাল নির্ধারণের সময় প্রাচীন প্রসিদ্ধ নিয়ম অনুসারে 'অঙ্কস্য বামা গতিঃ' সূত্রানুযায়ী বামদিক থেকে সংখ্যাগুলি ধরা হয়। এইভাবে ১৬৩৪ বর্ষ প্রাপ্ত হল। শ্লোকের অর্থানুসারে বিক্রম সংবত্ ১৬৩৪ অর্থাৎ ১৫৭৭ খ্রিস্টাব্দের চৈত্রমাসে শুক্লপক্ষের প্রথম দিন কবি *বীরভদ্রদেবচম্পূ* কাব্যটি সম্পূর্ণ করেছেন।

**সংক্ষিপ্ত বিষয়বস্তু**

পদ্মনাভ মিশ্র রচিত *বীরভদ্রদেবচম্পূ* সাতটি উচ্ছ্বাসে নিবদ্ধ। প্রতিটি উচ্ছ্বাসের সংক্ষিপ্ত পরিচয় নিম্নরূপ-

প্রথম উচ্ছ্বাস: কাব্যের প্রারম্ভে কবি শিব ও পার্বতীর স্তুতি করেছেন। মন্দোদরী ও বিভীষণের সংলাপ দিয়ে কাব্যের আরম্ভ হয়েছে। রামচন্দ্রের পুত্রের নাম বীরভদ্র। বীরভদ্রের সেনাদলের অভিযানে আকাশে ধুলো উড়ছে। বার্তালাপের মধ্যে দিয়ে জানা যাচ্ছে রামচন্দ্রের রাজধানী গহোরা। কোনো কারণে রামচন্দ্র বান্ধবগড় দুর্গে বাস করছেন। বীরভদ্রদেবের বিজয়যাত্রার ভয়ংকর ধ্বনির কথা নারদ বলছেন এবং মন্দোদরী এই কথা শুনে পুনর্নিবাসের আশঙ্কায় ভীত-সন্ত্রস্ত হয়ে পড়েছেন। বীরভদ্রদেব বিজয়াভিযান শুরু করবেন বলে সসৈন্যে বান্ধবগড়ে পৌছালেন।

দ্বিতীয় উচ্ছ্বাস: সেনা প্রয়াণের ফলে বিভিন্ন দেশে ব্যাপ্ত ভয়ের কারণ বর্ণনা করছেন বিভীষণ। রাজাদের স্ত্রীরা ভয়ে জঙ্গলে পালিয়ে গিয়ে একাকী জীবন অতিবাহিত করছেন। তাদের দুর্দশার কথা এখানে বর্ণিত।

তৃতীয় উচ্ছ্বাস: বিভীষণ মন্দোদরীর কাছে সিঙ্গরৈলী দেশের রাজাদের স্ত্রীদের অত্যন্ত ভীতিপ্রদ দশার কথা বললেন। রোহতাস দেশের স্ত্রীদেরও একই অবস্থা। বীরভদ্রের কাছে কামতাধিনাথ দূত কবি পত্র নিয়ে উপস্থিত হলেন যুদ্ধ বন্ধ করার উদ্দেশ্যে। বীরভদ্র যুদ্ধ বন্ধ করে দিলেন। প্রাচীনকালে যুদ্ধের সময় জঙ্গলে পালিয়ে যাওয়া রাজাদের স্ত্রীদের দশা কতটা করুণ হতে পারে কবি তা দেখিয়েছেন।

চতুর্থ উচ্ছ্বাস: রামচন্দ্রের প্রশস্তি করা হয়েছে। বিভীষণের দূত অযোধ্যা থেকে রামচন্দ্রের জন্মদিনের উৎসব দেখে ফিরেছেন।

পঞ্চম উচ্ছ্বাস: দূত অযোধ্যা থেকে লঙ্কায় ফেরার সময় বিভিন্ন স্থানগুলি অর্থাৎ প্রয়াগ, অলর্ক নগরী, বিন্ধ্য পর্বত প্রভৃতি স্থানগুলি ভালোভাবে পর্যবেক্ষণ করে প্রতিটি স্থানের নামের সার্থকতা জানাচ্ছেন।

ষষ্ঠ উচ্ছ্বাস: বীরভদ্রদেব সম্পর্কে বিস্তৃত বর্ণনা রয়েছে। দূত বান্ধবদুর্গ পরিসরে বিশাল সৈন্যসমুদ্র দেখলেন। চৌহান, পংবার, চন্দ্রেল, সূর্যবংশী, চন্দ্রবংশী, ভরদ্বাজ, কুশিক প্রভৃতি জাতির সৈনিকগণ সম্মিলিত হয়েছেন। এইভাবেই বিশাল ভয়ংকর সেনার অভিযান শুরু হল।

সপ্তম উচ্ছ্বাস: দূত সেনাদের রত্নপুরে পৌছাতে দেখলেন। রত্নপুর নগরের লোক সেনাদের দেখে ভয়ে দাঁড়িয়ে পড়েছে। সেনাদের হাতি, ঘোড়া প্রভৃতিও ব্যস্ত। জঙ্গলের পশু ও পক্ষীও ভয়ে মুমূর্ষু। এই পরিস্থিতিতে রামচন্দ্রের আদেশে বীরভদ্রদেব আবার নিজ স্থানে বিরাজ করছেন।

**ছন্দো বিশ্লেষণ**

পদ্মনাভ মিশ্র রচিত *বীরভদ্রদেবচম্পূ* কাব্যের গদ্যে যেমন সৌন্দর্য রয়েছে তেমনি পদ্যেও রমণীয়তা বিদ্যমান। কবি বিভিন্ন ছন্দের ব্যবহারে চম্পূকাব্যটির উৎকর্ষ বিধান করেছেন। যেমন- অনুষ্টুপ্, ইন্দ্রবজ্রা, মালিনী, স্রগ্ধরা, শার্দূলবিক্রীড়িত ইত্যাদি।। বিভিন্ন ছন্দের প্রয়োগ কবির রচনাশৈলীর গুণগত মান চিনিয়ে দেয়। প্রথম উচ্ছ্বাসের দ্বিতীয় শ্লোকে শার্দূলবিক্রীড়িত ছন্দের ব্যবহার প্রশংসনীয়-

হিত্বা তাতগিরা স্বারাজ্যপদবীং গত্বা দ্রুতং দণ্ডকা-
রণ্যান্তঃ খরদূষণত্রিশিরসাং ছিত্বা শিরাংস্যাদরাত্।

হত্বা বালিদশাননৌ তদনুজং রাজ্যেভিষিচ্যাচিরা-
দাযাতঃ শ্রিতপুষ্পকো নিজপুরং সীতাসমেতো হরিঃ।।[৬]

প্রথম উচ্ছ্বাসের ষষ্ঠ, সপ্তম, নবম- এই শ্লোকগুলিও শার্দূলবিক্রীড়িত ছন্দের উদাহরণ। শার্দূলবিক্রীড়িত ছন্দের লক্ষণ প্রসঙ্গে আচার্য গঙ্গাদাস বলেছেন- 'সূর্য্যাশ্বৈর্মসজস্ততাঃ সগুরবঃ শার্দূলবিক্রীডিতম্'।[৭] প্রতিপাদে ক্রমানুসারে ম, স, জ, স, ত, ত গণ এবং একটি গুরুবর্ণ থাকে এবং দ্বাদশ অক্ষরে ও তার পরবর্তী সপ্তমাক্ষরে যতি থাকে তাকে শার্দূলবিক্রীড়িত ছন্দ বলা হয়। প্রথম উচ্ছ্বাসে কবি ধূলির অসাধারণ চিত্তাকর্ষক বর্ণনা স্রগ্ধরা ছন্দে করেছেন।

নীলাকাকোলভাযা দিনকরদুহিতর্নিম্নগাযাঃ করালা
সংগ্রামক্ষোনিপৃষ্ঠ-প্রতিভটনিকটাকৃষ্টখড্গ-প্রভাযাঃ।

প্রাবৃষ্টপ্রারব্ধ-বৃষ্টিপ্রসরদুরুজলক্ষালিত-ব্যোমকান্তি,
প্রাযাদিকচক্রবালং কবলযতিতরাং বারিণা ধূমযষ্টিঃ।।[৮]

আচার্য গঙ্গাদাস ছন্দোমঞ্জরী গ্রন্থে স্রগ্ধরার লক্ষণ সম্পর্কে বলেছেন- 'ম্রভ্নৈর্যানাং ত্রযেণ ত্রিমুনিযতিযুতা স্রগ্ধরা কীর্তিতেযম্'।[৯] অর্থাৎ ম, র, ভ, ন, য, য, য- এই সাতটি গণ মিলিয়ে স্রগ্ধরা ছন্দ হয়। এই ছন্দে **২১**টি অক্ষর থাকে।

মালিনী ছন্দের উদাহরণ-

সহজধবলমচ্ছং ভালবালেন্দুযোগা-
দপি চ বিমলকান্তিঃ স্বধুর্নীবারিপূরৈঃ।

নিজবপুরমৃতাভং নির্জিতং যস্য কীর্ত্যা
ধবলযতি নিতান্তং ভস্মনা ভূতনাথঃ।।[১০]

ছন্দোমঞ্জরী গ্রন্থে আচার্য গঙ্গাদাস মালিনী ছন্দের লক্ষণ প্রসঙ্গে বলেছেন- 'ননমযযযুতেযং মালিনী ভোগিলোকৈঃ'।[১১]

**অলংকার বিশ্লেষণ**

অলংকার কাব্যের সৌন্দর্য বিধান করে। অলংকারবিহীন কাব্য রসিকজনের কাছে আদরণীয় হয় না। দণ্ডী *কাব্যাদর্শে* বলেছেন- 'কাব্যশোভাকরান্ ধর্মানলংকারান্ প্রচক্ষতে'।[১২] আচার্য বিশ্বনাথ কবিরাজ সাহিত্যদর্পণ গ্রন্থে বলেছেন অলংকার কাব্যের উৎকর্ষের হেতু। অলংকারসমূহ কটক-কুণ্ডলাদির মত সৌন্দর্য বিধান করে- 'অলংকারাঃ কটককুণ্ডলাদিবত্'।[১৩] আচার্য বামনও বলেছেন সৌন্দর্যই কাব্যের অলংকার- 'সৌন্দর্যমলংকারঃ'।[১৪]

পদ্মনাভ রচিত *বীরভদ্রদেবচম্পূতে* শব্দালংকার ও অর্থালংকারের মনোহারী প্রয়োগ দৃষ্ট হয়। গদ্যাংশে ও পদ্যাংশে উভয় জায়গাতেই অনুপ্রাসের ব্যবহার করেছেন কবি। গদ্যাংশে অনুপ্রাস অলংকারের উদাহরণ- 'প্রত্যর্থিপার্থিব-সার্থকদর্থনাসার্থক-মনোরথস্য নিরস্তগণনার্থিব্রাত-কৃতার্থীকরণাল্পীকৃত-কল্পতরুযশসঃ...'।[১৫] এখানে প, ত, থ, ন বর্ণের পুনরাবৃত্তির ফলে অনুপ্রাস হয়েছে এবং সার্থক, সার্থক শব্দের পুনরাবৃত্তিতে শব্দচমৎকৃতির সৃষ্টি হয়েছে। 'আনৃত্তাবৃতপ্রবৃত্ত-ধূর্জটিজটাজূট-স্খলদমন্দমন্দাকিনীপ্রবাহপটলপ্রক্ষালিত-তদ্বালমূলমিলিতাকলংককলানিধি...'।[১৬] এখানেও জ, ট, ত, ম, ল, প, ক বর্ণের পুনরাবৃত্তিতে কবি বর্ণানুপ্রাসের প্রয়োগ করেছেন। কবি যেমন শব্দালংকারের প্রয়োগ করেছেন তেমনি বিভিন্ন অর্থালংকারের প্রয়োগে চম্পূকাব্যটি উৎকৃষ্টতা বিধান করেছে। সংস্কৃত অলংকারশাস্ত্রের প্রসিদ্ধ উপমা অলংকার প্রায় সমস্ত কবি তাঁদের রচনায় প্রয়োগ করেছেন। কবি পদ্মনাভ মিশ্রও তার ব্যতিক্রম নন। তিনিও অসাধারণ উপমার প্রয়োগে কাব্যসৌন্দর্য বৃদ্ধিতে সহায়তা করেছেন। যেমন-

> শক্ত্যা স্কন্দ ইব শ্রিযা স্মর ইব খ্যাত্যা বিবস্বানিব।
> স্ফীত্যা শক্র ইবাত্র রাজতি সদা শ্রীরামচন্দ্রো নৃপঃ।।[১৭]

উক্ত শ্লোকে কার্তিক, কামদেব, সূর্য ও ইন্দ্রের সঙ্গে রামচন্দ্রের তুলনা করেছেন। গহোরা নগরীর বর্ণনা করতে গিয়ে কবি চমৎকার উপমার প্রয়োগ করেছেন-

> যা পর্বতৈর্বসুমতীব বৃতা সমন্তা-
> দম্ভোজিনীবধৃতবল্গু শিলীমুখা চ।
>
> রাকেব সদ্দ্বিজপতিঃ করিণাং ঘটেব
> দানাবদানচরিতপ্রথিতা বিভাতি।।[১৮]

প্রাচীন কাব্য-পরম্পরায় দেখা যায় কবি প্রস্তুতের বর্ণনা করতে গিয়ে কখনো কখনো উর্ধ্বগামী কল্পনার আশ্রয় নিয়ে থাকেন। মূল বর্ণনীয় বিষয় থেকে বেরিয়ে অন্য বিষয়ে চলে যান। ফলে উৎপ্রেক্ষা, অতিশয়োক্তির মত অলংকার সৃষ্টি হয়। উক্ত কাব্যেও পদ্মনাভ রাজার প্রশংসা করতে গিয়ে অতিশয়োক্তি অলংকারের প্রয়োগ করেছেন। অতিশয়োক্তির উদাহরণ এইভাবে দিয়েছেন যে, বীরভদ্রের বিজয়প্রয়াণ বিদ্যুদ্বেগে গঙ্গাসাগর পর্যন্ত পৌঁছে গিয়েছিল।

> গংগাসাগরসংগমাবধি ভবৎপ্রত্যর্থিপৃথ্বীভৃতো
> গত্বা বীরচযং নিরুদ্ধগতযঃ পাথো ধিনাগ্রে ততঃ।
>
> ক্রমস্ত্বাং বিরমাখিলক্ষিতিপতে! যাত্রোৎসবাৎসাম্প্রতং
> যদ্বোত্থাপযসে ন চেত্ পৃতনযা ক্ষোণীরজোধোরণী।।[১৯]

উক্ত শ্লোকে কামতাধিনাথের দূত প্রার্থনা করছে যে বীরভদ্র সমুদ্র থেকে যেন সামনে যাত্রা না করেন। তারপর বীরভদ্র সঙ্গে সঙ্গে ফিরে এসেছেন। এখানে বাস্তবিকতা এটাই যা ঐতিহাসিকভাবে কেবলমাত্র রত্নপুর পর্যন্ত সেনা অভিযান হয়েছিল। তারপর রাজার প্রশংসার জন্য সমুদ্র পর্যন্ত বর্ণনা কবির কল্পনামাত্র ছিল।

**গুণ ও রীতি বিশ্লেষণ**

আচার্য ভরত থেকে শুরু করে জগন্নাথ পর্যন্ত প্রায় সমস্ত আলংকারিক বলেছেন কাব্যে গুণের প্রয়োগ অবশ্যই প্রয়োজন। আচার্য দণ্ডী *কাব্যাদর্শে* দশটি গুণের কথা বলেছেন- শ্লেষ, প্রসাদ, সমতা, মাধুর্য, সুকুমারতা, অর্থব্যক্তি, উদারত্ব, ওজঃ, কান্তি ও সমাধি। তিনি এই দশটি গুণকে বৈদর্ভ মার্গের প্রাণ বলেছেন। বামন বলেছেন- 'কাব্যশোভাযাঃ কর্তারো ধর্মা গুণাস্তদতিশযহেতবস্ত্বলংকারাঃ'।[২০] অর্থাৎ কাব্যের সৌন্দর্য প্রথমে সৃষ্টি হয় গুণের দ্বারা তারপর তা বৃদ্ধি পায় অলংকার প্রয়োগের দ্বারা। বামন তাঁর *কাব্যালংকারসূত্রবৃত্তি*তে রীতি সম্পর্কে বলেছেন- 'রীতিরাত্মা কাব্যস্য'।[২১] অর্থাৎ রীতিই হল কাব্যের আত্মা।

*বীরভদ্রদেবচম্পূ* তে দীর্ঘসমাসবদ্ধ পদের প্রয়োগ করেছেন কবি। বাণভট্টের কাদম্বরীতে দীর্ঘ সমাসবদ্ধ পদের সন্নিবেশ রয়েছে। বাণভট্টের রচনা দ্বারা আলোচ্য চম্পূকাব্যের কবি প্রভাবিত হয়েছেন বলে মনে হয়। প্রথম উচ্ছ্বাসে নায়ক বীরভদ্রের বর্ণনা করতে গিয়ে দীর্ঘ সমাসযুক্ত বাক্যের প্রয়োগ করেছেন- 'আনৃত্তাবৃতপ্রবৃত্ত-ধূর্জটিজটাজূটস্থল-মন্দমন্দাকিনীপ্রবাহপটলপ্রক্ষালিত-তদ্বালমূলমিলিতাকলংককলানিধি-খণ্ডকরনিকরাক্রান্ত-হিমাচলশিলাশকলনিপতিতপুণ্ডরীকপাণ্ডুরযশো-মণ্ডল...'।[২২]

সপ্তম উচ্ছ্বাসের অন্তিমেও দীর্ঘসমাসযুক্ত পদের পয়োগ লক্ষণীয়। এই সমস্ত দীর্ঘসমাসযুক্ত বাক্যের বা পদের সন্নিবেশ দেখে বোঝা যায় যে কবি গৌড়ী রীতি অবলম্বন করেই এই চম্পূকাব্যটি রচনা করেছেন। আচার্য বামন তাঁর *কাব্যালংকারসূত্রবৃত্তি* গ্রন্থে গৌড়ী রীতি সম্পর্কে বলেছেন– 'ওজঃ কান্তিমতী গৌডীযা'।[২৩] গৌড়ী রীতির কবিরা দীর্ঘসমাসযুক্ত পদ বা বাক্য প্রয়োগ করে থাকেন। দীর্ঘসমাস বেশি প্রয়োগ থাকলে ওজোগুণের সৃষ্টি হয়। *কাব্যাদর্শে* দণ্ডী বলেছেন- 'ওজঃ সমাসভূযস্ত্বম্'।[২৪] আবার উক্ত চম্পূকাব্যের গদ্যাংশেই প্রসাদ গুণযুক্ত ও বৈদর্ভী রীতির প্রয়োগ কবি খুব সুন্দরভাবে উপস্থাপন করেছেন – 'অস্তি কিল সুমেরুরিব সুবর্ণাশ্রিযো, হিমাচল ইব পরতেজোভিরসন্তাপিতো, মন্দর ইবাহিতানেকবাহিনীনাথঃ পূর্বাচল ইব ভাস্বদ্ভূঃ, পশ্চিমাদ্রি রিবার্পিতপরতেজোস্তমযঃ, কৈলাস ইব সন্নিহিতচন্দ্রচূডো...'।[২৫] দণ্ডী কাব্যাদর্শে প্রসাদ গুণ সম্পর্কে বলেছেন- 'প্রসাদবৎ প্রসিদ্ধার্থম্'।[২৬] আচার্য বামন তাঁর কাব্যালংকারসূত্রবৃত্তি গ্রন্থে বৈদর্ভী রীতি সম্পর্কে বলেছেন–'সমগ্রগুণোপেতা বৈদর্ভী'।[২৭]

**রসবিশ্লেষণ**

*বীরভদ্রদেবচম্পূ*-কাব্যের অঙ্গী রস হল বীর। কারণ প্রথম উচ্ছ্বাস থেকে সপ্তম উচ্ছ্বাস পর্যন্ত নায়ক বীরভদ্রদেবের বিজয়াভিযানের বর্ণনা রয়েছে, তাই বীর রসের প্রাধান্য রয়েছে। কিন্তু কবি বিষয়ের আবশ্যকতা অনুসারে তৃতীয় উচ্ছ্বাসে প্রাচীনকালে যুদ্ধের সময় জঙ্গলে পালিয়ে যাওয়া রাজাদের স্ত্রীদের দশা কতটা করুণ হতে পারে তা বর্ণনা করতে গিয়ে করুণ রসের সৃষ্টি করেছেন।

**উপসংহার**

*বীরভদ্রদেবচম্পূ* কাব্যে গদ্য ও পদ্যের রম্য প্রয়োগ লক্ষণীয়। কবি শব্দালংকার ও অর্থালংকার ব্যবহারে এই চম্পূকাব্য রচনাশৈলীর দিক দিয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। অনুপ্রাস, উপমা, অতিশয়োক্তি প্রভৃতি অলংকারের প্রয়োগ রয়েছে। ছন্দঃ, গুণ, রীতি, রস, অলংকারাদির সুষম প্রয়োগে আলোচ্য চম্পূকাব্যে কাব্যসৌন্দর্যের সাধক সমস্ত গুণই বিদ্যমান রয়েছে। এই কাব্যের অন্যতম গুরুত্ব হল এই যে, খ্রিস্টিয় ষোড়শ শতকেও চম্পূজাতীয় কাব্যের সমাদর কতখানি ছিল তা এর মাধ্যমে প্রমাণিত হয়। দ্বিতীয়তঃ, ঐ সময়ে কী ধরনের রচনাশৈলী জনপ্রিয় ছিল তাও এই কাব্য থেকে বোঝা যায়। এই নিবন্ধের বিষয় কবির রচনাশৈলী, এবং এই স্বল্প পরিসরে এর অন্যবিধ গুরুত্বের আলোচনাও সম্ভব নয়, কিন্তু এই কাব্যের ঐতিহাসিক-সামাজিক দিকটিও গবেষণার অপেক্ষা রাখে।

**উল্লেখপঞ্জি**

১. দণ্ডী, *কাব্যাদর্শ,* ১.১১।

২. *তদেব,* ১.৩১।

৩. বিশ্বনাথ, *সাহিত্যদর্পণ,* ৬.৩১২।

৪. পদ্মনাভ মিশ্র, *বীরভদ্রদেবচম্পূ,* প্রথম উচ্ছ্বাস, পৃ. ৪০।

৫. *তদেব,* ৭.৭।

৬. *তদেব,* ১.২।

৭. গঙ্গাদাস, *ছন্দোমঞ্জরী,* ২.১৯৮।

৮. পদ্মনাভ মিশ্র, *প্রাগুক্ত,* ১.৫।

৯. গঙ্গাদাস, *প্রাগুক্ত,* ২.২১২।

১০. পদ্মনাভ মিশ্র, *প্রাগুক্ত,* ১.১১।

১১. গঙ্গাদাস, *প্রাগুক্ত,* ২.১৩৪।

১২. দণ্ডী, *প্রাগুক্ত,* ২.১।

১৩. বিশ্বনাথ, *প্রাগুক্ত,* ১.৫।

১৪. বামন, *কাব্যালঙ্কারসূত্রবৃত্তি,* ১.১.২।

১৫. পদ্মনাভ মিশ্র, *প্রাগুক্ত,* প্রথম উচ্ছ্বাস, পৃ. ২।

১৬. *তদেব,* পৃ. ১১।

১৭. *তদেব,* ১.৯।

১৮. *তদেব,* ১.১৪।

১৯. *তদেব,* ৩.১৫।

২০. বামন, *প্রাগুক্ত,* ৩.১.১, ২।

২১. *তদেব,* ১.২.৬।

২২. পদ্মনাভ মিশ্র, *প্রাগুক্ত,* প্রথম উচ্ছ্বাস, পৃ. ১১-১২।

২৩. বামন, *প্রাগুক্ত,* ১.২.১২।

২৪. দণ্ডী, *প্রাগুক্ত,* ১.৮০।

২৫. পদ্মনাভ মিশ্র, *প্রাগুক্ত,* প্রথম উচ্ছ্বাস, পৃ. ৭।

২৬. দণ্ডী, *প্রাগুক্ত,* ১.৪৫।

২৭. বামন, *প্রাগুক্ত,* ১.২.১১।

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**

গঙ্গাদাস। *ছন্দোমঞ্জরী* । সম্পা. গুরুনাথবিদ্যানিধি ভট্টাচার্য্য। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১১।

দণ্ডী। *কাব্যাদর্শ* । সম্পা. চিন্ময়ী চট্টোপাধ্যায়। কলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ। ২০১৮ (দ্বিতীয় মুদ্রণ) (প্রথম প্রকাশ ১৯৮৫)।

পদ্মনাভ মিশ্র। *বীরভদ্রদেবচম্পূ* । সম্পা. সুদ্যুম্ন আচার্য। সতনা (ম. প্র.) : প্রাচ্যবিদ্যা শোধ সংস্থানম্, ১৯৯৬।

বন্দ্যোপাধ্যায়, ধীরেন্দ্রনাথ। *সংস্কৃত সাহিত্যের ইতিহাস* । কলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০১৫ (প্রথম সংস্করণ ১৯৮৮) ।

বামন। *কাব্যালঙ্কারসূত্রবৃত্তি।* সম্পা. কৃষ্ণসূরি। *কাব্যালঙ্কারসূত্রবৃত্তি*। শ্রীরঙ্গম : শ্রী বাণী বিলাস প্রেস, ১৯০৯।

বিশ্বনাথ। *সাহিত্যদর্পণ* (দশম পরিচ্ছেদ) । সম্পা. উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায় ও অনীতা বন্দ্যোপাধ্যায়। কলকাতা : সংস্কৃত বুক ডিপো, ২০০৫ (প্রথম সংস্করণ, ২০০০) ।

বিশ্বনাথ। *সাহিত্যদর্পণ।* সম্পা. বিমলাকান্ত মুখোপাধ্যায়। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১৩।

ভরত। *নাট্যশাস্ত্র* (১ম খণ্ড)। সম্পা. সহ বঙ্গানুবাদ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও ছন্দা চক্রবর্ত্তী। *ভরত নাট্যশাস্ত্র* । কলকাতা : নবপত্র প্রকাশন, ২০০৯ (চতুর্থ মুদ্রণ) (প্রথম প্রকাশ ১৯৮০)।

রাজশেখর। *কাব্যমীমাংসা* । সম্পা. নগেন্দ্রনাথ চক্রবর্তী। শান্তিনিকেতন : বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় গবেষণা গ্রন্থমালা প্রকাশন, ১৩৬৬।

Dasgupta, S. N. *A History of Sanskrit Literature* (Vol. I). Calcutta (Now Kolkata): University of Calcutta, 1962.

# সৌত্রামণীযাগের প্রকৃতি-বিচার

মৌসুমী সাঁপুই

**সংক্ষিপ্তসার**

ব্রাহ্মণসাহিত্যের পর বৈদিক যাগযজ্ঞের সুনির্দিষ্ট বিবরণ ও নতুন দিগ্‌দর্শন করে শ্রৌতসূত্রগুলি। শ্রৌতসূত্রগুলিতে যে সমস্ত কর্তব্যকর্মের বিধান করা হয়েছে সেগুলি হল শ্রৌতকর্ম। সাতটি হবির্যাগ ও সাতটি সোমযাগ নিয়ে মোট চৌদ্দটি শ্রৌতকর্ম। সাতটি হবির্যাগ হল – অগ্ন্যাধান, অগ্নিহোত্র, দর্শপূর্ণমাস, আগ্রয়ণ, চাতুর্মাস্য, নিরূঢ়পশুবন্ধ ও সৌত্রামণী। সাতটি সোমযাগ হল- অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উক্‌থ্য, ষোড়শী, অতিরাত্র, অপ্তোর্যাম ও বাজপেয়। সোমরসভিন্ন দ্রব্যের আহুতি যে শ্রৌতযাগগুলিতে দেওয়া হয়, সেগুলিকে হবির্যাগ বা আজ্যাহুতি বলা হয়। যেমন হবির্যাগের আহুতিদ্রব্য হল- পুরোডাশ, ঘি, চরু, দই প্রভৃতি দ্রব্য। অপরদিকে যে সমস্ত শ্রৌতযাগগুলিতে সোমরস আহুতি দেওয়া হয় সেগুলিকে সোমযাগ বলা হয়। সাধারণত আহুতিদ্রব্যের ভিন্নতার ওপর নির্ভর করেই হোমযাগ ও সোমযাগের এই বিভাগ দৃষ্ট হয়। কৌকিল ও চরক এই দুই প্রকারের সৌত্রামণীযাগ সপ্তহবির্যাগের অন্তর্ভুক্ত। এই যাগে যেমন ইষ্টিযাগের বৈশিষ্ট্য লক্ষ্য করা যায় তেমন পশুযাগের বৈশিষ্ট্যও লক্ষ্য করা যায়। সৌত্রামণীযাগের প্রকৃতি বিচার নিয়ে আলোচনাই হল এই প্রবন্ধের বিষয়বস্তু।

**সূচক শব্দ**

আহুতি, ইন্দ্র, যাগ, সোম, সৌত্রামণী।

শ্রৌতসূত্রগুলিতে উল্লিখিত বিপুল কর্মকাণ্ডগুলি পুঙ্খানুপুঙ্খভাবে আলোচনা করা দুরূহ ব্যাপার। সময়ের পরিধি বাড়ার সঙ্গে সঙ্গে যজ্ঞীয় কর্মপদ্ধতিগুলি জটিল থেকে জটিলতর রূপ লাভ করছে। এই কর্মপদ্ধতিগুলিকে সহজসরলভাবে বর্ণনার জন্যে প্রকৃতিযাগ ও বিকৃতিযাগরূপে দুটি ভাগে ভাগ করা হয়। যদিও আহুতিদ্রব্যের নিরিখে শ্রৌতযাগ দুপ্রকার- হোমযাগ ও সোমযাগ। প্রকৃতিযাগ হল প্রধানযাগ এবং বিকৃতিযাগ হল গৌণযাগ। এক্ষেত্রে সুবিধা হল প্রকৃতিযাগে অনুষ্ঠানটি পুঙ্খানুপুঙ্খভাবে বর্ণনা করা হয়, বিকৃতযাগে শুধুমাত্র ব্যতিক্রম অংশটুকুই বর্ণনা করলেই বিষয়টি স্পষ্ট হয়।

বৈদিকযজ্ঞে মূলত পাঁচটি প্রকৃতিযাগ আছে,- যেমন হোমযাগের প্রকৃতি অগ্নিহোত্র, ইষ্টিযাগের প্রকৃতি দর্শপূর্ণমাস, পশুযাগের প্রকৃতি প্রাজাপত্য পশু (মতান্তরে নিরূঢ়পশুবন্ধ), সোমযাগের প্রকৃতি অগ্নিষ্টোম এবং সত্রযাগের প্রকৃতি গবাময়ন। যাগের প্রকৃতি বিচার করতে গেলে আহুতিদ্রব্য বিষয়ে জ্ঞান থাকা প্রয়োজন। প্রধানযাগগুলির আহুতিদ্রব্য জানা থাকলে সমস্তযাগের আহুতিদ্রব্য বিষয়ে একটা ধারণা পাওয়া যায়। অগ্নিহোত্র যাগে দুগ্ধ, দধি, পুরোডাশ প্রভৃতি আহুতি দেওয়া হয়। ইষ্টিযাগের প্রকৃতি দর্শপূর্ণমাসযাগে পুরোডাশ, আজ্য, সান্নায্য প্রভৃতি আহুতি দেওয়া হয়। সোমযাগের প্রকৃতি অগ্নিষ্টোম ও সত্রযাগের প্রকৃতি গবাময়নযাগে সোমরস আহুতি দেওয়া হয়। এছাড়া পশুযাগের প্রকৃতি প্রাজাপত্য যাগের প্রধান আহুতি দ্রব্য হল ছাগ।

এখন মূল আলোচ্য সৌত্রামণী যাগে আসা যাক। প্রথমেই এই যাগের নামকরণের তাৎপর্য বিষয়ে আলোচনা করব। সৌত্রামণী রীতিটি সর্বপ্রথম সুত্রামন ইন্দ্রের জন্যে প্রয়োগ করা হয়। এপ্রসঙ্গে শতপথব্রাহ্মণে একটি আখ্যায়িকা পাওয়া যায়। আখ্যায়িকাটি এইরূপ- ত্বষ্টার পুত্র বিশ্বরূপকে ইন্দ্র বধ করেন। পুত্রশোকে ত্বষ্টা এক যজ্ঞের আয়োজন করেন। এই যজ্ঞে ইন্দ্রকে আমন্ত্রণ করা হয়নি, ফলে তিনি ক্রোধান্বিত হয়ে সমস্ত শক্তিকে একত্র করে যজ্ঞস্থলে উপস্থিত হন। তিনি যজ্ঞীয় সমস্ত সোমরস একাকী পান করেন এবং পরক্ষণেই তাঁর শরীর থেকে সোমরস নির্গত হতে থাকে। তাঁর শ্রী, যশ ঊর্ধ্বে বিলীন হয়ে যায়। অশ্বিনীকুমারদ্বয় ও সরস্বতী সৌত্রামণীর দ্বারা ইন্দ্রের পরিচর্যা করে তাঁকে সুস্থ করেন। সুরার মাদকতা থেকে ত্রাণ করেছিলেন বলে এই রীতিটির নাম সৌত্রামণী।[১]

উক্ত আখ্যায়িকা থেকে কয়েকটি ধারণা স্পষ্ট হয়, যেমন- সৌত্রামণী যাগের একটি বৃহৎ অংশ জুড়ে সোমরস অর্থাৎ সুরার ভূমিকা আছে। যাগানুষ্ঠানের শেষদিনে সুরার আহুতি প্রদানের প্রচলনও লক্ষ্য

করা যায়। সৌত্রামণী সর্বপ্রথম জীবনদানকারী ঔষধিরূপেই ব্যবহৃত হয়েছিল। যদিও পরবর্তীকালে এই অনুষ্ঠানের অভীষ্ট ভিন্নরকম হতে থাকে।

শ্রৌতসূত্রগুলিতে সপ্তহবির্যাগের অন্যতম হল সৌত্রামণী যাগ। এই যাগ হল ইন্দ্রায়তন। ইন্দ্রসম্বন্ধীয় সামগানগুলি এই যাগে গাওয়া হয়। 'সংস্রবসে বিশ্রবসে সত্যশ্রবসে শ্রবসে'- ইত্যাদি সামগানের দ্বারা ইন্দ্রিয়ের ও বীর্য্যের সঙ্গে ইন্দ্র দেবতাকে প্রীত করা হয়।[২] কৌকিল ও চরক ভেদে এই যাগ দুই প্রকার। বেদের সংহিতা ও ব্রাহ্মণ অংশে শুধুমাত্র মূল সৌত্রামণীর পরিচয় মেলে। পরবর্তীকালে শ্রৌতসূত্রগুলিতে কৌকিল ও চরক এই প্রকারভেদের বিস্তৃত পরিচয় পাওয়া যায়। শ্রৌতসূত্রগুলির মধ্যে আবার একমাত্র সামবেদের *লাট্যায়নশ্রৌতসূত্রে* একই সঙ্গে দুই প্রকারভেদের নামোল্লেখ পাওয়া যায়।[৩] কৌকিল সৌত্রামণী স্বতন্ত্রযাগরূপে অনুষ্ঠিত হয়, কিন্তু চরক সৌত্রামণী যাগটি রাজসূয় ও চয়নযাগের অঙ্গযাগরূপে অনুষ্ঠিত হয়। চরক সৌত্রামণী যাগটি চারদিনব্যাপী অনুষ্ঠিত হয়, প্রথম তিনদিন বিভিন্ন দ্রব্যের মিশ্রণে সুরা প্রস্তুত করা হয়। শেষদিনে অর্থাৎ চতুর্থদিনে অশ্বিদ্বয়, সরস্বতী এবং সুত্রামন ইন্দ্রের উদ্দেশ্যে তিনটি পশু বধ করা হয়। অশ্বিনীদেবতার উদ্দেশ্যে ধূম্রবর্ণ ছাগ, সরস্বতী এবং ইন্দ্রের উদ্দেশ্যে একটি করে মেষ বধ করা হয়। এই অনুষ্ঠানটি পশুযাগের প্রকৃতিযাগ নিরূঢ়পশুবন্ধযাগের মতো অনুষ্ঠিত হয়, এজন্যে এই যাগটিকে পশুযাগ বলা হয়।[৪] বপা আহুতির পর একটি বড় কলসী দক্ষিণাগ্নির ওপর রেখে তাতে সুরা ঢেলে দিতে হয়। কলসী থেকে সুরা উথলে পড়লে মন্ত্রপাঠ করে তিন দেবতার উদ্দেশ্যে আহুতি দেওয়া হয়। এরপর প্রয়াত পিতৃপুরুষদের উপস্থান করে পুরোডাশ যাগ করা হয়। এই যাগের দেবতা হলেন ইন্দ্র, সবিতা, বরুণ। শেষে বরুণ দেবতার উদ্দেশ্যে অবভৃথ ইষ্টির যাগ করা হয়। এইসময়ের আহুতিদ্রব্য হল এককপাল পুরোডাশ। এইভাবে ইষ্টিযাগের রীতিও চরক সৌত্রামণীতে পালন করা হয়, তাই এই যাগকে ইষ্টিযাগও বলা হয়।

চরক সৌত্রামণীযাগকে রাজসূয় ও অগ্নিচয়ন যাগানুষ্ঠানের অন্তর্ভুক্ত করা হয়েছে। *শতপথব্রাহ্মণ, আপস্তম্বশ্রৌতসূত্র* প্রভৃতি গ্রন্থে এটাই স্পষ্ট হয় – যে ব্যক্তি রাজসূয় যাগানুষ্ঠান করবেন তাঁকে অবশ্যই চরক সৌত্রামণীর অনুষ্ঠান করতে হবে।[৫] সম্পত্তি ও শক্তি থেকে বঞ্চিত ব্যক্তি সাধারণত রাজসূয়যাগ করে। এই সম্পত্তি ও শক্তিরূপ কামনাকে অধিকরূপে দীর্ঘস্থায়ী করতেই রাজসূয়যাগের সঙ্গে চরকযাগ অনুষ্ঠিত হয়ে থাকে। অগ্নিচয়ন যাগের পরেও চরক সৌত্রামণীর অনুষ্ঠান করা হয়। *তৈত্তিরীয়সংহিতা, তৈত্তিরীয়ব্রাহ্মণ, আপস্তম্বশ্রৌতসূত্র* প্রভৃতি গ্রন্থে এটি স্বীকার করা হয়েছে। অগ্নিচয়নের সঙ্গে চরকযাগের অনুষ্ঠানের কারণ প্রসঙ্গে বলা হয়েছে- ক্ষমতা ও শক্তি একত্রীকরণের জন্যে অগ্নিচয়ন করার পর সৌত্রামণী যাগানুষ্ঠান করণীয়।[৬] চরক সৌত্রামণী সোমাতিপূত ও সোমবামিন রীতি হিসাবেও অনুষ্ঠিত হয়। সেক্ষেত্রে আহুতিদ্রব্যরূপে চতুর্থ একটি পশু বধ করা হয়, যার দেবতা বৃহস্পতি। *কাত্যায়নশ্রৌতসূত্রে* বলা হয়েছে- 'অগ্নিচিৎ সোমযাজিসোমাতিপূতসোমবামিনাম্'[৭] অর্থাৎ অগ্নিচয়ন করে সোমাতিপূত ও সোমবামিনের অনুষ্ঠান করা হয়। যে ব্যক্তি অধিকপরিমাণ সোম পান করার ফলে বমি করেন তাকে সোমবামিন বলা হয়। সোমাতিপূত হল যে ব্যক্তি সোমপানে উদ্বাসিত। 'প্রাঙ্ সোমো অতিদ্রুত ইতি সোমবামিনঃ। প্রত্যঙ্ সোমো অতিদ্রুত ইতি সোমাতিপবিতস্য'।[৮] সোমবামিন ও সোমাতিপূতের প্রায়শ্চিত্তরূপে সৌত্রামণীর অনুষ্ঠান করা হয়। তবে সোমরস পানে যে সর্বদা কুফলই হবে এমন আশঙ্কা বৈদিক চিকিৎসাশাস্ত্র সম্পূর্ণরূপে নিরাকরণ করেছে। যেমন- *সুশ্রুতসংহিতায়* সুরার কিছু পুষ্টিগুণের উল্লেখ আছে। প্রাকৃতিক বার্লিক প্রভৃতি উপাদান থেকে সুরা প্রস্তুতির বিস্তৃত বর্ণনা এখানে পাওয়া যায়। সুরাকে বমি, কোষ্ঠকাঠিন্য প্রভৃতি বিভিন্ন রোগের আরোগ্যজনক ঔষধি বলা হয়েছে।[৯] এছাড়া মাধবনিদানে সুরার সঠিক ব্যবহারের প্রশংসা করা হয়েছে। এখানে বলা হয়েছে সুরা এমন একটি পানীয় যেটি ভুল পদ্ধতিতে গ্রহণ করলে রোগসৃষ্টি করে কিন্তু সঠিক নিয়ম মেনে গ্রহণ করলে অমৃতের ন্যায় কার্যকরী।[১০] সর্বোপরি বৈদিকযুগের চিকিৎসা পদ্ধতির সঙ্গে আধুনিক যুগের চিকিৎসা পদ্ধতির বিস্তর অমিল আছে এবং সেটিই স্বাভাবিক।

অন্যদিকে কৌকিল সৌত্রামণীর অনুষ্ঠান সেই যজমান করতে পারেন যিনি সোমযাগানুষ্ঠান করেছেন। এই অনুষ্ঠানটি কাম্যরীতিরূপে অনুষ্ঠিত হয়। *কাত্যায়ন শ্রৌতসূত্রে* উল্লেখ আছে- রাজ্যভ্রষ্ট কোন রাজা বা সমৃদ্ধিকামী কোনও ব্রাহ্মণ এই অনুষ্ঠান করতে পারেন।[১১] এমনকি পশুসম্পদে বঞ্চিত ব্যক্তি পুনরায়

পশুলাভের জন্যেও এই যাগ করতে পারেন। কৌকিলযাগের প্রথম দিন অদিতির উদ্দেশ্যে চরু প্রদান করা হয়। পরে দেবতা অশ্বিন্, সরস্বতী এবং সূত্রামন ইন্দ্রের উদ্দেশ্যে তিনটি গ্রহ সুরা ও দুগ্ধ আহুতি দেওয়া হয়। এই যাগে ইন্দ্র, অশ্বিদ্বয়, সরস্বতী, ইন্দ্র এবং বায়োধস ইন্দ্র এই পাঁচ দেবতার উদ্দেশ্যে একটি করে মোট পাঁচটি পশু আহুতি দেওয়া হয়। বাকি অনুষ্ঠান চরক সৌত্রামণীর অনুরূপ হয়। আহুতি দ্রব্যরূপে সুরার ব্যবহার থেকে অনুমান করা হয়- এই যাগটি প্রথমদিকে সাধারণ জনগোষ্ঠীর অনুষ্ঠান ছিল পরবর্তীকালে বৈদিক শ্রৌতযাগের অন্তর্ভুক্ত হয়। *শতপথব্রাহ্মণের* একটি আখ্যায়িকা থেকে জানা যায়- পূর্বে সৌত্রামণী অসুরদের অধিকারে ছিল, পরে অগ্নির সহায়তায় দেবগণ এই যাগটিকে লাভ করেন।[১২]

হবির্যাগগুলির মধ্যে সৌত্রামণীর আলোচনা সাধারণত শেষে দেখা গেলেও এর যাজ্ঞিক গুরুত্ব কোনও অংশে কম নয়। ইষ্টিযাগ ও পশুযাগ এই উভয় যাগের বৈশিষ্ট্য সৌত্রামণীযাগে লক্ষ্য করা যায়। সপ্ত হবির্যাগের মধ্যে সৌত্রামণীর বিশেষত্ব হল – এটিই একমাত্র হবির্যাগ যে যাগে আহুতিদ্রব্যরূপে পুরোডাশ, দুগ্ধ, পশু ছাড়াও সোমের ব্যবহার লক্ষ্যণীয়।

**উল্লেখপঞ্জি**

১. ‘সূত্রা তং ত্রৈন্মত্রাসতামিতি তস্মাত্ সৌত্রামণী নাম’। *শতপথব্রাহ্মণ* (৫.৫.৪.১)।

২. ‘এতর্বৈ সামভির্দেবা ইন্দ্রমিন্দ্রিয়েণ বীর্যেণ সমশ্যন্’। *গোপথব্রাহ্মণ* (৫.৭.১২)।

৩. ‘দ্বে সৌত্রামণ্যৌ কৌকিলী চরকসৌত্রামণী চ’। *লাট্যায়ন শ্রৌতসূত্র* (৫.৪.২০)।

৪. *যজ্ঞতত্ত্বপ্রকাশ* পৃ. ১০৮।

৫. *শতপথব্রাহ্মণ* (৫.৫.৪.১৪), *আপস্তম্বশ্রৌতসূত্র* (১৯.২২.২১)।

৬. *তৈত্তিরীয়সংহিতা* (৫.৬.৩৪)।

৭. *কাত্যায়নশ্রৌতসূত্র* (১৯.১.২)।

৮. *আপস্তম্বশ্রৌতসূত্র* ( ১৯.১.১৯)।

৯. *সুশ্রুতসংহিতা* (১.৪৫.১৭৬)।

১০. *মাধবনিদান* (১৮.২-৭)।

১১. *কাত্যায়নশ্রৌতসূত্র* (১৯.১.৪)।

১২. ‘অসুরেষু বা এষোঽগ্রে যজ্ঞ আসীৎ সৌত্রামণী...’(১২.৯.৩.৭)।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি

চট্টোপাধ্যায়, অমরকুমার। *বৈদিক যজ্ঞ*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১১।

বন্দ্যোপাধ্যায়, শান্তি। *বৈদিক যুগের যাগযজ্ঞ*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১৭ (দ্বিতীয় প্রকাশ)।

রামেন্দ্রসুন্দর ত্রিবেদী। *যজ্ঞকথা*। কলকাতা: প্রাচী পাবলিকেশন, ১৪০২।

শাস্ত্রী, চিন্নস্বামী। *যজ্ঞতত্ত্বপ্রকাশ*। চেন্নাই: মাদ্রাস ল জার্নাল প্রেস, ১৯৮৩।

Banerjee, A. C. *Studies in the Brahmanas*. Delhi: Motilal Banarsidass, 1963.

Bose, N.K. *Culture and Society in India*. Bombay: Asia Publishing House, 1967.

Eggeling, Julius (ed.). *Śatapatha Brāhmana*. Delhi: Motilal Banarsidass, 1882.

Mitra, Rajendralal/ Vidyabhushana, Harachandra. Ed. *The Gopatha Brahmana of The Atharva Veda*. Calcutta (now Kolkata): Ganesa press, 1872.

Sharma, Vidhyadhar (ed.). *The Srautasutra of Katyayana*. Calcutta (now Kolkata): Chaukhamba Sanskrit Pratisthan, 2011.

# *শব্দশাস্ত্রে* হ্রস্ব অকারের সংবৃতত্ব ও বিবৃতত্ব বিচার

পল্লবী মালিক


**সংক্ষিপ্তসার**

পূজ্যপাদ মহর্ষি পাণিনি ১৪টি মাহেশ্বর সূত্রকে আধার করে *অষ্টাধ্যায়ী* গ্রন্থ প্রণয়ন করেছেন। বেদের ন্যায় সম্প্রদায় পরম্পরায় প্রাপ্ত হয় বলে এদের অক্ষরসমাম্নায় বলা হয়। নিজের অভীষ্ট সিদ্ধির জন্য তপস্যারত পাণিনি, সনক প্রভৃতি সিদ্ধমুনিগণের উদ্দ্যেশ্যে নটরাজশিরোমণি মহাদেব নবপঞ্চবার অর্থাৎ চতুর্দশবার ঢক্কানিনাদ বাজিয়েছিলেন। সেই ধ্বনি থেকেই অইউণ্ প্রভৃতি সূত্রজাল প্রাপ্ত হয়ে পাণিনিমুনির হৃদয়ে লৌকিক ও বৈদিক উভয়বিধ ব্যাকরণ রচনার শক্তি উদ্ভাসিত হয়। ব্যাকরণের নিমিত্তই অক্ষরসমাম্নায় অধিগত হয়েছিল। এইসকল শিবসূত্র *অষ্টাধ্যায়ী* গ্রন্থের বীজ বলে পাণিনীয় ব্যাকরণকে বেদাঙ্গ মাহেশ্বর বলা হয়। অত্যন্ত লঘু উপায়ে প্রত্যাহারাদির মাধ্যমে ব্যাকরণ রচনার জন্যই শিবসূত্রগুলি কল্পিত হয়েছে, শিক্ষাশাস্ত্রের জন্য বা বর্ণসমূহের স্বরূপ উপপত্তির জন্য নয়। এই মাহেশ্বরসূত্রস্থ হ্রস্ববর্ণের দ্বারা দীর্ঘ, প্লুত প্রভৃতি সবর্ণের গ্রহণ হয়। লোকে সর্বত্রই হ্রস্ব অকারের সংবৃতত্বই উপলব্ধ হয়। কিন্তু অক্ষরসমাম্নয়স্থ অকার সংবৃত হলে প্রযত্নভেদহেতু তা দীর্ঘ, প্লুতের গ্রাহক হয় না। ফলে সবর্ণদীর্ঘাদি শাস্ত্রীয়কার্য নির্বাহ হয় না। অক্ষরসমাম্নয়স্থ অকারের বিবৃতত্ব বিষয়ে আচার্য পাণিনির কোনো পৃথগ্ সূত্র নেই। তবে পাণিনির অন্যান্য সূত্রনির্মাণ এবং সূত্রের গঠনশৈলী দ্বারা তা জ্ঞাপিত হয়। কিছু কিছু বিধি সূত্রে স্পষ্টরূপে উল্লেখ না করলেও সূত্রস্থ বিভিন্ন পদের প্রয়োগ এবং সূত্রের উপস্থাপন রীতি দ্বারা তা জ্ঞাপিত হয়। অক্ষরসমাম্নয়স্থ অকারের বিবৃতত্ব ও সংবৃতত্ব বিষয়ে পাণিনির কী জ্ঞাপক আছে এবং সেটা কতটা যুক্তিযুক্ত এবং সে বিষয়ে বিভিন্ন বৈয়াকরণগণের মতামত এই পত্রে আলোচিত হয়েছে।



**সূচক শব্দ**

সবর্ণসংজ্ঞা, সংবৃত, বিবৃত, সবর্ণদীর্ঘ, জ্ঞাপক, অসিদ্ধ।


তুলাস্যপ্রযত্নং সবর্ণম্ (অষ্টাধ্যায়ী, অ০ ১/১/৯) সূত্রানুসারে যে দুটি বর্ণের তালু প্রভৃতি উচ্চারণস্থান এবং আভ্যন্তর প্রযত্ন সমান, সেই বর্ণ দুটি পরস্পর সবর্ণসংজ্ঞক হয়।[১] আস্যঞ্চ প্রযত্নশ্চ আস্যপ্রযত্নৌ, তুলৌ আস্যপ্রযত্নৌ যস্য তৎ তুলাস্যপ্রযত্নং অর্থাৎ আস্য ও প্রযত্ন এই দুটি তুল্য যার এরূপ বর্ণদ্বয় পরস্পর সবর্ণসংজ্ঞক হয়। অস্যন্তি বর্ণা অনেন – এই ব্যুৎপত্তিতে যার দ্বারা বর্ণের প্রক্ষেপ বা উচ্চারণ করা হয় তা আস্য।[২] আস্যে ভব - এভাবে আস্য শব্দের দ্বারা তালু, কণ্ঠ প্রভৃতি উচ্চারণস্থানসমন্বিত লোকপ্রসিদ্ধ মুখ অর্থই[৩] এখানে অভিপ্রেত। পাণিনীয় শিক্ষায় উরঃ, কণ্ঠ, শিরঃ, জিহ্বামূল, দন্ত, নাসিকা, ওষ্ঠ, তালু এই আটটি স্থানের কথা বলা হয়েছে।[৪] অপরদিকে বর্ণোচ্চারণের জন্য যে প্রকৃষ্ট ব্যাপার বা প্রারম্ভিক ব্যাপারই হল প্রযত্ন[৫] বক্তার বর্ণোচ্চারণের ইচ্ছা হলে নাভিপ্রেরিত প্রাণবায়ু ঊর্দ্ধদেশে চালিত হয়ে মূর্দ্ধায় প্রতিহত হয়ে প্রত্যাবর্তনকালে সেই বায়ু তালু প্রভৃতি উচ্চারণস্থানে সংযুক্ত হয়ে ক,চ,ট,ত,প প্রভৃতি বর্ণরাশির অভিব্যক্তি করে। সেক্ষেত্রে বর্ণোৎপত্তির পূর্বে জিহ্বার অগ্রভাগ, উপাগ্রভাগ, মধ্যভাগ ও মূলভাগ উচ্চারণস্থানের সাথে সম্যগ্ বা ঈষৎস্পৃষ্ট হয়ে থাকে। জিহ্বার এরূপ ব্যাপার হল প্রকৃষ্ট যত্ন বা আস্যের আভ্যন্তর ব্যাপার। আস্যের এই আভ্যন্তর ব্যাপারকেই আভ্যন্তর প্রযত্ন[৬] বলা হয়। স্পর্শবর্ণগুলির উচ্চারণ করতে জিহ্বা, তালু প্রভৃতি উচ্চারণস্থানের সাথে সম্যকভাবে স্পর্শ করে। অন্তঃস্থবর্ণগুলির উচ্চারণকালে ঈষৎস্পর্শ হয়। উষ্মবর্ণ এবং স্বরবর্ণগুলির প্রযত্ন বিবৃত অর্থাৎ উচ্চারণকালে তালু প্রভৃতি উচ্চারণস্থান থেকে জিহ্বার অবস্থান দূরে হয়, ফলে বায়ু অবরুদ্ধ হয় না।[৭] অপরদিকে উচ্চারণকালে যখন জিহ্বার অবস্থান কণ্ঠ অর্থাৎ জিহ্বামূলের নিকটবর্তী হয়ে থাকে তখন তা সংবৃত প্রযত্ন।[৮] নাগেশ মতে- 'স্পৃষ্টাদীনামাভ্যন্তরত্বন্বোষ্ঠপ্রভৃতিকাকলকপর্যন্তরূপাস্যান্তর্গততত্তৎস্থানেষু জিহ্বাগ্রাঽদীনাং স্পর্শেষৎস্পর্শদূরাবস্থানসমীপাবস্থানরূপাভ্যন্তরকার্যকারিত্বাদ্বর্ণোৎপত্ত্যব্যবহিতপ্রাগ্‌ভাবিত্বাচ্চ বোদ্ধ্যম্। তত্র বহূনামেকস্থানত্বেঽপি কস্যচিদুচ্চারণে সম্যক্স্পর্শঃ কস্যচিদীষদিতি...'।[৯] যেমন ই এবং ঈ বর্ণের উচ্চারণস্থান তালু, উভয়েরই আভ্যন্তর প্রযত্ন বিবৃত হওয়ায় সবর্ণসংজ্ঞা হয়ে থাকে। এভাবে ক এবং

ঘ বর্ণের উচ্চারণস্থান কণ্ঠ এবং দুটিরই স্পৃষ্ট প্রযত্ন হওয়ায় সবর্ণসংজ্ঞা হয়ে থাকে। সবর্ণসংজ্ঞা হলে 'অণুদিৎসবর্ণস্য চাপ্রত্যয়ঃ' (অ০ ১/১/৬৯) সূত্রানুসারে অবিধীয়মান অণ্ এবং উদিৎ সবর্ণের গ্রাহক হয়। যা বিধেয় নয় অর্থাৎ উদ্দেশ্য অণ্ প্রত্যাহারস্থিত বর্ণ সবর্ণের গ্রাহক হয়। যথা এরচ্ (অ০ ৩/৩/৫৬) এই সূত্রে ই বর্ণের ষষ্ঠীর একবচনে এঃ এই শব্দ হয়ে থাকে । এই ইকার বিধীয়মান না হওয়ায় সবর্ণের গ্রাহক হলে ঈকারেরও গ্রাহক হয়ে থাকে। কু, চু, টু, তু, পু এই উদিৎ বিধীয়মান হলেও সবর্ণের গ্রহণ করে ফলে চোঃ কুঃ (৮/২/৩০) সূত্রে চু এবং কু এর দ্বারা চবর্গ এবং কবর্গের গ্রহণ হয়। ফলে মাহেশ্বরসূত্রস্থ অকার, ইকার প্রভৃতি বর্ণ সবর্ণের গ্রহণ করে থাকে। অকার, ইকার, উকার হ্রস্ব, দীর্ঘ, প্লুত ভেদে তিনপ্রকার । হ্রস্বপ্রভৃতি ভেদ আবার উদাত্ত, অনুদাত্ত, স্বরিত ভেদে নয়প্রকার। এই নয়প্রকার অনুনাসিক ও অননুনাসিক ভেদে আঠারো প্রকার অকার, ইকার, উকার সমুদায়ের বোধ হয়। অর্থাৎ আঠার প্রকার অকারের সংজ্ঞা হয় 'অ'। প্রশ্ন হয় রামঃ, কৃষ্ণঃ প্রভৃতি ব্যবহারকালে হ্রস্ব অকারের সংবৃতত্বই অনুভূত হয়, বিবৃতত্ব নয়। আকারের উচ্চারণকালে কণ্ঠ উন্মুক্ত থাকায় বিবৃত প্রযত্ন হয়ে থাকে। কিন্তু মাহেশ্বরসূত্রে অকারের সংবৃত প্রযত্ন স্বীকার করা হলে অ এবং আ বর্ণের উচ্চারণস্থান কণ্ঠ হলেও প্রযত্ন ভিন্ন হওয়ায় পরস্পর সবর্ণসংজ্ঞা হতে পারে না। সেক্ষেত্রে অকারের দ্বারা আকারের গ্রহণও হয় না। ফলে ব্যবহারে এবং ব্যাকরণশাস্ত্রে হ্রস্ব অবর্ণের প্রযত্নবিষয়ে বিরোধ দেখা দেয়।

লোকে এবং বেদে সর্বত্রই অকার সংবৃত উচ্চারিত হলেও 'অইউণ্' এই মাহেশ্বরসূত্রস্থ অকার বিবৃত প্রযত্নবিশিষ্ট বলে ধরতে হবে। কারণ অকারের যদি বিবৃতত্ব উপদিষ্ট না হয় অর্থাৎ মাহেশ্বরসূত্রস্থ অকার যদি সংবৃত হয় তাহলে বিবৃত প্রযত্নবিশিষ্ট আকারের সাথে প্রযত্নভেদবশত সংবৃত অকারের সবর্ণসংজ্ঞা হতে পারে না, অ এবং আ পরস্পর সবর্ণ না হলে দণ্ড + আঢ়কম্ – ইত্যাদিস্থলে অকার এবং আকারের উচ্চারণস্থান কণ্ঠ্য হলেও অকার সংবৃত হওয়ায় এবং আকার বিবৃত হওয়ায় প্রযত্নভেদবশত সাবর্ণ্য অভাবে উভয়ের স্থানে 'অকঃ সবর্ণে দীর্ঘঃ'(অ০ ৬/১/১০০) সূত্রানুসারে সবর্ণ অচ্ পরে না থাকায় সবর্ণ দীর্ঘ একাদেশ হতে পারে না।[১০] বালমনোরমাকারের মতে - 'দণ্ড আঢ়কমিত্যত্র অকারস্য আকারস্য চ বিবৃতসংবৃতপ্রযত্নভেদেন সাবর্ণ্যাভাবাৎ সবর্ণদীর্ঘো ন স্যাত্'।[১১] উক্ত স্থলে যাতে দীর্ঘ হতে পারে সেজন্য বর্ণসমাম্নায়ে বিবৃত অকার উপদিষ্ট হয়েছে বুঝতে হবে।[১২] ন্যাসকার এবং পদমঞ্জরীকার মতে শিক্ষাবচনানুসারে একার, ওকার হল বিবৃততর এবং ঐকার, ঔকার হল বিবৃততম এদের ন্যায় আকারও বিবৃততর[১৩] হওয়ায় মাহেশ্বরসূত্রস্থ অকারের বিবৃততর উপদেশ করা হয়েছে বলে বুঝতে হবে। এই মত স্বীকার করা যায় না। যেহেতু আকার বিবৃততর হলে অকার বিবৃত হওয়ায় প্রযত্নভেদহেতু উভয়ের মধ্যে সবর্ণসংজ্ঞা হয় না। যদিও অকার এবং আকারের মধ্যে পরস্পরের কালের ভিন্নতা আছে তথাপি 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রে আস্য পদের গ্রহণের দ্বারা আস্যের অন্তর্গত উচ্চারণ স্থান এবং আভ্যন্তর প্রযত্ন সমান হলেই সবর্ণসংজ্ঞা হয়। কাল আস্যের বহির্ভূত।[১৪] এইজন্যই বর্ণসমূহের মধ্যে কাল পরস্পর ভিন্ন হলেও আস্যান্তর্গত উচ্চারণ স্থান এবং প্রযত্ন তুল্য হলেই পরস্পর সবর্ণসংজ্ঞক হয়ে সবর্ণের গ্রহণ হয়, কিন্তু আস্যান্তর্গত প্রযত্ন ভিন্ন হলে বর্ণসমূহের মধ্যে পরস্পর সবর্ণসংজ্ঞা না হওয়ায় তাদের গ্রহণও হয় না। ভাষ্যমতে- 'বাহ্যশ্চ পুনরাস্যাত্কালঃ। তেন স্যাদেব কালভিন্নস্য গ্রহণম্, ন পুনর্বিবারভিন্নস্য'।[১৫]

অকার বিবৃত হলে উক্তস্থলে অকার ও আকার দুইটি বিবৃত প্রযত্নবিশিষ্ট হওয়ায় পরস্পরের সবর্ণসংজ্ঞা হলে গ্রহণকশাস্ত্রবলে বর্ণসমাম্নায়স্থ অকারের দ্বারা আকারের গ্রহণ হওয়ায় সবর্ণ দীর্ঘ একাদেশ হতে কোনো বাধা নেই। 'সংবৃতোঽকারঃ'[১৬] নারদীয়শিক্ষোক্ত হ্রস্ব অকারের সংবৃতত্বকে স্বীকার করা না হলে শিক্ষাগ্রন্থের এবং লৌকিক ব্যবহারের সাথেও বিরোধ হয়। অকারের স্বাভাবিক সংবৃতত্বকে অগ্রাহ্য করে বর্ণসমাম্নায়ে অকারের বিবৃত উপদেশ করলে দণ্ডাঢ়কম্ এস্থলে সবর্ণদীর্ঘাদিকার্য হতে পারে।[১৭] এবিষয়ে ভাষ্যকার বলেছেন- 'অকারস্য বিবৃতোপদেশঃ কর্তব্যঃ। আকারগ্রহণার্থঃ। অকারঃ সবর্ণগ্রহণেনাঽকারমপি যথা গৃহ্ণীযাত্'।[১৮] অর্থাৎ সবর্ণ আকারাদি দীর্ঘ, প্লুতের গ্রহণের জন্য অকারের বিবৃত উপদেশ করার প্রয়োজন। প্রদীপটীকায় উক্ত হয়েছে - 'তত্রাকারস্য সংবৃতত্বাদ্দীর্ঘপ্লুতযোর্বিবৃতত্বাত্ প্রযত্নভেদাৎসবর্ণসংজ্ঞায়া অপ্রসঙ্গাৎপ্রদেশেষ্বকারেণ দীর্ঘপ্লুতযোর্গ্রহণং ন প্রাপ্নোতীতি বিবৃতত্বমস্যোপদিশ্যতে'।[১৯] যেহেতু দীর্ঘ ও প্লুত অকার বিবৃত প্রযত্নবিশিষ্ট।[২০] আকার প্রভৃতি দীর্ঘ, প্লুত ১৮ প্রকার অকারকে গ্রহণের জন্য মাহেশ্বরসূত্রস্থ অকারের

বিবৃতোপদেশ করা প্রয়োজন। শব্দশাস্ত্রের প্রক্রিয়া দ্বারা নির্মিত যে পরিনিষ্ঠিত রূপ রামঃ, কৃষ্ণঃ ইত্যাদি শব্দগুলি প্রয়োগ করার সময়ে সর্বত্র হ্রস্ব অকারটি সংবৃত হয় কিন্তু ব্যাকরণশাস্ত্রের কার্যপ্রবৃত্তির সময়ে অন্যান্য দীর্ঘপ্লুত স্বরবর্ণের ন্যায় হ্রস্ব অবর্ণেরও বিবৃতত্ব হয় - এটা বুঝতে হবে। তবে শাস্ত্রীয়কার্যে হ্রস্ব অবর্ণ বিবৃত হয় বলে নারদীয়শিক্ষাবচনের সাথে বিরোধ হবে একথা বলা যায় না। যেহেতু ব্যাকরণশাস্ত্রের কার্য নিষ্পত্তির পর পরিনিষ্ঠিতরূপে সর্বদা হ্রস্ব অকার সংবৃতই হয়, শিক্ষাবচনে এই প্রয়োগদশার কথাই বলা হয়েছে, প্রক্রিয়াদশার কথা নয়। সুতরাং শিক্ষাবচন অনর্থক নয়।

লোকব্যবহারে সর্বত্রই হ্রস্ব অকারের সংবৃতত্বকে আচার্য পাণিনিও স্বীকার করেছেন। ভাষাকে ব্যতিরেকে ব্যাকরণ হতে পারে না। প্রচলিত ভাষাকে শৃঙ্খলিত ও নিয়মিত করতেই ব্যাকরণশাস্ত্রের উদ্ভব। আচার্য পাণিনিও শাস্ত্রান্তে লোকব্যবহারকেই প্রতিস্থাপন করেছেন। সেইজন্য সূত্র করেছেন- 'অ অ'(অ০ ৮/৪/৬৮)। এই সূত্রানুসারে বিবৃত অকারের স্থানে সংবৃত অকার বিধান করা হয়েছে। এই সূত্রটি দুটি পদবিশিষ্ট ব্যাকরণশাস্ত্রের অন্তিম সূত্র। সূত্রে প্রথম অকারটি বিবৃত এবং দ্বিতীয় অকারটি সংবৃত। বিবৃত এবং সংবৃত প্রযত্নভেদবশত সাবর্ণ্যের অভাব হওয়ায় 'অকঃ সবর্ণে দীর্ঘঃ'(অ০ ৬/১/১০০) সূত্রানুসারে দীর্ঘ হয়নি। পূর্বে যে 'অ' আছে তা লুপ্তষষ্ঠ্যন্তম্ এবং পরবর্তী 'অ' তেও লুপ্তপ্রথমান্ত। উভয়স্থলেই 'সুপাং সুলুক্পূর্বসবর্ণাচ্ছেযাডাড্যাযাজালঃ'(অ০ ৭/১/৩৯) সূত্রানুসারে লুক্ হয়েছে। এস্থলে উদ্দেশ্যস্বরূপ যে প্রথম 'অ' আছে, তার দ্বারা 'অণুদিৎসবর্ণস্য চাপ্রত্যয়ঃ'(অ০ ১/১/৬৮) সূত্রানুসারে সবর্ণের গ্রহণ হলেও বিবৃত আকারের গ্রহণ হবে না, কেননা এস্থলে ভাষ্যকার তপর নির্দেশ করে 'অদ্' এইরূপ সূত্রপাঠ করেছেন, ফলে 'তপরস্তৎকালস্য'(অ০ ১/১/৭০) সূত্রানুসারে অ এর দ্বারা একমাত্রিক হ্রস্ব অকারের ৬টি ভাগেরই গ্রহণ হবে, দীর্ঘ আকারের নয়। কৈয়ট মতে- "অদ' ইতি সূত্রং কর্তব্যম্।...যতস্তপরস্ততঃ স্থান্যকারো ভিন্নকালৌ দীর্ঘপ্লুতৌ ন গ্রহীষ্যতি। আদেশস্তু তৎকালানগুণান্তরযুক্তান্গ্রহীষ্যতি'।[২১] ফলে এই সূত্রানুসারে বিবৃত হ্রস্ব অকারের স্থানে সংবৃত বিধান করা হয়েছে। প্রয়োগদশায় হ্রস্ব অকার সংবৃত হয় এবং বাকী সমস্ত বর্ণ বিবৃতই থাকে, তাদের কোনো পরিবর্তন হয় না। হ্রস্ব অবর্ণটি প্রকৃতপক্ষে সংবৃত কিন্তু প্রক্রিয়ানির্বাহের জন্য 'অইউণ্' মাহেশ্বরসূত্রস্থ অকারটিকে বিবৃত বলে স্বীকার করে নিতে হবে। 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রটিই এবিষয়ের জ্ঞাপক। পূজ্যপাদ ভট্টোজিদীক্ষিত 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্'(অ০ ১/১/৯) সূত্রের সবর্ণসংজ্ঞাবিষয়ে বর্ণসমূহের উচ্চারণস্থান এবং প্রযত্নসম্পর্কে আলোচনাকালে 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রের জ্ঞাপকতা উল্লেখ করেছেন।[২২] কেননা মাহেশ্বরসূত্রে যদি অকারের বিবৃতত্ত্বের উপদেশ না করা হত তাহলে 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রে উদ্দেশ্য যে বিবৃত অকার তার সত্তাই না থাকায় সেই বিবৃত অকারের সংবৃতত্ব প্রতিবিধান করাই অসংগত হয়ে যায়। পদমঞ্জরীকার মতে- 'যদি পূর্বমকারো বিবৃতো ন প্রতিজ্ঞাতঃ স্যাৎ, ততস্তস্য বিবৃতস্য প্রযোগার্থম্...স্বরূপাদ্ধি প্রচ্যুতস্য পুনস্তৎপ্রাপ্তয়ে যত্নোঽর্থবান্ ভবতি'।[২৩] অষ্টাধ্যায়ীর অন্তিম 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্র দ্বারা সেই বিবৃত অকারেরই সংবৃত বিধানের দ্বারা 'অইউণ্' সূত্রের অকার যে বিবৃতরূপেই উপদিষ্ট ছিল তা জ্ঞাপিত হয়। কারণ শাস্ত্রপ্রক্রিয়ার জন্য পূর্বে যে অকার নিজ স্বরূপ থেকে বিচ্যুত হয়েছিল শাস্ত্রান্তে তার পুনরায় স্বস্বরূপ প্রাপ্তির জন্যই চেষ্টা করা হয়েছে।[২৪] অতএব আচার্য পাণিনিও প্রক্রিয়ানির্বাহের জন্য বর্ণসমাম্নায়ে হ্রস্ব অকারের বিবৃত উপদেশ করে স্বাভাবিক সংবৃতত্বকে গ্রহণ না করলেও অন্তিম সূত্র দ্বারা হ্রস্ব অকারের পুনরায় সংবৃতত্ব বিধান করায় শিক্ষাবচনের সাথে কোনো বিরোধ হয় না।[২৫]

এখন প্রশ্ন ওঠে 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রটি জ্ঞাপক হতে পারে না, যেহেতু এই সূত্রের অন্য প্রয়োজন আছে। অতিখট্বঃ, অতিমালঃ - এই প্রয়োগে খট্বা এবং মালা শব্দের আকারের 'গোস্ত্রিয়োরুপসর্জনস্য'(অ০ ১/২/৪৮) সূত্রানুসারে হ্রস্ব করার সময়ে 'স্থানেঽন্তরতমঃ'(অ০ ১/১/৫০) পরিভাষা সূত্রানুসারে বিবৃত আকারের স্থানে আন্তরতম্যের কারণে বিবৃত অকারেরই প্রাপ্তি হয়। এই প্রাপ্তিকে বাধা দিয়ে এস্থলে যাতে সংবৃতত্ব বিহিত হতে পারে সেইজন্য এইসূত্রের আবশ্যকতা। কিন্তু এই মত মানা যায় না, যেহেতু লোকে এবং বেদে কোথাও বিবৃত অকার পাওয়া যায় না, সেজন্য বিবৃত হ্রস্ব অকারের অস্তিত্বই না থাকায় 'স্থানেঽন্তরতমঃ'(অ০ ১/১/৫০) সূত্রানুসারে বিবৃত অকারের প্রাপ্তিই নেই, সংবৃত অকারই বিহিত হয়। সুতরাং অতিখট্বা ইত্যাদিতে হ্রস্ব সংবৃত অকার আদেশ করাই 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রের ফল নয়। তথাপি 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রানুসারে সংবৃত

অকারের প্রতিবিধান দ্বারা এটাই জ্ঞাপিত হয় যে 'অইউণ্' সূত্রে বিবৃত অকারেরই উপদেশ করা হয়েছে। প্রদীপটীকায় উক্ত হয়েছে- 'প্রযুক্তানামনুশাসনাৎ প্রয়োগে চ বিবৃতস্যাকারস্যাভাবাৎ সংবৃত এব ভবিষ্যতীতি প্রত্যাপত্তির্জ্ঞাপিকৈব'।[২৬]

প্রশ্ন হতে পারে বর্ণসমাম্নায়ে অকারের বিবৃত হলেও দণ্ড এই প্রাতিপদিকের অকার বিবৃত কীরূপে হবে? এর উত্তরে বক্তব্য এই যে ধাতু, প্রাতিপদিক, প্রত্যয়, নিপাত, আগম প্রভৃতি যাবতীয় অকারেরেই অনুকরণরূপে 'অইউণ্' এর অকার পঠিত হয়েছে।[২৭] ভাষ্যকার মতে- 'তস্যৈতস্যাক্ষরসমাম্নায়িকস্য বিবৃতোপদেশাদন্যত্রাপি বিবৃতোপদেশঃ কর্তব্যঃ।। কান্যত্র? ধাতুপ্রাতিপদিকপ্রত্যয়নিপাতস্থস্য'।[২৮] সুতরাং বর্ণসমাম্নায়ে অকারের দ্বারা অত্ত্বজাত্যাক্রান্ত যাবতীয় অবর্ণসমুদায়ের বোধ হয়। সকল প্রকার অকারের মূল হল – বর্ণসমাম্নায়ের অকার, এই অকার যেহেতু বিবৃত, তাই ধাতু, প্রাতিপদিক প্রভৃতির যাবতীয় অকারেরেই বিবৃতত্ব উপদিষ্ট হয়ে থাকে। 'অইউণ্' এই অক্ষরসমাম্নায়স্থ অকারের দ্বারা ধাত্বাদিস্থ অকার গৃহীত না হলে অর্থাৎ ধাত্বাদিস্থ অকার সংবৃত হলে, উভয় অকারের প্রযত্নভেদ হওয়ায় পরস্পর সবর্ণ সংজ্ঞা হয় না। ফলে 'অকঃ সবর্ণে দীর্ঘঃ'(অ০ ৬/১/১০০) সূত্রানুসারে সবর্ণদীর্ঘাদি কার্যও হতে পারে না এবং সূত্রস্থ 'অকঃ' পদের উচ্চারণও ব্যর্থ হয়। কেননা ধাত্বাদিস্থ সমস্ত হ্রস্ব অকার সংবৃত হওয়ায় প্রক্রিয়াকালে কখনোও দুটি হ্রস্ব অকার বিবৃত পাওয়া যায় না। যেহেতু বিবৃত অকার কেবল অক্ষরসমাম্নায়েই আছে। এর দ্বারাই বোঝা যায় প্রক্রিয়াকালে ধাত্বাদিস্থ অকারের বিবৃত উপদেশই আচার্য পাণিনির অভীষ্ট ছিল।[২৯]

অক্ষরসমাম্নায়স্থ অকারেরই বিবৃতত্ব জ্ঞাপনের ফলে সেই বর্ণ দ্বারা গঠিত প্রত্যাহারস্থিত অকারও বিবৃত হওয়ায় তার দ্বারা আকারাদি দীর্ঘ, প্লুতের গ্রহণ হয়ে থাকে। অকারের বিবৃতত্ব করা না হলে কেবলমাত্র প্রয়োগস্থ হ্রস্ব অকারাদির ক্ষেত্রেই কার্যসিদ্ধি হত, দীর্ঘাদিস্থলে তা প্রযুক্ত হতে পারবে না। সুতরাং দীর্ঘাদিস্থলে কার্যসিদ্ধির জন্য অকারের বিবৃত উপদেশ করা প্রয়োজন।[৩০] প্রশ্ন হয় অক্ষরসমাম্নায়স্থ বর্ণসমূহের স্বরূপ গ্রহণ করে যেহেতু 'আদিরন্ত্যেন সহেতা'(অ০ ১/১/৭১) সূত্রানুসারে প্রত্যাহার গঠন করা হয়েছে। সুতরাং অক্ষরসমাম্নায়ে পঠিত অণ্ বর্ণসমূহই সবর্ণের গ্রাহক হয়ে থাকে। অনুকরণ করে অকার, ইকারাদি বর্ণের নির্দেশ করলে সেই স্থানিতে কীভাবে সবর্ণের গ্রহণ হয়? কারণ অনুবৃত্তি হওয়া অকারাদি বর্ণ অণ্ নয়। সুতরাং 'অস্য চ্বৌ'(অ০ ৭/৪/৩২) ইত্যাদি সূত্রে অকারটি অনণ্ত্বহেতু সবর্ণের গ্রাহক হয় না।[৩১] বার্তিককার মতে- 'তত্রানুবৃত্তিনির্দেশে সবর্ণাগ্রহণমনণ্ত্বাৎ'।[৩২] ফলে 'অস্য চ্বৌ'(অ০ ৭/৪/৩২) এবং 'যস্যেতি চ'(অ০ ৬/৪/১৪৮) আদি সূত্রে যে অকারাদি বর্ণ আছে তা অণ্ না হওয়ায় সবর্ণের গ্রহণ হয় না, যদি সবর্ণের গ্রহণ না হয় তাহলে 'অস্য' পদ থেকে হ্রস্বের অতিরিক্ত দীর্ঘ আকারেরও গ্রহণ না হওয়ায় মালী ভবতি স্থলে আকারেরও ঈকার হতে পারে না। আবার 'যস্যেতি চ'(অ০ ৬/৪/১৪৮) সূত্রানুসারে ই এবং অ বর্ণের দ্বারা দীর্ঘ আকার এবং ঈকারের গ্রহণ না হওয়ায় রাধেয়ঃ স্থলে রাধা এর আকারের এবং নাদেয়ঃ স্থলে নদী এর ঈকারের লোপ সিদ্ধ হবে না। ফলে অনিষ্টাপত্তি হয়। সুতরাং বলা যায় সমস্ত অকারাদি বর্ণকে অক্ষরসমাম্নায়স্থ অকার বলেই বুঝতে হবে। গ্রহণকশাস্ত্রবলে সেই অণ্ সবর্ণের গ্রহণ করে থাকে। এক্ষেত্রে অত্বজাতি স্বীকার করলে কোনো দোষ হয় না । সেক্ষেত্রে বর্ণসমাম্নায়স্থ অকার এবং অন্যান্য অকারের মধ্যে কোনো ভেদ না থাকায় সর্বত্রই গ্রহণ হয়ে থাকে।

এছাড়াও মহাভাষ্যকারের মতে অক্ষরসমাম্নায়স্থ অকারের বিবৃতোপদেশ করার অপর প্রয়োজন হল- 'দীর্ঘপ্লুতবচনে চ সংবৃতনিবৃত্ত্যর্থঃ'।[৩৩] অর্থাৎ হ্রস্ব অকারের স্থলে দীর্ঘপ্লুত বিধানকথনস্থলে সংবৃত নিবৃত্তির উদ্দেশ্যে বিবৃত উপদেশ করা প্রয়োজন। বৃক্ষাভ্যাম, দেবদত্তা৩ এই প্রয়োগে বৃক্ষ এবং দেবদত্ত শব্দের অন্ত্য অকার যদি সংবৃত হয় তার স্থানে 'সুপি চ'(অ০ ৭/৩/১০২) এবং 'দূরাদ্ধূতে চ'(অ০ ৮/২/৮৪) সূত্রানুসারে যে দীর্ঘপ্লুত বিধান করা হয়েছে, তা 'স্থানেঽন্তরতমঃ'(অ০ ১/১/৫০) সূত্রানুসারে নিজস্থানী হ্রস্ব সংবৃত অকারের সমান সংবৃত দীর্ঘ ও প্লুতেরই প্রাপ্তি হয়ে থাকে, যেরূপ সঁয্যন্তা, সঁব্বত্সরঃ, যঁল্লোকং- ইত্যাদিস্থলে অনুস্বার সানুনাসিক যণেরই কল্পনা করে থাকে।[৩৪] তা যাতে না হয় সেজন্য অকারের বিবৃতোপদেশ করা প্রয়োজন।

তাৎপর্য এই যে শিক্ষায় যে সংবৃতত্ব বিহিত হয়েছে তার প্রচ্যুতি করে ধাতু, প্রাতিপদিক প্রভৃতি প্রয়োগস্থ অকারের বিবৃতত্ব উপদিষ্ট হয়েছে, সেই বিবৃতত্বকে আবার 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রের

দ্বারা আচার্য পাণিনি পুনরায় সংবৃতত্বের প্রত্যাপত্তি তথা স্বাভাবিক রূপে অবস্থান করিয়েছেন। ফলে ধাতু, প্রাতিপদিক, প্রত্যয়, নিপাত, আগম্, আদেশ এই প্রয়োগস্থ সকল প্রকার অকারের পুনরায় সংবৃত বিধান করা হয়েছে। ন্যাসকার মতে-'সংবৃতস্য স্বরূপাৎ প্রচ্যুতস্য প্রয়োগনিমিত্তং প্রত্যাপত্তিঃ করিষ্যতে; যতঃ শাস্ত্রপরিসমাপ্তৌ ততো ন ভবতি তথাভূতস্যৈবাযং প্রযোগ ইতি'।[৩৫]

এখন প্রশ্ন হয় 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রটি অষ্টাধ্যায়ীর শেষসূত্র হওয়ায় 'বিপ্রতিষেধে পরং কার্যম্'(অ০ ১/৪/২) সূত্রানুসারে এবং 'পরনিত্যান্তরঙ্গাপবাদানামুত্তরোত্তরং বলীয়ঃ' পরিভাষানুসারে পূর্ব অপেক্ষা পরসূত্র বলবান হওয়ায় অন্তিম 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রই সবথেকে বলবান হয়। এই সূত্রানুসারে বিবৃত অকারের স্থানে সংবৃত অকার বিধান করায় সমগ্র *অষ্টাধ্যায়ী*তে যে প্রক্রিয়া আছে সেখানে কোথাও বিবৃত অকার থাকতে পারবে না, সর্বত্র সংবৃত হয়ে যাবে। ফলে দণ্ড + আঢ়কম্ ইত্যাদিস্থলে পুনরায় দণ্ড এই প্রয়োগের অকার সংবৃত হলে প্রযত্নভেদবশতঃ অকার ও আকারের সবর্ণসংজ্ঞা হতে পারেনা এবং তন্নিবন্ধন সবর্ণদীর্ঘও হতে পারে না। সুতরাং বর্ণসমাম্নায়ে অকারের বিবৃতোপদেশ করে কী লাভ?

এর উত্তরে বলা যায় 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রটি অষ্টাধ্যায়ীর অন্তিম সূত্র। সেজন্য 'পূর্বত্রাসিদ্ধম্'(অ০ ৮/২/১) সূত্রানুসারে 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রটি পূর্ববর্তী সকল সূত্রের প্রতি অসিদ্ধ বা অবিদ্যমানবৎ হওয়ায় দণ্ড + আঢ়কম্ ইত্যাদি প্রয়োগের বিবৃত অকার 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রানুসারে সংবৃত হলেও 'অকঃ সবর্ণে দীর্ঘঃ'(অ০ ৬/১/১০০) সূত্রের দৃষ্টিতে সংবৃত অসিদ্ধ হয়ে বিবৃতই থেকে যায়। দীক্ষিতমতে- 'বিবৃতমনূদ্য সংবৃতোঽনেন বিধীযতে। অস্য চাষ্টাধ্যাযীং সম্পূর্ণাং প্রত্যসিদ্ধত্বাচ্ছাস্ত্রদৃষ্ট্যা বিবৃতত্বমস্ত্যেব'।[৩৬] সুতরাং প্রক্রিয়াদশায় অকার বিবৃত আর প্রক্রিয়া ব্যতীত প্রয়োগে অর্থাৎ ধাতু, প্রাতিপদিক, প্রত্যয়, নিপাত, আগম, আদেশ প্রভৃতির অকার সংবৃতই হবে। সর্বত্রই প্রথমে বিবৃত উপদিষ্ট হয়ে থাকে। এই বিবৃতের পুনরায় অষ্টাধ্যায়ীর অন্তিম সূত্রের দ্বারা সংবৃত বিধান করা হয়েছে। কাশিকাকার মতে-'তস্য প্রযোগার্থম্ 'অ অ' (৮/৪/৬৮) ইতি শাস্ত্রান্তে প্রত্যাপত্তিঃ করিষ্যতে'।[৩৭] পদমঞ্জরীকার মতে- 'শাস্ত্রান্তে ক্রিয়মাণা প্রত্যাপত্তিঃ সর্বেষ্বেব শাস্ত্রকার্যেষ্বভিযাতীতি ভাবঃ'।[৩৮] কিন্তু প্রক্রিয়াকালে যখন অন্যান্য সূত্রের প্রবৃত্তি করতে হবে, তখন পূর্ববর্তী সকল সূত্রের দৃষ্টিতেই অন্তিম সূত্রের অসিদ্ধত্ববশত বা অবিদ্যমানত্বহেতু বিবৃতত্বই রয়ে যায়।[৩৯] তবে এস্থলে অসিদ্ধত্ব বা অবিদ্যমানত্বের দ্বারা বাস্তবে অত্যন্তাভাব বিবক্ষিত নয়। অকারের স্বাভাবিক যে সংবৃতত্ব ধর্ম অগ্রাহ্য করা হচ্ছে তা কিন্তু নয়, আবার অকারের বিবৃতত্বও বাস্তব নয়, প্রক্রিয়া করার জন্য অকারের ওপর বিবৃতত্ব আরোপ করা হচ্ছে, সেটা তার সাধারণ ধর্ম নয়। সেজন্য বিবৃত অকারকে আচার্য পাণিনি সমগ্র প্রক্রিয়ার অন্তে প্রয়োগকালে অকারের স্বাভাবিক সংবৃতত্বই বিধান করেছেন।[৪০] এজন্যই প্রতিপন্ন হল যে হ্রস্ব অবর্ণ প্রয়োগে সংবৃত এবং প্রক্রিয়াদশায় বিবৃত। শাস্ত্রান্তে প্রক্রিয়াসিদ্ধির অনন্তর অকারের সংবৃতত্ব বিধান করে পূর্বসূত্রে যথা প্রক্রিয়াদশায় এবং অক্ষরসমাম্নায়ে যে অকার বিবৃতরূপেই উপদিষ্ট ছিল তা 'অ অ'(অ০ ৮/৪/৬৮) এই সূত্রে দ্বারাই জ্ঞাপিত হয়।[৪১]

এভাবে মাহেশ্বরসূত্রের অকারটির প্রযত্ন সূত্র দ্বারা পৃথক ভাবে বিহিত না হলেও সূত্রবিহিত জ্ঞাপকের দ্বারা তা প্রমাণিত হয়। সেক্ষেত্রে আকারের বিবৃতপ্রযত্ন হওয়ায় অকারের বিবৃতপ্রযত্ন স্বীকার করাই উচিত। যদিও সন্ধ্যক্ষরগুলির মধ্যে একার, ওকার বিবৃততর এবং ঐকার, ঔকার বিবৃততম রূপে স্বীকার করায় তাদের অকারাদিরও বিবৃততর ও বিবৃততম প্রযত্ন হওয়ায় বর্ণসমাম্নায়স্থ অকারেরও বিবৃততম প্রযত্ন স্বীকার করা উচিত নয়। সেক্ষেত্রে আকার বিবৃততর এবং অকার বিবৃত হওয়ায় প্রযত্নভেদহেতু উভয়ের মধ্যে সবর্ণসংজ্ঞা হয় না। সুতরাং অকারের বিবৃতত্ব স্বীকার করাই উচিত। শাস্ত্রান্তে তারই পুনরায় সংবৃতত্ব বিহিত হওয়ায় তাই জ্ঞাপিত হয়েছে।

**উল্লেখপঞ্জি**

১. তাল্বাস্থানমাভ্যন্তরপ্রযত্নশ্চেত্যেতদ্বযং যস্য যেন তুল্যং তন্মিথঃ সবর্ণসংজ্ঞং স্যাৎ। - 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের সিদ্ধান্তকৌমুদীবৃত্তি।

২. ওষ্ঠাৎ প্রভৃতি প্রাক্কাকলকাদাস্যম্ - 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের মহাভাষ্য

কাকলকং নাম গ্রীবাযামুন্নতপ্রদেশঃ - 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের প্রদীপটীকা।

৩. আস্যে মুখে ভবমাস্যং তাল্বাদিস্থানম্। 'শরীরাবযবাদ্যত্' ইতি ভাবার্থে যৎপ্রত্যযঃ। - 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের বালমনোরমাটীকা।

৪. অষ্টৌ স্থানানি বর্ণানামুরঃ কণ্ঠঃ শিরস্তথা।

জিহ্বামূলং চ দন্তশ্চ নাসিকোষ্ঠৌ চ তালু।। - পাণিনীয় শিক্ষা, শ্লোক – ১৬।

৫. প্রকৃষ্টো যত্নঃ প্রযত্ন - 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের বালমনোরমাটীকা।

৬. যত্নো দ্বিধা – আভ্যন্তরো বাহ্যশ্চ। আদ্যশ্চতুর্ধা - স্পৃষ্টেষৎস্পৃষ্টবিবৃতসংবৃতভেদাৎ। - 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের সিদ্ধান্তকৌমুদীবৃত্তি।

৭. অচোঽস্পৃষ্টা যণস্ত্বীষন্নেমস্পৃষ্টাঃ শলঃ স্মৃতাঃ।শেষাঃ স্পৃষ্টা হলঃ প্রোক্তা....' - পাণিনীয় শিক্ষা, শ্লোক – ২০।

৮. তত্র স্পৃষ্টং প্রযত্নং স্পর্শানাম্। ঈষৎস্পৃষ্টমন্তঃস্থানাম্। বিবৃতমূষ্মাণাং স্বরাণাং চ। হ্রস্বস্যাবর্ণস্য প্রয়োগে সংবৃতম্ - 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের সিদ্ধান্তকৌমুদীবৃত্তি।

৯. 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯), লঘুশব্দেন্দুশেখর।

১০. প্রক্রিযাদশাযাং বিবৃতত্বম্প্রতিজ্ঞেযমিত্যর্থঃ। তেন দণ্ডাঢকাদৌ দীর্ঘসিদ্ধিঃ। অন্যথা সংবৃতস্য হ্রস্বাকারস্য বিবৃতেন দীর্ঘেণ সাবর্ণ্যাভাবাৎস ন স্যাদিতি ভাবঃ। - ঐ।

১১. 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের বালমনোরমাটীকা।

১২. তেষাং হ্রস্বাদীনাম্ 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' ইতি সবর্ণসংজ্ঞা যথা স্যাদিত্যেবমর্থমিহ শাস্ত্রে হ্রস্বোঽকারো বিবৃতগুণোঽভ্যুপগম্যতে। অন্যথা হি ভিন্নত্বাত্ প্রযত্নস্যাসতি সাবর্ণে দণ্ডাঢকমিত্যাদৌ 'অকঃ সবর্ণে দীর্ঘঃ' ইতি দীর্ঘত্বং ন স্যাত্। - অইউণ্ সূত্রের ন্যাসটীকা।

১৩. বিবৃতত্বমিতি। গুণবচনাত্ত্বপ্রত্যয়ঃ। বিবৃতগুণত্বমিত্যর্থঃ। তথা চ শিক্ষা- 'বিবৃতকরণাস্স্বরাঃ, তেভ্য এ ও বিবৃততরৌ, তাভ্যামৈ ঔ, তাভ্যামপ্যাকারঃ, সংবৃতোঽকারঃ' ইতি। - অইউণ্ সূত্রের পদমঞ্জরীটীকা।

১৪. অথবা নাভিপ্রদেশ এব বিশিষ্টপ্রযত্নারম্ভাদ্দীর্ঘাদিনিষ্পত্ত্যা নাভেশ্চাস্যাদ্বাহ্যত্বাৎকালস্য ৰাহ্যত্বম্। বিবৃতত্বাদীনাং ত্বাস্যবর্তিপ্রযত্ননিষ্পাদ্যত্বাদাভ্যন্তরত্বম্ - অইউণ্ সূত্রের প্রদীপটীকা।

১৫. অইউণ্ সূত্রের মহাভাষ্য।

১৬. অইউণ্ সূত্রের ন্যাসটীকা।

১৭. শিক্ষাবচনসিদ্ধং স্বাভাবিকং হ্রস্বাবর্ণস্য সংবৃতত্বং প্রচাব্য শাস্ত্রমূলভূতে বর্ণসমাম্নাযে তস্য বিবৃতত্বেনৈবোপদিষ্টতযা কৃৎস্নশাস্ত্রীযপ্রক্রিযাসমযে হ্রস্বস্যাপ্যবর্ণস্য বিবৃতত্বেন দণ্ডাঢ়কমিত্যাদৌ সবর্ণদীর্ঘাদিকার্যং নির্বাধমিতি অইউণ্ ইতি সূত্রভাষ্যে স্পষ্টম্ - 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের বালমনোরমাটীকা।

১৮. অইউণ্ সূত্রস্থ মহাভাষ্য।

১৯. অইউণ্ সূত্রস্থ প্রদীপটীকা।

২০. হ্রস্বমবর্ণং প্রয়োগে সংবৃতম্। দীর্ঘপ্লুতয়োস্তু বিবৃতত্বম্ – ঐ।

২১. 'অ অ'(অ০ ৮/৪/৬৮) সূত্রস্থ প্রদীপটীকা।

২২. হ্রস্বস্যাবর্ণস্য প্রয়োগে সংবৃতম্। প্রক্রিযাদশাযাং তু বিবৃতমেব। এতচ্চ সূত্রকারেণ জ্ঞাপিতম্। তথা হি- 'অ অ' (৮/৪/৬৮) - 'তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্' (অ০ ১/১/৯) সূত্রের সিদ্ধান্তকৌমুদীবৃত্তি।

২৩. অইউণ্ সূত্রের পদমঞ্জরীটীকা।

২৪. তস্য প্রয়োগার্থম্ 'অ অ' ইতি শাস্ত্রান্তে প্রত্যাপত্তিঃ করিষ্যতে।। - অইউণ্ সূত্রস্থ কাশিকাবৃত্তি।

২৫. Pāṇini himself must have considered two other sounds homogeneous with each other in the contextof grammatical operations, although they were not naturally homogeneous. He treats *a*, a close (*saṃvṛta*) vowel, as though it were open (*vivṛta*) like *ā.* This is done to let *a* and *ā* undergo the same morphonemic operations.The last rule of the grammar (8.4.68: *a a*) then restores *a* to its normal value. But this rule has no effect on any preceding rules, since it comes under the heading of 8.2.1. - *Pāṇini – A Survey of Research,* P.207.

২৬. অইউণ্ সূত্রস্থ প্রদীপটীকা।

২৭. সর্বেষামকারাণাং যত্সামান্যং তদনুকরণমত্রাকারঃ তস্য চ বিবৃতত্বে প্রতিজ্ঞায়মানে সর্বেষাং তত্প্রতিজ্ঞাতং ভবতীতি – ঐ।

২৮. অইউণ্ সূত্রস্থ মহাভাষ্য।

২৯. যদা প্রত্যাহারে বিবৃতোঽকার উপদিষ্টস্তদা প্রযত্নভেদাত্তে ন সংবৃতস্যাকারস্য গ্রহণাভাবাদচ্কার্যং ন স্যাদিতি তত্সিদ্ধয়ে সবর্স্যাকারস্য বিবৃতত্বং কর্তব্যমিত্যর্থঃ। তেন 'শাম্যতি' ইত্যাদৌ দীর্ঘাদি সিদ্ধ্যতি। - অইউণ্ সূত্রস্থ প্রদীপটীকা।

৩০. যত্র 'অকঃ সবর্ণে দীর্ঘঃ' ইত্যাদৌ প্রত্যাহারগ্রহণং তত্রাদিরন্ত্যেনেতিবচনাদনযো-রেবাকারককারযোরনুকরণমিতি, তেন প্রত্যাহারগতেনাকারেণ বিবৃতেন প্রযোগস্থযোর্দীর্ঘপ্লুতযোঃ সাবর্ণ্যগ্রহণে সতি খট্বাঢ়কমিত্যাদৌ দীর্ঘত্বাদি কার্যং যথা স্যাৎ। অসতি হি বিবৃতত্বে 'অস্য চ্বৌ' ইত্যাদিবৎপ্রত্যাহারেষ্বপি সংবৃতস্য প্রয়োগস্থস্য হ্রস্বস্যৈব হি কার্যং স্যাত্। সতি তু বিবৃতত্বে দীর্ঘপ্লুতযোরপীত্যন্তেবাক্ষরসমাম্নাযিকমাত্রস্যাপি বিবৃতত্বপ্রতিজ্ঞানে ফলম্। ... যো নাম কশ্চিদকারঃ স সর্বো বিবৃতঃ প্রতিজ্ঞাযতে। - অইউণ্ সূত্রস্থ পদমঞ্জরীটীকা।

৩১. 'অকঃ সবর্ণে দীর্ঘঃ' ইত্যাদাবযমেবাকারোঽনুকৃত ইতি ককারাদিনা চিহ্নেন জ্ঞাযতে। ততশ্চাণত্বাত্তস্য গ্রাহকমস্তু। 'অস্য চ্বৌ' ইত্যাদৌ ত্বকারস্যানণ্ত্বাদ্ গ্রাহকত্বং ন প্রাপ্নোতীত্যর্থঃ।। - অইউণ্ সূত্রস্থ প্রদীপটীকা।

৩২. অইউণ্ সূত্রস্থ বার্তিক।

৩৩. অইউণ্ সূত্রস্থ বার্তিক।

৩৪. স্থানী প্রকল্পযেদেতাবনুস্বারো যথা যণম্। - অইউণ্ সূত্রস্থ শ্লোকবার্তিক।

সংবৃতঃ স্থানী সংবৃতৌ দীর্ঘপ্লুতৌ প্রকল্পযেত্।। - অইউণ্ সূত্রস্থ মহাভাষ্য।

৩৫. অইউণ্ সূত্রের ন্যাসটীকা।

৩৭. অইউণ্ সূত্রস্থ কাশিকাবৃত্তি।

৩৮. অইউণ্ সূত্রস্থ পদমঞ্জরীটীকা।

৩৯. অস্য অ অ ইতি সূত্রস্য, স্বপ্রাক্তনীং কৃত্স্নাম্ অষ্টাধ্যায়ীং প্রতি অসিদ্ধত্বাত্ অবিদ্যমানত্বাত্ প্রক্রিয়াদশাযাং বিবৃতত্বমস্ত্যেবেত্যন্বযঃ - 'অ অ' (অ০ ৮/৪/৬৮) সূত্রের বালমনোরমাটীকা।

৪০. 'According to the text of the Aṣṭādhyāyī as preserved to us and the comments on it by kātyāyana and patañjali, '*a*' is a close vowel,' nevertheless has attempted to show that 'A proper scrutiny of Pāṇini's grammar and history of the Sanskrit language through the stages of Indo-European and Indo-Iranian show that '*a*' and '*ā* ' were *savarṇas* in actual usage and not in *prakriyā* (grammatical procedure) only'.However, a prof of this would have to show either that Pāṇini's rule 8.4.68 had a purpose other than the one noted above or that it is fact a letter interpolation…so that it seems best to accept that for Pāṇini *a* was indeed a close vowel. - *Pāṇini – A Survey of Research,* P.208.

৪১. অকারো বিবৃত উপদিষ্টঃ প্রক্রিয়াদশাযাং তু চেত্যত্র 'অ অ' (অ০ ৮/৪/৬৮) ইতি প্রত্যাপত্তিবচনং জ্ঞাপকম্ – জ্ঞাপকসংগ্রহ, পৃ.১।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি


ইশ্বরচন্দ্র (সম্পা.)। *অষ্টাধ্যায়ী* (চন্দ্রলেখা হিন্দীব্যাখ্যা সহিত)। (প্রথম এবং দ্বিতীয়ভাগ)। দিল্লী: চৌখম্বা সংস্কৃত প্রতিষ্টান, ২০১৭।

কৌণ্ডিন্ন্যায়ন, প্রসাদবর্ধন। (সম্পা.)। *পাণিনীয়শিক্ষা*। বারাণসী: চৌখম্বা বিদ্যাভবন, ২০০৭।

জোশী, ভার্গবশাস্ত্রী। (সম্পা.)। *ব্যাকরণমহাভাষ্য* (ভাষ্যপ্রদীপোদ্দ্যোত সহিত)। (প্রথমভাগ)। দিল্লী: চৌখম্বা সংস্কৃত প্রতিষ্ঠান, ২০১৪।

তিবারী, হরিনারায়ণ। (সম্পা.)। *ব্যাকরণমহাভাষ্য* (জ্যোৎস্না সমুদ্ভাষিত)। (নবাহ্নিক ও প্রথম অধ্যায়) বারাণসী: চৌখম্বা সংস্কৃত প্রতিষ্ঠান, ২০১৪।

ত্রিপাঠী, রামনাথ। (সম্পা.)। *সংস্কৃত ব্যাকরণ শাস্ত্র কা ইতিহাস*। বারাণসী: চৌখম্ভা পাব্লিশার্স, ২০১৪।

ত্রিপাঠী, জয়শঙ্করলাল। (সম্পা.)। *পৌঢ়মনোরমা* (লঘুশব্দরত্ন, ভাবপ্রকাশিকা ও ভাববোধিনী হিন্দীব্যাখ্যা সহিত)। বারাণসী: চৌখম্বা কৃষ্ণদাস অকাদমী, ২০১১।

_ । *ব্যাকরণমহাভাষ্য* (প্রদীপোদ্দ্যোত ও ভাববোধিনী হিন্দী ব্যাখ্যা সহিত)। বারাণসী: চৌখম্বা কৃষ্ণদাস অকাদমী, প্রথমভাগ ২০১৭(তৃতীয়সংস্করণ), দ্বিতীয়ভাগ ২০১৮(তৃতীয়সংস্করণ)।

ত্রিপাঠী, জয়শঙ্করলাল/ মালবীয়, সুধাকর । (সম্পা.)। *কাশিকা* (ন্যাস, পদমঞ্জরী ও ভাববোধিনী সহিত)। প্রথমভাগ। বারাণসী: তারা বুক এজেন্সী, ২০১৬।

তাতাচার্য, এন্. এস্. রামানুজ। (সম্পা.)। *জ্ঞাপকসংগ্রহ* (বিবৃতি সহিত)। তিরুপতি: রাষ্ট্রীয় সংস্কৃত বিদ্যাপীঠ, ২০০২।

পঞ্চোলী, বালকৃষ্ণ। (সম্পা.)। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী* (লক্ষ্মীটীকা সহিত)। প্রথম এবং দ্বিতীয়ভাগ। দিল্লী: মোতিলাল বনারসী দাস, ১৯৬৬।

_ । *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী* (রত্নাপ্রভা হিন্দীব্যাখ্যা সহিত)। বারাণসী: চৌখম্বা সংস্কৃত প্রতিষ্ঠান, প্রথমভাগ ২০১৯, দ্বিতীয়ভাগ ২০১২।

পাণ্ডেয়, রমাকান্ত। (সম্পা.)। *পৌঢ়মনোরমা* (শব্দরত্ন, ভৈরবী ও আয়ুষী সহিত)। প্রথমভাগ। বারাণসী: চৌখম্বা বিদ্যাভবন, ২০১২।

_ । *পৌঢ়মনোরমা* (কারক এবং অব্যয়ীভাবান্ত ভাগ)। বারাণসী: চৌখম্বা বিদ্যাভবন, ২০১২।

পাণ্ডেয়, গোপালদত্ত। (সম্পা.)। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী* (বালমনোরমা ও দীপিকা সহিত)। প্রথম এবং দ্বিতীয়ভাগ। বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০১৭।

পাণ্ডেয়, ব্রজমোহন। (সম্পা.)। *সংস্কৃত ব্যাকরণ কী প্রবিধিক শব্দাবলী কা বিবেচন*। বারাণসী: সম্পূর্ণানন্দ সংস্কৃত বিশ্ববিদ্যালয়, ২০০৫।

মিশ্র, নারায়ণ। (সম্পা.)। *কাশিকাবৃত্তি* (ন্যাস ও পদমঞ্জরী সহিত)। প্রথমভাগ। বারণসী: রত্না পব্লিকেশন্স, ১৯৮৫।

মিশ্র, মুরলীধর। (সম্পা.) । *প্রক্রিয়াকৌমুদী* (প্রকাশব্যাখ্যা ও রশ্মিটিপ্পনী সংবলিত)। প্রথমভাগ। বারাণসী: সম্পূর্ণানন্দ সংস্কৃত বিশ্ববিদ্যালয়, ২০০০।

বেদালঙ্কার, রঘুবীর। (সম্পা.)। *কাশিকা* (জ্যোতিষ্মতী হিন্দীব্যাখ্যা সহিত)। প্রথমভাগ। দিল্লী: চৌখম্ভা ওরিয়ন্টালিয়া, ২০১৬।

বন্দ্যোপাধ্যায়, অশোককুমার। (সম্পা.)। *পাণিনীয়শিক্ষা* (শিক্ষাপ্রকাশ, পঞ্জিকা বঙ্গানুবাদ সহিত)। কলকাতা: সদেশ, ২০০৮।

শর্মা, শিবদত্ত। (সম্পা.)। *ব্যাকরণমহাভাষ্য* (ভাষ্যপ্রদীপোদ্দ্যোত সহিত)। দ্বিতীয়ভাগ। দিল্লী: চৌখম্বা সংস্কৃত প্রতিষ্ঠান, ২০০৪।

শর্মা, গিরিধর/ শর্মা, পরমেশ্বরানন্দ। (সম্পা.)। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী* (বালমনোরমা ও তত্ত্ববোধিনী সহিত)। প্রথম ভাগ। দিল্লী: মোতিলাল বনারসীদাস, ২০১০।

শর্মা, লক্ষ্মী। (সম্পা.)। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী* (শ্রীধরমুখোল্লাসিনী হিন্দী ব্যাখ্যা সহিত)। প্রথম ভাগ। বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০১৭।

শর্মা, শিবপ্রসাদ / শর্মা, শ্রীনিবাস। (সম্পা.)। *লঘুশব্দেন্দুশেখর* (ভৈরবী, চন্দ্রকলা ও বৈকুণ্ঠী সহিত)। প্রথম ভাগ। বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০১৬।

শাস্ত্রী, ভীমসেন। (সম্পা.) / *লঘুসিদ্ধান্তকৌমুদী* (ভৈমীব্যাখ্যা সহিত)। দিল্লী: ভৌমী প্রকাশন, প্রথম ভাগ ২০১৯(দশম সংস্করণ), দ্বিতীয় ভাগ ২০১৯(নবম সংস্করণ)।

শাস্ত্রী, চারুদেব। (সম্পা.)। *ব্যাকরণমহাভাষ্য*। প্রথম ভাগ। দিল্লী: মোতিলাল বনারসীদাস, ২০১৫ সংবৎ।

সান্যাল, অযোধ্যানাথ। (সম্পা.)। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী* (সংজ্ঞা ও পরিভাষা প্রকরণ)। বর্ধমান: বর্ধমান বিশ্ববিদ্যালয়, ২০০৮।

হালদার, গুরুপদ । *ব্যাকরণ দর্শনের ইতিহাস*। কলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০১৭।

Abhyankar, Kashinath Vasudev. *A Dictionary of Sanskrit Grammar*. Baroda: Oriental Institute, 1961. (Print).

Belvalkar, Shripad Krishna. *Systems of Sanskrit Grammar*. Poona: New Bharatiya Book Corporation, 1915. (Print).

Cardona, George. *Pāṇini: A Survey of Research*. Delhi: Motilal Banarasidass, 1980. (Print).

Cardona, George/ Aklujkar, Ashok/ ogawa, Hideyo. *Studies in Sanskrit Grammars*. New Delhi: D.K. Printworld (p) Ltd., 2012. (Print).

Pāṇini. *The Ashṭādhyāyī of Pāṇini*. Śrīśa Chandra Vasu. (Ed.). Vol.1. Delhi: Motilal Banarsidass, 1891. (Print).

_ . *The Aṣṭādhyāyī of Pāṇini*. Rama Nath Sharma. (Ed.). Vol.1. New Delhi: Munshiram Manoharlal Publishers Pvt. Ltd., 2002 (2nd ed.). (Print).

# *অথর্ববেদের* আলোকে পরিবেশ ও স্বাস্থ্য সচেতনতা

পিংকি খাতুন

মানবসভ্যতার যাবতীয় অস্তিত্বই কার্যত পরিবেশনির্ভর। স্বভাবতই এই পরিবেশ মানুষের জীবনপ্রবাহে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে প্রভাব বিস্তার করে থাকে। মানুষের উপর পরিবেশের প্রভাব কতটা সে সম্পর্কে সুপ্রাচীন বৈদিক যুগ হতেই মানুষ যে সচেতন ছিল তার প্রমাণ আমরা পাই। সুপ্রাচীন বৈদিক যুগে প্রকৃতির সঙ্গে মানুষের সম্পর্ক ছিল সুনিবিড়। তাই বিভিন্ন প্রাকৃতিক শক্তিকে আমরা বেদে মানুষরূপে বা দেবতারূপে বর্ণিত হতে দেখি। এই ভাবধারাটি প্রত্যক্ষভাবে পরিস্ফুটিত হয়েছে *অথর্ববেদের ভূমিসূক্তে*। আমরা জানি, পৃথিবী এখানে বর্ণিত হয়েছে মাতৃ-রূপে এবং সেক্ষেত্রে মানুষ এখানে কল্পিত হয়েছে পুত্র -রূপে- মাতা ভূমিঃ পুত্রোঽহং পৃথিব্যাঃ[১] – কিংবা 'সা নো ভূমির্বিসৃজতাং মাতা পুত্রায় পয়ঃ'[২] বিংশ শতাব্দীর সমাপ্তি-লগ্ন থেকে বিশেষত একবিংশ শতাব্দীতে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন একটি সদর্থক দিক হলেও, তথাকথিত বিশ্বায়ন কিংবা শিল্পবিপ্লবের অবশ্যাম্ভাবী প্রভাব হিসেবে জীব-বৈচিত্র্যের ধ্বংসসাধন, সমগ্র বিশ্বকে অস্তিত্ব-সঙ্কটের মুখোমুখি দাঁড় করিয়েছে। সমৃদ্ধতর জীবন উপভোগ্য ঠিকই, কিন্তু তাতে মানুষ বনাম পৃথিবীর আপাত দূরত্ব যখন ক্রমশ সংবর্ধমান, তখন জীব-বৈচিত্র্যের যে ঠাসবুনোটে পৃথিবীর প্রকৃত অস্তিত্ব (সত্য, ঋত, দীক্ষা, যজ্ঞ ইত্যাদি) সেই জালই ছিন্ন হয়ে পড়েছে।[৩] তবে এর বিপ্রতীপে মানুষের আত্মসচেতনতা ও পরিবেশ-প্রীতিই যে এই সমূহ বিপদ থেকে জগৎকে রক্ষা করতে পারবে, তা নিশ্চিত। তাই আমরা বলতে পারি *ভূমিসূক্তে* বর্ণিত পার্থিব বস্তুজগৎ এবং জীব-জগতের পারস্পরিক সম্পর্কের স্বাভাবিকতা এবং আপাত নৈকট্যই এই পরিবেশসচেতনতা এবং পরিবেশ-প্রীতির মুখ্য দিক।

*ভূমিসূক্তে* বৈদিক পরিবেশভাবনার দিকটি যেন বিশেষভাবে পরিস্ফুটিত হয়েছে। তেমনি আবার চিকিৎসাপদ্ধতির ভূমিকাও আমরা দেখতে পাই *অথর্ববেদে*। *অথর্ববেদের* অন্তর্গত *ভৈষজ্যসূক্ত* এখানে বিশেষভাবে উল্লেখ্য। ভৈষজ্য শব্দটির সঙ্গে চিকিৎসা শব্দটির আপাত সাযুজ্য রয়েছে। কার্যত এর মধ্য দিয়েই বিষয়টি পরিস্ফুট হয় যে, *অথর্ববেদ* বিভিন্ন রোগ বর্ণনা এবং তা নিরাময়ের নিমিত্ত বিভিন্ন চিকিৎসা পদ্ধতির গুরুত্বপূর্ণ আকর।

*অথর্ববেদে* আমরা যে সমস্ত চিকিৎসাপদ্ধতির উল্লেখ পাই, কিংবা সেখানে যে চিকিৎসাপদ্ধতির কম-বেশি বিবৃতি রয়েছে, সেগুলির মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হল- ভৈষজ্য চিকিৎসা পদ্ধতি, পঞ্চভূত চিকিৎসা পদ্ধতি, স্পর্শ চিকিৎসা পদ্ধতি, মণি চিকিৎসা পদ্ধতি ইত্যাদি। এছাড়াও মানসিক রোগ, বশীকরণ, যাদুবিদ্যা-মূলক চিকিৎসা পদ্ধতিও এখানে বর্ণিত হয়েছে। তবে এর মধ্যে ভৈষজ্য চিকিৎসা পদ্ধতি এবং পঞ্চভূত চিকিৎসা পদ্ধতি বিশেষভাবে উল্লেখযোগ্য।

আধুনিক যুগের ন্যায় *অথর্ববেদে* বিভিন্ন প্রকার জ্বরের উল্লেখ রয়েছে। এ ক্ষেত্রে পঞ্চম কাণ্ডের বাইশতম সূক্ত – তক্মনাশন (জ্বরবিষয়ক) বিশেষভাবে দ্রষ্টব্য। এখানে আমরা তিনটি নির্দিষ্ট শ্লোকের উল্লেখ করব–

> যৎ ত্বং শীতোঽথো রূরঃ সহ কাসাবেপয়ঃ।
> ভীমাস্তে তক্মন্ হেতয়স্তাভিঃ স্ম পরি বৃঙ্গ্ধি নঃ।।[৪]
>
> মা স্মৈতান্ সখীন্ কুরুথা বলাসং কাসমুদ্যুগম্।
> মা স্মাতোঽর্বাঙৈঃ পুনস্তত্ ত্বা তক্মন্নুপ ব্রুবে।।[৫]
>
> তক্মন্ ভ্রাতা ৰলাসেন স্বস্রা কাসিকযা সহ।
> পাপ্মা ভ্রাতৃব্যেণ সহ গচ্ছামুমরণং জনম্।।[৬]

অতিমারীর এই প্রবহমান প্রলয়ে আজ যখন সমগ্র বিশ্ব-ব্যাপী উৎকণ্ঠার প্রতিবেশ তৈরি হয়েছে তখন কোভিড-নাইন্টিন এবং তার প্রতিলক্ষণগুলি থেকে আপাত সামাজিক দূরত্ব বজায় রাখা

আমাদের অবশ্য কর্তব্য। সমাজকল্যাণকামী মানসিকতার জায়গা থেকেই রোগভোগের যন্ত্রণা থেকে মুক্তিপ্রার্থনাই আমাদের একান্ত লক্ষ্য। *অথর্ববেদে* উল্লিখিত এই শ্লোকসমূহ এই দূরীভবনের প্রসঙ্গকেই স্পষ্ট করে। এছাড়াও *অথর্ববেদে* শীর্ষ বেদনা কিংবা মস্তকবেদনার যেমন উল্লেখ রয়েছে, তেমনি এই যন্ত্রণা নিবারণের কথাও আমরা পাই। বর্তমানে সমগ্র বিশ্বে ছড়িয়ে পড়া Covid-19 একটি সংক্রমণজনক ব্যাধি। *অথর্ববেদের* দৃষ্টিতে আমরা জানি পরিবেশের বিভিন্ন প্রাকৃতিক উপাদানগুলির ভারসাম্য বিঘ্নিত হওয়ার ফলে এবং মানুষের বিভিন্ন অসামাজিক এবং অধর্মমূলক ক্রিয়াকর্মের ফলে নানান জনপদ ধ্বংসকারী জীবাণুর উদ্ভব ঘটে। 'কোভিড নাইন্টিন' যে তেমনি একটি ব্যাধি তা কিন্তু আমরা অস্বীকার করতে পারি না। Corona Virus Disease 2019 (Covid-19) একটি ভাইরাস ঘটিত রোগ। ভাইরাসটিকে SARS-COV-2 নাম দেওয়া হয়েছে। ইতঃপূর্বে Severe Acute Respiratory Syndrome (SARS) নামক যে রোগ হয়েছিল এক ধরনের করোনা ভাইরাসের সংক্রমণে, বর্তমানে ভাইরাসটি তার সমগোত্রীয়, কিন্তু কিছু জিনগত তফাত আছে, তাই SARS CORONA VIRUS এর সঙ্গে 2 জুড়ে দেওয়া হয়েছে।[৭] কারও কারও মতে ভাইরাসটি গবেষণাগারে সৃষ্ট। মার্কিন গোয়েন্দা সংস্থা এ বিষয়ে তদন্ত চালিয়েছে বলেও দাবি করা হয়েছে। এর প্রমাণ হিসেবে তাঁরা উল্লেখ করেছেন এই যে, ভাইরাসটি জেনেটিকভাবে পরিবর্তিত নয়। যদি তাই হয়, তবে বলব অর্বাচীনকালে বিজ্ঞানের এই বাড়বাড়ন্ত পতনোন্মুখ ক্ষণকেই চিহ্নিত করে। অসাধু উপায়ে, অসৎ উদ্দেশ্যে এই আবিষ্কারকে তো বেদকথিত 'অসামাজিক এবং অধর্মমূলক ক্রিয়াকর্ম' হিসেবেই চিহ্নিত করা যায়। আবার 'কোভিড নাইনটিন'-কে যদি রুবেলা, স্প্যানিশ-ফ্লু কিংবা সোইয়ান-ফ্লু-এর মতো একই ধরণ কিংবা গোত্রে রেখে বিচার করা হয়, তবে বলব আজকের বহুল প্রচলিত এই নাম গুলির অস্তিত্ব কিন্তু বেদেও ছিল। এই জাতীয় ভাইরাস কিংবা ব্যাকটেরিয়া সেখানে দৃশ্য ও অদৃশ্য কৃমি প্রভৃতি নামেও বর্ণিত হয়েছে–

> উৎ সূর্যো দিব এতি পুরো রক্ষাংসি নিজূর্বন্।
> আদিত্যঃ পর্বতেভ্যো বিশদৃষ্টো অদৃষ্টহা।।[৮]
>
> যেবাষাসঃ কষ্কষাস এজত্কাঃ শিপবিত্নুকাঃ।
> দৃষ্টশ্চ হন্যতাং ক্রিমিরুতাদৃষ্টশ্চ হন্যতাম্।।[৯]

প্রথম শ্লোকে বর্ণিত 'দৃষ্টো অদৃষ্টহা' কিংবা দ্বিতীয় শ্লোকে বর্ণিত 'দৃষ্টশ্চ হন্যতাং ক্রিমিরুতাদৃষ্টশ্চ' এক্ষেত্রে বিশেষ দ্রষ্টব্য। *অথর্ববেদের* পাঠ নেওয়া সচেতন পাঠকমাত্রই জানবেন এই জাতীয় উদাহরণ আরও বর্ধিত করা যায়। কিছুদিন আগে সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছিল একটি ভিডিও, সেখানে আমরা দেখেছি বিশ্ব-উষ্ণায়নের ফলে শীতল বরফ গলে যাচ্ছে এবং তার ফলে অসংখ্য ভাইরাস যা কিনা এতদিন বরফের নীচে সুপ্ত অবস্থায় অবস্থান করেছিল, সেগুলি আবারও সক্রিয় হতে শুরু করেছে এবং এই ভাইরাসগুলিই একদিন পৃথিবীকে ধ্বংসের মুখোমুখি দাঁড় করাবে। এই বিশ্ব-উষ্ণায়নের দায়ভার কি মানুষের উপরেই বর্তায় না? অযাচিত জঙ্গল ধ্বংস বা বনাঞ্চল ধ্বংস এখন একরকম ট্রেন্ড-এ পরিণত হয়েছে। মানুষ তার সৃষ্টিলগ্ন থেকেই ব্যক্তিগত ভোগ ও বাসনা চরিতার্থের লক্ষ্যে প্রকৃতির উপর আঘাত হেনেছে বারংবার। তাই আমরা বলতেই পারি এই ধ্বংসের দায়-ভাগে আমরাও সমান অংশীদার। অর্থাৎ প্রাচীন স্বাস্থ্য *অথর্ববেদের* বিধিসম্মত সতর্কতা ও করণীয় পন্থাতেও আমরা মানুষেরা সচেতন হতে পারিনি, নিজস্ব দুর্বলতা এবং অসচেতনতা কিংবা আত্ম-স্বার্থ চরিতার্থের তাগাদায়। এ প্রসঙ্গে প্রজ্ঞাপরাধ শব্দটি প্রণিধানযোগ্য। আমরা এখানে আলোচক শ্রী আশিস আচার্য্যের সূত্র ধরেই বলতে পারি--'তাঁরা (ঋষিরা) কি মহামারী সম্পর্কে কিছু বলেছিলেন? অবশ্যই বলেছিলেন। এর নাম খুবই বিবেচনা করে দিয়েছিলেন 'জনপদ ধ্বংস'। শাস্ত্রের একটি অধ্যায় আছে জনপদ ধ্বংস নামে। *চরকসংহিতায়* আছে মহামারীর কারণ চারটি–জল, বায়ু, দেশ ও কালের দূষণ। এদের মধ্যে কালের দূষণ যে ভয়ঙ্কর তা বলা আছে। কাল

দূষণ হলে অপেক্ষা করতে হবে আগামীর জন্য, কিছু নিয়ম মেনে চলতে হয় এই সময়। আর এই মহামারী করোনা কাল দূষণের ফল। কাল দূষণের ফলে যে জনপদ ধ্বংস (মহামারী) হয়, তা প্রধানত অধর্মের ফল। অধর্ম কেন হয়? প্রজ্ঞাপরাধের কারণেই অধর্ম হয়। প্রজ্ঞার অধীনে থাকা ধী, ধৃতি, স্থিতি–এই তিনটির সঠিক উপযোগ না হলে প্রজ্ঞাপরাধ দেখা দেয়।'[১০]

বর্তমানে করোনা ভাইরাস যেভাবে সংক্রমণ ঘটাচ্ছে কিংবা এর সংক্রমণ-জনিত লক্ষণের বহিঃপ্রকাশ যে রূপ, তার সাদৃশ্য বর্ণনা *অথর্ববেদেও* রয়েছে। হাঁচি-কাশির স্পর্শ নাক-মুখ-চোখ এগুলির মাধ্যমে ভাইরাসের প্রবেশ ঘটে, ঠিক তেমনই *অথর্ববেদে* সপ্তম খণ্ডে বলা হয়েছে মানব শরীরের বিভিন্ন অঙ্গ দিয়ে কোনও ভাইরাস কীভাবে দেহে প্রবেশ করে। বলাবাহুল্য এখানে কিন্তু সরাসরি ভাইরাস হিসেবে একে চিহ্নিত করা হয় নি, এখানে বলা রয়েছে দৃশ্য-অদৃশ্য। পূর্বকৃত আলোচনায় আমরা একেই তুলে ধরেছি। এই মারণ ভাইরাস এতটাই ক্ষুদ্র যে, মাইক্রো থেকে মাইক্রো পর্যায়ে গিয়ে তাকে অন্বেষণ করতে হয়। অর্থাৎ অণুবীক্ষণযন্ত্র ব্যতীত একে চোখে ধরার কোনও উপায় নেই। বলা বাহুল্য গবেষণায় প্রমাণিত হয়েছে যে, সমগ্র বিশ্বে যত মানুষ করোনা আক্রান্ত তাদের সমস্ত ভাইরাসকে একত্র করা হলে তাদের ওজন দাঁড়াবে মাত্র দেড় থেকে দুই গ্রাম। হয়তো এ কথা সত্যই যে, এই ভাইরাসের বিরুদ্ধে সংগঠিত মানব-সভ্যতার নিরন্তর অভিযোজনকে, এক অদৃশ্য শক্তির বিরুদ্ধে মানব-সভ্যতার চরমতম লড়াই বলতে হয়। উৎসটি অদৃশ্য অথচ তার ফল দৃশ্যমান অর্থাৎ *অথর্ববেদে* বর্ণিত দৃশ্য-অদৃশ্য পরিভাষাটি কোথাও গিয়ে মিলে যাচ্ছে। এ লড়াই কার্যত অদৃশ্য-এর বিরুদ্ধে দৃশ্য-এর লড়াই, কিংবা অন্য হিসেবে একে বলা যায় – অসীমের বিরুদ্ধে সসীমের লড়াই।

এখন প্রশ্ন হল রোগভোগের বিপ্রতীপে দাঁড়িয়ে কোন নিরাময় বা প্রতিকারের উপায় *অথর্ববেদে* রয়েছে কিনা! আমরা বরং দৃষ্টি দিতে পারি আয়ুর্বেদশাস্ত্রে। পাশাপাশি 'ভৈষজ্যবিদ্যা'-র কথাও মনে রাখা প্রয়োজন। আয়ুর্বেদশাস্ত্র যেমন অথর্ববেদেরগুরুত্বপূর্ণ অংশ, তেমনি আমাদের এও অজ্ঞাত নয় যে, *অথর্ববেদে* বর্ণিত 'পঞ্চচিকিৎসাপদ্ধতি'-র অন্যতম হল-- ভৈষজ্য চিকিৎসাপদ্ধতি। কল্যাণীর বেঙ্গল ইন্সটিটিউট অব ফার্মাসিউটিক্যাল সায়েন্সের ভারপ্রাপ্ত চিকিৎসক লোপামুদ্রা ভট্টাচার্যের মতে, "প্রাচীনকালে আয়ুর্বেদ চিকিৎসক চরক-সুশ্রুতের কথাই এখন মর্ডান মেডিসিন ঘুরিয়ে বলছে। মহামারী বা অতিমারী ঠেকাতে রোগীর পরিবারশুদ্ধকে আলাদা করে রাখার রীতি আয়ুর্বেদ শাস্ত্রেই রয়েছে। শুধু 'চরক সংহিতা'-ই নয়, 'অষ্টাঙ্গহৃদয়ে'ও এমন নানান উপায় বর্ণিত আছে, যা মহামারী বা অতিমারীর সময় বিশেষভাবে কাজে লাগে।"[১১] *সুশ্রুতসংহিতার* ষষ্ঠ অধ্যায়ের ৩২ নম্বর শ্লোকে আমরা পাই–

> প্রসঙ্গাদ্ গাত্রসংস্পর্শান নিঃশ্বাসাত সহভোজনাত্।
> সহশয্যাঽঽসনাত্ চাপি বস্ত্রমাল্যানুলেপনাত্।।[১২]

বর্তমানে যে কোয়ারেন্টাইন বা সামাজিক দূরত্বের বিধি মানা হয় তার উৎস আমরা এখান থেকেই পাই। আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে সংক্রমণ ছড়িয়ে পড়বার আশঙ্কায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পথনির্দেশ তাই অর্বাচীন বৈজ্ঞানিক কিংবা গবেষকদের তৈরি – এ কথাকে আমরা নস্যাৎ করতে পারি। আবার আমরা বলতে পারি *চরকসংহিতার* তৃতীয় অধ্যায়ে যে 'জনপদ ধ্বংসনীয় বিমান' বা 'এপিডেমিক' এর উল্লেখ রয়েছে, করোনা মোকাবিলায় বর্তমানে আমরা যেসব উপায় অবলম্বন করছি, তার অধিকাংশই সেখানে বর্ণিত। মানবশরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে এমন নানান উদ্ভিদের প্রসঙ্গ সেখানে রয়েছে। যেমন-- তুলসী, অশ্বগন্ধ, হরীতকী প্রভৃতি উদ্ভিদ যা মানব শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাকে বাড়িয়ে তোলে। এই একবিংশ শতাব্দীতে পৌঁছেও আমরা করোনার কাছে নিতান্তই অসহায়। আমাদের বিভিন্ন ধাপে টীকা গ্রহণ কর্মসূচি সম্পন্ন হলেও ভাইরাসের আরও কোনও নতুন গড়ন যে আমাদের আক্রান্ত করবে না- এ বিষয়ক অনিশ্চয়তাও আমাদের ভাবিয়ে তোলে। অতএব প্রাথমিক প্রতিরোধের ক্ষেত্রটি কিন্তু আমাদের মানবশরীরে গড়ে তুলতে হবে সম্পূর্ণ প্রাকৃতিক উপায়ে। প্রচলিত পরিভাষায় যাকে আমরা বলবো-- 'ইমিউনিটি পাওয়ার বাড়িয়ে তুলতে হবে' যা কিনা সম্পূর্ণ-ই এই প্রাচীন শাস্ত্রকথিত ভেষজ উদ্ভিদগুলির উপর নির্ভর করে দাঁড়িয়ে আছে। *চরকসংহিতার* 'ত্রিস্রংষণীয়' শীর্ষক অধ্যায়ে তিন প্রকার 'ইমিউনিটি'-র

কথা রয়েছে। যথাক্রমে – 'বলমিতি সহজং', 'কালজং' এবং 'যুক্তিবৃতঞ্চ'। বলা বাহুল্য যে, এই 'ইমিউনিটি'-ই কিন্তু আয়ুর্বেদের পরিভাষায় – 'বল'। অর্থাৎ সম্পূর্ণ প্রাকৃতিক উপায়েই এই প্রাকৃতিক শত্রুর নিধন সম্ভব। সেখানে, যে কোন ভাইরাস থেকে মুক্তি পেতে দেহের জন্মগত রোগ প্রতিরোধ ক্ষমতা, কাল বা বয়সের সঙ্গে সঙ্গে অর্জিত রোগ প্রতিরোধ ক্ষমতা ও টিকার মাধ্যমে অর্জিত রোগ প্রতিরোধ ক্ষমতাকে কাজে লাগানোর কথা বলা হয়েছে। করোনা থেকে মুক্তি পেতেও শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর কথাই বলেছেন আধুনিক চিকিৎসাবিদ্‌গণ। অন্যদিকে *অথর্ববেদে* আমরা 'জল চিকিৎসা পদ্ধতি'-র উল্লেখ পেয়েছি--

> আপ ইদ্ বা উ ভেষজীরাপো অমীবচাতনীঃ।
> আপো বিশ্বস্য ভেষজীস্তাস্তে কৃণ্বন্তু ভেষজম্।।[১৩]

আবার, *সুশ্রুতসংহিতার* চিকিৎসা অধ্যায়ে হাত পা ধুয়ে ভোজন করার কথা বলা হয়েছে। এছাড়াও সেখানে সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে না আসার নিমিত্ত স্বতন্ত্র বা পৃথক রাখার উল্লেখ রয়েছে-- 'নাপ্রক্ষলিতপাণিপাদো ভুঞ্জীত'।[১৪] এই কোয়ারেন্টাইন পদ্ধতিতে প্রতিনিয়ত আমাদের দেহ এবং অঙ্গ-প্রত্যঙ্গ ধৌত করবার প্রক্রিয়া আজ আমাদের প্রাত্যহিক জীবনের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। আজকাল বারবার গরম জলসেবন করার কথা বলা হচ্ছে চিকিৎসকদের তরফ থেকেও। আবার *চরকসংহিতাতে*ও আমরা খুঁজে পাই –

> জ্বরিতস্য কাযসমুত্থানদেশকালানভিসমীক্ষ্য পাচনার্থাং পানীযমুষ্ণং প্রাযচ্ছন্তি ভিষজঃ। জ্বরো হ্যামাশযসমুত্থঃ প্রাযশো ভেষজানি চামাশযসমুত্থানাং বিকারাণাং বিরেচনবমনাপতর্পণসংশ-মনান্যেব ভবন্তি পাচনার্থং চ পানীয়মুষ্ণং তস্মাদেতজ্জ্বরিতেভ্যঃ প্রযচ্ছন্তি ভূযিষ্ঠং। তদ্ধি তেষাং পীতং বাতমনুলোমযত্যগ্নিঞ্চানুদীর্ঘ্যমুদিরযতি ক্ষিপ্রঞ্চ জরাং গচ্ছতি শ্লেষ্মাণং পরিশোষযতি স্বল্পমপি চ পীতং তৃষ্ণাপ্রশ মনাযোক কল্পতে। তথাযুক্তমোপি চৈতন্নাত্যর্থোৎসন্নপিত্তে জ্বরে সদাহ-ভ্রমপ্রলাপাতিসারে বা দেযম্। উষ্ণেন- হি দাহভ্রম প্রলাপাতিসারা ভূযোঽভিবর্দ্ধন্তে শীতেন চোপশাম্যন্তীতি।[১৫]

জাতীয় পদ্ধতিগুলোকে আমরা তথাকথিত আয়ুর্বেদ পদ্ধতি বলেই মেনে নিতে পারি। আর এই *অথর্ববেদের* গুরুত্বপূর্ণ অঙ্গ হিসেবে *আয়ুর্বেদ*কে মেনে নিয়েই আমরা এই সম্যক সিদ্ধান্তে পৌছতে পারি যে, বিজ্ঞানের দম্ভে মানুষ যখন আজ প্রকৃতির সমান্তরালে হাঁটবার চেষ্টা করছে, তখন এই ডিজিটালাইজেশনের যুগে বসেও, আমাদেরকে শেষ অবধি প্রকৃতির কাছেই অসহায় ভাবে আত্মসমর্পণ করতে হয়। তবে এর নিরাময়ের প্রেক্ষাপটে দাঁড়িয়ে এখনো আমাদের দৃষ্টিভঙ্গি কিন্তু বেদমুখী। অর্থাৎ পিছনের দিকে তাকিয়ে সামনের দিকে এগিয়ে চলা। এর অর্থ কিন্তু পশ্চাদমুখী নয়, বরং সেখানে নিহিত আধুনিক পদ্ধতি গুলিকেই একরকমভাবে অনুসরণ করা। সরকারের তরফেও কোভিড প্রতিরোধে আয়ুর্বেদ, যোগ, ইউনানি, সিদ্ধা কিংবা ন্যাচারোপ্যাথিকে অবলম্বন করা হয়েছে। সম্প্রতি 'পারমেড' নামক মেডিক্যাল জার্নালে প্রকাশিত একটি গবেষণাপত্রেও আয়ুর্বেদ শাস্ত্রের ভূমিকার কথা বিশেষ ভাবে নির্দেশিত হয়েছে। যদিও কেউ কেউ 'দিনাচার্য' কিংবা 'ঋতুচার্য' নিয়মাবলীর ওপরেও সমান গুরুত্ব আরোপ করেছেন--

> ব্রাহ্মো মুহূর্ত উত্তিষ্ঠত্ স্বস্থো রক্ষার্থমাযুষঃ।
> শরীরচিন্তাং নির্বর্ত্য কৃতশৌচবিধিস্ততঃ।।[১৬]

শেষ পর্বে *অথর্ববেদে* বর্ণিত শ্লোকসমূহকেই আমরা বিনম্র চিত্তে গ্রহণ করতে পারি—

> অস্থাদ্ দ্যৌরস্থাৎ পৃথিব্যস্থাদ্ বিশ্বমিদং জগত্।
> অস্থুর্বৃক্ষা ঊর্ধ্বস্বপ্নাস্তিষ্ঠাদ্ রোগো অযং তব।।[১৭]

কিংবা বলতে পারি,

> ত্রাযন্তামিমং দেবাস্ত্রাযন্তাং মরুতাং গণাঃ।
> ত্রাযন্তাং বিশ্বা ভূতানি যথাযমরপা অসত্।।[১৮]

আজ বিশ্বপ্রকৃতির নিকট সমগ্র বিশ্ববাসীর আকুল প্রার্থনা এটাই। *অথর্ববেদ* কথিত সামগ্রিক নিয়মরীতির যথাযোগ্য পালনেই এই মারাত্মক সংক্রমণ থেকে সুরক্ষিত থাকা যাবে বলেই আমাদের একান্ত বিশ্বাস।

**উল্লেখপঞ্জি**


১. *অথর্ববেদ-সংহিতা* তৃতীয় ভাগ, ১২/১/১২, পৃ. ১৫৭

২. *তদেব,* ১২/১/১০, পৃ. ১৫৬

৩. *তদেব,* ১২/১/১, পৃ. ১৫৪

৪. *অথর্ববেদ-সংহিতা* প্রথম ভাগ, ৫/২২/১০, পৃ. ২৯৬

৫. *তদেব,* ৫/২২/১১, পৃ. ২৯৬

৬. *তদেব,* ৫/২২/১২, পৃ. ২৯৬

৭. https://bengali.indianexpress.com/opinion/understanding-coronaviruscovid-19-scientifically-211641/lite/

৮. *অথর্ববেদ-সংহিতা* দ্বিতীয় ভাগ, ৬/৫২/১, পৃ. ৪৩

৯. *অথর্ববেদ-সংহিতা* প্রথম ভাগ, ৫/২৩/৭, পৃ. ২৯৮

১০. http://www.savebengal.org/%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8B%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%93%E0%A6%86%E0%A6%AF%E0%A6%BC%E0%A7%81%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AC%E0%A7%87%E0%A6%A6/

১১. https://www.google.com/url?sa=t&source=web&rct=j&url=https://bangladeshtimes.com/health/article/14809&ved=2ahUKEwiD57_vj7LsAhVMAHIKHfT2Dz0QFjAHegQIBhAB&usg=AOvVaw1XUPps9XXWSuHja1ilAIWM&cshid=1602611541593

১২. *সুশ্রুতসংহিতা,* নিদানস্থান ৫/৩২, পৃ. ২৫০

১৩. *অথর্ববেদ-সংহিতা* দ্বিতীয় ভাগ, ৬/৯১/৩, পৃ. ৭৬

১৪. *সুশ্রুতসংহিতা,* চিকিৎসাস্থান ২৪/৯৮ পৃ. ১০৪

১৫. *চরক সংহিতা,* বিমানস্থানাম, তৃতীয় অধ্যায় পৃ. ৪০৩

১৬. *অষ্টাঙ্গহৃদয়,* ২/১ পৃ. ২৬

১৭. *অথর্ববেদ-সংহিতা* দ্বিতীয় ভাগ, ৬/৪৪/১, পৃ. ৩৬

১৮. *অথর্ববেদ-সংহিতা* প্রথম ভাগ, ৪/১৩/৪ পৃ. ১৮১


## নির্বাচিত গ্রন্থপঞ্জি


অধিকারী, তারকনাথ (অনুবাদ ও সম্পাদনা)। *বেদগ্রন্থমালা* (সপ্তম খণ্ড) *অথর্ববেদ-সংহিতা* (তৃতীয় ভাগ)। কলকাতা: রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, ২০২১ (প্রথম প্রকাশ)।

_ । *বেদগ্রন্থমালা* (*সপ্তম খণ্ড*) *অথর্ববেদ-সংহিতা* (প্রথম ভাগ)। কলকাতা: রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, ২০১৯ (প্রথম প্রকাশ)।

_ । *বেদগ্রন্থমালা* (সপ্তম খণ্ড) *অথর্ববেদ-সংহিতা* (দ্বিতীয় ভাগ)। কলকাতা: রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, ২০১৯ (প্রথম প্রকাশ)।

ত্রিপাঠি, ব্রহ্মানন্দ। *অষ্টাঙ্গহৃদয়*। দিল্লী: চৌখম্বা সংস্কৃত প্রতিষ্ঠান, ২০১৪ পুনর্মুদ্রণ।

মেহতা প্রাণজীবন মাণেকচন্দ। *সুশ্রুতসংহিতা*। বেণারস: চৌখম্বা সংস্কৃত সীরিজ, ১৯৫৪ (পুনর্মুদ্রণ)।

শর্মা, সতীশচন্দ্র (সম্পা.)। *চরক সংহিতা*। বনওয়ারিলাল বন্দ্যোপাধ্যায় (অনুদিত)। কলকাতা: প্রথম প্রকাশ ১৯০৪।

# *ছন্দঃকৌস্তুভ* গ্রন্থের ছন্দোগণিত: একটি সমীক্ষা

সেখ সামসুদ্দিন আলি


**সংক্ষিপ্তসার**

বেদ শব্দটির অর্থ হল জ্ঞান। ভট্টোজি দীক্ষিত *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদীর* ধাতুপাঠে জ্ঞানার্থক বিদ্‌ ধাতু থেকে বেদ শব্দটি নিষ্পন্ন তা উপস্থাপন করেছেন। পাণিনীয় শিক্ষায় বেদকে পুরুষরূপে কল্পনা করে, পুরুষের প্রতিটি অঙ্গের উপযোগিতা বর্ণনা করা হয়েছে। যেখানে হাত, পা, মুখ, চোখ, নাক, কান প্রভৃতি বেদপুরুষের ছয়টি অঙ্গ। বেদকে ছয় অঙ্গযুক্ত পুরুষরূপে কল্পনায় বোঝা যায় যে ছয়টি অঙ্গের বিশেষ উপযোগিতা আছে। আনন্দস্বরূপ জ্ঞানের আধার বেদের অবগাহনের জন্যই বেদাঙ্গ শাস্ত্র। যার পাদরূপে পরিকল্পনা করে ছন্দকে বিভূষিত করা হয়েছে।[১] বেদজ্ঞানে ছন্দের উপাদেয়তা সর্বাধিক কারণ ব্যবহারিক রূপে ছন্দ আধারস্বরূপ। ব্যক্তি গন্তব্যে তখনই পৌঁছাতে পারে যখন তার দুটি পা সহায়ক হয়, অনুরূপ ছন্দও। ছন্দ ভাষাকে মার্জিত এবং শ্রুতিমধুর ও পদ্যময় করে বেদের পরিজ্ঞানে সহায়ক হয়, এই কারণই বেদের যে কোনও মন্ত্রের তাৎপর্য অনুধাবনের জন্য ছন্দের জ্ঞান অপরিহার্য মনে করা হয়।

সংস্কৃত সাহিত্যে আচার্য পিঙ্গল রচিত *ছন্দঃসূত্র*-কে প্রাচীন ও আকর গ্রন্থরূপে স্বীকার করা হয়। তাঁর পরবর্তী সময়ে আচার্য ভরত, জয়দেব, কেদারভট্ট, হেমচন্দ্র, গঙ্গাদাস প্রমুখের রচনা বিশেষ মহত্ত্ব লাভ করেছে। এছাড়াও শ্রী রাধাদামোদর প্রভুপাদের *ছন্দঃকৌস্তুভ* গ্রন্থে ছন্দঃশিক্ষা, ছন্দোনিরুক্তি, ছন্দোগণিত এবং ছন্দের আলোচনায় রাধা-কৃষ্ণের নামকীর্তন ইত্যাদি বিবিধ বিষয় উপস্থাপিত হয়েছে। এই গ্রন্থে প্রায় ২৬৪ টি ছন্দের সমাবেশের সঙ্গে সঙ্গে ছন্দ স্বরূপ জানার প্রয়োজনে প্রস্তারাদির উল্লেখ আছে। সংস্কৃত ছন্দের প্রয়োজনীয় অঙ্গ হল প্রত্যয়। আচার্য পিঙ্গল *ছন্দঃসূত্রে* সমবৃত্ত, অর্ধসমবৃত্ত ও বিষমবৃত্ত প্রভৃতি প্রয়োজনীয় ছন্দের আলোচনা করেছেন। তাঁর পরবর্তী সময়ে ছন্দঃশাস্ত্রের পণ্ডিতগণ অতিরিক্ত ছন্দ স্বীকার করেছেন। ওই অতিরিক্ত ছন্দের জ্ঞানের জন্য প্রত্যয়ের বিশেষ প্রয়োজন। রাধাকৃষ্ণের আরাধনায় মত্ত শ্রী রাধাদামোদর প্রভুপাদ রচিত *ছন্দঃকৌস্তুভ* গ্রন্থের অষ্টম ও নবম অধ্যায়ে প্রস্তারাদি প্রত্যয়সমূহ স্থান পেয়েছে। *ছন্দঃকৌস্তুভ* গ্রন্থে প্রতিপাদিত ছন্দোগণিতের আলোচনা এখানের মুখ্য বিষয়।



**সূচক শব্দ**

সংস্কৃত সাহিত্য, বেদ, ছন্দ, প্রত্যয়, প্রস্তার, উদ্দিষ্ট, নষ্ট, মেরু, পতাকা, মর্কটী।


*ছন্দঃশাস্ত্রে* প্রতিপাদিত ছন্দের বিবিধ ভেদের বিবিধ রূপ আছে। এই ভেদ এক নিশ্চিত অক্ষরসংখ্যায় গুরু-লঘুর ক্রম পরিবর্তনের দ্বারা নির্মিত হয়। একাক্ষর থেকে একশত চার অক্ষর পর্যন্ত ছন্দের কতগুলি ভেদ বা কী কী রূপ হতে পারে তা গাণিতিক প্রক্রিয়ার দ্বারা সিদ্ধ হয়। ছন্দঃশাস্ত্রকার এই প্রক্রিয়াকে প্রত্যয় বলেছেন। প্রত্যয় শব্দটির প্রায় ষোল প্রকার অর্থ প্রাপ্ত হয়- বিশ্বাস, প্রমাণ, বিচার, জ্ঞান, হেতু, ব্যাখ্যা, নির্ণয়, চিহ্ন, অধীন, ছিদ্র, আচার, খ্যাতি, স্বাদু, শপথ, সহায়ক এবং এমন প্রক্রিয়া, যার দ্বারা ছন্দের ভেদ ও সংখ্যা জানা যায়। সংস্কৃত সাহিত্যে প্রত্যয় শব্দটির একাধিক অর্থে প্রয়োগ দেখা গেলেও ছন্দঃশাস্ত্রসমূহে প্রত্যয়কে ছন্দের অক্ষর সংখ্যা ও ছন্দঃস্বরূপের নির্ণায়করূপে স্বীকার করা হয়। পিঙ্গলাচার্যের *ছন্দঃসূত্র* গ্রন্থের অষ্টম অধ্যায়ে প্রস্তারাদি প্রত্যয়ের চর্চা পাওয়া যায়।[২] হেমচন্দ্র রচিত *ছন্দোঽনুশাসনের* অষ্টম অধ্যায়ে এবং কেদারভট্ট রচিত *বৃত্তরত্নাকরের* ষষ্ঠ অধ্যায়ে প্রত্যয় আলোচিত হয়েছে। এছাড়াও রামচরণ শর্মসূরি রচিত *বৃত্তপ্রত্যয়কৌমুদী*, দুঃখভঞ্জন কবি রচিত *বাগ্বল্লভ* এবং শ্রী শ্রী রাধাদামোদর প্রভুপাদের *ছন্দঃকৌস্তুভ* শাস্ত্রে প্রস্তারাদি প্রত্যয় সমূহের বিস্তারিত বর্ণনা পাওয়া যায়। *বৃত্তরত্নাকর* গ্রন্থের রচয়িতা কেদারভট্ট প্রত্যয়ের ছয়টি ভেদ স্বীকার করেছেন।[৩] পিঙ্গলাচার্য ও কেদারভট্টের প্রত্যয়ের ক্রমগুলি হল এরূপ- প্রস্তার, নষ্ট, উদ্দিষ্ট, লগক্রিয়া, সংখ্যান্‌ ও অধ্যযোগ। এক্ষেত্রে শ্রী রাধাদামোদর প্রভুপাদের *ছন্দঃকৌস্তুভ* গ্রন্থে প্রত্যয় গ্রহণ কিছুটা ভিন্ন। প্রস্তারাদি ছয় প্রকার প্রত্যয় স্বীকার করলেও প্রত্যয়ের ক্রম ও নাম চয়নে পার্থক্য লক্ষণীয়। প্রস্তার, উদ্দিষ্ট, নষ্ট, মেরু, পতাকা, মর্কটী – *ছন্দঃকৌস্তুভ* গ্রন্থে ক্রমানুসারে এই ছয়টি বর্ণিক ছন্দ ও মাত্রিক

ছন্দের প্রত্যয়রূপে গৃহীত।[৪] *ছন্দঃকৌস্তুভ* গ্রন্থে প্রস্তারাদি ছয় প্রকার প্রত্যয়ের যে উল্লেখ আছে তা এখানে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে। ছন্দের স্বরূপ পূর্ণরূপে জানার জন্য প্রস্তারাদি ক্রিয়া জানা আবশ্যিক এবং প্রস্তারের শুদ্ধির জন্য উদ্দিষ্ট, নষ্ট, পতাকা, মেরু, মর্কটী ইত্যাদির জ্ঞান আবশ্যিক।

এই প্রত্যয় বর্ণপ্রত্যয় ও মাত্রাপ্রত্যয় ভেদে দ্বিবিধ।

### ১. প্রস্তার

কোনও একটি ছন্দের কতগুলি ভেদ সম্ভব তার জ্ঞান যে পদ্ধতির দ্বারা প্রাপ্ত হয় তাকে প্রস্তার বলা হয়।[৫] ছন্দঃশাস্ত্রের কোনও ছন্দের কী কী স্বরূপ হতে পারে বা বিভাজনের বিস্তার কতদূর হতে পারে তা জানার জন্য প্রস্তারের প্রয়োজন হয়। প্রস্তার শব্দটির সাধারণ অর্থ হল বিস্তার। *প্রস্তরণং বিতাননং লক্ষণমঙ্কসংখ্যেত্যর্থঃ* অর্থাৎ বিস্তৃত রূপে লক্ষিত করা বা অঙ্কসংখ্যা বুঝে নেওয়ার পদ্ধতি হল *প্রস্তার*।[৬] এই প্রস্তার বর্ণ ও মাত্রা ভেদে দুই প্রকার স্বীকার করা হয়।

### ১.১ বর্ণ প্রস্তার

বর্ণ প্রস্তারে ছন্দ পাদে গৃহীত প্রথম বর্ণগুলি সর্বগুরু এবং শেষ বর্ণগুলি সর্বলঘু হয়।[৭] যেমন, চার বর্ণের সর্বগুরু (S S S S) এবং চার বর্ণের সর্বলঘু (I I I I)। এখন প্রশ্ন জাগতে পারে যে, এই প্রস্তারের স্বরূপ নির্নয় করব কীভাবে? এর একটি বিশেষ পদ্ধতি আছে। বর্ণ প্রস্তারে প্রথম ভেদে সর্বগুরু(S S) গ্রহণ করতে হয়, তারপর দ্বিতীয় ভেদে বাঁদিকের গুরু বর্ণের নীচে লঘু চিহ্ন (I) বসিয়ে ডান দিকের বর্ণগুলি যেমন তেমনি বসিয়ে দিতে হয় । এই বিধি বার বার করতে হয়। এভাবেই দ্বিতীয় ভেদ সম্পন্ন হয় (I S)। তৃতীয় ভেদে লঘু চিহ্নের নীচে পুনরায় গুরুচিহ্ন এবং গুরুচিহ্নের নীচে লঘুচিহ্ন বসিয়ে সম্পন্ন করতে হয়। এখন রূপটি হবে (S I)। চতুর্থ ভেদে পুনরায় গুরুচিহ্নের নীচে লঘুচিহ্ন এবং ডানদিকের লঘুচিহ্নটি যেমন তেমনি বসিয়ে (I I) রূপটি সম্পন্ন হল। যেহেতু সর্বলঘু প্রাপ্ত হয়েছে, তাই এই দুই অক্ষরের বর্ণ প্রস্তারটি সম্পন্ন হয়েছে। অর্থাৎ দুই বর্ণের বর্ণ প্রস্তারের মোট ৪ টি রূপ প্রাপ্ত হল। এই প্রক্রিয়া যতক্ষণ পর্যন্ত সমস্ত বর্ণের সর্বলঘু ভেদ না প্রাপ্ত হয়, ততক্ষণ পর্যন্ত চালিয়ে যেতে হয়। এভাবে ১ বর্ণ হতে ৬ বর্ণ প্রস্তারের কতগুলি করে ভেদ রূপ হওয়া সম্ভব তা নিম্নরূপ-

বর্ণ প্রস্তারের ভেদ সমূহ

| বর্ণ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|
| প্রস্তার ভেদ | ২ | ৪ | ৮ | ১৬ | ৩২ | ৬৪ | ১২৮ |

অর্থাৎ ১ বর্ণের প্রস্তার ভেদ ২টি, ২ বর্ণের প্রস্তার ভেদ ৪টি, ৩ বর্ণের প্রস্তার ভেদ ৮টি, ৪ বর্ণের প্রস্তার ভেদ ১৬টি, ৫ বর্ণের প্রস্তার ভেদ ৩২টি, ৬ বর্ণের প্রস্তার ভেদ ৬৪টি। এখানে খেয়াল করলে দেখা যায় যে, প্রতিটি বর্ণের ভেদ সংখ্যা ক্রমশঃ দ্বিগুণিক। ১ বর্ণের ২টি প্রস্তার রূপ, ২ বর্ণের (২ X ২ = ৪) ৪ টি প্রস্তার রূপ, ৩ বর্ণের (৪ X ২ = ৮ ) অর্থাৎ ৮ টি প্রস্তার রূপ। পূর্বের প্রস্তার ভেদের সঙ্গে ২ গুণ করে যে ভেদ নিষ্পন্ন হয় তাই পরবর্তী বর্ণের মোট প্রস্তার রূপের ভেদ।




## ১.২ মাত্রা প্রস্তার

মাত্রা প্রস্তারে মাত্রা গণনা করা হয় বর্ণ নয়। পাদ গ্রহণের সময় দুই মাত্রার, তিন মাত্রার, চার মাত্রার, পাঁচ মাত্রার ও ছয় মাত্রার পাদ গ্রহণ করা হয়। অনেক ক্ষেত্রে সাত মাত্রার পাদও গ্রহণ করা হয়। মাত্রিক প্রস্তারের পদ্ধতি অনেকটা বর্ণ প্রস্তারের অনুরূপ। তবে বর্ণিক প্রস্তারের প্রথম ভেদ সর্বগুরু হয়, কিন্তু এক্ষেত্রে মাত্রিক প্রস্তার কিছুটা ভিন্ন। মাত্রিক প্রস্তারে সম মাত্রা সম্পন্ন প্রস্তার হলে তবেই প্রথম ভেদ সর্বগুরু হয়। বিষম মাত্রা সম্পন্ন প্রস্তারে প্রথম ভেদের প্রারম্ভে বা শেষে একটি লঘু হয়। এখানে উল্লেখ্য, মাত্রিক প্রস্তার করার সময় খেয়াল রাখতে হবে, প্রস্তারগত সমস্ত ভেদ রূপে মাত্রার সংখ্যা ইষ্টমাত্রার যেন সমান থাকে। প্রস্তারে মাত্রা সংখ্যা সমান রাখার জন্য প্রথম গুরুর নীচে লঘু লিখে, অবশিষ্ট মাত্রা যেমন তেমনি বসিয়ে মাত্রার সমতা বজায় রাখা হয়। এক্ষেত্রে উল্লেখ্য বর্ণ প্রস্তারে বর্ণের গুরু ও লঘু ভেদ থাকলেও একটি বর্ণরূপেই গৃহীত হয় কিন্তু মাত্রিক প্রস্তারে গুরু দুই এবং লঘু এক মাত্রার বুঝতে হবে। এবারে মাত্রিক প্রস্তারের ভেদগুলি কীভাবে নির্ণয় করতে হয় তা উল্লেখ করা হল- চার মাত্রার প্রস্তার নির্ণয়ে নিয়মানুসারে প্রথম ভেদে দুটি গুরু(S S) গ্রহণ করা হল। এবারে দ্বিতীয় ভেদে বাঁদিকের প্রথম গুরুর নীচে লঘু বসিয়ে ডান দিকের যেমন তেমনি বসিয়ে (I I S) রূপটি সিদ্ধ হল, খেয়াল করলে দেখা যাবে মাত্রা এখনও চার। অনুরূপ তৃতীয় ভেদে প্রথম গুরু মাত্রার লঘু হওয়ার পর এবারে দ্বিতীয় ভেদের দ্বিতীয় মাত্রার লঘু কে পুনরায় গুরু করে (I S I) রূপটি প্রাপ্ত হল। এরপর পুনরায় লঘুকে গুরু করে এবং গুরুকে লঘু করে (S I I) রূপটি চতুর্থ ভেদে প্রাপ্ত হল। পঞ্চম ভেদে প্রথম গুরুটিকে লঘু করে মোট চারটি লঘু রূপ সিদ্ধ হল (I I I I)। অর্থাৎ চার মাত্রার ভেদ রূপ হল ৫ টি। দুই মাত্রার প্রস্তার ভেদ হল ২ টি।

১. (S)

২. (I)



এভাবে ১ মাত্রার, ২ মাত্রার, ৩ মাত্রার, ৪ মাত্রার, ৫ মাত্রার ও ৬ মাত্রার প্রস্তারের ভেদ সংখ্যা কতগুলি হতে পারে তার একটি প্রক্রিয়া আছে। ১ মাত্রার প্রস্তার সংখ্যা ১, ২ মাত্রার প্রস্তার সংখ্যা ২, ৩ মাত্রার প্রস্তার সংখ্যা ৩, ৪ মাত্রার প্রস্তার সংখ্যা ৫, ৫ মাত্রার প্রস্তার সংখ্যা ৮ এবং ৬ মাত্রার প্রস্তার সংখ্যা ১৩। খেয়াল করলে দেখা যায় প্রতিটি মাত্রা প্রস্তারের ভেদ সংখ্যা পূর্বের দুটি ভেদ সংখ্যার যোগফল। মাত্রিক প্রস্তারের ভেদ সংখ্যা নির্ণয়ের একটি সূচী নিম্নরূপ-

মাত্রা প্রস্তারের ভেদ সংখ্যা

| মাত্রা | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রস্তার ভেদ | ১ | ২ | ৩ | ৫ | ৮ | ১৩ | ২১ | ৩৪ | ৫৫ |

অর্থাৎ তিন মাত্রার প্রস্তার ভেদে পূর্বের দুইটি ভেদ ১ + ২ = ৩, অনুরূপ ৪ মাত্রায় পূর্বের দুইটি ভেদ ২ + ৩ =৫, এভাবেই অন্যান্য প্রস্তার ভেদগুলিও বুঝতে হবে।

## ২. উদ্দিষ্ট

প্রস্তার ভেদের প্রতিটি রূপের একটি ক্রমসংখ্যা আছে। কোনও ভেদরূপটির ক্রম সংখ্যা কত তা জানার জন্য উদ্দিষ্ট প্রত্যয়ের দ্বারা জানা যায়। এবিষয়ে অভিনবগুপ্তের *অভিনবভারতী*- তে বলা হয়েছে- *উদ্দিষ্টং তু স্বরূপেণ জ্ঞাতং ন সংখ্যয়া* অর্থাৎ যে ছন্দের স্বরূপ জানা আছে কিন্তু সংখ্যা বা ভেদ সংখ্যার জ্ঞান নেই তা উদ্দিষ্ট বিধির দ্বারা জানা যায়।[৮] উদ্দিষ্ট প্রত্যয়ের নিয়মটি হল-

## ২.১ বর্ণ উদ্দিষ্ট

সর্বপ্রথম যে ছন্দের মাত্রা রূপ জানার আছে সেই ছন্দের স্বরূপটি লিখতে হয়। তারপর তার উপরে এক থেকে দ্বিগুণ হারে গুণফলের সংখ্যাগুলি পর পর লিখতে হয়। এরপর লঘু অক্ষরের উপরের সংখ্যা গুলি যোগ করে যোগফলটির সঙ্গে পুনরায় ১ যোগ করে যে যোগফল প্রাপ্ত হয়, তা ছন্দটির প্রস্তারের ক্রমসংখ্যা বা ভেদসংখ্যা হয়। যেমন- ছন্দের প্রস্তারের একটি স্বরূপ (S I I S)। এটি চার বর্ণের একটি প্রস্তার ভেদ। এর উপরে ১ থেকে ২ গুণিতক হারে সংখ্যা পর পর লিখতে হয় অর্থাৎ ১, ২, ৪, ৮ এবং লঘু বর্ণের উপরে প্রাপ্ত সংখ্যা হয় ২ ও ৪। এই দুই সংখ্যার যোগফল হল ৬ এবং এরপর পুনরায় ৬ সংখ্যার সঙ্গে ১ যোগ করে ৭ প্রাপ্ত হয় অর্থাৎ (S I I S) এই প্রস্তার ভেদটি চার বর্ণের সপ্তত্ম ম প্রস্তার ভেদ। অনুরূপ উদাহরণের একটি সূচী নিম্নরূপ-




## ২.২ মাত্রা উদ্দিষ্ট

উদ্দিষ্ট প্রত্যয়ের দ্বারা সাধারণত ছন্দ প্রস্তারের ক্রমসংখ্যার (স্থান) জ্ঞান হয়। মাত্রা উদ্দিষ্টে প্রস্তারের স্বরূপের উপর বর্ণ উদ্দিষ্টের ন্যায় প্রস্তার ভেদের সংখ্যা সমূহ পর পর লিখতে হয়। তবে এক্ষেত্রে উল্লেখ্য মাত্রার উপরে ভেদ সংখ্যা বসানোর পদ্ধতি বর্ণ উদ্দিষ্ট থেকে ভিন্ন। প্রথমত লঘু মাত্রার

উপরে একটি সংখ্যা ও গুরু মাত্রার উপরে ও নীচে পর পর দুটি সংখ্যা বসাতে হয়। মাত্রা প্রস্তারের ভেদ সংখ্যাসমূহ হল (১, ২, ৩, ৫, ৮, ১৩)। ছয় মাত্রার প্রস্তারে ১৩ টি ভেদ স্বীকার করা হয়।

যেমন- (S I I S) এই রূপটি মাত্রা প্রস্তারের কত তম ভেদ? এর উত্তর পাওয়ার জন্য গুরু মাত্রার উপরে ১ ও নিম্নে ২ এবং পরবর্তী দুইটি লঘু মাত্রার উপরে যথাক্রমে ৩ ও ৫, তারপর শেষ গুরু মাত্রার উপরে ৮ ও নিম্নে ১৩ বসাতে হয়। এরপর অন্তিম সংখ্যা ১৩ থেকে গুরু মাত্রার উপরে প্রাপ্ত সংখ্যাগুলির (১, ৮) যোগ করে যোগফল ৯ বিয়োগ করতে হয় (১৩ – ৯ = ৪) অর্থাৎ ৪ প্রাপ্ত হল। (S I I S) এই রূপটি মাত্রা প্রস্তারের চতুর্থ তম ভেদরূপ। এভাবেই মাত্রা উদ্দিষ্টকে বুঝতে হবে।




### ৩. নষ্ট

প্রস্তার ভেদে কততম ভেদের গুরু-লঘু ক্রমে কেমন রূপ হবে তা জানার জন্য প্রত্যয়ের নষ্ট বিধি। এবিষয়ে *অভিনবভারতী*-তে বলা হয়েছে- নষ্টমিতি স্বরূপেণৈব ন জ্ঞাতং সংখ্যয়া তু জ্ঞাতম্। অর্থাৎ যে ছন্দের ক্রম অনুযায়ী তার স্বরূপ কেমন তা জানার জন্য নষ্টবিধি। প্রস্তারের ভেদ নিরূপণ করতে করতে ভেদের স্বরূপ নির্ণয় করা দীর্ঘ সময় সাপেক্ষ কিন্তু নষ্ট প্রত্যয়ের দ্বারা তা অনেক সহজেই ও অত্যন্ত কম সময়ে নির্ণয় করা সম্ভব।

### ৩.১ বর্ণ নষ্ট

যদি কোনও ছন্দের বর্ণ প্রস্তারের ক্রমের স্বরূপ জানতে চাই, তাহলে বর্ণ নষ্ট দ্বারা তা নির্ণয় করা সম্ভব। বর্ণ নষ্টের প্রক্রিয়া হল নিম্নরূপ-

যে ছন্দের ক্রমাঙ্কের স্বরূপ নির্ণয় করতে চায়, প্রথমে দেখতে হবে সেই ক্রমাঙ্কটি সম না বিষম। যদি সম হয় তাহলে প্রথম অক্ষর লঘু (I) লিখতে হয় এবং বিষম হলে প্রথম বর্ণ গুরু (S) লিখতে হয়। দ্বিতীয় অক্ষরটি নির্ণয় করার জন্য ক্রমটিকে ২ দ্বারা ভাগ করতে হয় এবং ভাগফল সম হলে পুনরায় লঘু (I) লিখতে হয়। কিন্তু যদি বিষম হয় তবে গুরু (S) লিখতে হয়। এভাবে দ্বিতীয় বর্ণটি প্রাপ্ত হয়। পুনরায় ২ দিয়ে ভাগ করে তৃতীয় বর্ণটি পাওয়া যায়। কিন্তু বিষম সংখ্যা ২ দিয়ে ভাগ করা অসম্ভব তাই তার সঙ্গে ১ যোগ করে সম সংখ্যায় পরিণত করে পুনরায় ২ দিয়ে ভাগ করে গুরু লঘু ভেদ প্রাপ্ত করতে হয়। এভাবেই যতগুলি বর্ণের প্রয়োজন, এই প্রক্রিয়ায় নির্ণয় করা সম্ভব। যেমন- ৪ বর্ণের চতুর্থ তম প্রস্তারের স্বরূপ কেমন তা নির্ণয় করে দেখি-

৪ ÷ ২ = ২ ÷ ২ = ১ + ১ = ২ ÷ ২ = ১ অর্থাৎ ৪ সমসংখ্যা তাই লঘু (I), ২ দিয়ে ভাগ করার পর ভাগফল ২ সমসংখ্যা অর্থাৎ লঘু (I), অবশিষ্ট ২ কে পুনরায় ২ দিয়ে ভাগ করলে ভাগফল ১ বিষম সংখ্যা অর্থাৎ গুরু (S), অবশিষ্ট ১ কে ২ দিয়ে ভাগ করা যায় না, তাই ১ এর সঙ্গে ১ যোগ করে ২, এরপর পুনরায় ২ দিয়ে ভাগ করলে ভাগফল ১ বিষম অর্থাৎ গুরু (S)। অতএব চার বর্ণের ৪ তম প্রস্তার ভেদের রূপ হল (I I S S)।




### ৩.২ মাত্রা নষ্ট

ছন্দ প্রস্তারের স্বরূপ কেমন হবে তা জানার জন্যই নষ্ট বিধি। বর্ণ নষ্টের দ্বারা যেমন বর্ণ প্রস্তারাদির স্বরূপ নির্ণীত হয়, অনুরূপ মাত্রা নষ্টেও মাত্রা প্রস্তারের স্বরূপ জানা যায়। তবে মাত্রা প্রস্তারের স্বরূপ নির্ণয়, বর্ণ প্রস্তারের নষ্ট প্রক্রিয়া থেকে ভিন্ন। মাত্রা প্রস্তারের নষ্ট প্রক্রিয়াটি হল নিম্নরূপ-

ছন্দে যত সংখ্যক মাত্রা গ্রহণ করা হয়েছে, মাত্রায় গৃহীত তত সংখ্যক বর্ণ লঘুমাত্রায় পরিণত করতে হয়। এরপর প্রত্যেক লঘুমাত্রার উপরে প্রস্তারভেদের ক্রম সংখ্যা পর পর বসাতে হয়। অর্থাৎ প্রস্তারের ক্রম সংখ্যা যথাক্রমে ১, ২, ৩, ৫, ৮ ও ১৩। এই সংখ্যাগুলি লঘু মাত্রার উপরে বসিয়ে প্রস্তারের শেষ ক্রম সংখ্যা থেকে যে ক্রমটির স্বরূপ জানতে চাই সেই সংখ্যা বিয়োগে প্রাপ্ত সংখ্যা বাঁদিকের সংখ্যা সমূহে পুনরায় ক্রমানুসারে বিয়োগ করে দেখতে হয়। যদি বিয়োগ সম্ভব হয়, তাহলে যে সংখ্যা দ্বারা বিয়োগ সম্ভব হয়েছে, সেই সংখ্যার উপরে লঘু চিহ্ন বসাতে হয়। সেই লঘু মাত্রার পরবর্তী লঘু মাত্রাকে গ্রহণ করে গুরু মাত্রা সম্পন্ন হয় এবং ওই মাত্রা দুটির উপর গুরু চিহ্ন স্থাপন করতে হয়।

ছয় মাত্রার প্রস্তার ভেদে প্রথমত ছয় মাত্রাকে ছয়টি লঘুতে রূপান্তরিত করে, প্রতিটি লঘু মাত্রার উপরে যথাক্রমে প্রস্তরভেদের সংখ্যা গুলি বসাতে হয় (১, ২, ৩, ৫, ৮ ও ১৩)। এইভাবে প্রাপ্ত শেষ সংখ্যাটি হল ১৩, এই ১৩ সংখ্যাটি থেকে যে ক্রমটির স্বরূপ জানতে চাই, সেই সংখ্যা বিয়োগ করতে হয়, ধরে নেওয়া যাক, ছয় মাত্রার ৮ সংখ্যক প্রস্তার ভেদের স্বরূপ জানতে চাই। অর্থাৎ ১৩ থেকে ৮ বিয়োগ করলে বিয়োগফল ৫ অবশিষ্ট থাকে, ১৩ সংখ্যায় বিয়োগ সম্পন্ন হল তাই ১৩ সংখ্যার উপরে লঘু চিহ্ন বসাতে হয়। অবশিষ্ট ৫ কে পূর্বের প্রস্তার সংখ্যা ৮ দিয়ে বিয়োগ করার চেষ্টা করলে ৮ যেহেতু ৫ এর থেকে বড় সংখ্যা, তাই বিয়োগ করা সম্ভব নয়। তাই ৮ সংখ্যাকে বাদ দিয়ে তার পূর্বের সংখ্যা ৫ দিয়ে ৫ কে বিয়োগ করা সম্ভব। যেহেতু বিয়োগ করা সম্ভব তাই ৫ সংখ্যার লঘু ও পরবর্তী ৮ সংখ্যার লঘুকে গ্রহণ করে ৫ সংখ্যার উপরে গুরু চিহ্ন বসাতে হয়। অবশিষ্ট ১, ২ ও ৩ সংখ্যার উপরে লঘু চিহ্ন বসবে। অর্থাৎ প্রাপ্ত রূপটি হল পরপর তিনটি লঘু এবং একটি গুরু ও শেষে পুনরায় লঘু(I I I S I) অর্থাৎ ছয় মাত্রার ছন্দ প্রস্তারের ৮ সংখ্যক ভেদের রূপ হল (I I I S I)। অনুরূপ ছয় মাত্রার ৪ সংখ্যক প্রস্তার ভেদের একটি সূচী নিম্নে প্রদত্ত হল-



## ৪. মেরু

মেরু প্রত্যয়ের দ্বারা সাধারণত ছন্দের প্রস্তারে ১ গুরু ও ১ লঘু বা ২ গুরু ও ২ লঘু কিংবা ৩ গুরু ও ৩ লঘু কতগুলি ভেদ আছে এবং সর্বগুরু ভেদ বা সর্বলঘু ভেদ কয়টি জানার জন্য মেরু প্রত্যয়।

### ৪.১ বর্ণ মেরু

প্রথমত চার বর্ণের মেরু নির্মাণে চারটি প্রকোষ্ঠ গ্রহণ করতে হয়, তারপর ক্রমাগত একটি করে প্রকোষ্ঠ বাড়াতে হয়, ফলে দ্বিতীয় সারিতে হয় পাঁচটি প্রকোষ্ঠ, এইভাবেই মোট চারটি সারি তৈরী করতে হয়। তারপর বাঁদিকের চারটি সারিতে পর পর ক্রমাঙ্ক ১, ২, ৩ ও ৪ বসাতে হয়। অন্তিম প্রকোষ্ঠে প্রথম থেকে বর্ণের মোট প্রস্তার ভেদগুলি পর পর লিখতে হয় ২, ৪, ৮, ১৬। সর্বগুরুর ও সর্বলঘুর ক্রম যেহেতু একটি করে তাই চারটি সারির দ্বিতীয় প্রকোষ্ঠে ও তৃতীয় প্রকোষ্ঠে যথাক্রমে ১ বসাতে হয়। অর্থাৎ প্রথম সারির চারটি প্রকোষ্ঠের সংখ্যা হল ১, ১, ১, ২। দ্বিতীয় সারির মধ্যস্থিত প্রকোষ্ঠে প্রথম সারির দুই ও তিন প্রকোষ্ঠের ১ ও ১ যোগে ২, দ্বিতীয় সারির তৃতীয় প্রকোষ্ঠে বসাতে হয়। এভাবেই দ্বিতীয় সারির পাঁচটি প্রকোষ্ঠের সংখ্যা হল ২, ১, ২, ১ ও ৪। প্রথম ও দ্বিতীয় সারি সম্পন্ন হল। দ্বিতীয় সারির দ্বিতীয় প্রকোষ্ঠের ১ ও তৃতীয় প্রকোষ্ঠের ২ যোগে ৩, তৃতীয় সারির তৃতীয় প্রকোষ্ঠে বসাতে হয় এবং দ্বিতীয় সারির তৃতীয় প্রকোষ্ঠের ২ ও চতুর্থ প্রকোষ্ঠের ১ যোগে ৩, তৃতীয় সারির চতুর্থ প্রকোষ্ঠে বসিয়ে তৃতীয় সারিটি সম্পন্ন করতে হয়। অনুরূপভাবে চতুর্থ সারিটিও সম্পন্ন করতে হয়।




বর্ণমেরুর দ্বিতীয় প্রকারে, প্রথম সারিতে প্রথমে দুইটি প্রধান প্রকোষ্ঠ গ্রহণ করতে হয় এবং তারপর একটি করে প্রকোষ্ঠ বাড়িয়ে যেতে হয়। চার বর্ণের মোট চারটি সারি হয়। প্রথম ও অন্তিম চারটি সারির প্রকোষ্ঠে সর্বগুরু ও সর্বলঘু প্রকারভেদ অর্থাৎ ১ বসাতে হয়। এরপর মধ্যস্থিত প্রকোষ্ঠগুলিতে উপরিস্থিত প্রকোষ্ঠগুলির যোগ করে যোগফল বসাতে হয়। এভাবেই বর্ণমেরুসম্পন্ন হয়। চার বর্ণের বর্ণমেরুর শেষ সারিতে প্রাপ্ত ১, ৪, ৬, ৪, ১ সংখ্যা দ্বারা বোঝা যায়, প্রথম ১টি প্রস্তার ভেদ সর্বগুরু এবং অন্তিম ১টি প্রস্তার ভেদ সর্বলঘু। ৪টি প্রস্তার ভেদ ৩টি গুরু ও ১টি লঘু এবং ১টি গুরু ও ৩টি লঘু সমন্বিত। ৬টি প্রস্তার ভেদ ২টি গুরু ও ২টি লঘু সমন্বিত।



## ৪.২ মাত্রা মেরু

ছন্দের প্রস্তার নির্ণয়ে বর্ণমেরুর মতোই মাত্রা মেরুতেও একই ফল প্রাপ্ত হয়। দুই মাত্রা বা তার অধিক মাত্রার ছন্দের প্রস্তার ভেদ কতগুলি হয়? সর্ব গুরু কতগুলি বা আদিগুরু অথবা সর্ব লঘুর সংখ্যা কত গুলি আছে, তা জানার জন্য মাত্রা মেরু প্রত্যয়ের বিশেষ প্রয়োজন। যেমন দুই মাত্রার প্রস্তার ভেদের দুইটি রূপ হয়। একটি গুরু রূপ এবং অপরটি দুইটি লঘুর রূপ হয়। এখন বিষয় হল যে, মাত্রা মেরুর নির্ণয় কিভাবে করব? শ্রী শ্রী রাধা দামোদর প্রভুপাদের *ছন্দঃকৌস্তুভ*গ্রন্থে এক বিশেষ প্রক্রিয়ায় মাত্রা মেরু নির্ণয়ের বিষয়টি উপস্থাপন করা হয়েছে।

প্রথমত দুইটি করে প্রকোষ্ঠ যুক্ত দুইটি সারি গ্রহণ করতে হয়। তারপর পুনরায় একটি করে প্রকোষ্ঠ ক্রমশ বৃদ্ধি করে পরপর দুইটি সারি গ্রহণ করা হয়। এভাবেই ক্রমশ প্রকোষ্ঠ গুলি গ্রহণ করা হয়।

বাম দিকের প্রথম প্রকোষ্ঠ গুলিতে অন্তিম প্রকোষ্ঠ পর্যন্ত যথাক্রমে ১, ২, ১, ৩, ১ ও ৪ সংখ্যা বসাতে হয়। অর্থাৎ বাঁ দিকের প্রথম সারির প্রথম প্রকোষ্ঠে ১ এবং দ্বিতীয় সারির প্রথম প্রকোষ্ঠে ২, এভাবে বসাতে হয়। এবারে অন্তিম প্রকোষ্ঠ গুলিতে পরপর ১ সংখ্যা বসাতে হয়। এরপর তির্যকভাবে বাঁ দিক হতে ডান দিক স্থিত সংখ্যা যোগ করে যোগফল নিচের মধ্যস্থিত শূন্য প্রকোষ্ঠে বসাতে হয়। এভাবেই অন্তিম সারি পর্যন্ত তির্যকভাবে যোগফল গুলি বসালে মেরু প্রক্রিয়াটি সম্পন্ন হয়।

দ্বিতীয় প্রকার মাত্রা মেরুর সূচীতে প্রকোষ্ঠগুলি ভিন্নভাবে সাজাতে হয়। যেমন ছয় মাত্রার মাত্রা মেরুতে প্রথমত দুইটি প্রকোষ্ঠ যুক্ত দুইটি সারি এবং তারপর একটি প্রকোষ্ঠ বৃদ্ধি করে পুনরায় তিনটি প্রকোষ্ঠ যুক্ত দুইটি সারি গ্রহণ করা হয়। পুনরায় ক্রমশ একটি প্রকোষ্ঠ বৃদ্ধি করে অর্থাৎ চার প্রকোষ্ঠ যুক্ত একটি সারি গ্রহণ করতে হয়। প্রথম সারির প্রথম প্রকোষ্ঠে ১ সংখ্যা দিয়ে শুরু করে ক্রমশ নিচের প্রকোষ্ঠ গুলিতে যথাক্রমে ২, ১, ৩, ১ বসাতে হয়। সারির অন্তিম প্রকোষ্ঠগুলিতে পরপর ১ সংখ্যা বসাতে হয়। তির্যক ভাবে যোগ করে মধ্যস্থিত শূন্য প্রকোষ্ঠগুলিতে বসাতে হয়। এইভাবে শেষ সারিতে প্রাপ্ত সংখ্যা গুলি হল ১, ৬, ৫ ও ১। প্রাপ্ত প্রথম ১ সংখ্যা সর্বগুরুকে নির্দেশ করে। দ্বিতীয় প্রাপ্ত সংখ্যা ৬ অর্থাৎ ছয় মাত্রা যুক্ত ছন্দে দুই গুরু বিশিষ্ট মোট ৬টি প্রস্তার ভেদ প্রাপ্ত হয়। তৃতীয় প্রাপ্ত সংখ্যা হল ৫, অর্থাৎ এক গুরু বিশিষ্ট প্রস্তার ভেদের সংখ্যা হল ৫। অন্তিম প্রাপ্ত সংখ্যা ১ অর্থাৎ প্রস্তার ভেদে একটি সর্ব লঘু ভেদ আছে। মাত্রা মেরুর দুইটি সূচি নিম্নে উল্লেখ করা হল।




## ৫. পতাকা

মেরু প্রত্যয়ের দ্বারা গুরু ও লঘু ভেদে কতগুলি করে প্রস্তার স্বরূপ আছে তা নির্ণয় করা হল কিন্তু প্রস্তারের কোন কোন সংখ্যা ক্রমে একটি গুরু ও একটি লঘু বা দুটি গুরু ও দুটি করে লঘু আছে তা মেরু প্রত্যয়ের দ্বারা জানা গেল না। প্রস্তারের কোন কোন সংখ্যা ক্রমে কতগুলি করে গুরু-লঘু রয়েছে তা স্পষ্টভাবে জানা যায় পতাকা প্রত্যয়ের দ্বারা।

## ৫.১ বর্ণ পতাকা

বর্ণ প্রস্তারে তিন গুরু বা দুই গুরু বা এক গুরু বিশিষ্ট প্রস্তার ভেদ সংখ্যা গুলি কি কি তা জানার জন্য বর্ণ পতাকা। ১, ২, ৩, ৪, ৫ ও ৬ বর্ণের প্রস্তার ভেদ যথাক্রমে ২, ৪, ৮, ১৬, ৩২, ও ৬৪ । কোন ছন্দের প্রস্তারে কতগুলি গুরু বিশিষ্ট প্রস্তার রয়েছে তা এই বর্ণ পতাকা প্রত্যয়ের দ্বারা জানা যায়। প্রথমত যে ছন্দের গুরু ভেদ জানতে চাই, সেই ছন্দের বর্ণ সংখ্যা অনুযায়ী তার প্রস্তার ভেদের একটি প্রকোষ্ঠ সারি তৈরী করতে হয়। তারপর ১, ২, ৪, ৮, ১৬, ৩২ ও ৬৪ ভেদ সংখ্যাগুলি পর পর প্রকোষ্ঠ গুলিতে বসাতে হয়। প্রথম প্রকোষ্ঠের ১ সর্বগুরুকে নির্দেশ করে। এই ১ পরবর্তী এক একটি সংখ্যার সঙ্গে যুক্ত হয়ে পরের সংখ্যা ২ এর প্রকোষ্ঠে পর পর নিচে বসাতে হয়। ২ এর প্রকোষ্ঠে প্রাপ্ত সংখ্যা গুলি পরবর্তী প্রকোষ্ঠের সংখ্যার সঙ্গে যুক্ত হয়ে তৃতীয় প্রকোষ্ঠে পর পর নিচে বসাতে হয়। এভাবে বর্ণ পতাকাটি সম্পন্ন হয়। যেমন, ৪ বর্ণের পতাকা নির্মাণ করতে প্রস্তার ভেদ ১, ২, ৪, ৮ ও ১৬ সংখ্যা গুলি সারিবদ্ধভাবে পর পর প্রকোষ্ঠতে বসাতে হয়। প্রথম ১ ও শেষ ১৬ যথাক্রমে সর্বগুরু ও সর্বলঘুকে বোঝায়। প্রথম প্রকোষ্ঠের ১ পরবর্তী ২, ৪, ৮ এর সঙ্গে যুক্ত হয়ে যোগফল পর পর ২ প্রকোষ্ঠের নীচে বসাতে হয়। যেমন, (১ + ২ = ৩), (১ + ৪ = ৫), (১ + ৮ = ৯) অর্থাৎ ২ এর প্রকোষ্ঠে ৩, ৫, ৯ সংখ্যা বসল। অনুরূপ ২ পরবর্তী সংখ্যাগুলির সঙ্গে যুক্ত হয়ে যথাক্রমে প্রাপ্ত হল ৬, ১০ এবং ২ সংখ্যার প্রকোষ্ঠে প্রাপ্ত অন্যান্য সংখ্যা ৩, ৫, ৯ সেগুলিও পরবর্তী সংখ্যার সঙ্গে যুক্ত ৭, ১১ ও ১৩ প্রাপ্ত হল এবং তৃতীয় প্রকোষ্ঠ অর্থাৎ ৪ সংখ্যার নীচে পর পর বসল। কিন্তু এখানে ৫ + ৪ = ৯ সংখ্যাটি হল না কারণ পূর্বে ৯ ভেদটি প্রাপ্ত হয়েছে ও ৯ + ৮ = ১৭ হল না কারণ ১৬ হল শেষ প্রস্তার ভেদ। চতুর্থ প্রকোষ্ঠে অর্থাৎ ৮ এর নীচে অনুরূপ প্রক্রিয়ায় যোগফল ১২, ১৪, ১৫ প্রাপ্ত হল। অর্থাৎ চারবর্ণের পতাকার দ্বারা প্রাপ্ত হল- সর্বগুরু - ১ম প্রস্তারের ক্রম ।

তিন গুরু – ২, ৩, ৫, ৯ প্রস্তারের ক্রম।

দুই গুরু – ৪, ৬, ৭, ১০, ১১ এবং ১৩ প্রস্তারের ক্রম।

এক গুরু – ১২, ১৪ ও ১৫ প্রস্তারের ক্রম।

সর্বলঘু – ১৬তম প্রস্তারের ক্রম। যার সূচীগুলি নিম্নরূপ-




## ৫.২ মাত্রা পতাকা

মাত্রা মেরুর দ্বারা কত মাত্রার প্রস্তারে মোট কতগুলি গুরু মাত্রার প্রস্তার আছে তা জানা যায়। মাত্রা উদ্দিষ্টের ন্যায় মাত্রা পতাকায় সমান অঙ্ক বিশিষ্ট সংখ্যা পরপর বসাতে হয়। যেমন, ৫ মাত্রার প্রস্তারে ১, ২, ৩, ৫ ও ৮ এবং ৬ মাত্রার প্রস্তারে ১, ২, ৩, ৫, ৮ ও ১৩ প্রস্তার ভেদ গ্রহণ করা হয়। মাত্রা পতাকাতেও মাত্রা উদ্দিষ্টের রীতিতে উক্ত সংখ্যা গুলি স্থাপন করতে হয়। এরপর অন্তিম সংখ্যার বামদিকে স্থিত সংখ্যা দিয়ে বিয়োগ করে বিয়োগফল অঙ্ক সংখ্যা গুলির ক্রমশ নীচে লিখতে হয়, যতক্ষণ পর্যন্ত না অন্তিম ভেদ প্রাপ্ত হচ্ছে। যেমন, ছয় মাত্রার প্রস্তার ভেদ হল ১, ২, ৩, ৫, ৮ ও ১৩ । শেষ অন্তিম সংখ্যা হল ১৩ এবং অন্তিম সংখ্যার বাম দিকের সংখ্যা হল ৮। অন্তিম সংখ্যা ১৩

থেকে ৮ বিয়োগ করলে প্রাপ্ত হয় ৫, যা ৫ সংখ্যক প্রকোষ্ঠে বসাতে হয়। এরপর ১৩ থেকে ৫ বিয়োগ করলে প্রাপ্ত সংখ্যা হল ৮, এই সংখ্যাটি ৫ সংখ্যার নীচে বসাতে হয়। ক্রমানুসারে ১৩ থেকে পুনরায় ৩ বিয়োগ করলে প্রাপ্ত সংখ্যা হল ১০ যা পুনরায় ৫ সংখ্যার প্রকোষ্ঠ ৮ সংখ্যার নীচে বসাতে হয়। যথাক্রমে ১৩ থেকে ২ বিয়োগ করলে প্রাপ্ত সংখ্যা হল ১১, যা ৫ সংখ্যার প্রকোষ্ঠে ১০ সংখ্যার নীচে বসাতে হয়। এবারে অবশিষ্ট ১ রইল, ১৩ থেকে ১ বিয়োগ করলে ১২ প্রাপ্ত হয়, যা ৫ সংখ্যার প্রকোষ্ঠের ১১ সংখ্যার নীচে লিখতে হয়। এইভাবেই পাঁচ সংখ্যার প্রকোষ্ঠে প্রাপ্ত সংখ্যাগুলি হল ৫, ৮, ১০, ১১ ও ১২।

অন্তিম সংখ্যা থেকে প্রকোষ্ঠ স্থিত প্রত্যেকটি সংখ্যার বিয়োগ সম্পন্ন করার পর ডানদিক হতে বামদিকের এক একটি সংখ্যার সঙ্গে যুক্ত হয়ে পুনরায় অন্তিম সংখ্যার থেকে বিয়োগ করতে হয়। অন্তিম সংখ্যার বাঁদিকে স্থিত সংখ্যাটি হল ৮ এবং তার পূর্ববর্তী সংখ্যা হল ৫, এই দুই সংখ্যাকে যোগ করলে প্রাপ্ত সংখ্যা হল ১৩ যার বিয়োগফল হবে শূন্য, অর্থাৎ এই সংখ্যাটি গ্রহণ করা হল না। তাই পূর্ববর্তী সংখ্যা ৩ এর সঙ্গে যোগ করে যোগফল হল ১১, এই সংখ্যাকে অন্তিম সংখ্যা ১৩ থেকে বিয়োগ করলে প্রাপ্ত সংখ্যা হল ২ অর্থাৎ এটি হলো প্রকোষ্ঠ সংখ্যা। ৮ সংখ্যার সঙ্গে পুনরায় ৩ এর পূর্ববর্তী সংখ্যা ২ যোগ করলে হয় ১০, অন্তিম সংখ্যা ১৩ থেকে বিয়োগ করলে বিয়োগফল হয় ৩, যা ২ অঙ্কের প্রকোষ্ঠে ২ এর নীচে লিখতে হয়। ৮ এর সঙ্গে পুনরায় ১ যোগ করে প্রাপ্ত ৯ বিয়োগ করলে ৪ অবশিষ্ট থাকে, যা ২ অঙ্কের প্রকোষ্ঠে ৩ এর নীচে লিখতে হয়।

এবারে ৫ সংখ্যা ও তার বাম দিকের অঙ্ক সংখ্যা গুলির ক্রমশ যোগফল শেষ সংখ্যা ১৩ থেকে বিয়োগ করে প্রাপ্ত সংখ্যা পুনরায় ২ এর প্রকোষ্ঠে ৪ সংখ্যার নীচে বসাতে হয়। ৫ ও তার পূর্ববর্তী সংখ্যা ৩ যোগে ৮ হয়, ১৩ থেকে ৮ বিয়োগ করলে প্রাপ্ত সংখ্যা পাওয়া যায় ৫ অর্থাৎ যা পূর্বেই গ্রহণ করা হয়েছে। পুনরায় ৫ ও তার ক্রমশ পূর্ববর্তী সংখ্যা ২ এর সঙ্গে যোগ করলে ৭ হয়। অন্তিম সংখ্যা ১৩ থেকে বিয়োগ করলে বিয়োগফল হয় ৬, যা ২ সংখ্যক প্রকোষ্ঠের ৪ সংখ্যার নিচে বসাতে হয়। ৫ ও তার পূর্ববর্তী শেষ সংখ্যা ১ এর সঙ্গে যোগ করলে ৬ হয়। অন্তিম সংখ্যা ১৩ থেকে বিয়োগ করলে বিয়োগফল হয় ৭, যা ২ সংখ্যক প্রকোষ্ঠের ৬ সংখ্যার নীচে বসাতে হয়।

এবারে প্রকোষ্ঠের অঙ্ক সংখ্যা ৩ এর বাম দিকে স্থিত অঙ্ক সংখ্যা যোগ করে অন্তিম সংখ্যা ১৩ থেকে অনুরূপ বিয়োগ করতে হয়। ৩ সংখ্যার পূর্ববর্তী সংখ্যা দুটি ১ ও ২ অর্থাৎ ৩ সংখ্যার সঙ্গে ২ যোগ করলে হয় ৫, ১৩ থেকে বিয়োগ করলে প্রাপ্ত হয় ৮, যা পূর্বে গ্রহণ করা হয়েছে। এরপর ৩-এর সঙ্গে ১ যুক্ত করে যোগফল হয় ৪, এই সংখ্যা ১৩ থেকে বিয়োগ করলে বিয়োগফল প্রাপ্ত হয় ৯, যা দুই সংখ্যক প্রকোষ্ঠের ৭ সংখ্যার নীচে বসাতে হয়। এরপর অবশিষ্ট ৩, ২, ১ অঙ্ক সংখ্যার সঙ্গে তার পূর্ববর্তী সংখ্যাগুলির যোগ করে, ১৩ থেকে বিয়োগ প্রক্রিয়াটি করা হল না, কারণ যা ফললাভ হবে তা পূর্বেই গ্রহণ করা হয়েছে।

সম্পূর্ণ সূচীতে প্রথম প্রকোষ্ঠে ১ সংখ্যা আছে, যা সর্বগুরু মাত্রাকে বোঝায়। দ্বিতীয় প্রকোষ্ঠে যথাক্রমে ২, ৩, ৪, ৬, ৭ ও ৯ সংখ্যা আছে। যা দুই গুরু বিশিষ্ট প্রস্তার ভেদকে বোঝায়। চতুর্থ প্রকোষ্ঠে প্রাপ্ত সংখ্যা গুলি হল ৫, ৮, ১০, ১১ ও ১২। এই প্রস্তারভেদ গুলি, এক গুরু মাত্রা যুক্ত। শেষ প্রকোষ্ঠে ১৩ সংখ্যক প্রস্তার ভেদটি সর্ব লঘুকে বোঝায়।

মাত্রা প্রত্যয়ের পতাকার একটি সূচী নিম্নে প্রদত্ত হল-



### ৬. মর্কটী

ছন্দ প্রত্যয়ের অন্তিম প্রত্যয় হল মর্কটী। কোন ছন্দের কতগুলি প্রভেদ, কতগুলি বর্ণ বা কতগুলি গুরু ও লঘু বর্ণ আছে কিংবা কতগুলি মাত্রা সমন্বিত প্রভৃতি বিষয়ে জানার জন্য মর্কটী প্রত্যয়।

### ৬.১ বর্ণ মর্কটী

প্রথমত একটি সারিবদ্ধ প্রকোষ্ঠযুক্ত সূচী নির্মাণ করা প্রয়োজন। যার প্রথম প্রকোষ্ঠে ছন্দ ও তার নিম্নের পর পর প্রকোষ্ঠগুলিতে প্রভেদ, বর্ণ, গুরু, লঘু ও মাত্রা ইত্যাদি স্থাপন করা হয়। প্রথম প্রকোষ্ঠের অর্থাৎ ছন্দের সারিতে ১, ২, ৩, ৪ ক্রমে সংখ্যা বসাতে হয়। দ্বিতীয় প্রকোষ্ঠের সারি অর্থাৎ প্রভেদ সারিতে প্রস্তার ভেদ সমূহ (২, ৪, ৮, ১৬) পর পর বসাতে হয়। তৃতীয় প্রকোষ্ঠ অর্থাৎ বর্ণ সারিতে উপরিস্থিত ছন্দ সারি ও প্রভেদ সারির সংখ্যার গুণ করে গুণফল বসাতে হয়, যার প্রাপ্ত সংখ্যা গুলি হল ২, ৮, ২৪, ৬৪ । বর্ণ সারিতে প্রাপ্ত এই সংখ্যাগুলিকে ২ দিয়ে ভাগ করে ভাগফল চতুর্থ প্রকোষ্ঠ অর্থাৎ গুরু বর্ণের সারিতে পর পর বসাতে হয়। এভাবে গুরু বর্ণের সারিতে প্রাপ্ত সংখ্যাগুলি হল- ১, ৪, ১২, ৩২। গুরু বর্ণের সারিতে প্রাপ্ত সংখ্যা সমূহ পঞ্চম প্রকোষ্ঠ অর্থাৎ লঘু বর্ণের সারিতে হুবহু বসাতে হয় অর্থাৎ লঘু সারিতে প্রাপ্ত সংখ্যাগুলি হল – ১, ৪, ১২, ৩২। লঘু সারিতে প্রাপ্ত সংখ্যা গুলিকে ৩ দিয়ে গুণ করে ক্রম অনুসারে শেষ প্রকোষ্ঠে অর্থাৎ মাত্রা সারিতে পর পর বসাতে হয়, এভাবেই বর্ণ মর্কটীটি সম্পন্ন হয়। একটি সূচী নিম্নে প্রদত্ত হল-

চার বর্ণের বর্ণমর্কটী

| | | | | |
|---|---|---|---|---|
| ছন্দ | ১ | ২ | ৩ | ৪ |
| প্রভেদ | ২ | ৪ | ৮ | ১৬ |
| বর্ণ | ২ | ৮ | ২৪ | ৬৪ |
| গুরু | ১ | ৪ | ১২ | ৩২ |
| লঘু | ১ | ৪ | ১২ | ৩২ |
| মাত্রা | ৩ | ১২ | ৩৬ | ৯৬ |

### ৬.২ মাত্রা মর্কটী

*ছন্দঃকৌস্তুভ* গ্রন্থে মাত্রা পতাকার আলোচনার পর মাত্রা মর্কটী আলোচনার উল্লেখ করা হয়েছে। মাত্রা মর্কটীতে প্রথমত ছয় সারিযুক্ত একটি সূচী গ্রহণ করতে হয়। প্রতিটি সারির প্রথম প্রকোষ্ঠ গুলিতে যথাক্রমে ছন্দ, প্রভেদ, মাত্রা, গুরু, লঘু ও বর্ণ বসাতে হয়। ছন্দ প্রকোষ্ঠে মাত্রা অনুসারে ১ থেকে ক্রমশ অঙ্ক সংখ্যা গুলি বসাতে হয়। প্রভেদ নামের দ্বিতীয় সারিতে উদ্দিষ্টের অঙ্কগুলি বসাতে হয় যথাক্রমে ১, ২, ৩, ৫, ৮ ও ১৩। এরপর প্রথম ও দ্বিতীয় সারির সংখ্যা সমূহের উপর ও নীচে গুণ করে গুণফল তৃতীয় সারির মাত্রা প্রকোষ্ঠে পরপর বসাতে হয়। চতুর্থ সারির গুরু নামক প্রকোষ্ঠে সংখ্যা শূন্য (0) বসবে কারণ একমাত্রার ছন্দে গুরু মাত্রা থাকা সম্ভব নয়। এরপর গুরু প্রকোষ্ঠে প্রাপ্ত সংখ্যাকে ২ দ্বারা গুণ করে উপরে স্থিত মাত্রা প্রকোষ্ঠের সংখ্যাগুলি থেকে গুণফল বিয়োগ করে প্রাপ্ত ফল গুরু প্রকোষ্ঠের পরবর্তী লঘু প্রকোষ্ঠে ক্রমশ বসাতে হয়। যেমন, প্রথম সংখ্যা শূন্য-কে ২ দিয়ে গুন করলে শূন্যই হয়, এরপর উপরিস্থিত মাত্রা প্রকোষ্ঠে ১ থেকে শূন্যকে বিয়োগ করলে ফল পাওয়া যায় ১। যা গুরু সারির দ্বিতীয় প্রকোষ্ঠে বসাতে হয়। অনুরূপ ১ এর সঙ্গে ২ গুণ করলে ফল হয় ২, তারপর উপরিস্থিত ৪ থেকে ২ বিয়োগ করলে বিয়োগফল অবশিষ্ট থাকে ২ অর্থাৎ ২ পরবর্তী গুরু সারির তৃতীয় প্রকোষ্ঠে বসবে। এভাবেই গুরু সারির প্রকোষ্ঠগুলি পূর্ণ করতে হয়। গুরু সারিতে প্রাপ্ত সংখ্যা সমূহের তির্যকভাবে যোগ করে লঘু সারির প্রকোষ্ঠগুলিতে বসাতে হয়। লঘু সারির প্রথম সংখ্যা হল ১। লঘু সারিতে প্রাপ্ত সংখ্যা গুলি হল যথাক্রমে ১, ২, ৫, ১০ ও ২০। শেষ সারিটি হল বর্ণভেদের সারি। গুরু ও লঘু সারিতে প্রাপ্ত সংখ্যাগুলির উপর ও নীচের প্রাপ্ত

সংখ্যার যোগ করে বর্ণ সারির প্রকোষ্ঠে পরপর বসাতে হয়। এভাবে বর্ণ সারিতে প্রাপ্ত সংখ্যা গুলি হল ১, ৩, ৭, ১৫ ও ৩০।

উক্ত প্রক্রিয়ার দ্বারা ৪, ৫ বা ৬ মাত্রার ছন্দের মোট প্রস্তারভেদ, মাত্রা ভেদ, গুরু, লঘু ও বর্ণের সংখ্যার সহজে জ্ঞান হয়।

মাত্রা মর্কটীর একটি সূচী নিম্নে দেওয়া হল-


পাঁচ মাত্রার মাত্রা মর্কটী

| স্তম্ভ | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| প্রভেদ | ১ | ২ | ৩ | ৫ | ৮ |
| মাত্রা | ১ | ৪ | ৯ | ২০ | ৪০ |
| গুরু | ০ | ১ | ২ | ৫ | ১০ |
| লঘু | ১ | ২ | ৫ | ১০ | ২০ |
| বর্ণ | ১ | ৩ | ৭ | ১৫ | ৩০ |

**অন্তকথা**

এইভাবে ছন্দের ভেদ আলোচনায় দেখি কিভাবে বর্ণিক ছন্দের ও মাত্রিক ছন্দের বিশ্লেষিত রূপ প্রস্তার সমূহের মাধ্যমে নির্মিত হচ্ছে। শ্রী শ্রী রাধা দামোদর প্রভুপাদের *ছন্দঃকৌস্তুভ* নামক ছন্দোগ্রন্থের অষ্টম ও নবম প্রভায় ছন্দের প্রস্তার প্রভৃতি প্রত্যয় সমূহের আলোচনার উপস্থাপন আছে। এই গ্রন্থে প্রত্যয়-এর প্রতিটি ভেদের সহজ সরল ও পুঙ্খানুপুঙ্খভাবে ব্যাখ্যা করা হয়েছে। প্রত্যয় সমূহের আলোচনায় অনেক ক্ষেত্রে পিঙ্গল আচার্যের *ছন্দঃসূত্র* ও কেদারভট্টের *বৃত্তরত্নাকর* গ্রন্থের সাদৃশ্য দেখা যায়। যেমন - নষ্ট, উদ্দিষ্ট, প্রস্তার ভেদ নির্ণয়ের প্রক্রিয়াগুলির আলোচনা প্রায় একইভাবে দেখানো হয়েছে। তবে প্রস্তারের আলোচনায় অনেক ক্ষেত্রেই বিষয়ের ক্রম ও বিষয়গত ভিন্নতা দৃষ্টি আকর্ষণ করে। যেমন, পিঙ্গলাচার্যের প্রত্যয়ভেদ গুলি হল ক্রম অনুযায়ী- প্রস্তার, নষ্ট, উদ্দিষ্ট, লগক্রিয়া, সংখ্যা, অধ্বযোগ ইত্যাদি। কিন্তু *ছন্দঃকৌস্তুভ*গ্রন্থে প্রত্যয়ের ক্রম ও ভেদ গুলি হল ভিন্ন। এই গ্রন্থের প্রত্যয় ভেদ গুলি যথাক্রমে - প্রস্তার, নষ্ট, উদ্দিষ্ট, বর্ণ মেরু, পতাকা ও বর্ণ মর্কটী।

সুদূর অতীতে ছন্দের আত্মপ্রকাশ, যা সময়ের স্রোতে প্রবাহিত হতে হতে তার আঙ্গিক যেমন পরিবর্তন ঘটেছে, পরিবর্তন ঘটেছে তার প্রয়োগ পদ্ধতিরও। বর্ণ ও মাত্রার সমন্বয়ে বৈদিক ছন্দ হতে লৌকিক ছন্দের উৎপত্তি তথা ছন্দের স্বরূপ নির্ণয়ের প্রক্রিয়া অব্যাহত গতিতে বয়ে চলেছে, যার ফল স্বরূপ নানান সময়ে ছন্দের নানান অভিনব রূপ সংস্কৃত সাহিত্যকে আরও গতিময় করেছে, যা আজও অব্যাহত। এই অভিনব ছন্দ রূপের সংযোজন ও পরিমার্জন করার জন্যই প্রস্তার প্রভৃতি প্রত্যয়সমূহের প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

**উল্লেখপঞ্জি**

১. ছন্দঃ পাদৌ তু বেদস্য হস্তৌ কল্পোঽথ পঠ্যতে। জ্যোতিষামযনং চক্ষুর্নিরুক্তং শ্রোত্রমুচ্যতে।। বালকৃষ্ণ শর্মা (সম্পা.), *পাণিনীয় শিক্ষা,* ৪১।

২. ছন্দসাং ভেদাদি-প্রত্যযকত্বাৎ প্রত্যযাঃ। প্রতীযতে সংখ্যাদিকম্ এভিস্তে প্রত্যযাঃ। সীতানাথসামাধ্যায়িভট্টাচার্য (সম্পা.), *ছন্দঃসূত্র,* পৃষ্ঠা. ২৩৫।

৩. প্রস্তারো নষ্টমুদ্দিষ্টম্, একদ্ব্যাদিলক্রিযা। সংখ্যা চৌবাধ্বযোগশ্চ ষডেতে প্রত্যযাঃ স্মৃতাঃ। *বৃত্তরত্নাকর,* ৬/১।

৪. প্রস্তারোদ্দিষ্টনষ্টানি তথামেরুপতাকিকে। মর্কটী চেতি ষট্ প্রাহুঃ প্রত্যয়ান্ বর্ণমাত্রযোঃ।। *ছন্দঃকৌস্তুভ,* ৮/১।

৫. পাদে সর্বগুরাবাদ্যাল্লঘুং ন্যস্য গুরোরধঃ।
যথোপরি তথা শেষং ভূয়ঃ কুর্যাদমুং বিধিম্।।

ঊনে দদ্যাদ্ গুরূনেব যাবৎসর্বলঘুর্ভবেৎ।
প্রস্তারোঽয়ং সমাখ্যাতশ্ছন্দোবিচিতিবেদিভিঃ। *বৃত্তরত্নাকর* ৬/২-৩।

৬. মধুসূদন শাস্ত্রী (সম্পা.), *নাট্যশাস্ত্র* ১৪/১১৩, দ্বিতীয় ভাগ, অভিনবভারতী টীকা, পৃষ্ঠা. ১১৯২।

৭. সর্বগুর্বাদিমং বৃত্তং সর্বলঘ্বন্তিমং ভবেৎ। *ছন্দঃকৌস্তুভ*, ৮/২।

৮. মধুসূদন শাস্ত্রী (সম্পা.), *নাট্যশাস্ত্র* ১৪/১১৩, দ্বিতীয় ভাগ, অভিনবভারতী টীকা, পৃষ্ঠা. ১১৯২।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি


কেদারভট্ট। *বৃত্তরত্নাকর*। আচার্য বলদেব উপাধ্যায় কৃত *চন্দ্রিকা* (সংস্কৃত ও হিন্দি ব্যাখ্যা) সহ। বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০১৭।

গঙ্গাদাস। *ছন্দোমঞ্জরী*। (সম্পা.) ব্রহ্মানন্দ ত্রিপাঠী। বারাণসী: চৌখম্বা সুরভারতি প্রকাশন, ২০৩৫ সংবৎ (১৯৭৮)।

প্রভুপাদ, রাধাদামোদর। *ছন্দঃকৌস্তুভ*। বলদেব বিদ্যাভূষণ কৃত গোবিন্দভাষ্য সহ। সম্পা. হরিদাস শাস্ত্রী। বৃন্দাবন: শ্রীগদাধরগৌরহরি প্রেস, ১৯৯০।

*পাণিনীয় শিক্ষা*। (সম্পা. ও ব্যাখ্যা) বালকৃষ্ণ শর্মা। উজ্জয়িনী: কালিদাস একাডেমি, ২০৫০ সংবৎ (১৯৯৩)।

পিঙ্গলাচার্য। *ছন্দঃসূত্র*। (সম্পা.) সীতানাথসামাধ্যায়িভট্টাচার্য। কোলকাতা: জানকীনাথ কাব্যতীর্থ এন্ড ব্রাদার্স ছাত্র-প্রকাশালয়, ১৯৩১।

ভরতমুনি। *নাট্যশাস্ত্র*। অভিনবগুপ্ত কৃত *অভিনবভারতী* টীকা সহ। সম্পা. মধুসূদন শাস্ত্রী। দ্বিতীয় ভাগ। বারাণসী: বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়, ১৯৭৫।

# ন্যায়-বৈশেষিক দর্শনচর্চায় মহামহোপাধ্যায় কালীপদ তর্কাচার্যের অবদান

স্বাগত বিশ্বাস

**সংক্ষিপ্তসার**

ঊনবিংশ শতকে বাংলায় যে শুধুমাত্র নবজাগরণের সূত্রপাত হয়েছিল তা নয়, সেই সাথে আবির্ভাব ঘটেছিল অসাধারণ মেধাবী, প্রতিভাবান, জ্ঞানতপস্বী কিছু বাঙালি পণ্ডিতদের। পরবর্তীকালে তাঁদের বহুমুখী কর্মশক্তি সমৃদ্ধ করেছিল সমাজ, সাহিত্য ও দর্শনচর্চাকে। আর বলতে গেলে বাঙালির দর্শন চর্চার ইতিহাস বেশ প্রাচীন। ভারতীয় দর্শনের বিশেষত ন্যায়-বৈশেষিক দর্শনে বাঙালির এই কৃতিত্ব সারা পৃথিবীব্যাপী আজ সুবিদিত। সেই জয়ের ইতিহাস একদা উঠে এসেছিল কবির কাব্যে। কবি সত্যেন্দ্রনাথ দত্তের *আমরা* কবিতায় বাঙালির দর্শনচর্চার সেই গৌরবের কথাই শোনা যায় –

> কিশোর বয়সে পক্ষধরের
> পক্ষ সাতন করি,
> বাঙালীর ছেলে ফিরে এল দেশে
> যশের মুকুট পরি।

সুতরাং সেই গৌরবের ধারা বজায় থেকেছে ঊনবিংশ ও বিংশ শতকেও সেকথা নিঃসন্দেহে বলা যায়। আলোচ্য শোধ প্রবন্ধে পণ্ডিতপ্রবর মহামহোপাধ্যায় কালীপদ তর্কাচার্য মহাশয়ের সারস্বত সাধনার মধ্যে ন্যায়-বৈশেষিক দর্শন চর্চায় যে অসামান্য অবদান রেখেছেন তা আলোকপাত করা হয়েছে। কাব্যিক, দার্শনিক, অনুবাদনৈপুণ্যতা, গ্রন্থ ও পত্রিকা সম্পাদনা এছাড়াও অধ্যাপনা জীবনে তিনি খ্যাতির বিশেষ পরিচয় দিয়েছেন। তাঁর সকল গুণের জন্য তিনি 'স্বভাবকবি' বা 'কাশ্যপমহাকবি' নামে সুবিদিত হয়ে আছেন পণ্ডিতসমাজে।

**সূচক শব্দ**

ন্যায়-বৈশেষিক, মহামহোপাধ্যায়, কালীপদ তর্কাচার্য।

## জন্মপরিচয়

১৮৮৮ খ্রীষ্টাব্দে অবিভক্ত বাংলার ফরিদপুর জেলার অধুনা বাংলাদেশের কোটালিপাড়া পরগণার ঊনশিয়া গ্রামে কালীপদ তর্কাচার্যের জন্ম। পিতা হরিদাস তর্কতীর্থ ও মাতা সীতাসুন্দরীর অগ্রজ সন্তান ছিলেন তিনি। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের *গীতাঞ্জলি* কাব্যগ্রন্থের সংস্কৃত অনুবাদের সময় গ্রন্থের প্রারম্ভে *অনুবাদকের নিবেদন* অংশে কালীপদ তর্কাচার্য মহাশয় আত্মপরিচয় বলতে গিয়ে বলেছেন-

> পূর্ববঙ্গ-প্রদেশীয়-কোটালিপারবাসিনঃ ।
> তর্কতীর্থোপনাম- শ্রীহরিদাসমনীষিণঃ ।।
>
> সুতেন তর্কাচার্যেণ কাশ্যপান্বয়জন্মনা ।
> বাল্যাবধি প্রযত্নেন দেববাণী নিষেবিণা ।।

এই কোটালিপাড়া তৎকালীন সময়ে সংস্কৃত চর্চায় বিশেষ অগ্রগণ্য ভূমিকা ছিল। মহামান্য হরিদাস সিদ্ধান্তবাগীশ ও প্রখ্যাত বৈদান্তিক মধুসূদন সরস্বতী এই কোটালিপাড়ায় জন্মগ্রহণ করেন এবং একসময় স্থানটি সংস্কৃত চর্চার পীঠস্থানে পরিণত হয়। কণাদ তর্কবাগীশ প্রণীত *ভাষারত্ন* গ্রন্থের সম্পাদনাকালে কালীপদ তর্কাচার্য মহাশয় বলেছেন –

> তত্রাপি সুমহান্ অনিতরসাধারণো বঙ্গেষু প্রকর্ষঃ। তন্ত্রান্তরাপেক্ষয়া চ নৈয়ায়িকেষু বৈশেষিকেষু চ তন্ত্রেষু বৈশিষ্ট্য-মাসীদ্ বঙ্গীয়ানাম্ । বিদ্যাপ্রতিষ্ঠানে নবদ্বীপভূমৌ ভট্টপল্ল্যাং খানাকুল-কৃষ্ণনগরে বিক্রমপুরে কোটালিপারে চ তদা তাদৃশাঃ পণ্ডিতাঃ সমবর্ত্তন্ত, যেষাং স্মৃতিরপ্যদ্য পুনাতি চিত্তং বিদ্যাপ্রণয়িনাম্, গৌরবঞ্চ সুমহদেব সম্পাদয়তি বঙ্গবসুন্ধরায়াঃ। [১]

## শিক্ষাজীবন

ছাত্রাবস্থায় থেকে অসাধারণ মেধাবী ও প্রতিভাবান এই জ্ঞানতপস্বী ব্যাকরণ, কাব্য ও নব্যন্যায়ে বিশেষ ব্যুৎপত্তি অর্জন করেন। বিদ্যাশিক্ষার জন্য তার পিতা তাঁকে কলকাতায় নিয়ে আসলেও শারীরিক অসুস্থতা ও ইংরেজি শিক্ষাব্যবস্থা ভালো না লাগায় কালীপদ নিজের গ্রামে প্রত্যাবর্তন করেন। এরপর পণ্ডিত কালীকান্ত শিরোমণির নিকটে সংস্কৃতের ব্যাকরণ শিক্ষা গ্রহণ করেন। মেধাবী ছাত্র কালীপদ খুবই অল্পবয়স থেকেই সংস্কৃত ভাষায় কবিতা লেখার দক্ষতা অর্জন করেন।

পরবর্তীকালে কালীপদ আবার কলকাতায় ফিরে আসেন বিদ্যাশিক্ষা সম্পূর্ণ করার জন্য। প্রথমে ভুবনেশ্বর বিদ্যালংকারের নিকটে কাব্য ও ব্যাকরণ নিয়ে মধ্য পরীক্ষা দেন, তারপর মূলাজোড় সংস্কৃত কলেজে অধ্যাপক হরিপদ বিদ্যারত্নের কাছে কাব্য ও ব্যাকরণ অধ্যয়ন করেন এবং উপাধি পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেন। এইসময় থেকেই তিনি সংস্কৃতে মৌলিক কাব্যগ্রন্থ *বিদর্ভসমাগমম্* রচনা করেন। এরপর মূলাজোড় সংস্কৃত কলেজে ন্যায়ের অধ্যক্ষ শিবচন্দ্র সার্বভৌম মহাশয়ের নিকটে ন্যায়শাস্ত্র অধ্যয়ন করেন এবং তর্কতীর্থ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেন। পণ্ডিত শিবচন্দ্র সার্বভৌম মহাশয় কালীপদের প্রতিভায় খুশি হয়ে তাঁকে ন্যায়ের বৃত্তি ও 'তর্কাচার্য' উপাধি প্রদান করেন। তর্কাচার্য মহাশয় রচিত **১৯৭১** সালে কলকাতার সংস্কৃত সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত *মন্দাক্রান্তাবৃত্তম্* নামক খণ্ডকাব্যের ভূমিকাতে *কবিবংশাদিশংসনম্* অংশে ৬৮ টি শ্লোকে আত্মপরিচয় লিপিবদ্ধ করে গেছেন কোন এক কবির সবান্ধব, তাতে তর্কাচার্য মহাশয়ের শিক্ষাজীবন সম্বন্ধে জানা যায় –

> ততঃ কাব্যাদিবিদ্যানাং বিশেষাধিগমেচ্ছয়া।
> মূলাজোড়-মহাবিদ্যালয়ে স পঠিতুং গতঃ।।
>
> তত্র কাব্যং পঠন্নেব লব্ধবান স পরং যশঃ।
> কাব্যতীর্থপরীক্ষায়ামপ্যাপ্তঃ প্রথমং পদম্।।
>
> নলস্য বৃত্তমালব্য তদৈব সুরভাষয়া।
> রচিতং নাটকং তেন প্রযুক্তং তত্র বন্ধুভিঃ ।।
>
> দৃষ্টাস্তদা প্রভৃত্যেব নানাপত্রপ্রকাশিতাঃ।
> গদ্যপদ্যনিবন্ধাশ্চ তৎকৃতা দেবভাষয়া।।
>
> অথ গৌতমসঙ্কাশাৎ সার্বভৌমাদ্ গুরোশ্চিরম্।
> মহামহোপাধ্যায়াচ্চ শিবচন্দ্রান্মহামতেঃ।।
>
> তর্কবিদ্যাং সমাসাদ্য প্রথমোঽভূৎ পরীক্ষণে।
> মহাদৈন্যেঽপি নৈবাসৌ সঙ্কল্পাদ বিচ্যুতোঽভবৎ।।
>
> পরীক্ষানিয়মাদেষ তর্কতীর্থপদং গতঃ।
> ভূষিতো গুরুণা স্নেহাৎ তর্কাচার্য্যেত্যুপাধিনা।।
>
> কাব্যে ব্যাকরণে তর্কে তীর্থোপাধিষু সৎস্বপি।
> যমুপাধিং গুরুং মত্বা নাম্নি ধত্তে নমেব সঃ।।[২]

## অধ্যাপনা ও কর্মজীবন

**১৯১৮** সালে কালীপদ তর্কাচার্য মহাশয় টোলবিভাগের অধ্যাপকরূপে কলকাতার সংস্কৃত সাহিত্য পরিষদে যোগদান করেন। এখান থেকেই তাঁর কর্মজীবনের সূচনা বলা যায়। সেই সাথে এই পরিষদের পত্রিকার সহ সম্পাদকের দায়িত্ব গ্রহণ করেন এবং পরবর্তীকালে তাঁর সুধাময়ী সংস্কৃত রচনাগুলি এই পত্রিকায় প্রকাশিত হতে থাকে। 'এরপর তর্কাচার্য মহাশয় **১৯৩১** সালে কলকাতার সংস্কৃত কলেজে ন্যায়শাস্ত্রের অধ্যাপক হিসেবে যোগদান করেন। পরবর্তীসময়ে তিনি টোল বিভাগের প্রধান অধ্যাপকের পদ গ্রহণ করেন। অবশেষে **১৯৫৪** সালে এই প্রতিষ্ঠান থেকে অবসর গ্রহণ করলেও আমৃত্যু তিনি

এই সংস্কৃত কলেজের গবেষণাবিভাগের সাম্মানিক 'মহাচার্য্য' পদে যুক্ত ছিলেন'।[৩] আত্মপরিচয়ে বলা হয়েছে –

অথ শিক্ষাসমাপ্তৈব সমং দৈবনিয়ন্ত্রণাৎ।
নবে সংস্কৃতসাহিত্যপরিষৎ সুপ্রতিষ্ঠিতে।।

বিদ্যাকারণকৈঃ কৃত্যৈঃ সংস্তুতঃ স বুধৈরথঃ।
রাজকীয়মহাবিদ্যালয়েঽধ্যাপকতামগাৎ।।[৪]

পণ্ডিত কালীপদ তর্কাচার্য মহাশয়কে ব্রিটিশ সরকার ১৯৪১ সালে সম্মানসূচক 'মহামহোপাধ্যায়' উপাধিতে ভূষিত করেন । ১৯৬১ সালে ভারতের তৎকালীন রাষ্ট্রপতি ড. রাজেন্দ্র প্রসাদ 'বিশেষ সম্মানীয় রাষ্ট্রপতি শংসাপত্র' দিয়ে সম্মানিত করেন । ১৯৬২ সালে ভারত সরকার তর্কাচার্য মহাশয়কে 'পদ্মশ্রী' উপাধিতে ভূষিত করেন । ১৯৭২ সালে বর্ধমান বিশ্ববিদ্যালয় সম্মানজনক ডি.লিট উপাধি প্রদান করেন , এছাড়াও কাশির ধর্মমহামণ্ডলের পক্ষ থেকে 'বিদ্যাবারিধি' উপাধি , শৃঙ্গেরী মঠের অধ্যক্ষ কর্তৃক 'বিদ্যালংকার' উপাধি ও হাওড়া সংস্কৃত সাহিত্য সমাজের পক্ষ থেকে সম্মানসূচক 'মহাকবি' উপাধি প্রদান করা হয় । *কবিবংশাদিশংসনম্* অংশে বলা হয়েছে-

ভারতাধীশ্বেণাথ কালে তোষমুপেযুষা ।
মহামহোপাধ্যায়েতি তস্মৈ মানপদং দদে ।।

স্বাধীনভারতস্যাপি তস্মৈ রাষ্ট্রপতির্বরঃ ।
দদাবাজীবনং ভোগ্যাং সসম্মানাং পুরস্কৃতিম্ ।।

বর্দ্ধমানপ্রদেশীয়বিশ্ববিদ্যালয়েন চ ।
দত্তং তস্মৈ গুণপ্রীত্যা সসম্মানং 'ডি-লিট' পদম্ ।।

কাশী-ভারতধর্মাদিমহামণ্ডলসংসদা ।
'বিদ্যাবারিধি' নামাস্মৈ বিতীর্ণ বহুপূর্বতঃ ।।

শ্রীশৃঙ্গেরিমঠাধীশ-শঙ্করাচার্য্যসূরয়ঃ ।
তর্কালংকারনামাস্মৈ তর্কবিদ্যাপ্রিয়া দদুঃ ।।

দত্তং সংস্কৃতসাহিত্যসমাজেন প্রতুষ্যতা ।
'মহাকবি' পদং তস্মৈ তৎকবিত্বস্য গৌরবাৎ ।।[৫]

কালীপদ তর্কাচার্য মহাশয়ের সারস্বত সাধনার বিষয়টি দীর্ঘ ও বহুধাবিস্তৃত। তিনি সারাজীবনব্যাপী অনেক গ্রন্থ রচনা ও দুরূহ গ্রন্থের সাবলীলভাবে টীকাসহ সম্পাদনা করেছেন। তার মৌলিক গ্রন্থের সংখ্যাও সর্বাধিক বলা যায়। এছাড়া বেশ কয়েকটি পত্রিকার সাথে তিনি সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। 'পত্রিকাগুলি একসময় সংস্কৃত ভাষা প্রচারে বিশেষ ভূমিকা গ্রহণ করেছিল । *সংস্কৃত সাহিত্য পরিষদ্ পত্রিকা*, *বিদ্যোদয়* ও *আর্য্যপ্রভা* নামক পত্রিকায় সংস্কৃত ভাষায় তাঁর অজস্র প্রবন্ধ প্রকাশিত হয়েছে। শ্রী শ্রী সীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্তিত *আর্য্যশাস্ত্র* গ্রন্থাবলীর প্রধান সম্পাদক ছিলেন কালীপদ তর্কাচার্য মহাশয় । তিনি পশ্চিমবঙ্গের শেষ মহামহোপাধ্যায় পণ্ডিত।[৬] ১৯৭২ সালে ২৭ শে জুলাই পণ্ডিতপ্রবর কালীপদ তর্কাচার্য মহাশয়ের মহাজীবন নির্বাপিত হয়। পণ্ডিত তর্কাচার্য মহাশয়ের জীবনাবসানে বঙ্গদেশের অনেক পণ্ডিত শোকজ্ঞাপন করেন। কবিশেখর শ্রী বিশ্বেশ্বর বিদ্যাভূষণ রচিত *কাব্যকুসুমাঞ্জলি* গ্রন্থের ৯৩ সংখ্যক পৃষ্ঠায় তর্কাচার্য মহাশয়ের মহাপ্রয়াণে শ্লোকাকারে কাব্যের মাধ্যমে শোকজ্ঞাপন করেছেন । মূল পদ্যের পূর্বে তিনি আরম্ভ করছেন এই বলে –

অশেষগুণালংকৃত- দিগন্তবিশ্রান্তকীর্ত্তিনাং পুণ্যশ্লোক-মহামহোপাধ্যায় ডঃ কালীপদ তর্কাচার্যমহোদয়ানাং মহাপ্রয়াণে শোকোচ্ছ্বাসঃ-

লব্ধ্বা তাপসবংশজন্মবিভবং প্রজ্ঞানতপোমণ্ডিতং

ধ্যাযংস্তে হৃদয়াধিপং যদুপতিং ভক্তপ্রিয়ং ভক্তিমান ।

তত্ত্বজ্ঞো হরিপাদপঙ্কজমতিঃ প্রেমণা সদোল্লাসিতঃ
স্বর্গং গচ্ছসি দেব দুঃখবিধুরো ভদ্রং তব প্রার্থয়ে।।

অত্রৈব সংসদ্-ভবনে ত্বয়া ভোঃ
সমার্পিতং মে শুভমানপত্রম্ ।

প্রাপ্তোঽসি হন্তাদ্য সুরেন্দ্রলোকং
ব্যথাতুরস্ত্বাং বিবুধং স্মরামি।।

কালীপদসুধাস্যন্দ মকরন্দমধুব্রতঃ।
দীপ্যতাং পরমে ধাম্নি মহর্ষিঃ কাশ্যপঃ কবিঃ ।।[৭]

পণ্ডিত কালীপদ তর্কাচার্য মহাশয়ের সমগ্র সারস্বত সাধনার মধ্যে দর্শনশাস্ত্রচর্চা বিশেষ গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য বলা যায়। বিশেষত ন্যায় , বৈশেষিক ও নব্যন্যায় চর্চায় তাঁর অবদান অসামান্য। মৌলিক রচনা, নব্য ন্যায় গ্রন্থের সহজবোধ্যতার জন্য টীকা রচনা এবং তার বঙ্গভাষায় তাৎপর্য্য প্রণয়ন তর্কাচার্য মহাশয়ের অসাধারণ কৃতিত্ব। তাঁর সম্পাদিত গ্রন্থের বিশেষ বৈশিষ্ট্য হল – মূল গ্রন্থ আরম্ভ হবার পূর্বে তিনি ভূমিকা অংশে সেই গ্রন্থের প্রাসঙ্গিক কথা বিস্তৃতভাবে আলোচনা করেছেন। সেই আলোচনায় অনেক মৌলিক বক্তব্য উঠে এসেছে।

**তর্কাচার্য মহাশয়ের ন্যায়-বৈশেষিক দর্শন কৃতি**

১. মহেশচন্দ্র ন্যায়রত্ন প্রণীত *নব্যন্যায়ভাষাপ্রদীপ* গ্রন্থের স্বকৃত *সুপ্রভা* টীকা সহ সম্পাদনা ।

২. *প্রশস্তপাদভাষ্যের* উপর জগদীশ তর্কালংকার রচিত *সূক্তি* টীকা অবলম্বনে *সূক্তিদীপিকা* টীকা সহ সম্পাদনা ।

৩. কণাদ তর্কবাগীশ রচিত *ভাষারত্ন* গ্রন্থের স্বকৃত *রত্নলক্ষ্মী* টীকা সহ সম্পাদনা ।

৪. গদাধর ভট্টাচার্য রচিত *মুক্তিবাদ* গ্রন্থের স্বকৃত *মুক্তিদীপিকা* টীকা সহ সম্পাদনা ।

৫. ভবানন্দ সিদ্ধান্তবাগীশ প্রণীত *তত্ত্বচিন্তামণি-দীধিতি-প্রকাশ* গ্রন্থ সম্পাদনা ।

৬. হরিরাম তর্কবাগীশ প্রণীত *মুক্তিবাদবিচার* গ্রন্থোপরি স্বকৃত *মুক্তিলক্ষ্মী* টীকা সহ সম্পাদনা।

৭. *ন্যায়দর্শনবিন্দু* (প্রবচনত্রয়ী) – বারাণসী সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে তর্কাচার্য মহাশয় কর্তৃক

৮. ন্যায়দর্শন বিষয়ক তিনটি প্রবচন ।

৯. জয়কৃষ্ণ তর্কাচার্য বিরচিত *শব্দার্থসারমঞ্জরী* গ্রন্থ ও স্বকৃত *সারদীপিকা* টীকা সহ সম্পাদনা

১০. *জাতিবাধকবিচার*

১১. *অক্ষপাদদর্শন*

**১. মহেশচন্দ্র ন্যায়রত্ন প্রণীত *নব্যন্যায়ভাষাপ্রদীপ* গ্রন্থের স্বকৃত বঙ্গভাষায় *সুপ্রভা* টীকা সহ সম্পাদনা**

সংস্কৃত কলেজের ভূতপূর্ব অধ্যক্ষ প্রাতঃস্মরণীয় মহামহোপাধ্যায় পণ্ডিত মহেশচন্দ্র ন্যায়রত্ন প্রণীত *Brief Notes on the Modern Nyāya system of Philosophy and Its Technical Terms* নিবন্ধটি ১৮৯১ সালে প্রথম প্রকাশিত হয়। ভারতীয় ন্যায়শাস্ত্রে বিশেষত নব্যন্যায়ের প্রথম পাঠার্থীদের বিশেষ উপকারের জন্য এই গ্রন্থ রচিত হয়েছিল। এই গ্রন্থের প্রধান উদ্দেশ্য হল নব্য ন্যায়ের পরিভাষার সাথে বিদ্যার্থীদের পরিচয় ঘটানো। সংস্কৃত কলেজের অধ্যক্ষ শ্রী বিষ্ণুপদ ভট্টাচার্য মহাশয়ের অনুরোধে কালীপদ তর্কাচার্য মহাশয় এই *নব্যন্যায়ভাষাপ্রদীপ* গ্রন্থটি স্বকৃত *সুপ্রভা* টীকা সহ সম্পাদনা করেন।

গ্রন্থটি ১৯৫৬ সালে কলকাতার সংস্কৃত কলেজ থেকে প্রকাশিত হয়। গ্রন্থটির প্রথম সংস্করণ বর্তমানে কলকাতার এশিয়াটিক সোসাইটির গ্রন্থাগারে পাওয়া যায়।

এই গ্রন্থের প্রয়োজনীয়তা বিষয়ে অধ্যক্ষ বিষ্ণুপদ ভট্টাচার্য মহাশয় গ্রন্থের *মুখবন্ধ* অংশে বলেছেন –

> ন্যায়শাস্ত্র- জিজ্ঞাসুগণের দৃষ্টিতেই শুধু নয়, শাস্ত্রান্তরের সিদ্ধান্তসমূহ নির্ভুলভাবে জানিতে হইলে নব্যন্যায়ের পরিভাষা সম্বন্ধে সম্যগ্ জ্ঞান অপরিহার্য। এই গ্রন্থখানি দীর্ঘকাল যাবৎ দুষ্প্রাপ্য হইয়াছিল। তাই সংস্কৃত শাস্ত্রানুরাগী ও গবেষকগণের উপকার হইতে পারে ভাবিয়া আমি মহামহোপাধ্যায় পণ্ডিত কালীপদ তর্কাচার্য মহাশয়ের উপর এই নিবন্ধটির বঙ্গানুবাদ, ব্যাখ্যা ও অপেক্ষিত টিপ্পনী প্রভৃতি যোজনার দ্বারা সম্পাদনের ভার অর্পণ করি।[৮]

কালীপদ তর্কাচার্য মহাশয় রচিত *সুপ্রভা* টীকার মৌলিকতা বা স্বকীয়তা হল তিনি এই টীকাটি মুলানুগ ব্যাখ্যা করলেও বিশেষ আলোচনা প্রসঙ্গে পূর্বাচার্যগণের মতকে সন্নিবেশ করেছেন । তিনি স্বয়ং বলেছেন– 'তত্র সুপ্রভাখ্যায়াং ব্যাখ্যায়াং মূলাধিকারেণাস্মাকং বিশেষতো বক্তব্যানি সমুপন্যস্তানি । যথাসম্ভবং বিষয়বিশেষেষু তত্তদ্-বস্তুসাম্যবৈষম্যাদিনিবেদনায় পূর্বাচার্যমতান্যপি সংগৃহ্য সন্নিবেশিতানি'।[৯]

## ২. প্রশস্তপাদভাষ্যের উপর জগদীশ তর্কালংকার রচিত *সূক্তি* টীকা অবলম্বনে *সূক্তিদীপিকা* টীকা গ্রন্থ সম্পাদনা

বৈশেষিক দর্শনের অন্যতম প্রধান গ্রন্থ হল প্রশস্তপাদাচার্য্যের *পদার্থধর্মসংগ্রহ* বা *প্রশস্তপাদভাষ্য*। এই গ্রন্থাবলম্বনে বহুবিধ উৎকৃষ্ট টীকা গ্রন্থ রচিত হয়েছে। উদয়নাচার্য্যের *কিরণাবলী* ও শ্রীধরাচার্য্যের *ন্যায়কন্দলী* টীকা অন্যতম। পণ্ডিত জগদীশ তর্কালংকার এই প্রশস্তপাদভাষ্যকে অবলম্বন করে *সূক্তি* টীকা গ্রন্থ রচনা করেন।

*সূক্তি* টীকা অবলম্বনে কালীপদ তর্কাচার্য মহাশয় *সূক্তিদীপিকা* নামে সুললিত সংস্কৃত ভাষায় টীকাগ্রন্থ রচনা করেন, তবে তা দ্রব্যনিরূপণ পর্যন্ত। ১৯২৫ সালে এই গ্রন্থটি তর্কাচার্য মহাশয়ের সম্পাদনায় সংস্কৃত সাহিত্য পরিষদ্ থেকে প্রকাশিত হয়। গ্রন্থটির প্রথম সংস্করণ কলকাতার জাতীয় গ্রন্থাগারে পাওয়া যায়। তিনি এই টীকা গ্রন্থের সহজবোধ্যতার জন্য *ভাষ্যতাৎপর্য্য* নামে বঙ্গভাষায় আলোচনার সংযোজন করেছেন।

তর্কাচার্য মহাশয় সম্পাদিত এই গ্রন্থের বিশেষত্ব হল মূল গ্রন্থ আরম্ভ হবার পূর্বে দীর্ঘ ভূমিকা (প্রায় ২৫ পৃষ্ঠা) অংশের আলোচনা। এই ভূমিকাতে বৈশেষিক দর্শনের নানাবিধ প্রাসঙ্গিক বিষয়ের আলোচনা করা হয়েছে তাতে নানান বিশেষ বিষয় উঠে এসেছে। তর্কাচার্য মহাশয়ের উত্থাপিত বিষয়গুলি হল – *বৈশেষিকদর্শনস্য সপ্তপদার্থপরত্বম্, বৈশেষিকদর্শনসংজ্ঞাভেদাঃ, বৈশেষিকদর্শনমিতিসংজ্ঞাবীজম্, বৈশেষিকদর্শনব্যাখ্যানকথা, প্রস্তুতভাষ্যস্য প্রশস্তপাদভাষ্যযুক্তি*[১০] ইত্যাদি।

এই টীকাগ্রন্থের আরও একটি বিশেষত্ব হল - *প্রস্তুতভাষ্যস্য প্রশস্তপাদভাষ্যযুক্তি* অংশে প্রশস্তপাদভাষ্য গ্রন্থকে *ভাষ্যগ্রন্থ* বলেই উল্লেখ করেছেন যথাযথ যুক্তির অবতারণা করে । এছাড়া সমস্ত গ্রন্থে কোন বৈশেষিকসূত্রকে অবলম্বন করে *প্রশস্তপাদভাষ্যের* মূল পাঠ হয়েছে তা তর্কাচার্য মহাশয় দেখিয়ে দিয়েছেন।

## ৩. কণাদ তর্কবাগীশ রচিত *ভাষারত্ন* গ্রন্থের স্বকৃত *রত্নলক্ষ্মী* টীকা সহ সম্পাদনা

কণাদ তর্কবাগীশের রচিত গ্রন্থ *ভাষারত্ন*। এটি বৈশেষিক দর্শনের পদার্থতত্ত্ব বিষয়ক গ্রন্থ। তর্কবাগীশ মহাশয় নবদ্বীপ নিবাসী নৈয়ায়িক ছিলেন । তাঁর সময়কাল ১৪৬০ খ্রীষ্টাব্দ । তিনি জানকীনাথ চূড়ামণি ও বাসুদেব সার্বভৌমের ছাত্র ছিলেন'।[১১] কালীপদ তর্কাচার্য মহাশয় এই *ভাষারত্ন* গ্রন্থটি স্বকৃত *রত্নলক্ষ্মী* টীকা সহিত কলকাতার সংস্কৃত সাহিত্য পরিষদ থেকে সম্পাদনা করে প্রকাশ করেন। তর্কাচার্য মহাশয়ের স্ত্রী অকালপ্রয়াত হন সম্ভবত তার স্মৃতির উদ্দেশ্যে এই টীকাগ্রন্থটি রচনা করেন । *রত্নলক্ষ্মী* টীকার প্রারম্ভেই স্বয়ং বলেছেন –

> লক্ষ্ম্যা লোকৈ রত্নলক্ষ্মীতি নাম্না ।

অকালে স্বর্গমাপ্তায়াঃ স্বপত্ন্যাঃ স্মৃতিহেতবে ।
তন্নামাংশমুপাদায় টীকানাং ব্যধামিদম্।।

এই ভাষারত্নের উপর টীকাগ্রন্থটি তর্কাচার্য মহাশয় বিদ্যার্থীগণের বোধের জন্য রচনা করেছেন তা টীকায় তিনি স্বয়ং বলেছেন – *বিদ্যার্থিনাং বোধসৌকর্য্যায় রত্নলক্ষ্মীনাম্নী কাপি টীকাপ্যত্র সন্নিবেশিতা*। এছাড়াও এই টীকার অন্যতম বৈশিষ্ট্য হল আলোচনার স্পষ্টতার জন্য পূর্বাচার্য্যগণের মতের সমাবেশ। গ্রন্থারম্ভে তর্কাচার্য মহাশয় নব্যন্যায়ের পারিভাষিক শব্দাবলীর আলোচনা করেছেন।

**৪.গদাধর ভট্টাচার্য রচিত *মুক্তিবাদ* গ্রন্থের স্বকৃত *মুক্তিদীপিকা* টীকা সহ সম্পাদনা**

প্রখ্যাত রঘুনাথ শিরোমণির দীধিতি টীকার উপর গাদাধরীর রচয়িতা গদাধর ভট্টাচার্য্যের বিরচিত গ্রন্থ হল *নবমুক্তিবাদ*। শিবরাম রচিত টীকাসমেত এই গ্রন্থটি তর্কাচার্য মহাশয় স্বকৃত টীকা *মুক্তিদীপিকা* সহ ১৯২৪ সালে কলকাতার সংস্কৃত সাহিত্য পরিষদ থেকে প্রকাশ করেন। গ্রন্থটির প্রথম সংস্করণ বর্তমানে এশিয়াটিক সোসাইটির গ্রন্থাগারে পাওয়া যায়। গ্রন্থের বিষয়বস্তু বিদ্যার্থীগণের কাছে সহজবোধ্য করার জন্য বঙ্গভাষায় *ভাষ্যবিবরণ* নামক আলোচনা তর্কাচার্য মহাশয়ের মৌলিক কৃতি। এই গ্রন্থের দীর্ঘ প্রাসঙ্গিক( প্রায় ৬৬ পৃষ্ঠা) আলোচনা গ্রন্থারম্ভে দৃষ্ট হয়। তৎকালীন সংস্কৃত কলেজের অধ্যক্ষ ডঃ আদিত্যনাথ মুখোপাধ্যায়ের ভূমিকা সহ এই *মুক্তিবাদ* গ্রন্থটি প্রকাশিত হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় তর্কাচার্য মহাশয়ের ভূয়সী প্রশংসা করে বলেছেন –

> Pandit Kalīpada Tarkāchāryya, Kāvya-Vyākara-Tarkatīrtha is an eminent Sanskrit scholar of the orthodox type. His academic career was all through an exceptionally brilliant one, in almost all the examinations he won the first place. He possesses a rare mastery over the Sanskrit language.

**৫. ভবানন্দ সিদ্ধান্তবাগীশ প্রণীত *তত্ত্বচিন্তামণি-দীধিতি-প্রকাশ* গ্রন্থ সম্পাদনা**

'ভবানন্দ সিদ্ধান্তবাগীশ ভারত বিশ্রুত মহানৈয়ায়িক। তাঁর আবির্ভাবকাল ১৫১৫ খ্রীস্টাব্দ। তাঁর প্রসিদ্ধ ছাত্র ছিলেন জগদীশ তর্কালংকার'।[১২] অধ্যাপক দীনেশচন্দ্র ভট্টাচার্য্য মহাশয় *বঙ্গে নব্যন্যায়চর্চা* গ্রন্থে বলেছেন 'ভবানন্দের গ্রন্থ একসময় ভারতবর্ষের সর্বত্র গৌরবের সহিত অধীত হইয়াছে, অথচ তাঁহার নাম নিজ বঙ্গদেশ হইতে বিলুপ্তপ্রায় হইয়াছে। একসময় অনুমান দীধিতির টীকাকারগণের মধ্যে ভবানন্দের স্থান সর্বশ্রেষ্ঠ ছিল। বাঙ্গলার চারি জন মহানৈয়ায়িক সম্বন্ধে যে শ্লোক প্রচারিত ছিল-

গুণোপরি গুণানন্দী ভাবানন্দী চ দীধিতৌ।
সর্বত্র মথুরানাথী জাগদীশী ক্বচিৎ ক্বচিৎ।।[১৩]

এই ভবানন্দ সিদ্ধান্তবাগীশকৃত *তত্ত্বচিন্তামণি-দীধিতি-প্রকাশ* গ্রন্থটি কলকাতার এশিয়াটিক সোসাইটি থেকে ১৯৬৩ সালে কালীপদ তর্কাচার্য মহাশয় সম্পাদনা করে প্রকাশ করেন। গ্রন্থটির প্রথম সংস্করণ বর্তমানে কলকাতার এশিয়াটিক সোসাইটির গ্রন্থাগারে পাওয়া যায়। মহানৈয়ায়িক গঙ্গেশোপাধ্যায় বিরচিত *তত্ত্বচিন্তামণি* গ্রন্থের অনুমানকাণ্ডের *তর্কপ্রকরণ থেকে পক্ষতাপ্রকরণ* পর্যন্ত অংশ তর্কাচার্য মহাশয় সম্পাদনা করেন। এই গ্রন্থের ভূমিকা *শ্রীভবানন্দাদিবৃত্তরেখা* নামক অংশে গ্রন্থ ও গ্রন্থকার সম্বন্ধে একটি সংক্ষিপ্ত আলোচনা করেছেন তর্কাচার্য মহাশয়।

**৬. হরিরাম তর্কবাগীশ প্রণীত *মুক্তিবাদবিচার* গ্রন্থোপরি *মুক্তিলক্ষ্মী* টীকা রচনা**

'হরিরাম তর্কবাগীশ হলেন গদাধর ভট্টাচার্যের গুরু। গদাধর ভট্টাচার্য তাঁর টীকা গ্রন্থের প্রারম্ভে গুরুদেবের দিগন্তপ্রসারী কীর্ত্তির কথা বলেছেন। এই হরিরাম সম্মানসূচক জগদ্গুরু পদে ভূষিত হয়েছিলেন'।[১৪] তিনি দীধিতি বা মণি গ্রন্থের কোন টীকা রচনা না করলেও বিচার পূর্বক নানান বাদ গ্রন্থ রচনা করেন, যেখানে মণিকার, আলোককার ও দীধিতিকার প্রভৃতি মতের খণ্ডন মণ্ডন করে সর্বশেষ সিদ্ধান্ত নির্ণয় করেছেন।

কালীপদ তর্কাচার্য মহাশয় এই মুক্তিবাদবিচার গ্রন্থের উপর *মুক্তিলক্ষ্মী* টীকা রচনা করেন সংস্কৃত কলেজের অধ্যক্ষ গৌরীনাথ শাস্ত্রী মহাশয়ের বিশেষ অনুরোধে, গ্রন্থের ভূমিকা অংশে শাস্ত্রী মহাশয় নিজেই সেকথা বলেছেন –

> I requested Mahāmahopādhyāya kalīpada Tarkācārya to write a running commentary in simple sanskrit for a benefit of a wider circle of readers.

১৯৫৯ সালে কলকাতার সংস্কৃত কলেজ থেকে জগদীশ চন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের সম্পাদনায় গ্রন্থটি প্রকাশিত হয়। গ্রন্থটির প্রথম সংস্করণ বর্তমানে এশিয়াটিক সোসাইটির গ্রন্থাগারে পাওয়া যায়। তর্কাচার্য মহাশয়ের পত্নী রাধালক্ষ্মী দেবীর স্মৃতির উদ্দেশ্যে আত্মার শান্তি কামনায় এই টীকার নামকরণ করা হয়েছে বলে তিনি *মুক্তিবাদবিচার* গ্রন্থের অন্তিম আলোচনায় টীকার অন্তিমে বলেছেন–

রাধালক্ষ্মীনামধেয়া মদীয়া
পত্নী প্রাপ্তা মুক্তিমুক্তামকালে ।
তস্যা মুক্তের্ব্যক্তমন্যোক্তিলোভাদ
ব্যাখ্যা নীতা মুক্তিলক্ষ্মীত্যভিখ্যাম্।।[১৫]

**৭. *ন্যায়দর্শনবিন্দু* (প্রবচনত্রয়ী) – বারাণসী সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে তর্কাচার্য মহাশয় কর্তৃক ন্যায়দর্শন বিষয়ক তিনটি প্রবচন**

গ্রন্থটির প্রথম সংস্করণ বর্তমানে এশিয়াটিক সোসাইটির গ্রন্থাগারে পাওয়া যায়। ১৯৬৪ সালে বারাণসী সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে আমন্ত্রিত কালীপদ তর্কাচার্য মহাশয়ের অধ্যক্ষীয় তিনটি প্রবচন বা বক্তৃতার সমাহার। এই বক্তব্যগুলি *প্রবচনত্রয়ী* নামে পরবর্তীকালে বারাণসী সংস্কৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত হয়। প্রবচনের বিষয়গুলি হল – ১. *নব্যন্যায়পারিভাষিকপদার্থাঃ*, ২. *ন্যায়বৈশেষিকদর্শনয়োঃ পৃথগ্দর্শনত্বম্*, ৩. *প্রাচীনন্যায়নব্যন্যায়য়োঃ সৈদ্ধান্তিকং পৃথকত্বম্*। এই তিনটি প্রবচনের তারিখগুলি হল – ২১.১২.১৯৬৪ , ২১.১২.১৯৬৪ , ২২.১২.১৯৬৪ । এই বক্তব্যত্রয় প্রদান করার পূর্বে স্বভাবকবি কালীপদ তর্কাচার্য মহাশয় গঙ্গার তীরে বারাণসী নগরীর পবিত্র বিশ্বনাথ ধামের কথা স্মরণ করে অনবদ্য মঙ্গলশ্লোক রচনা করেছেন , শ্লোকটি হল –

গঙ্গাতরঙ্গনিকরৈর্মুখরোত্তমাঙ্গং
ভূত্যা সিতং দলিতভূতিবিশেষসঙ্গম্।
জ্ঞানেশ্বরং তিমিরভারহরং সদারং
শ্রীবিশ্বনাথমভয়ং সভয়োঽহমীড়ে।।

কেদারেশ্বরমাশ্রয়ে গণপতিং বিঘ্নৌঘবিদ্রাবণং
পুণ্যাঙ্কাং মণিকর্ণিকামভয়দাং দুর্গা তথৈবান্নদাম্ ।
কাশ্যামত্র মহেশ্বরস্য নগরে যাশ্চাপরা দেবতা
স্তাভ্যো মেঽস্তু নমো নমঃ পরিষদে চাস্মৈ বিনীতস্য মে।।[১৬]

**৮. জয়কৃষ্ণ তর্কাচার্য বিরচিত *শব্দার্থসারমঞ্জরী* গ্রন্থ ও স্বকৃত *সারদীপিকা* টীকা সহ সম্পাদনা**

শাব্দিক শিরোমণি জয়কৃষ্ণ তর্কাচার্য রচিত *সারমঞ্জরী* ব্যাকরণের গ্রন্থ। গ্রন্থটির পুরো নাম হল *শব্দার্থসারমঞ্জরী*। গ্রন্থটি প্রথম সংস্করণ কলকাতার জাতীয় গ্রন্থাগারে রক্ষিত আছে। শ্রীমদ্ গুরুনাথ বিদ্যানিধি ভট্টাচার্য্যের সাথে তর্কাচার্য মহাশয় ১৯৩৫ সালে 'ছাত্র পুস্তকালয়' থেকে গ্রন্থটি সম্পাদনা করে প্রকাশ করেন। তবে এই গ্রন্থের আলোচনায় ন্যায়দর্শনের ব্যাখ্যা পদ্ধতি স্পষ্ট। মূল গ্রন্থটি অষ্টম শতকের শেষে রচিত হয়েছিল। কালীপদ তর্কাচার্য মহাশয় এই গ্রন্থের উপর *সারদীপিকা* নামে একটি টীকা রচনা করেন। টীকাগ্রন্থের প্রারম্ভে তর্কাচার্য মহাশয় মঙ্গলাচরণ করে বলেছেন –

তর্কতীর্থোপাধিকশ্রীহরিদাসহিজাত্মজঃ।
কোটালিপারে নগরপ্রভবঃ কাশ্যপান্বয়ঃ।।

শ্রীকালীপদশর্মাযতর্কাচার্য্যোপনামকঃ ।
ব্যাখ্যাং প্রতনুতে সারমঞ্জর্য্যাঃ সারদীপিকাম্ ।।

হে সন্তঃ করুণাধীনা দীনস্য বাণেশ্বমী।
পদে পদে দোষান কৃপয়া জ্ঞাপযন্তু নঃ।।[১৭]

ব্যাকরণের দৃষ্টিভঙ্গিকে গ্রহণ করতে গিয়ে অনেক ক্ষেত্রেই কালীপদ ন্যায়ের দৃষ্টিই গ্রহণ করেছেন। এই গ্রন্থটি ১৪০৫ বঙ্গাব্দে কলকাতার স্বদেশ প্রকাশনা থেকে প্রকাশিত হয়েছে। ১৯৯৭ সালে পরবর্তীকালে প্রকাশিত *সারমঞ্জরী* গ্রন্থের ভূমিকা অংশে এই গ্রন্থের প্রশংসা করতে গিয়ে আচার্য পদ্মশ্রী রমারঞ্জন মুখোপাধ্যায় বলেছেন –

> ব্যাকরণের ক্ষেত্রে *সারমঞ্জরী* টীকাগ্রন্থ একটি বিশিষ্ট স্থান অধিকার করে আছে। গ্রন্থকার গ্রন্থে প্রতিটি তত্ত্বের যথাযথ লক্ষণ প্রদর্শন করেছেন। তর্কের জটিল পথ অবলম্বন করে সত্যকে প্রতিষ্ঠিত করেছেন। ন্যায়দর্শন ও ব্যাকরণকে একই বৃন্তে বিস্ময়করভাবে বিকশিত করেছেন। এ গ্রন্থের অনুবাদ ও বিশ্লেষণ তিনিই করতে পারেন যাঁর ন্যায় ও ব্যাকরণে স্বচ্ছন্দ পদসঞ্চরণ।

### ৯. *অক্ষপাদদর্শন*

১৯৭৫ সালে কলকাতার সংস্কৃত কলেজ থেকে এই গ্রন্থটি প্রকাশিত হয়। এটি আসলে সায়ণমাধবকৃত সর্বদর্শনসংগ্রহের *অক্ষপাদদর্শন।* তর্কাচার্য মহাশয় বলেছেন – 'অক্ষপাদ শব্দটি মহর্ষি গৌতমের নামান্তর। অতএব মহর্ষি গৌতম প্রণীত *ন্যায়দর্শন* হল *অক্ষপাদ দর্শন* পদের অর্থ'।[১৮] কালীপদ তর্কাচার্য মহাশয় তার সম্পাদিত গ্রন্থের অনুরূপ স্বভাবসিদ্ধ অভ্যাসে এই গ্রন্থের একটি *পাদপ্রদীপ* টীকা রচনা করেন বঙ্গভাষায়। এই গ্রন্থের প্রথম সংস্করণ কলকাতার জাতীয় গ্রন্থাগারে রক্ষিত আছে। এই গ্রন্থের প্রাক্-কথন অংশে সংস্কৃত কলেজের অধ্যক্ষ বিষ্ণুপদ ভট্টাচার্য মহাশয় বলেছেন –

> পরমপূজ্যপাদ আচার্যপ্রবর স্বর্গত মহামহোপাধ্যায় কালীপদ তর্কাচার্য মহাশয়ের তিরোধানের (১৯৭২ সাল) কিছুকাল পূর্বে মাধবাচার্য প্রণীত সুপ্রসিদ্ধ নিবন্ধ 'সর্বদর্শনসংগ্রহের ' অন্তর্গত অক্ষপাদদর্শন বিষয়ক পরিচ্ছেদের বঙ্গভাষায় অনুবাদ এবং বিস্তৃত বিবৃতি প্রণয়নের জন্য তাঁহার নিকট নিবেদন করি। তিনি তাঁহার স্বভাবসিদ্ধ প্রসন্নতা ও ঐদার্য্যের সহিত মদীয় প্রস্তাব গ্রহণ করিয়া অল্পকাল মধ্যে উক্ত পরিচ্ছেদের সটীক বঙ্গানুবাদ সমাপ্ত করিয়া মুদ্রণের জন্য আমার হস্তে সমর্পণ করে। বঙ্গদেশের সংস্কৃতসেবিসম্প্রদায়ের দুর্ভাগ্যবশত ইহার অল্পকাল পরে তর্কাচার্য মহাশয়ের তিরোধান ঘটায় তাঁহার জীবদ্দশায় অক্ষপাদ দর্শনের সটীক বঙ্গানুবাদ প্রকাশ করা সম্ভব হয়ে ওঠে নাই।

### ১০. *জাতিবাধকবিচার*

এই গ্রন্থটি নব্য ন্যায়দর্শনের উপর রচিত। মূলত সামান্য বা জাতির আলোচনা প্রসঙ্গে এই জাতিবাধকের অবতারণা। বলা যায় যে যে কারণে কোন কোন ধর্মকে জাতি স্বীকার করা হয় না এই বিষয়কে কেন্দ্র করে *জাতিবাধকবিচার* আলোচিত হয়েছে। বিশ্বনাথ ন্যায়পঞ্চানন ভাষাপরিচ্ছেদ গ্রন্থের সিদ্ধান্তমুক্তাবলীতে গ্রন্থে বলেছেন-

ব্যক্তেরভেদতুল্যত্বং সঙ্করোঽথানবস্থিতি।
রূপহানিরসম্বন্ধো জাতিবাধকসংগ্রহঃ।।

'ব্যক্তির অভেদ', 'তুল্যত্ব', 'সঙ্কর', 'অনবস্থিতি', 'রূপহানি' ও 'অসম্বন্ধ' এই ছয়টি হল জাতির বাধক। এই বিষয়ে কালীপদ তর্কাচার্য মহাশয় বিস্তৃত আলোচনা করেছেন। কলকাতার সংস্কৃত সাহিত্য পরিষদ পত্রিকায় ক্রমান্বয়ে এই *জাতিবাধকবিচার* লেখাটি প্রকাশিত হয়। পত্রিকার ৫ নং সংখ্যায় এই পাণ্ডিত্যপূর্ণ বিচারটি পাওয়া যায়।

### উপসংহার

এই শোধ প্রবন্ধ থেকে এটা স্পষ্ট যে বঙ্গীয় মনীষাগণের প্রতিভা কতখানি উচ্চস্তরের । সেখানে দর্শনচর্চা, কাব্যচিন্তন, অনুবাদনৈপুণ্যতা, ব্যাখ্যানশৈলী, অধ্যাপনা, পত্রিকা সম্পাদনা, গ্রন্থসম্পাদনা সবকিছুতেই যেন সিদ্ধহস্ত বাঙালি পণ্ডিত মহামহোপাধ্যায় কালীপদ তর্কাচার্য মহাশয় ।

নবদ্বীপগৌরব জগৎ বিখ্যাত বরেণ্য নৈয়ায়িক রঘুনাথ শিরোমণি যথার্থই বলেছেন-

> তর্কেষু কর্কশধিয়ো বয়মেব নান্যে
> কাব্যেষু কোমলধিয়ো বয়মেব নান্যে ।
> তন্ত্রেষু যন্ত্রিতধিয়ো বয়মেব নান্যে
> কৃষ্ণেষু সংযতধিয়ো বয়মেব নান্যে।।[১৯]

অর্থাৎ নৈয়ায়িকই তর্কশাস্ত্রে কর্কশবুদ্ধি হয় – অন্যে নয়, নৈয়ায়িকই কাব্যে কোমলমতি হয় – অন্যে নয়, নৈয়ায়িকই তন্ত্রে যন্ত্রিতমতি হয় – অন্যে নয়, শ্রীকৃষ্ণে সংযত বুদ্ধি, নৈয়ায়িকই হয় – অন্যে নয়।

এ উক্তি যেন সার্থক বহুমুখী প্রতিভার অধিকারী পণ্ডিত মহামহোপাধ্যায় কালীপদ তর্কাচার্য মহাশয় সম্বন্ধে এই বিষয়ে সংশয়ের কোন অবকাশ নেই।

**উল্লেখপঞ্জি**


১. *ভাষারত্ন*, সম্পা. কালীপদ তর্কাচার্য, অনুবন্ধ অংশ।

২. *মন্দাক্রান্তাবৃত্তম্*, কবিবংশাদিশংসনম্ অংশ, শ্লোক সংখ্যা ২৮-৩৫।

৩. *আধুনিক সংস্কৃত কাব্য : বাঙালী মনীষা শতবর্ষের আলোকে* , পৃ. ২২০।

৪. *কবিবংশাদিশংসনম্ অংশ*, শ্লোক সংখ্যা ৩৬, ৪১।

৫. *মন্দাক্রান্তাবৃত্তম্, কবিবংশাদিশংসনম্ অংশ*, শ্লোক সংখ্যা ৪৩ – ৪৮।

৬. *সংসদ বাঙালী চরিতাবিধান*, পৃ. ৮৮।

৭. *কাব্যকুসুমাঞ্জলি* , শ্লোক নং ৪-৬।

৮. *নব্যন্যায়ভাষাপ্রদীপ* , মুখবন্ধ অংশ।

৯. *নব্যন্যায়ভাষাপ্রদীপ*, কালীপদ তর্কাচার্য, সম্পাদকের *প্রাথমিক-ভারতী* অংশ।

১০. *প্রশস্তপাদভাষ্য* , ভূমিকা অংশ, পৃ. ৩।

১১. *ভারতীয় দর্শন কোষ*, প্রথম খণ্ড, পৃ. ১৯২।

১২. *ভারতীয় দর্শন কোষ*, পৃ. ১৯৫।

১৩. *বঙ্গে নব্যন্যায় চর্চা*, পৃ. ১৩৩।

১৪. *তদেব*, পৃ. ১৮১।

১৫. *মুক্তিবাদবিচার*, পৃ. ৯৬।

১৬. *প্রবচনত্রয়ী* গ্রন্থের প্রারম্ভিক পৃষ্ঠা।

১৭. *সারমঞ্জরী, সারদীপিকা*-টীকা, মঙ্গলাচরণ শ্লোক।

১৮. *অক্ষপাদদর্শন*, পৃ. ১।

১৯. *ব্যাপ্তিপঞ্চক*, পণ্ডিত রাজেন্দ্রনাথ ঘোষ, ভূমিকা অংশ, পৃ. ৫।

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**


‘সংস্কৃত সাহিত্য পরিষদ পত্রিকা’ (সংখ্যা ৩৩)। সম্পা. কালীপদ তর্কাচার্য। কলকাতা : সংস্কৃত সাহিত্য পরিষদ । ১৯৫০

কণাদ তর্কবাগীশ। *ভাষারত্ন*। সম্পা. কালীপদ তর্কাচার্য। কলকাতা : সংস্কৃত সাহিত্য পরিষদ্, ১৯৩৫ (প্রথম প্রকাশ)।

কালীপদ তর্কাচার্য। *ন্যায়দর্শনবিন্দু (প্রবচনত্রয়ী)*। বারাণসী : বারাণসী সংস্কৃত বিশ্ববিদ্যালয়, ১৯৬৪ (প্রথম প্রকাশ)।

কালীপদ তর্কাচার্য। *প্রশান্তরত্নাকরম্*। কলকাতা : সংস্কৃত সাহিত্য পরিষদ্, ১৯৩৯ (প্রথম প্রকাশ)।

গঙ্গেশোপাধ্যায়। *তত্ত্বচিন্তামণি : ব্যাপ্তি-পঞ্চক*। সম্পা. পণ্ডিত রাজেন্দ্রনাথ ঘোষ। কলকাতা : পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ। ২০১১ (দ্বিতীয় মুদ্রণ) , ১৯৮২ (প্রথম প্রকাশ)।

গদাধরভট্টাচার্য। *মুক্তিবাদ* । সম্পা. কালীপদ তর্কাচার্য। কলকাতা : সংস্কৃত সাহিত্য পরিষদ্।

চট্টোপাধ্যায়, রীতা। *আধুনিক সংস্কৃত কাব্য : বাঙালী মনীষা শতবর্ষের আলোকে*। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১৮ (প্রথম প্রকাশ)।

প্রশস্তপাদাচার্য্য । *প্রশস্তপাদভাষ্য* (জগদীশ তর্কালংকারকৃত *সূক্তিভাষ্য* সহ)। সম্পা. কালীপদ তর্কাচার্য। কলকাতা : সংস্কৃত সাহিত্য পরিষদ্, ১৯৬৪।

প্রশস্তপাদাচার্য্য। *প্রশস্তপাদভাষ্য*। সম্পা. দীননাথ ত্রিপাঠী। কলকাতা : সংস্কৃত বুক ডিপো, ২০১৭ (দ্বিতীয় মুদ্রণ), ২০০০ ( প্রথম প্রকাশ )।

বন্দ্যোপাধ্যায়, সুরেন্দ্রনাথ। *সংস্কৃত সাহিত্যে বাঙালীর দান*। কলকাতা : সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৬২ (প্রথম সংস্করণ)।

ভট্টাচার্য্য, দীনেশচন্দ্র। *বঙ্গে নব্যন্যায় চর্চা*। কলকাতা : বঙ্গীয় সাহিত্য পরিষদ। ২০১৯ (তৃতীয় মুদ্রণ) ১৯৫২ (প্রথম সংস্করণ)।

ভট্টাচার্য্য, দীনেশচন্দ্র ও শ্রীমোহন। *ভারতীয় দর্শন কোষ* (প্রথম খণ্ড)। কলকাতা : সংস্কৃত কলেজ, ১৯৫৮ (প্রথম প্রকাশ)।

ভবানন্দ সিদ্ধান্তবাগীশ। *তত্ত্বচিন্তামণি-দীধিতি-প্রকাশ*। সম্পা. কালীপদ তর্কাচার্য। কলকাতা : এশিয়াটিক সোসাইটি।

মহেশচন্দ্র ন্যায়রত্ন। *নব্যন্যায়ভাষাপ্রদীপ* (*সুপ্রভা* টীকা সহিত)। সম্পা. কালীপদ তর্কাচার্য । কলকাতা : সংস্কৃত কলেজ । ১৯৫৬ (প্রথম প্রকাশ)।

রায়, নীহাররঞ্জন। *বাঙ্গালীর ইতিহাস* । কলকাতা : দেজ প্রকাশন । ১৯৮০ (পুনর্মুদ্রণ) , ১৯৫৯ (প্রথম প্রকাশ)।

শ্রীজয়কৃষ্ণতর্কালংকার। *সারমঞ্জরী*। সম্পা. রবীন্দ্রনাথ ভট্টাচার্য। কলকাতা (গোলপার্ক) : রামকৃষ্ণমিশন ইন্সটিউট অফ কালচার, ১৯৯৭ (প্রথম প্রকাশ)।

*সংস্কৃত সাহিত্য পরিষদ পত্রিকা* (সংখ্যা ১২)। সম্পা. কালীপদ তর্কাচার্য। কলকাতা : সংস্কৃত সাহিত্য পরিষদ্, ১৯২৯।

সেনগুপ্ত, সুবোধচন্দ্র ও অঞ্জলি বসু। *সংসদ বাঙালী চরিতাবিধান* । কলকাতা : সাহিত্য সংসদ, ১৯৬০ (প্রথম প্রকাশ)।

হরিরামতর্কবাগীশ । *মুক্তিবাদবিচার* (*মুক্তিলক্ষ্মী* টীকা সমেত) । সম্পা. জগদীশ চন্দ্র ভট্টাচার্য । কলকাতা : সংস্কৃত কলেজ, ১৯৫৯।

Bhattacharya, Dineshchandra. *History of Navya-Nyaya in Mithila*. Delhi: Munshiram Monoharlal, 1958.

Potter, Karl H.. *Encyclopedia of Indian Philosophy* (vol -2), *The tradition of Nyaya-Vaisesika Up To Gangesa*. Delhi/Varanasi/Patna: Motilal Banarasidas. 1977 (1st Edition).

Raghunathacharya, S.B. *Modern Sanskrit Literature: Tradition and Innovations.* New Delhi: Sahitya Academi. 2009 (Reprint) 2002 (1st pub.).

Satishchandra Vidyabhusana. *A History of Indian Logic*. Calcutta: Culcutta University, 1921.

Sastri, Satya Vrat. *Discovery Of Sanskrit Treasures: Modern Sanskrit Literature*. New Delhi: Yash Publications, 2006.

# মেঘদূত: নদী-নায়িকা প্রসঙ্গ

রাণু মণ্ডল

**সংক্ষিপ্তসার**

মেঘদূতে নদীর সঙ্গে নারী, প্রকৃতির সঙ্গে নারী সাদৃশ্যতার এক নিটোল চিত্র ফুটিয়ে তুলেছেন কালিদাস, আমরা সেই সৌন্দর্য্য সমুদ্রে আংশিক নিমজ্জিত হতে পারি এই প্রবন্ধে। সম্ভোগপ্রিয় মেঘকে যৌবনবতী কাম-সলিলা নদী-নায়িকাদের সঙ্গে মিলনের নিটোল বর্ণনা কালে যক্ষ নিজেই যেন সেই অন্তঃসলিলে অবগাহন করছে। বনগজের মদধারায় সুবাসিত মেখলকন্যকার সুধারস অথবা সঙ্গমাভিলাষিনী বেত্রবতীর তরঙ্গচঞ্চল অধরামৃত পান করে মেঘ পথশ্রমের একঘেঁয়ে ক্লান্তি দূর করতে পারে।

কবিবর, কবে কোন বিস্মৃত বরষে
কোন পুণ্য আষাঢ়ের প্রথম দিবসে
লিখেছিলে মেঘদূত! মেঘমন্দ্র শ্লোক
বিশ্বের বিরহী যত সকলের শোক
রাখিয়াছে আপন আধার স্তরে স্তরে
সঘন সংগীত মাঝে পুঞ্জীভূত করে।।[১]

রবীন্দ্রনাথ *মানসী* কাব্যগ্রন্থের *মেঘদূত* কবিতাটি শুরু করেছেন ঠিক এইভাবে। কবি কেন শুরুতেই পয়লা আষাঢ়ের কথাটি নিয়ে এলেন, এর তাৎপর্যই বা কী? পয়লা আষাঢ়ের সঙ্গে কালিদাসের লেখা *মেঘদূত* – এর ঠিক সম্পর্কটা কোথায়? কালিদাস লিখেছিলেন আষাঢ়স্য প্রথম কিংবা প্রশম দিবসে– *আষাঢ়স্য প্রথম দিবসে মেঘমাশ্লিষ্টসানুং।* কোনও প্রাচীন টীকাকারের মতে- *আষাঢ়স্য প্রথমদিবস* এই পাঠ অশুদ্ধ কারণ চতুর্থ শ্লোকে আছে শ্রাবণ মাস আসন্ন তাই *আষাঢ়স্য প্রশমদিবসে* অর্থাৎ *আষাঢ়ের শেষদিনে।* মল্লিনাথ এই মত খণ্ডন করে লিখেছিলেন– *আষাঢ়ের প্রথম দিবসেও বলা যায় যে শ্রাবণ মাস আসন্ন।* সে যাই হোক, রবীন্দ্রনাথের কবিতার ওই অংশটুকু পড়ে মনে হয় যেন আষাঢ়ের প্রথম দিবসেই *মেঘদূত* লেখা শুরু ও শেষ হয়েছিল, বাস্তবে তা আদৌ তা সত্য কিনা এবং এই কাব্য রচনা পয়লা আষাঢ় অথবা আদৌ আষাঢ় মাসে লেখা শুরু হয়েছিল কি না, সেটাও স্থির করে বলা যাবে না। তাহলে *মেঘদূত* এবং আষাঢ়ের প্রথম দিন, সম্পর্কটি কোথায়? এমন অনেক প্রশ্নই পাঠক মনে উঁকি দিতে থাকে। পরবর্তীতে আমরা দেখি *মেঘদূত* এবং আষাঢ়ের প্রথম দিনের মধ্যে এক সুনিবিড় সম্পর্ক রয়েছে। এখানে সেই প্রসঙ্গ এনে বাক্ প্রতুলতা না বাড়ানোই ভালো।

পূর্বমেঘের শুরুতেই দেখা যায় যক্ষ যেন একজন কামাতুর, সঙ্গমলোভী, ইন্দ্রিয়বিলাসী, অন্যদিকে তাকে ছলনাকারী, সুকৌশলীও বলা চলে। মেঘকে দূত করে পাঠানোর প্রাক্কালে যক্ষের প্রলোভন চোখে পড়ার মতো- যাত্রাপথে নদী-নারী, পীনপয়োদ্ধত পর্বত শৃঙ্গ- যেন সবেতেই মেঘ সকামে অবগাহন করতে পারে। আসলে নির্বাসন কালের মধ্যে রামগিরিতে যক্ষের উপযোগী মনোরম সঙ্গিনীর সন্ধান পেলে হয়তো এই নির্বাসন দণ্ড তার কাছে খুব একটা কষ্টের হত বলে মনে হয়না। পক্ষান্তরে মেঘের মধ্যদিয়েই যক্ষ নিজের ভোগ লালসা পূর্ণ করতে প্রয়াসী। দীর্ঘকাল সম্ভোগ বিরত থাকার দরুণ তাঁর মনে কাঙ্খিত কাম-মোহ প্রকট হয়ে উঠেছে। বুদ্ধদেব বসু *কালিদাসের মেঘদূত* গ্রন্থে যক্ষের চারিত্রিক বৈশিষ্ট সম্পর্কে বলেছেন- *আটমাসব্যাপী সম্ভোগের অভাবে, সে এখন যে দশা-প্রাপ্ত হয়েছে তাকে নাম দেওয়া যায় নিখিলকামুকত্ব* । অর্থাৎ পার্থিব সব বস্তুতেই যক্ষ ইন্দ্রিয় মৈথুনের সমস্ত উপকরণ খুঁজে পেতে প্রয়াসী। তাই কোনো নদীর ঢেউ রমণীর ভ্রূভঙ্গির মতো, কারো বায়ু মিলনোৎসুক প্রিয়ের মতো চাটুকার আবার কারো বায়ুতে যুবতীর জলকেলির সৌরভ ভেসে আসছে– এসবই যেন যক্ষ নিজের উৎসুক হৃদয় দিয়ে অবলোকন করেছেন আর তরুণ মেঘের কাছে এমন লোভনীয় দৃশ্যপট তুলে ধরেছেন যাতে সে অলকায় যেতে কোনো রকম কুণ্ঠা প্রকাশ না করে।

*মেঘদূত* এক বিরহের কাব্য। কুবেরের স্বর্গবাগানের মালি যক্ষ। বাগান পরিচর্যাকালে নববধূ যক্ষপ্রিয়ার সঙ্গে তার প্রণয়কথা ভেবে অন্যমনস্ক হয়েছিল ক্ষণকাল; কর্তব্যে অবহেলা। কুবের ক্ষিপ্ত হয়ে অভিসপ্ত করে বসলেন যক্ষকে, একেবারে প্রিয়া নির্বাসন। পৃথিবীর একটি নির্দিষ্ট স্থানে, রামগিরিতে গিয়ে একবৎসরকাল বাস করতে হবে যক্ষকে-

> অভাগা যক্ষ যবে করিল কাজে হেলা
> কুবের তাই তারে দিলেন শাপ-
> নির্বাসনে সে রহি প্রেয়সী-বিচ্ছেদে
> বর্ষ ভরি সহে দারুণ জ্বালা।[২]

অতঃপর আষাঢ়ের প্রথম দিনে *নীল নবঘনে আষাঢ় গগনে* দেখা দেয় জলগম্ভীর যৌবনোদ্দীপ্ত তরুণ মেঘসম্ভার। বিরহী যক্ষের প্রাণ সিঞ্চিত হয় প্রিয়া মিলনের কাল্পনিক বারিধারায়। বিন্ধ্যপাদে বিশীর্ণা রেবা, চলোর্মি বেত্রবতী, কুবলয়পরাগবাসিতা গন্ধবতী, বেণীভূত প্রতনুসলিলা সিন্ধু, গম্ভীরা, চর্মণ্বতী, শিপ্রা, জাহ্নবী, নির্বিন্ধ্যা, বিদিশা, প্রভৃতি অন্তঃসলিলা যৌবনবতী হয়ে উঠেছে ততক্ষণে। কালিদাস লিখেছেন, মেঘ দেখে তো সাধারণভাবেই মানুষ আকুল হয়ে ওঠে, আর যে প্রণয়ীযুগল পরস্পরের কণ্ঠে কণ্ঠ মিলিয়ে থাকতে অভ্যস্ত, তাদের কাছে বিরহ-বেদনা কত তীব্র, জ্বালাময় আর দুর্বহ, তা সহজেই অনুমেয়।

> নবীন মেঘ দেখে মিলিত সুখীজন তারাও হয়ে যায় অনন্যমনা
> কী আর কথা তবে, যদি সে দূরে থাকে যে চায় কণ্ঠের অলিঙ্গন।[৩]

যক্ষের মনে হলো, আমি তো কায়ক্লেশে বেঁচে আছি, তা আমার প্রিয়ার কী হাল? আমার কথা ভেবে ভেবে রাতের পর রাত নিদ্রাহীন পার করছে সে। আর তো দুই মাস। আমি বেঁচে আছি, এই সংবাদটি মেঘ–মারফত তাঁকে পৌঁছে দিতেই হবে। শুরু হয় মেঘকে রাজি করানোর পালা। একপ্রকার প্রলোভন দিয়েই মেঘকে রাজি করাতে শুরু করেন যক্ষ। যেভাবেই হোক মেঘকে যেতে হবে সুদূর অলকায়, মানস সরোবরের কোলে তুষারকিরীট হিমালয়ে। পুষ্কর আবর্তের বংশে জাত, মেঘ ভূবণবিশ্রুত। সে ইচ্ছেমতো নানান রূপ ধারণ করতে পারে-

> জাতং বংশে ভুবনবিদিতে পুস্করাবর্তকানাং
> জনামি ত্বাং প্রকৃতিপুরুষং কামরূপং মঘোনঃ।[৪]

তাই যক্ষ আষাঢ়ের জলপূর্ণ মেঘকে দূত করে নিজের কুশল সংবাদ পাঠাতে চায় অলকাপুরীতে থাকা স্বামী বিরহে বিরহীনী প্রিয়ার কাছে। এই পর্যন্ত ঘটনা আমাদের সকলের জানা। এর পরে আসে মেঘের দুর্বল জায়গাগুলো খুঁজে বের করে তাকে সুকৌশলে যক্ষ প্রিয়ার কাছে পাঠানোর তোড়জোড়। এই অবকাশে কালিদাস আমাদের ভারত–মানচিত্র অবলোকন করান, সেখানকার নদ–নদী, বৃক্ষশোভা, একেক অঞ্চলের নারীদের রমণীয়তা–নান্দনিকতাসমেত। তারপর আছে স্বর্গের বর্ণনা, কল্পিত কিন্তু কী অপরিসীম কবিত্বময়, সৌন্দর্যসঞ্চারী, প্রভাময়, মরমী এবং কাব্যিক। অন্তঃসলিলা নদীর বয়ে যাওয়ার গতিতে নারী সৌন্দর্যের উৎকৃষ্টতম দেহসৌষ্ঠব সুনিপুন ভাবে ফুটে ওঠার কাব্যিক প্রয়োগে মেঘকে বার বার প্রলোভিত করার চেষ্টা চালিয়েছেন যক্ষ।

বর্ষা বিরহের ঋতু। যক্ষ মনে করেন মেঘও তার মতো প্রিয়া বিরহে বিরহী। মেঘের প্রিয়া সৌদামনী। তাকেও মেঘ প্রায় একবৎসর কাল যাবৎ ভুলে আছে। মেঘ তাঁর মনের কথা বুঝতে পারবে ভেবেই মেঘের মধ্য দিয়ে নিজের সমস্ত অপূর্ণতার তৃপ্তিলাভ করতেই এমন সব কামোদ্রেককারী বর্ণনা, যাতে মেঘও সহজেই যক্ষের অভিলাষ পূরণে দীর্ঘ পথযাত্রাতে কোনো অন্তরায় না নিয়ে আসে। যাত্রাপথে মেঘ যখনই ক্লান্ত-শ্রান্ত বোধ করবে, ঠিক তখনই জায়গায় জায়গায় পর্বতাদি কামমন্দ্রনগের শিখরে আশ্রয় গ্রহণ করবে, তারপর মেঘ নায়করূপে ভিন্নপ্রকৃতির যৌবনবতী কামিনী নদী-নায়িকাদের সঙ্গে মিলিত হয়ে তাদেরকে পরিতৃপ্ত ক'রে নিজেও পরিতৃপ্ত হবে। শান্তবতী নদীর অতি লঘু সুশীতল কোমল জল পান করে শরীরের পুষ্টি বজায় রাখবে-

খিন্নঃ খিন্নঃ শিখরিষু পদং ন্যস্য গন্তাসি যত্র।
ক্ষীণঃ ক্ষীণঃ পরিলঘুপয়ঃ স্রোতসাঞ্চোপযুজ্য।।[৫]

আপাদ মস্তমক যৌনধর্মের প্রভাবে *মেঘদূত* পরিব্যপ্ত। সারা *মেঘদূত* কাব্য জুড়ে শুধুই নারী সম্ভোগের কথা। যেখানেই নারীদেহের সুলুক সন্ধান পেয়েছেন কবি সেখানে পুরুষের সম্ভোগ বিলাসের সুনিপুন কল্পনা জুড়ে দিয়েছেন। বনবধূ, পুরনারী, পুষ্পচয়িকা, গ্রামবধু, বারাঙ্গনা, নর্তকী, যক্ষনারী, দেবকন্যা কাউকেই কবি বাদ দেননি– কোথাও দেখতে পাই শিলাগৃহে বেশ্যাবিলাসীদের মত্ত যৌবন প্রকাশিত হচ্ছে লোকমুখে আবার কোথাও স্নানার্থিনী স্বর্গযুবতীরা আলিঙ্গনাবদ্ধ হতে চায় মেঘের সঙ্গে, কোথাও অঙ্কশায়িনী প্রণয়িনীর বসনের মতো গঙ্গা স্খলিত হয়ে পড়ছে, আবার দেখা যায় মেঘ চুপিসারে প্রবেশ করে অন্তঃপুরিকাদের *স্বজলকণিকায়* দূষিত করে প্রস্থান করেছে সেই স্থান। প্রায় প্রতিটি শ্লোকেই যৌনতায় ভরপুর। অভিসার, প্রমোদ রতিক্রিয়া ও উত্তরক্লান্তি এই কাব্যে সুনিপুন ভাবে ফুটিয়ে তোলা হয়েছে।

*মেঘদূতে* নদী আর নারী যেন প্রকৃতির মাঝে এক সূত্রে গাঁথা। অসংখ্য নদী অঙ্গে নারী বৈশিষ্ট্য জড়িয়ে কখনও হয়েছে কামাতুর, চঞ্চলা, গম্ভীরা আবার কখনও নারীর কটাক্ষদৃষ্টে পুরুষকে ঘায়েল করতে যথেষ্ট। কবির কাছে রেবা পিপাসাময়ী, বেত্রবতী গুণান্বীতা, নির্বিন্ধ্যা রমণীয়, শিপ্রা উপেক্ষিতা, চর্যশ্বতী কুণ্ঠাকাতরা, সরস্বতী নিঞ্চনযমী প্রভৃতি। দু'একটা উপমা তুলে দিলে সহযেই বোঝা সম্ভব হবে। যেমন– *ঊর্মি-চঞ্চল বেত্রবতী সে-ই করবে পান তার মধুর বারি*[৬] অথবা *বরং গম্ভীরা নদীর অন্তরে প্রবেশ করো হে, তুমি সুন্দর...*[৭]

শুধু নদী নয় পর্বতকেও মেঘের প্রেয়সী নায়িকারূপে কল্পনা করা হয়েছে। তাই পথশ্রমের ক্লান্তি দূর করতে মেঘকে দেখেছি পর্বত-কোলে আশ্রয় নিতে। কবি কল্পনায় বিস্তৃত ভূবনে রামগিরি হচ্ছে মেঘের প্রেয়সী প্রিয়তম নায়িকা-

ভূবণ-পূজনীয় রাঘব-পদরেখা রয়েছে আঁকা যার মেখলায়
তোমার প্রিয় সখা তুঙ্গ এই গিরি, বিদায় ব'লো তাকে তাহলে।[৮]

*মেঘদূতে* আমরা মানস চক্ষে দেখতে পাই মেঘের পক্ষান্তরে যক্ষের নায়িকা যেন সবাই। এককথায় জলে-স্থলে-অন্ত্যরীক্ষে অবস্থান করা সকল নারী কেবল পুরুষের কণ্ঠলগ্ন হওয়ার বাসনায় উদগ্রীব। আগেও বলেছি যক্ষের মতো মেঘও কামুক। কোনো নারীরই তার কামেচ্ছা থেকে মুক্তি পাওয়া প্রায় অসম্ভব। আবার কোথাও মেঘের অপরূপ সৌন্দর্যে নারী নিজেই ধরা দিতে চেয়েছে তার বাহুডোরে–

তোমারেই যেন ভালবাসিয়াছি
শত রূপে শত বার
জনমে জনমে, যুগে যুগে অনিবার।[৯]

মেঘ যাত্রাকালে রমণীয় বস্তুসমূহ অবলোকন করবে অথবা সে নিজে অন্যের দ্বারা রমণীয়রূপে প্রকাশ পাবে: পুর রূপসীদের কটাক্ষাঘাতে জর্জরিত হবেনা দেবদম্পতির নয়নাভিরাম হয়ে থাকবে। পুষ্পচয়িকাদের মুখে ছায়া ফেলে অথবা নদীদের পূর্ণতাদান করে আনন্দদান করবে। এখানে কোন কোন নায়িকাদের সঙ্গে মেঘের ঘনিষ্ঠতা দীর্ঘস্থায়ী হতে পারে আবার কাদের কাছে নাম মাত্র সময় কাটিয়ে চলে যেতে হবে সবই ঘক্ষ আগে থেকে ঠিক করে রাখে। মেঘ কেবল তার আজ্ঞা বহনকারী, বার্তাবাহক।

মেঘ যাত্রা শুরু করেছে। যাত্রা পথে পড়বে কিরাত বধূদের উপভোগের স্থান আম্রকূট পর্বতের লতানিকুঞ্জ। সেখানে একটু বিশ্রাম নিয়ে মেঘ দ্রুত সামনের দিকে এগিয়ে যাওয়াই হবে তার একমাত্র উদ্দেশ্য। পর্বত শিখরে জলবর্ষণে লঘু মেঘের আলাপ হবে রেবা নদীর সঙ্গে, যার অপর নাম নর্মদা। রেবা বিন্ধ্য পর্বতের পাদদেশ ধরে সর্পিলরেখায় বয়ে চলা এক প্রণয়াভিলাষী নদী-নায়িকা। রেবা, সুন্দরী সোমোদ্ভবা, নর্মসহচরী নর্মদা, প্রণয় কলহে হার মেনে পায়ে ধরে সাধে, দীর্ঘ সাধনায় আজ সে বিশীর্ণা। উপলব্যথিতগতি এই নদীকে মল্লিনাথ তুলনা করেছেন নায়ক বিন্ধ্যের অভিমান ভাঙানোর প্রচেষ্টায় নায়িকার চরণালিঙ্গন করার সঙ্গে– *প্রিয়তমচরণপাতেঽপি ধ্বন্যতে।*

যক্ষ বলেছেন মেঘকে তার প্রথম নায়িকা বনগজের মদধারায় সুবাসিত এবং জম্বুকুঞ্জের অবরুদ্ধ মেখলকন্যকার (অমরকন্টক গিরির অপর নাম মেখল। মেখল থেকে নির্গত বলে এই নদীর অপর নাম মেখলকন্যকা) জলপান করে নিজের কাম পূরণ করতে। সে যেমন জলবর্ষণ করবে তেমনই যেন রেবার সুরভি জল তুলে নেয়–

যেমন তুমি দেবে তেমনই তুলে নেবে রেবার জল থেকে সুরভি
গজের স্রাববাহী প্রবাহ বাধা পাবে জম্বুকুঞ্জের সম্মুখে
ও মেঘ সারবান, তোমাকে হারাবে কি চটুল বাতাসের ঝঞ্ঝা।[১০]

মেঘের নায়িকাদের মধ্যে বেত্রবতী অন্যতমা। বেত্রবতী নদীর মধ্যে কবি নারী সৌন্দর্য্যের প্রাচুর্যতা লক্ষ্য করেছেন, তাই অবলীলায় হয়তো বলা সম্ভব হয়েছে-

তটের কলতানে রূপসী রমণীর ভুরুর ভঙ্গীমা যে দেয় এঁকে,
ঊর্মি-চঞ্চল বেত্রবতী সে-ই – করবে পান তার মধুর বারি।[১১]

বেত্রবতী নদী যেন নদী নয়- সঙ্গমাভিলাষিণী নায়িকা। আবার বেত্রবতীর তরঙ্গচঞ্চল জলরাশিও যেন জল নয়– বেত্রবতী সুন্দরীর অধরামৃত; যা মেঘ তার গুরু গুরু ধ্বনির রতি-কুঞ্জনে মধুর করে পান করবে– *স্তনিতমিত্যনেন মণিতমপি ধ্বন্যতে।।* (মল্লিনাথ)

তীরোপান্তে এসে মেঘ স্বীয় গুরুধ্বনির সহযোগে ভ্রূপিলাসময় বেত্রবতীর আনন-সৌন্দর্য এবং অধরসুধা দুইই পান করবে। বেত্রবতীর জলধারা এবং নায়িকার অধরসুধা দুইই সুস্বাদু। বিরহী যক্ষের কামনার ছায়া দিয়ে গড়া মেঘের কামুক বাসনা। মেঘ তো বিরহী যক্ষেরই হৃদয়-অতৃপ্ত বাসনা। সেই বাসনার তৃপ্তি আসছে এই মনগড়া সম্ভোগ চিত্রে। প্রতিটি পরতে পরতে তার সৌন্দর্য বিমুগ্ধতা। যক্ষ যেকোনো ভাবেই যেন নিজের বিরহ বেদনা এবং সম্ভোগ লালসা মিটিয়ে নিতে চায় মেঘের মধ্য দিয়ে।

চলতি পথে বেত্রবতীর দুই তীরে আপনা আপনি জন্মে ওঠা যুঁই, মল্লিকা প্রভৃতি সুবিশাল বনরাজির সম্ভার। প্রেমের নিগূঢ় বন্ধনে জড়িয়ে মেঘকে কোনো ভাবেই আলিঙ্গন মুক্ত করতে চায়না–

এখনো বনের গান, বন্ধু হয়নি তো অবসান...
তবু এখনই যাবে কি চলি।
ও মোর করুণ বল্লিকা, ও তোর শ্রান্ত মল্লিকা।[১২]

মেঘ যুঁইয়ের বাগানে নববারিকণা সিঞ্চিত করবে। তাতে যুঁই তার নবযৌবন সৌরভে দিগ্বিদিক সুবাসিত করতে পারবে–

কাননে জলকণা ছিটিয়ে যেয়ো, মেঘ
তরুণ যুথিকার কোরকে।[১৩]

যুথিকা কোরকে জলকণা বর্ষণে মেঘ আবার কিছুটা হালকা হয়েছে। তাতে কিছুটা ক্লান্তও হয়েছে সে। এবার মেঘের বিরহিনী নায়িকা নির্বিন্ধ্যা। ক্ষীণস্রোতা সিন্ধু নদী। তটস্থিত বৃক্ষরাজির জীর্ণপাতা খসে পড়ে তার অন্তঃসলিল হয়েছে পাণ্ডুবর্ণ। তার কোনো উচ্ছ্বাস নেই, নেই কোনো পরিপাটির ঘটা। একবেণীধরা বিরহব্রত উদ্‌যাপন করছে সে। তাই কোনো দেহ সংস্কার করেনি। ম্লান তার তনুমন- *প্রোষিতে তু ন সংস্কুর্যাৎ ন বেণীং ন প্রমোচয়েৎ।*[১৪]

তরঙ্গভঙ্গে কূজিত সারিবদ্ধভাবে বিচরমান বিহগশ্রেণি যেন নায়িকার মেখলা আর তাদের কলরব সেই মেখলার ঝংকার। এমনই সংসর্পন্তী, মদস্খলিত গমনা ছলাকলা পটীয়সী নির্বিন্ধ্যা। নায়িকারা মুখে তাদের প্রণয় সম্ভাষণ করেনা। ভাববিলাসই প্রিয়তমের কাছে নারীর প্রথম প্রণয় প্রবচন- *স্ত্রীণামাদ্যং প্রণয়বচনং বিভ্রমো হি প্রিয়েষু।* [১৫]

তারা বেশ সতর্ক হয়েই অসতর্কতা দেখায়, লজ্জাভূষণ ত্যাগ করে- *সহজলজ্জাভূষণত্বাৎ স্বমুখোক্তৌ বৈয়াত্যং দ্যোতয়তি।* সুকৌশলে নাভি প্রদর্শন করে। *নাভিসুগভীর* উত্তম নায়িকার লক্ষণ। সুতরাং

নির্বিন্ধ্যার বক্ষ হতে রসাভ্যন্তর হয়ে রসপান করতে আর মেঘের সংকোচ বা সংযম প্রকাশের কোনো কারণ নেই। মেঘের মিলনে কৃশকায় নির্বিন্ধ্যার ভগ্নস্বাস্থ্য ফিরে আসবে এমনই যক্ষের অনুমান। তনুমন অকারণ পুলকিত হয়ে উঠবে। প্রোষিতভর্তৃকা নায়িকার ম্লান অবস্থা নায়কের সৌভাগ্য সূচিত করে। বিরহিণীর প্রতিদিনের দুঃখভার অনুরাগের মাত্রাকে বিবর্ধিত করে। দীর্ঘ বিরহের অবসানে প্রিয়ামিলন তাই রসেরই পরাকাষ্ঠা– প্রবাসাবসানে বিরহবিধুরিতায়াঃ প্রিয়ায়া পরিভোগো রসস্য পরাকাষ্ঠা। (পূর্ণ সরস্বতী)

উজ্জয়িনীকে বেষ্টন করে আছে শিপ্রা নদী। তার বক্ষে প্রস্ফুটিত অগুন্তি পদ্মের সুগন্ধে বাতাস আমোদিত। শিপ্রা নদীর সুশীতল সুরভি মন্দমারুত মেঘের পথশ্রমজনিত ক্লান্তি দূর করতে পটিয়সী। যেমন করে শিপ্রার এই জলকণাবাহী সুশীতল সুবাসিত মৃদুমন্দ বায়ু উজ্জয়িনীর কামনীদেরও নিয়ত সম্ভোগশ্রম হরণ করেছে-

> যত্র স্ত্রীণাং হরতি সুরতগ্লানিমঙ্গানুকূলঃ
> শিপ্রাবাতঃ প্রিয়তম ইব প্রার্থনাচাটুকারঃ।[১৬]

বুদ্ধদেব বসুর বর্ণনায়–

> ফুল্ল কমলের গন্ধে আমোদিত শিপ্রাবায়ু সেথা প্রভাতে
> ছড়িয়ে দেয় দূরে হৃষ্ট সারসের মধুর, অস্ফুট কাকলি;
> প্রার্থী প্রণয়ীর মতোই চাটুকার, অঙ্গে অনুকূল সে-অনিল
> সোহাগে ধীরে-ধীরে ভোলায় মেয়েদের রতির উত্তরক্লান্তি।[১৭]

গন্ধবতী নদীতে প্রস্ফুটিত কমলের সৌরভে সেখানকার বাতাস আমোদিত। সেই নদীর জলও জলক্রীড়ায় নিরত যুবতীদের সুগন্ধী স্থানীয় দ্রব্যের গন্ধে সুবাসিত। মেঘ সেই সুবাস প্রাণভরে গ্রহণ করবে। এখানেও মেঘের জন্য ভোগ আর যোগের যোগ্য আপ্যায়ন ঘটবে।

মেঘ উজ্জয়িনীর পথে অনেকখানি এগিয়ে এসেছে। আর একটুখানি রওনা দিলেই পড়বে বিন্ধ্যসমুদ্ভবা গম্ভীরা নদী। সেও মেঘের আর এক নায়িকা। তার স্বচ্ছ সলিলের মতো প্রসন্ন চিত্ত। অনিবার্য ভাবে এই প্রসন্ন চিত্তে মেঘের ছায়া পড়তে বাধ্য। মেঘকে দেখে গম্ভীরার গাম্ভীর্য, ধৈর্যের বাঁধ ভেঙেছে। তুমি প্রকৃষ্ট পেমপ্রবণা মেঘ, যে তোমাকে হৃদয়ে বহন করছে, তাকে নিস্ফল করো না, তার অন্তরে প্রবেশ করো, এমনই যক্ষের কাতর আবেদন- *অমল হৃদয়ের মতো সে-জলধারা তোমার ছায়ারূপে ধন্য হোক।* [১৮]

নায়িকা যেখানে কাময়মানা হয়ে নিজের দেহসৌন্দর্য্য লাবণ্য উজাড় করে রাখে, সেখানে নায়ক কিভাবে নায়িকাকে উপেক্ষা করে! গম্ভীরার দুই দিকে ধবধবে সাদা তটভূমি যেন নায়িকার অনাবৃত নিতম্ব, জলধারা তার নীলবসন। শুধু নীলাম্বরখানা কোনো প্রকারে করধৃত হয়ে আছে। লজ্জার ওই টুকুই অবশিষ্ট। অন্তরে বাসনাতপ্ত, বাইরে আচ্ছাদন কোনো রকমে টেনে আছে ত্রপাময়ী গম্ভীরা। এমতাবস্থায় কামকামী আষাঢ়ের তরুণ মেঘ লম্বমান– ঝুঁকে পড়েছে, প্রায় জঘনারূঢ়। অনাবৃতা বিবৃতজঘনা নায়িকা গম্ভীরাকে জ্ঞাতাস্বাদ মেঘ কখনোই ছেড়ে যেতে চাইবেনা–

> জ্ঞাতাস্বাদো বিবৃতজঘনাং কো বিহাতুং সমর্থঃ।[১৯]
> বিবৃতজঘনার বারেক পেলে স্বাদ কে আর পারে বলো ছাড়তে।[২০]

যক্ষ জানে কোথা থেকে শুরু করে কোথায় গিয়ে থামতে হয়। সম্ভোগক্লান্ত শরীর কিভাবে এলিয়ে দিতে হয় শৈলেন্দ্রচূড়ার শ্বেতশুভ্র আলয়ে। কিংবা কোথায় মৃদুমন্দ সুশীতল সমীরণ বিবশ তনুতে লাগিয়ে পথশ্রম জনিত ক্লান্তি দূর করতে হয়। তাই মেঘকে দূত করে পাঠানোর সময় স্থানে স্থানে কখনও অক্লান্ত ধারা বর্ষণ করে ভরিয়ে তুলেছে প্রেমিকার ভারাক্রান্ত হৃদয়, আবার কখনও ঝিরি ঝিরি মৃদু শিহরণ-বর্ষণে আপাদমস্তক সিঞ্চিত করেছে কামুক রমনপিয়াসীনীদের। কখনও বা সম্ভোগক্লান্ত শরীরটাকে বিশ্রাম দিয়েছে নগেন্দ্রশিখরে। আসলে মেঘদূত তো যক্ষেরই প্রতিরূপ। যক্ষ মেঘকে দূত করে রামগিরি থেকে অলকাপুরীতে শীর্ণকায়া প্রিয়ার নিকট প্রেরণ করছে ঠিকই কিন্তু

কল্পনালোকে সে নিজেই যেন ক্ষিপ্রগতি শিপ্রা, বিবৃতজঘনা গম্ভীরা, বিশীর্ণা রেবা, ঊর্মিচঞ্চল বেত্রবতী প্রভৃতি যৌবনবতী নদী-নায়িকাদের সঙ্গে বার বার মিলিত হচ্ছে।

যক্ষের এত প্রলোভন এত সম্ভোগকামীতা সবই নারী কেন্দ্রিক; নায়িকা কেন্দ্রিক। কিন্তু নারীর নিজের মত বা নিজের মান প্রকাশের স্বাধীনতা এতই নগন্য ছিল যে, সারারাত পরকীয়ার মতো নিকৃষ্টতম কাজ করে আসার পর সকালে পত্নীর অশ্রু মুছে দিলে তারা নিজেকে ধন্য মনে করত। রাগ, মান, ক্রোধ প্রকাশের মতো চারিত্রিক দৃঢ়তা তাদের মধ্যে দেখা যায়নি। নারীদেহ কেবল কামে প্রমত্ত পুরুষের অঙ্কশায়িনী হয়ে পুরুষ সঙ্গীটিকে রতিসুখ প্রদান করা। এই কারনেই হয়তো নায়িকারা নায়কের বিরহে মৃতপ্রায় হয়ে ওঠে আবার নায়ক অন্য নারীতে আসক্ত হলে তারা উৎকণ্ঠায় অশ্রুপূর্ণ চোখে বিনিদ্র রাত জেগে কেবল উপাধান সিক্ত করে।

**উল্লেখপঞ্জি**

১. *মেঘদূত, রবীন্দ্রনাথ ঠাকুর, ৮জ্যৈষ্ঠ ১২৯৭, ১৮৯০ খ্রি: শান্তি নিকেতন।*

২. *রবীন্দ্র-রচনাবলী,* পাঠান্তর, (মেঘদূত-সূচনা), রবীন্দ্রনাথ ঠাকুর।

৩. *কালিদাসের মেঘদূত,* বুদ্ধদেব বসু, ৩য় শ্লোক, পৃ. ...

৪. *মেঘদূত,* পূর্বমেঘ, ৬ষ্ঠ শ্লোক।

৫. *তদেব,* ১৩তম শ্লোক।

৬. *কালিদাসের মেঘদূত,* বুদ্ধদেব বসু, ২৫তম শ্লোক, পৃ. ৭৭।

৭. তদেব, ৪১তম শ্লোক, পৃ. ৮১।

৮. তদেব, ১২তম শ্লোক, পৃ. ৭৪ ।

৯. *অনন্ত প্রেম,* রবীন্দ্রনাথ ঠাকুর।

১০. *কালিদাসের মেঘদূত, শক্তি চট্টোপাধ্যায়,* ২০তম শ্লোক ।

১১. *কালিদাসের মেঘদূত,* বুদ্ধদেব বসু, ২৫তম শ্লোক, পৃ. ৭৭ ।

১২. প্রকৃতি/২৮৯, রবীন্দ্রনাথ ঠাকুর, ১৩৩৭ ।

১৩. *কালিদাসের মেঘদূত,* বুদ্ধদেব বসু, ২৭তম শ্লোক, পৃ. ৭৭ ।

১৪. *মেঘদূত ও সৌদামনী,* (সম্পা.) সত্যনারায়ণ চক্রবর্তী, পৃ. ১৭৩ ।

১৫. *মেঘদূত,* পূর্বমেঘ, ২৯তম শ্লোক।

১৬. *তদেব,* ৩২তম শ্লোক ।

১৭. *কালিদাসের মেঘদূত,* বুদ্ধদেব বসু, ৩২তম শ্লোক, পৃ. ৭৯ ।

১৮. *তদেব,* ৪১তম শ্লোক, পৃ. ৮১ ।

১৯. *মেঘদূত,* পূর্বমেঘ, ৪২তম শ্লোক।

২০. *কালিদাসের মেঘদূত,* বুদ্ধদেব বসু, ৪২তম শ্লোক, পৃ. ৮১ ।

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**

*কালিদাস গ্রন্থাবলী* (২য় ভাগ)। সম্পা. রাজেন্দ্রনাথ বিদ্যাভূষণ। কলকাতা: বসুমতী কর্পরেশন লিঃ (বসুমতী সাহিত্য মন্দির)।

*কালিদাস সমগ্র।* সম্পা. জ্যোতিভূষণ চাকী। কলকাতা: নবপত্র প্রকাশন। ১৯৮২।

*কালিদাসের মেঘদূত ও রবীন্দ্রনাথ।* জ্যোতির্ময় রায়

*কালিদাসের মেঘদূত।* বুদ্ধদেব বসু। ১৯৭৫ (পঞ্চম সংস্করণ)।

*কালিদাসের মেঘদূত।* অনু. শক্তি চট্টোপাধ্যায়। কলকাতা: দেজ পাব্লিশিং হাউস।

*কালিদাসের মেঘদূত।* রাজশেখর বসু। কলিকাতা: বিশ্বভারতী গ্রন্থালয়। ১৩৫০ (প্রথম প্রকাশ)। ১৩৫২ (১ম পুনর্মূদ্রণ)

*মহাকবি কালিদাসের মেঘদূত : একটি সচিত্র বর্ণন* – ১ম পর্ব, এম এ আলী। ২৮ আগষ্ট, ২০১৬।

*মেঘদূত ও প্রসঙ্গত।* মলয়চন্দন মুখোপাধ্যায়। প্রথম আলো। ১০ নভেম্বর ২০২০

*মেঘদূত ও সৌদামনী।* সম্পা. সত্যনারায়ণ চক্রবর্তী। কলকাতা: সস্কৃত পুস্তক ভাণ্ডার। ২০০০ (প্রথম সংস্করণ)। ২০১৩ (তৃতীয় সংস্করণ)।

*মেঘদূত পরিচয়।* পার্বতীচরণ ভট্টাচার্য্য। কলকাতা: সস্কৃত পুস্তক ভাণ্ডার। ১৪১৮ (পঞ্চম সংস্করণ)।

*মেঘদূত: প্রতিভার সত্যস্বর।* কানিজ ফাতেমা। গবেষক, ঢাকা বিশ্ববিদ্যালয়। বাংলাদেশ: ঢাকা। খণ্ড ৭, ২০২১।

# ত্রিংশিকাভাষ্য অবলম্বনে যোগাচার বৌদ্ধসম্প্রদায় সম্মত উপচারের স্বরূপ বিচার

শুভব্রতা চক্রবর্তী

**সংক্ষিপ্তসার**

আলোচ্য গবেষণাধর্মী প্রবন্ধটির মূল উপজীব্য বিষয় বা অনুসন্ধানযোগ্য প্রশ্নটি হল, - স্থিরমতির *ত্রিংশিকাভাষ্য* অনুযায়ী যোগাচার বৌদ্ধসম্মত উপচার নামক গৌণীবৃত্তির স্বরূপ উন্মোচন এবং তাদের এই ভাষাদার্শনিক অবস্থান আধিবিদ্যক তত্ত্বকে প্রতিষ্ঠার ক্ষেত্রে উপযুক্ত অভিমুখের দাবি রাখে কিনা তা পর্যালোচনা করা। আচার্য ভর্তৃহরিকৃত *বাক্যপদীয়* গ্রন্থের বাক্যকাণ্ডের ও প্রকীর্ণ কাণ্ডের বেশ কিছু কারিকা অনুসরণে যোগাচার বৌদ্ধদর্শনসম্মত উপচারের বিষয়ে পূর্বপক্ষীয় মত আলোচিত হয়েছে। বিজ্ঞানবাদী বৌদ্ধদর্শন মতে বিজ্ঞানের পরিণামে আত্মা ও বাহ্যধর্মের উপচার ঘটে, উপচার নামক এই গৌণবৃত্তির স্বরূপ নিয়ে পূর্বপক্ষী বৈয়াকরণের মত কীভাবে স্থিরমতি যুক্তিপূর্বক খণ্ডন করে নিজ সম্প্রদায়ের অধিবিদ্যক অবস্থানকে সুদৃঢ় করেছেন তা এই প্রবন্ধে বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গি থেকে আলোচিত হয়েছে। একই সঙ্গে বৌদ্ধদর্শন সম্মত গৌণীবৃত্তি বিষয়ে ভাষাদর্শনগত প্রেক্ষাপট উন্মোচন করা হয়েছে।

**সূচক শব্দ**

উপচার, আত্মা, বাহ্যধর্ম, শব্দ, অর্থ।

## ভূমিকা

আচার্য বসুবন্ধু রচিত *বিজ্ঞপ্তিমাত্রতাসিদ্ধি* গ্রন্থটি যোগাচার বা বিজ্ঞানবাদী বৌদ্ধ সম্প্রদায়ের একটি আকর গ্রন্থ। গ্রন্থটি বিংশতিকা এবং ত্রিংশিকা এই দুইভাগে বিভক্ত। বিংশতিকার বাইশটি কারিকার উপর বৃত্তি বা টীকা রচনা করেছেন স্বয়ং বসুবন্ধু, অন্যদিকে ত্রিংশিকার তিরিশটি কারিকার উপর ভাষ্যরচনা করেছেন তাঁর সুযোগ্য শিষ্য স্থিরমতি। আচার্য স্থিরমতির সময়কাল ধরা হয় আনুমানিক পঞ্চম শতকের শেষার্ধ্ব। দর্শনে ও সাহিত্যতত্ত্বে নানা প্রসঙ্গে উপচার বিষয়টির অবতারণা করা হয়েছে। ব্যবহার, কল্পনা, গৌণীবৃত্তি ইত্যাদি বিভিন্ন নামে একে অভিহিত করা হয়েছে। বিভিন্ন আঙ্গিকে উপচার বিষয়টি আলোচিত হলেও সাধারণভাবে বলা যায় যে, মুখ্য অর্থের ক্ষেত্র ব্যতীত ঔপচারিক প্রয়োগ ঘটে। মুখ্য ও গৌণ অর্থের মধ্যে কিছু সাদৃশ্য বর্তমান থাকে, প্রচলিত ক্ষেত্রে অথবা প্রাসঙ্গিক উদ্দেশ্যের যুক্তিসিদ্ধির ক্ষেত্রেই মুখ্য অর্থ থেকে ঔপচারিক অর্থের পরিবর্তন হয়। এই প্রসঙ্গে Kunjunni Raja তাঁর *Indian Theories of Meaning* গ্রন্থে বলেছেন,

> This function of the word, denoting a referent different from its normal and primary one, but somehow related to it, is called *lakṣana* or *upacāra*; other terms like *gauṇī vritti* and *bhakti* are also used to refer this secondary significative function of words… The three essential conditions generally accepted by the later *Ālamkārikas* are necessary in *lakṣana* or transfer are a) the inapplicability of the unsuitability of the primary meaning in the context, b) some relation between the primary and the actual referent of the word and c) sanction for the transferred sense by popular usage, or a definite motive justifying the transfer."[১]

ঔপচারিক প্রয়োগের একটি প্রসিদ্ধ শাস্ত্রীয় উদাহরণ হল, "সিংহঃ মাণবকঃ"। গুণগত সাদৃশ্যের উপর নির্ভর করে এখানে উপচাররূপ গৌণী বৃত্তি প্রয়োগ করা হয়েছে। 'সিংহ' শব্দের প্রাথমিক বাচ্যার্থ সিংহ পশু হলেও, এই বিশেষ ক্ষেত্রটিতে এর প্রকৃত বাচ্যার্থ বা "locus of reference" হল একটি বালক। সিংহ এবং বালকের মধ্যে সাহসিকতা, তেজস্বিতা- এই সাধারণ ধর্মের উপর ভিত্তি করে এই উপচার বৃত্তি প্রযুক্ত হয়েছে। তেমনি, কোনো নারীকে যদি চন্দ্রমুখী বলা হয়, তবে

আক্ষরিক অর্থে সেই প্রয়োগ ঘটে না, মুখ্যার্থ বাদ দিয়ে ঔপচারিক অর্থে এই প্রয়োগ ঘটে। চন্দ্রের সৌন্দর্য এবং নারীর মুখমণ্ডলের সৌন্দর্য - এই সাদৃশ্যের কথা চিন্তা করে লাবণ্য, আহ্লাদজনকত্ব এসকল সাধারণ ধর্মকে প্রস্ফুটিত করতে এই ধরণের গৌণী বৃত্তি প্রযুক্ত হয়। প্রশ্ন হতে পারে, ভাষাদর্শনের এই গূঢ় বিষয়টির সঙ্গে যোগাচার বৌদ্ধদের ভাববাদী তত্ত্বের সম্পর্ক কোথায় আর কেনই বা এই বিষয়টি নির্বাচন করে আলোচনায় প্রবৃত্ত হলাম। ত্রিংশিকার প্রথম কারিকায় আচার্য বসুবন্ধু বলেছেন, লোকব্যবহার এবং শাস্ত্রে আত্মা, ধর্ম ইত্যাদি বিভিন্ন ধরণের যে ব্যবহার বা উপচার লক্ষিত হয় তা বিজ্ঞান বা চিত্তেরই পরিণাম-

> আত্মধর্মোপচারো হি বিবিধো যঃ প্রবর্ততে।
> বিজ্ঞানপরিণামে'সৌ পরিণামঃ স চ ত্রিধা।।[২]

সাধারণভাবে প্রাণী, মানুষ প্রভৃতি যা কিছু পুদ্গল হিসেবে এবং ঘট-পট প্রভৃতি ধর্ম হিসেবে প্রতীত হয়, সবকিছুই বিজ্ঞানের গ্রাহ্যাংশ। বিজ্ঞান অতিরিক্ত কোনো বাহ্যসত্তা ঐ পুদ্গল বা ধর্মের নেই। উপচার, কল্পনা, ব্যবহার এই তিনটি শব্দ হল পর্যায়বাচক। ত্রিংশিকার প্রথম কারিকায় বিজ্ঞানবাদীদের যে মূল বক্তব্য পরিস্ফুট হয়েছে তা হল, বিজ্ঞানের পরিণামে আত্মা ও বাহ্যধর্মের উপচার হয়ে থাকে। এই উপচার বিষয়টি মূলত ভাষাদর্শনের পরিসরে আলোচিত হয়ে থাকে। বৈয়াকরণ ভর্তৃহরি তাঁর *বাক্যপদীয়* গ্রন্থের বিভিন্ন জায়গায় উপচার রূপ গৌণার্থ সম্পর্কে আলোচনা করেছেন। মহর্ষি গৌতমকৃত ন্যায়সূত্র- বাৎস্যায়ন ভাষ্য- উদ্যোতকরের ন্যায়বার্তিকেও পদ-সামান্য পরীক্ষা প্রসঙ্গে উপচার বিষয়টি পৌনঃপনিকভাবে ফুটে উঠেছে।

**বৈয়াকরণ সম্মত উপচারের স্বরূপ**

''অতস্মিন্ তদ্ বুদ্ধিঃ উপচারঃ।" বস্তু প্রকৃতপক্ষে বা মুখ্যভাবে অবর্তমান, সেখানে সেটি থাকার বোধ বা কল্পনা করা হলে সাধারণ অর্থে সেটিকে উপচার বলা হয়। উপচার হল গৌণ অর্থ, আরোপিত অর্থের উপর ভিত্তি করে, অবিদ্যমান বা অসৎ ধর্ম বস্তুতে কল্পনা করাই হল এই ধরণের প্রয়োগ।

ত্রিংশিকাভাষ্যে আচার্য স্থিরমতি উপচারের প্রয়োগ সম্বন্ধে বলতে গিয়ে যে বিশ্লেষণী দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন, তা যথার্থরূপে অনুধাবন করতে গেলে পূর্বপক্ষী বৈয়াকরণ সম্মত উপচারের স্বরূপ নির্ধারণ আবশ্যক। আচার্য ভর্তৃহরি রচিত *বাক্যপদীয়* গ্রন্থের বাক্যকাণ্ড এবং পদকাণ্ডের সম্বন্ধ-সমুদ্দেশ অংশ অধ্যয়ন করে আমরা পূর্বপক্ষী সম্মত উপচারের স্বরূপ বিশ্লেষণ করতে পারি।

ভর্তৃহরির *বাক্যপদীয়* গ্রন্থের বাক্যকাণ্ডে বলা হয়েছে,

> একমাহুরনেকার্থং শব্দমন্যে পরীক্ষকা।
> নিমিত্তভেদাদেকস্য সার্বার্থ্যং তস্য ভিদ্যতে। (২/২৫০)[৩]

একটি সম্প্রদায় মনে করে, একটি নির্দিষ্ট শব্দের একটিই অর্থ, আবার অন্য বিচারে একই শব্দের একাধিক অর্থ হতে পারে। বিভিন্ন কারণ বশত, একটি শব্দের মুখ্যার্থ ছাড়াও অনেক গৌণার্থ থাকতে পারে। একটি শব্দের বহুবিধ অর্থ থাকলে তার অর্থপ্রকরণ অন্য শব্দের যোগের মাধ্যমে একটি নির্দিষ্ট অর্থে গ্রহণ করা হয়। যেমন- 'গো' শব্দের দ্বারা গলকম্বল-খুর-বিষাণ প্রভৃতিযুক্ত প্রাণীর বোধ হয়, তেমনি সেই একই গো শব্দ দ্বারা ( গৌঃ বাহীকঃ) বাহীকদেশীয় লোককে বা অল্পবুদ্ধি লোককে বোঝানো হয়ে থাকে। প্রসিদ্ধির ভেদ বশত অনেকধর্মবিশিষ্ট সর্বশক্তিমান সেই শব্দেরই গৌণত্ব ও মুখ্যত্বের ভেদ হতে পারে। স্বরূপে শব্দের অবস্থান নিশ্চল, সে স্থিরভাবে একই স্বার্থে থাকে, কেবলমাত্র অর্থের বিপর্যয় ঘটতে পারে। আচার্য ভর্তৃহরির মতে শব্দ ও অর্থের সম্বন্ধ স্বাভাবিক, অনাদি, অনন্ত, নিত্য। সংকেতের গ্রহণের ফলে এই সম্বন্ধ অভিব্যক্ত হতে পারে। বাহ্য পদার্থকে শব্দ দ্বারা বোধ করানোর জন্য বাহ্যার্থ সত্তার অনুরূপ বুদ্ধিতে সমারূঢ় অর্থাকারে বিশিষ্ট অন্য সত্তার প্রয়োজন। বাহ্য অর্থের বুদ্ধিতে আরোপিত করার প্রয়োজন বলে ঐ সত্তা ঔপচারিকী সত্তা। পদকাণ্ড বা প্রকীর্ণকাণ্ডের অন্তর্গত সম্বন্ধ সমুদ্দেশে ভর্তৃহরি বলেছেন,

> ব্যপদেশে পদার্থানাম্ অন্য সত্তৌপচারিকী।

সর্বাবস্থাসু সর্বেষাম্ আত্মরূপস্য দর্শিকা।।(৩/৩/৩৯)[৪]

উপচার শব্দের এখানে অর্থ বুদ্ধিতে বাহ্যার্থের অধ্যারোপ। সেই বুদ্ধিগত সত্তাই অতীত, অনাগত সকল অবস্থাতে বাহ্যজগতে অবিদ্যমান অর্থকেও বুদ্ধিতে প্রদর্শন করতে পারে, এই কারণে অতীত-অনাগত কালের শব্দসমূহেরও অর্থ বুদ্ধিতে বিদ্যমানতার হেতু শব্দার্থসম্বন্ধের নিত্যতা স্বীকার করতে হবে। উপচার সত্তা বাহ্য শব্দার্থের পরিবর্তে ভাব-অভাবের সম্বন্ধের যোগ্য বলে 'ক্ষত্রিয়' শব্দে 'ব্রাহ্মণ' শব্দের সঙ্গে সাদৃশ্যবশতঃ 'ব্রাহ্মণ' শব্দের সঙ্গে ব্যবহার পূর্বক লক্ষণাবৃত্তির মাধ্যমে 'অব্রাহ্মণ' শব্দ প্রযুক্ত হয়ে থাকে। যদি ক্ষত্রিয় ও ব্রাহ্মণের কিছুমাত্র সাদৃশ্য না থাকত, তবে সেখানে নিষেধেরও কোনো প্রসঙ্গ উত্থাপিত হত না। বুদ্ধির আকারে অবস্থিত যে বিষয়, তা সর্বদাই অব্যভিচরিত সম্বন্ধে ভাবরূপে অনুভূত হয়, তার সঙ্গে নিষেধের যোগ সম্ভব নয়। তাই ব্রাহ্মণের গুণাবলির অধিকাংশ ক্ষত্রিয়ের ক্ষেত্রে দৃষ্ট হলে ভ্রান্তিবশত বুদ্ধিস্থ ব্রাহ্মণ পদার্থ অধ্যারোপিত হত। তখন বাহ্যজগতে অস্তিত্বহীন 'ব্রাহ্মণ' শব্দের অর্থের সঙ্গে বুদ্ধিস্থ ব্রাহ্মণত্ব অভিন্ন, তাদাত্ম্য অধ্যবসায়ের জন্য ভ্রমবশত নিশ্চিত করা হয়। সেক্ষেত্রে স্বাভাবিক মুখ্য ব্রাহ্মণার্থের নিবৃত্তি হয় এবং 'নঞ্' অব্যয় দ্বারা 'অব্রাহ্মণ' শব্দের প্রয়োগে তা ক্ষত্রিয়ে দ্যোতিত হয়। বাচকত্বের দ্বারা নিষেধের দ্যোতকত্বও স্বীকৃত। মহর্ষি পতঞ্জলির মহাভাষ্যের ব্যাখ্যাতেও পাই, 'ব্রাহ্মণ' শব্দের অর্থ যদি ক্ষত্রিয়াদিতে প্রযোজ্য না হয়, তবে নিবৃত্ত পদার্থ 'ব্রাহ্মণ' শব্দ দ্বারা 'অব্রাহ্মণ' প্রয়োগ হল কেন? তার উত্তর হল- কেবলমাত্র 'ন' বললে কার নিবৃত্তি হয় বোঝা যাবে না, সন্দেহ থাকবে। বাহ্য অর্থকে অপেক্ষা করেই ব্রাহ্মণ শব্দ ব্রাহ্মণত্বের অর্থের প্রতিযোগী রূপে নিষেধের অর্থে বোঝায়। যার অভাব, সে প্রতিযোগী। প্রতিষেধের যেটি বিষয়, তাকে কল্পনা করাও ক্ষত্রিয়াদিতে উপচার অর্থাৎ ব্রাহ্মণার্থের অধ্যারোপের ফল। তা না হলে প্রতিযোগী যেখানে প্রসিদ্ধ নয়, বাহ্য অস্তিত্বের দিক থেকে যেখানে ব্রাহ্মণত্ব নেই, সেখানে নিষেধের যৌক্তিকতা থাকে না।

**ন্যায়দর্শন সম্মত উপচার**

ন্যায়দর্শনে শব্দার্থসম্বন্ধের আলোচনা প্রসঙ্গে আমরা 'উপচার' বা গৌণপ্রয়োগের পরিচয় পেয়ে থাকি। *ন্যায়দর্শন* দ্বিতীয় খণ্ডের ৫৯,৬০,৬১ নং সূত্র এবং তদনুসারে লিখিত বাৎস্যায়ন ভাষ্য, উদ্যোতকর রচিত ন্যায়বার্তিক, বাচস্পতি মিশ্রের তাৎপর্যটীকাতে উপচার বিষয়ে আলোচনা রয়েছে।

ব্যক্ত্যাকৃতি-জাতিসন্নিধিবুপচারাৎসংশয়ঃ।[৫]

'গৌঃ' প্রভৃতি পদ ব্যক্তি-আকৃতি-জাতি এই পদার্থত্রয়েই প্রযুক্ত হতে পারে। কারণ, " গৌঃ" এই পদের অর্থবিষয়ে ব্যক্তি, আকৃতি ও জাতির সন্নিধি থাকায় উপচার বশতঃ অর্থাৎ অবিনাভাববিশিষ্ট হয়ে প্রতিটি ক্ষেত্রেই বোধিত হয়ে থাকে। মহর্ষি গৌতম 'গৌঃ' এই নাম পদের অর্থ পরীক্ষা করতে প্রথমে এই সূত্রের দ্বারা ঐ পদার্থবিষয়ে সংশয় প্রদর্শন করেছেন। গো নামক দ্রব্য পদার্থকে গো-ব্যক্তি বলে। ঐ গো-র অবয়ব-সংস্থানকে বলে আকৃতি। গো-মাত্রের অসাধারণ ধর্মকে বলা হয় জাতি। গো- ভিন্ন অন্য কোথাও গো-র আকৃতি ও জাতি না থাকায় এই তিনটির মধ্যে অবিনাভাব সম্বন্ধ বিদ্যমান। ভাষ্যকারের ব্যাখ্যার মধ্য দিয়েও পরিস্ফুট হয় যে, ব্যক্তি, আকৃতি ও জাতির মধ্যে যে কোনো একটিকে পদার্থ বলে স্বীকার করলেও অপর দুটির ঔপচারিক বোধের ক্ষেত্রে কোনো বাধা নেই। এই তিনটি বিষয় অবিনাভাব সম্বন্ধ বিশিষ্ট হওয়ায় একটির বোধ হলে অপরদুটির বোধ অবশ্যম্ভাবী। ' উপচার ' কথার অর্থ এখানে প্রয়োগ, কীভাবে এই শব্দ ব্যক্তিতে প্রযুক্ত হতে পারে, তার উত্তরে পরবর্তী সূত্রে মহর্ষি গৌতম বলেছেন,

যাশব্দ-সমূহ-ত্যাগ-পরিগ্রহ-সংখ্যা-বৃদ্ধ্যপচয়-বর্ণ-সমাসানুবন্ধানাং ব্যক্তাবুপচারাদ্ ব্যক্তিঃ।।[৬]

সমূহ, ত্যাগ, পরিগ্রহ, সংখ্যা, বৃদ্ধি, অপচয়, বর্ণ, সমাস ও অনুবন্ধের ভিত্তিতে উপচার হওয়ায় ব্যক্তি ' গো ' শব্দের বাচ্য হতে পারে।

**স্থিরমতির ভাষ্য অনুসারে যোগাচার বৌদ্ধ সম্মত উপচারের বিশ্লেষণ**

আচার্য বসুবন্ধু রচিত *বিজ্ঞপ্তিমাত্রতাসিদ্ধি* গ্রন্থের ত্রিংশিকা অংশের উপর স্থিরমতি বিরচিত ভাষ্যে প্রথম কারিকার ব্যাখ্যা প্রসঙ্গে বলা হয়েছে, বিজ্ঞানের পরিণামে আত্মা ও বাহ্যধর্মের উপচার হয়ে থাকে। বিজ্ঞানবাদী দার্শনিক উপচার বিষয়টিকে যেভাবে বিশ্লেষণাত্মকভাবে উন্মোচন করেছেন, সেখানে পূর্বপক্ষী বৈয়াকরণকৃত আপত্তি ও তার বিরুদ্ধে আচার্য স্থিরমতির নিজস্ব যুক্তি সুশৃঙ্খলভাবে স্থাপিত হয়েছে।

> অন্যস্ত্বাহ – অসত্যাত্মনি মুখ্যে ধর্মেষু চোপচারো ন যুজ্যতে। উপচারো হি ত্রিষু ভবতি নান্যতমাভাবে, মুখ্যপদার্থে তৎসদৃশে অন্যস্মিন্ বিষয়ে, তয়োশ্চ সাদৃশ্যে; তদ্যথা মুখ্যে'গ্নৌ তৎসদৃশে চ মাণবকে তয়োশ্চ সাধারণে ধর্মে কপিলত্বে তীক্ষ্ণত্বে বা সতি 'অগ্নির্মাণবকঃ' ইত্যুপচারঃ ক্রিয়তে।[৭]

ত্রিংশিকা কারিকার প্রথম কারিকায় "আত্মধর্মোপচারো হি বিবিধঃ যঃ প্রবর্ততে। বিজ্ঞানপরিণামে'সৌ" বলার পরিপ্রেক্ষিতে দেখানো হয়েছে যে বিজ্ঞানের পরিণামে আত্মা এবং বাহ্য ধর্মের উপচার হয়ে থাকে। এই ক্ষেত্রে বৈয়াকরণ প্রভৃতি পূর্বপক্ষীগণ নিম্নলিখিত আপত্তি জানিয়েছেন। তাঁদের বক্তব্য হল যে,যদি মুখ্য আত্মা (আত্মবাদীগণ যে আত্মার কল্পনা করেন) এবং বাহ্য বিষয় সর্বদা অসৎ হয়, তাহলে বিজ্ঞানের পরিণামে অর্থাৎ গ্রাহ্যাংশে ঐ আত্মা এবং ধর্মের উপচার হওয়া সম্ভব নয়। উপচার সেই জায়গাতেই সম্ভব যেখানে নিম্নলিখিত তিনটি বিষয় উপস্থিত রয়েছে – প্রথমত, মুখ্য পদার্থ, দ্বিতীয়ত, তৎসদৃশ অন্য বিষয় এবং তৃতীয়ত, এই দুইএর মধ্যে সাদৃশ্য। এই তিনটি বিষয়ের কোন একটির যদি অবিদ্যমানতা থাকে, তাহলে সেই স্থলে উপচার সম্ভব হবে না।

"তদ্যথা মুখ্যে'গ্নৌ তৎসদৃশে"– উদাহরণ স্বরূপ বলা যেতে পারে যে যখন কোন স্থলে একটা শিশু সম্বন্ধে বলা হয় যে 'অগ্নির্মাণবকঃ' অর্থাৎ ঐ শিশুর ক্ষেত্রে অগ্নির উপচার করা হয়, তখন সেই স্থানে উপরিউক্ত তিনটি বিষয়ই বর্তমান থাকে।এখানে অগ্নি বা আগুন হল মুখ্য পদার্থ যার উপচার শিশুটির উপর করা হচ্ছে। শিশুটির সঙ্গে আগুনের তেজ বিষয়ে সাদৃশ্য আছে বলে শিশুটিতে আগুনের উপচার করা হয়েছে। উজ্জ্বলতা এবং তেজস্বিতা এই দুটি ধর্ম আগুন এবং শিশুর মধে সাধারণ ভাবে বর্তমান থাকে বলে শিশুটিতে আগুনের উপচার সম্ভব হয়েছে।

ঠিক একইভাবে বিজ্ঞানের পরিণামে আত্মা এবং ধর্মের উপচার করার জন্য ঐ তিনটি বিষয়ের উপস্থিতি আবশ্যক। সর্ব প্রথম মুখ্য পদার্থ আত্মা এবং বাহ্য ধর্মের উপস্থিতি আবশ্যক কারণ বিজ্ঞান পরিণামে তাদের উপচার করা হবে। দ্বিতীয়ত, তৎসদৃশ বিষয় বিজ্ঞান-পরিণামের উপস্থিতি প্রয়োজন যেহেতু তাতে বিভিন্ন বাহ্য ধর্ম এবং আত্মার উপচার করা হয়। এ ছাড়াও বিজ্ঞানপরিণাম এবং বাহ্য ধর্ম ও আত্মার মধ্যে সাধারণ ধর্ম থাকা প্রয়োজন, যার উপস্থিতি বশতঃ বিজ্ঞানপরিণামে বিভিন্ন উপচার করা সম্ভব।

এই পরিস্থিতিতে পূর্বপক্ষী দার্শনিকগণ বলেন যে বিজ্ঞানবাদী দার্শনিকগণকে আত্মা এবং বাহ্য ধর্মের অস্তিত্ব অবশ্যই স্বীকার করতে হবে, কারণ না হলে তাদের দ্বারা অভিহিত উপচারের ব্যবস্থা করা কোন সময়েই সম্ভব হবে না।

বিজ্ঞানবাদী দার্শনিকরা পূর্বপক্ষীদের এই আপত্তি খন্ডন করতে গিয়ে সর্বপ্রথম বৈয়াকরণগণ কর্তৃক উক্ত দৃষ্টান্তটি নিয়ে আলোচনা করেছেন। স্থিরমতি বলেন –

> অত্র হ্যগ্নির্মাণবক ইতি জাতির্দ্রব্যং বোপচর্যতে। উভয়থাপ্যুপচারাভাবঃ[৮]

এখানে 'অগ্নির্মাণবকঃ' এই স্থলে যখন কোন শিশুতে অগ্নির উপচার করা হয়, সেই সময় ঐ স্থানে অগ্নি জাতির উপচার হতে পারে। অথবা অগ্নি দ্রব্যের উপচার হতে পারে। জাতি এবং দ্রব্য এই দুইএর উপচারই দোষযুক্ত। জাতির উপচারের ক্ষেত্রে দোষের সম্ভাবনা দেখাতে গিয়ে স্থিরমতি বলেন–

> তত্র তাবন্ন জাতেঃ সাধারণং কপিলত্বং তীক্ষ্ণত্বং বা। ন চ সাধারণধর্মাভাবে মাণবকে জাতেরুপচারো যুজ্যতে অতিপ্রসঙ্গাৎ[৯]

অগ্নি জাতি বা অগ্নিত্বের উপচার মাণবক বা শিশুর ক্ষেত্রে সম্ভব নয়। কারণ এই ক্ষেত্রে সাধারণ ধর্মের অভাব আছে। আর পূর্বপক্ষী তো নিজেই স্বীকার করেছেন যে উপচারের জন্য সাধারণ ধর্ম থাকা আবশ্যক। উজ্জ্বলতা এবং তেজস্বিতা এই দুই এর কোনটিই মাণবক বা শিশু এবং অগ্নিত্বের সাধারণ ধর্ম নয়। যে উজ্জ্বলতা এবং তীক্ষ্ণতা মাণবক বা শিশুর ক্ষেত্রে বর্তমান থাকে তা অগ্নিত্বের ক্ষেত্রে থাকে না। কারণ পূর্বপক্ষীর সিদ্ধান্ত অনুসারে অগ্নিত্বের মধ্যে উজ্জ্বলতা এবং তেজস্বিতা থাকতে পারে না, কারণ, উজ্জ্বলতা, তেজস্বিতা প্রভৃতি গুণ দ্রব্যে থাকতে পারে, জাতিতে নয়। সাধারণ ধর্ম না থাকা সত্ত্বেও জাতির উপচার স্বীকার করা হয়, তাহলে অতিপ্রসঙ্গ দোষ ঘটবে। অর্থাৎ তাহলে যেকোন বিষয়ে যেকোন জিনিসের উপচার সম্ভব বলতে হবে।

পূর্বপক্ষী এক্ষেত্রে বলতে পারেন–

> অতদ্ধর্মত্বে অপি জাতেস্তীক্ষ্ণত্ব-কপিলত্বয়োর্জাত্যবিনাভাবিত্বাৎ মাণবকে জাত্যুপচারো ভবিষ্যতি।[১০]

উজ্জ্বলতা, তেজস্বিতা প্রভৃতি যদিও অগ্নিত্ব জাতির ধর্ম নয়; তবুও অগ্নিত্ব ছাড়া তীক্ষ্ণত্ব, কপিলত্ব প্রভৃতি ধর্ম হওয়া সম্ভব নয়। অর্থাৎ অগ্নিত্বের সাথে উজ্জ্বলতা, তেজস্বিতার অবিনাভাব সম্বন্ধ বর্তমান। এবং সেই অবিনাভাব সম্বন্ধই এখানে উপচারের আধার বা আশ্রয়। ফলে শিশুতে অগ্নিত্বের উপচার করা সম্ভব।

বিজ্ঞানবাদীদের অভিযোগের উত্তরে পূর্বপক্ষীদের বক্তব্য এই যে উজ্জলতা, তেজস্বিতা অগ্নিত্বের সাধারণ ধর্ম নয় ঠিকই, কিন্তু অগ্নিত্বের সঙ্গে তাদের অবিনাভাব সম্বন্ধ থাকায় মাণবক বা শিশুর পরিপ্রেক্ষিতে অগ্নিত্বের উপচার হওয়া সম্ভব, অন্য যেকোন ধর্মের নয়। অর্থাৎ যেকোন বিষয়ে যেকোন জিনিসের উপচার করা সম্ভব নয়। সেই কারণে বিজ্ঞানবাদী দার্শনিকরা পূর্বপক্ষীদের বিরুদ্ধ যে অতিপ্রসঙ্গের অভিযোগ করেছেন, তা সঙ্গত নয়। উত্তরে সিদ্ধান্তবাদী বলেন–

> জাত্যভাবে অপি তীক্ষ্ণত্বকপিলত্বয়োর্মাণবকে দর্শনাদ্ অবিনাভাবিত্বম্ অযুক্তম্।[১১]

মাণবক বা শিশুর মধ্যে অগ্নিত্ব থাকে না। অথচ তার মধ্যে উজ্জ্বলতা, তেজস্বিতা দেখতে পাওয়া যায়। অতএব অগ্নিত্ব ছাড়াই উজ্জ্বলতা, তেজস্বিতার অস্তিত্ব হতে পারে। ফলতঃ অগ্নিত্বের সঙ্গে উজ্জ্বলতা, তেজস্বিতার অবিনাভাব সম্বন্ধ আছে বলে পূর্বপক্ষীরা যে বলেন তা যুক্তিসিদ্ধ নয়।

পূর্বপক্ষী তাও বলতে পারেন যে শিশুর মধ্যে যে উজ্জ্বলতা, তেজস্বিতা দেখতে পাওয়া যায় তা অগ্নিত্ব ব্যতীত সম্ভব হতে পারে না। সেই কারণেই উপচার করা সম্ভব। কিন্তু পূর্বপক্ষীদের এই বক্তব্যও যে যুক্তিসঙ্গত নয় তা দেখানোর জন্য স্থিরমতি বলেন–

> অবিনাভাবিত্বে চোপচারাভাবঃ অগ্নাবিব মাণবকে অপি জাতিসদ্ভাবাৎ। তস্মান্ন মাণবকে জাত্যুপচারঃ সম্ভবতি।[১২]

যদি অগ্নিত্ব ছাড়া উৎপন্ন হতে না পারা তীক্ষ্ণত্ব, কপিলত্ব ইত্যাদি ধর্ম শিশুর মধ্যে বর্তমান থাকে তাহলে তো অগ্নিত্বও শিশুর মধ্যে আছে একথা অবশ্যই বলতে হবে। এই পরিস্থিতিতে শিশুতে অগ্নিত্বের উপচার কোনভাবেই হতে পারে না। কারণ যখন শিশুর মধ্যে অগ্নিত্ব ধর্ম স্বয়ং উপস্থিত, তখন সেখানে অগ্নিত্বের উপচারের কোন অবকাশ নেই। যেভাবে অগ্নিতে অগ্নিত্ব ধর্ম আছে বলে অগ্নিতে অগ্নিত্বের উপচার হতে পারে না, ঠিক একই রকম ভাবে শিশুর মধ্যে অগ্নিত্ব বিদ্যমান হওয়ায় শিশুর ক্ষেত্রে অগ্নিত্বের উপচার সম্ভব নয়। উপচার সেখানেই সম্ভব বা সেখানেই প্রয়োগ করা হয় যেখানে যে ধর্মটি থাকে না। অতএব সিদ্ধান্ত হল–

> তস্মান্ন মাণবকে জাত্যুপচারঃ সম্ভবতি।

এইভাবে উপচারের দুটি আধারই (অগ্নিত্ব নিজে এবং অগ্নিত্বের সঙ্গে অব্যভিচার সম্বন্ধে যুক্ত তেজস্বিতা, উজ্জ্বলতা প্রভৃতি) যুক্তিসঙ্গত না হওয়ায় শিশুর ক্ষেত্রে অগ্নিত্বের উপচার হতে পারে না। শিশুতে অগ্নিত্বের উপচারের প্রথম আধার হল অগ্নিত্বের তেজস্বিতা, উজ্জ্বলতা ধর্ম; কারণ উপচারের ক্ষেত্রে সাধারণ ধর্ম থাকা একান্ত আবশ্যক। তেজস্বিতা, উজ্জ্বলতা প্রভৃতিকে সাধারণ ধর্ম হিসেবে

স্বীকার করা হয়েছে। তাই অগ্নিত্ব আর শিশু দুজনের মধ্যেই এই ধর্মগুলো থাকা আবশ্যক। অথচ পূর্বপক্ষী নিজের সিদ্ধান্ত অনুসারে অগ্নিত্ব জাতির মধ্যে তেজস্বিতা, উজ্জ্বলতা প্রভৃতি গুণের অস্তিত্ব স্বীকার করতে পারেন না। আবার সিদ্ধান্তবাদীর দৃষ্টিভঙ্গি থেকে পূর্বপক্ষী দ্বারা স্বীকৃত অগ্নিত্ব জাতি আদৌ সম্ভব নয়। ফলে উপচারের এক আধার নিজে থেকেই বাদ হয়ে যাচ্ছে।

উপচারের দ্বিতীয় আধার তেজস্বিতা, উজ্জ্বলতা প্রভৃতি, যাদের সঙ্গে অগ্নিত্বের অবিনাভাবিত্বের কথা পূর্বপক্ষীগণ স্বীকার করেছেন। এই নিয়ম অনুসারে শিশুতে অগ্নিত্বের অনিবার্য উপস্থিতি ঘটে গেছে। সেক্ষেত্রে শিশুতে অগ্নিত্বের উপচার প্রয়োগের কোনো আবশ্যকতা থাকবে না, ঠিক যেমন অগ্নিতে অগ্নিত্ব থাকার দরুণ নতুন করে অগ্নিতে অগ্নিত্বের উপচার করার প্রয়োজন হয় না।

উপচারের দুটি আধারের কোনটিই প্রযোজ্য না হওয়ায় শিশুতে অগ্নিত্বের উপচার কোনভাবেই সম্ভব হবে না। এখন দ্রব্য উপচারের সম্ভাবনা নিয়ে আলোচনা করছেন স্থিরমতি। তিনি বলেন –

> নাপি দ্রব্যোপচারঃ সামান্যধর্মাভাবাৎ। ন হি যো'গ্নেস্তীক্ষ্ণো গুণঃ কপিলো বা, স এব মাণবকে। কিং তর্হি? ততো'ন্যঃ, বিশেষস্য স্বাশ্রয়প্রতিবদ্ধত্বাৎ। ন বিনা অগ্নিগুণেন অগ্নের্মাণবকে উপচারো যুক্তঃ।[১৩]

শিশুর ক্ষেত্রে অগ্নিদ্রব্যের উপচার স্বীকার করাও যুক্তি সম্মত নয় কারণ অগ্নিদ্রব্য আর শিশুসন্তানের মধ্যে কোন সাধারণ ধর্ম বর্তমান থাকেনা।

পূর্বপক্ষী এক্ষেত্রে বলতে পারেন যে তেজস্বিতা, উজ্জ্বলতা প্রভৃতি গুণ তো দুই-এর মধ্যেই দেখতে পাওয়া যায়। সেক্ষেত্রে সামান্য ধর্মের অভাব ঘটছে না। উত্তরে সিদ্ধান্তবাদী বলেন যে তেজস্বিতা, উজ্জ্বলতা প্রভৃতি যে সমস্ত গুণ অগ্নি-দ্রব্য এবং শিশুর মধ্যে বর্তমান আছে বলে পূর্বপক্ষী মনে করেন, তা সত্য নয়; এরকম কিছু থাকতে পারে না। আগুনের ক্ষেত্রে যে তেজস্বিতা, উজ্জ্বলতা প্রভৃতি গুণ দেখা যায়, সেই গুণ কিন্তু শিশুর ক্ষেত্রে দেখা যায় না, বা মানা যায় না। অন্যদিকে শিশুর মধ্যে যে তেজস্বিতা, উজ্জ্বলতা গুণ রয়েছে, তা আগুনের গুণ নয় বরং তার থেকে সম্পূর্ণ ভিন্ন। শিশুর যে তেজস্বিতা, উজ্জ্বলতা ইত্যাদি গুণ, অগ্নির তেজস্বিতা, উজ্জ্বলতা ইত্যাদি গুণ থেকে ভিন্ন এই কারণে যে শিশুর একটা নিজের পরিসর আছে এবং ঐ বিশেষ পরিসরেই ঐ গুণগুলি শিশুটির মধ্যে যুক্ত থাকে। যা কোন বিশেষ দ্রব্যের সঙ্গে যুক্ত তা ঐ বিশেষ দ্রব্য ভিন্ন অন্য কোন আশ্রয়ে যুক্ত থাকতে পারে না। অগ্নি কাঠ ইত্যাদি ইন্ধনকে দগ্ধ করতে পারে বলে তাকে উজ্জ্বল বলা হয়। অন্যদিকে শিশুকে যখন উজ্জ্বল বলা হয় তখন তার দ্বারা বোঝানো হচ্ছে যে শিশুটি নিজের কাজ করতে দক্ষ। এইভাবে দুজনের উজ্জ্বলতা একে অন্যের থেকে ভিন্ন। ঠিক সেই একই ভাবে যে অর্থে অগ্নিকে তেজস্বী বলা হয় আর যে অর্থে কোন শিশুকে তেজস্বী বলা হয় তাদের মধ্যে কোন মিল নেই। তেজস্বিতা, উজ্জ্বলতা প্রভৃতি অগ্নির গুণের আধার যে অগ্নি, তার উপচার শিশুর উপর করা সম্ভব নয়। পূর্বপক্ষীদের মত অনুসারে অগ্নির গুণ ছাড়া অগ্নির উপচার অন্যত্র করতে পারা যায় না। শিশুর ক্ষেত্রে যে তেজস্বিতা, উজ্জ্বলতা গুণ আছে, সেই গুণ অগ্নির গুণ কখনই নয়। এই কারণে একটা বস্তুর গুণের আধারের উপর অপর একটা বস্তুর উপচার করা অসম্ভব। অন্যথায় সেখানে অতিপ্রসঙ্গ দোষের আপত্তি উঠবে, অর্থাৎ যেকোন বস্তুতে অন্য যেকোন বস্তুর উপচার হয়ে যাবে।

পূর্বপক্ষীর যুক্তিতে স্ববিরোধিতা ও অসামঞ্জস্য রয়েছে- একথা প্রদর্শন করে স্থিরমতি বিজ্ঞানবাদীর পক্ষে যুক্তি উপস্থাপনা করতে গিয়ে বলেন, মুখ্যপদার্থ, তার গ্রাহ্যগুণ এবং গৃহীত স্বরূপের মধ্যে ত্রিস্তরীয় ভেদ বিদ্যমান। বাহ্যার্থবাদীদের মতের বিরোধিতা করে স্থিরমতি বলেন-

> মুখ্যো'পি পদার্থো নাস্তি, তৎস্বরূপস্য সর্বজ্ঞানাভিধানবিষয়াতিক্রান্তত্বাৎ।[১৪]

শব্দ এবং কল্পনার বিষয় মুখ্য পদার্থ অর্থাৎ দ্রব্যসৎ ধর্ম কখনো হতে পারে না। দ্রব্যসৎ স্বলক্ষণ ধর্ম শব্দ এবং তা কখনোই কল্পনাবুদ্ধির বিষয় হয় না। শব্দ এবং কল্পনাবুদ্ধি দ্বারা বস্তুস্বরূপের সাক্ষাৎকার সম্ভব নয়। যদি শব্দ এবং কল্পনাবুদ্ধি বস্তুর স্বরূপের সাক্ষাৎকারে সমর্থ হত, তবে তা বস্তুর যথাযথ স্বরূপকেই গ্রহণ করতে পারত। ঘটের যথার্থ স্বরূপে অনিত্যতা, কৃতকত্ব, অর্থক্রিয়াসামর্থ্য ইত্যাদি বহুবিধ ধর্ম বিদ্যমান থাকে। শব্দ এবং কল্পনাবুদ্ধি যদি ঘটের যথাযথ স্বরূপ গ্রহণে সক্ষম হত, তাহলে ঐ সমস্ত ধর্মের সহযোগেই তার জ্ঞান হত। কিন্তু, বাস্তবে শব্দ এবং

কল্পনাবুদ্ধি যখন কোনো বিষয়ে প্রবৃত্ত হয়, তখন সব ধর্ম নয়, কেবল একটি ধর্ম বিশিষ্টরূপেই বস্তুটিকে গ্রহণ করে। শব্দ এবং কল্পনাবুদ্ধিতে বস্তুর স্বলক্ষণ এবং সামান্য লক্ষণের যৌথ রূপের প্রকাশ ঘটে। সেই যুক্তিতে বলা হয়েছে, বস্তুর স্বরূপ শব্দ আর কল্পনাবুদ্ধির অগম্য।

জ্ঞান অর্থাৎ কল্পনাবুদ্ধি এবং অভিধান অর্থাৎ বাচক শব্দ প্রধান দ্রব্যের গুণের ক্ষেত্রেই প্রযুক্ত হয়ে থাকে। গুণ ব্যতীত দ্রব্যের স্বরূপ জানা যায় না, এটিই ছিল পূর্বপক্ষীর বক্তব্য। তাঁরা বলেন, দ্রব্যের তাৎপর্য হল এটা বিশেষ্য, আর গুণ হল বিশেষণ। আচার্য স্থিরমতি নিজের ভাষ্যে স্পষ্ট করে বলেননি, যে এটা পূর্বপক্ষীর মত, এই বাক্যটিকে তিনি নিজের বক্তব্যের সঙ্গে সঙ্গতিপূর্ণভাবে উপস্থাপিত করেছেন। যখন কোনো বস্তুর ক্ষেত্রে শব্দ এবং কল্পনাবুদ্ধি প্রবৃত্ত হয়ে থাকে, কোনো বিশেষণ বা গুণ ছাড়া সেই প্রবৃত্তি সম্ভব হতে পারে না। ভিন্ন ভিন্ন গুণ বা ভিন্ন ভিন্ন বিশেষণ যা বস্তুতে থাকুক বা না থাকুক, আমাদের বুদ্ধি কল্পনার দ্বারা বস্তুতে আরোপ করে তাকে গ্রহণ করে। শব্দ এবং কল্পনার স্বভাবই এমন তা বিশেষ্য-বিশেষণভাবের দ্বারা বস্তুকে গ্রহণ করে। বস্তুস্বরূপের মধ্যে বিশেষ্য ও বিশেষণ পৃথক রূপে থাকে না। যদি শব্দ এবং কল্পনা বস্তুর স্বরূপকে সাক্ষাৎভাবে গ্রহণ করতে পারত তাহলে বিশেষণ বা গুণের কোনো প্রয়োজনীয়তা থাকত না। প্রত্যক্ষের ক্ষেত্রে বিশেষ্য-বিশেষণভাব বর্তমান থাকে না। কারণ, প্রত্যক্ষের দ্বারা বস্তুর সাক্ষাৎ স্পর্শ বা গ্রহণ হয়ে থাকে।

পূর্বপক্ষী যদি বলেন যে, শব্দ আর কল্পনাবুদ্ধি বস্তুর স্বরূপে প্রবৃত্ত হয় না, তবুও বস্তু বা দ্রব্য অন্য উপায়ে জানতে পারা যায়, সেই বক্তব্য গ্রহণযোগ্য নয়। কারণ, উপচার ভিন্ন শব্দ এবং কল্পনার অতিরিক্ত এমন কোনো উপায় নেই যার দ্বারা বাহ্য মুখ্য পদার্থের জ্ঞান সম্ভব। উপচারের ক্ষেত্রে প্রত্যক্ষবুদ্ধির কোনো উপযোগিতা নেই। প্রত্যক্ষবুদ্ধি উপচারের ক্ষেত্রে কোনো ভূমিকা পালন করে না। কেবলমাত্র শব্দ আর কল্পনাবুদ্ধিই উপচারের ক্ষেত্রে কার্যকরী। অতএব, জ্ঞান এবং বাচকশব্দ প্রধান বা মুখ্য পদার্থের স্বরূপ বিষয়ে কোনোকিছুই বলতে পারে না, তাই মুখ্য পদার্থই নেই- এটাই সেখানে জ্ঞাতব্য। একটি শিশুর ক্ষেত্রে যখন অগ্নির উপচার করা হয়, তখন ঐ শব্দ প্রয়োগ এবং জ্ঞান অগ্নির যথাযথ স্বরূপকে স্পর্শ করতে পারে না। ফলতঃ, " অগ্নির্মাণবকঃ অয়ম্ " - এই ধরণের প্রয়োগের ক্ষেত্রে শব্দ এবং কল্পনাবুদ্ধির সম্মুখে অগ্নি নামক কোনো মুখ্য পদার্থ উপস্থিত থাকে না। এইভাবে, বিজ্ঞপ্তিমাত্রতার ক্ষেত্রে যখন বাহ্য বিষয়ের উপচার করা হয়, তখন ঐ উপচার প্রয়োগকারী বুদ্ধির সামনে বাহ্য বিষয় বলে কোনো মুখ্য পদার্থ উপস্থিত থাকে না। তাই, উপচারের জন্য মুখ্য পদার্থ আবশ্যক একথা বলা যায় না।

পূর্বপক্ষী এক্ষেত্রে বলতে পারেন যে, অগ্নি-দ্রব্য এবং অগ্নির জাতি অগ্নিত্ব, এই দুইএর ক্ষেত্রে শব্দ এবং কল্পনাবুদ্ধি সাক্ষাৎভাবে প্রবৃত্ত না হলেও শব্দের ক্ষেত্রে বাচক শব্দ এবং কল্পনাবুদ্ধি সাক্ষাৎভাবে প্রযুক্ত হয়। অতএব, উপচারের সময় শব্দ এবং কল্পনাকে মুখ্য পদার্থরূপে গণ্য করা যেতে পারে। কিন্তু, পূর্বপক্ষীর এই যুক্তিও যথাযথ নয়। দ্রব্য এবং জাতির ক্ষেত্রে যেমন শব্দ এবং কল্পনাবুদ্ধি সাক্ষাৎভাবে প্রযুক্ত হয় না, তেমনি শব্দের ক্ষেত্রেও শব্দ সাক্ষাৎভাবে প্রযুক্ত হতে পারে না। সম্বন্ধ হবার জন্য দুটি বস্তু পরস্পর ভিন্ন হওয়া প্রয়োজন। অথচ শব্দ শব্দ থেকে ভিন্ন নয়। অপর সিদ্ধান্ত অন্যসারে, যেখানে কোনো সম্বন্ধ নেই, সেখানে অভিধান অর্থাৎ বাচক শব্দের প্রয়োগ হয় না। সুতরাং, শব্দ যেহেতু শব্দের ক্ষেত্রে প্রবৃত্ত হয় না, তাই শব্দের ক্ষেত্রে কল্পনাও প্রবৃত্ত হতে পারে না। বৈয়াকরণ মতে সমস্ত জ্ঞানই সবিকল্পক। তাঁদের মতে, কোনো জ্ঞানই বাচক শব্দ ছাড়া কোনো বিষয়ে প্রবৃত্ত হতে পারে না।

> নসো'স্তিপ্রত্যয়লোকে যঃ শব্দানুগমাদৃতে।
> অনুবিদ্ধমিব জ্ঞানং সর্বং শব্দেন ভাসতে।।(১/১২৩)

এই কারণে, জাতি,গুণ, কর্ম প্রভৃতি যা কিছু আমাদের জ্ঞানের দ্বারা গৃহীত হয়, সেগুলির কোনোটিই শব্দের সাহায্য ভিন্ন গৃহীত হতে পারে না। অর্থাৎ শব্দসাপেক্ষেই তারা আমাদের জ্ঞানের বিষয় হতে পারে। এই পক্ষের পরিপ্রেক্ষিতেই বিজ্ঞানবাদী বৌদ্ধ সম্প্রদায় শব্দ এবং কল্পনাবুদ্ধিকে অন্যাপোহবিষয়ক বলে অভিহিত করেছেন এবং প্রতিষ্ঠা করেছেন যে, শব্দ এবং কল্পনা কখনোই

বস্তুর স্বরূপকে স্পর্শ করতে পারে না। ফলে, "অগ্নির্মাণবকঃ" বা "এই রূপটি বাহ্য" ইত্যাদি স্থলগুলিতে যেগুলি উপচারের স্থল বলে গণ্য করা হয়ে থাকে, সেখানে মুখ্য পদার্থ বলে প্রকৃতপক্ষে কিছু থাকে না। উপরিউক্ত আলোচনা এটাই প্রমাণ করে যে, বাচক শব্দ এবং কল্পনাবুদ্ধির অধ্যবসেয় বস্তুসৎ নয়।

> অপি চ সর্ব এবায়ং গৌণ এব ন মুখ্যো'স্তি। গৌণো হি নাম যো যত্রাবিদ্যমানেন রূপেণ প্রবর্ততে। সর্বশ্চ শব্দঃ প্রধানে অবিদ্যমানেনৈব গুণরূপেণ প্রবর্ততে, অতো মুখ্যো নাস্ত্যেব। তত্র যদুক্তম্ - অসত্যাত্মনি মুখ্যে ধর্মেষু চোপচারো ন যুক্তঃ ইতি তদযুক্তম্।[১৫]

মুখ্যপদার্থের খণ্ডন করে বৈয়াকরণ প্রভৃতির দ্বারা স্বীকৃত সমস্ত বস্তুই উপচরিত- একথা প্রদর্শনের জন্য আচার্য স্থিরমতি বলেন যে, বৈয়াকরণ মতে সমস্ত জ্ঞান সবিকল্পক,সেই কারণে সমস্ত জ্ঞানের বিষয়ই শব্দসাপেক্ষ হয়ে থাকে। অথচ, যুক্তির সাহায্যে প্রতিপাদিত হয়েছে যে, আমাদের কল্পনাবুদ্ধি এবং বাচক শব্দ কখনোই বস্তুর যথাযথ স্বরূপ গ্রহণে সমর্থ হয় না। স্থিরমতির ভাষ্য পর্যালোচনা করলে মনে হতে পারে যে, বৈয়াকরণ মতে, সমস্ত বস্তুই উপচরিত। অর্থাৎ, গৌণ বা কল্পিত। যেহেতু, তাঁরা মনে করেন যে, সমস্ত জ্ঞানই সবিকল্পক। সবিকল্পক জ্ঞান বস্তুস্বরূপকে সরাসরি সাক্ষাৎ করতে পারে না, কিন্তু ঐ বস্তুতে অবিদ্যমান গুণ বা বিশেষণের দ্বারা প্রবৃত্ত হয়ে থাকে। বাচক শব্দ এবং কল্পনার দ্বারা আমাদের জ্ঞানে যে বস্তু এবং বিশেষণের সম্বন্ধের বোধ হয়ে থাকে, বস্তুর স্বরূপের মধ্যে তা কখনোই বর্তমান থাকে না। বস্তুর স্বরূপের মধ্যে না থাকলেও তার জ্ঞান আমাদের এভাবেই হয়ে যায়। কোনো বস্তু না থাকা সত্ত্বেও তার জ্ঞান হওয়াকেই গৌণ, উপচরিত, কল্পিত বলা হয়। ফলতঃ, পূর্বপক্ষী বৈয়াকরণের মত যে, মুখ্য ধর্ম না থাকলে উপচার হতে পারে না, সেই বক্তব্য অত্যন্ত অযৌক্তিক।

## উপসংহার

স্থিরমতির ত্রিংশিকাভাষ্য অনুসরণে বিজ্ঞানবাদী বৌদ্ধগণের এভাবেই পূর্বপক্ষী বৈয়াকরণের মত খণ্ডন পূর্বক নিজমত প্রতিষ্ঠা পরিস্ফুট হয়েছে। বৌদ্ধগণ যেহেতু অপোহবাদী, তাই তাদের মতে কল্পনাবুদ্ধি এবং শব্দের দ্বারা বস্তুর যথাযথ স্বরূপ গ্রাহ্য হতে পারে না। কারণ, শব্দ এবং কল্পনায় অভিন্ন বস্তুর ভেদ এবং ভিন্ন বস্তুর ভেদের প্রতীতি ঘটে। পূর্বাপর ভেদ সম্পন্ন দেশ ও কালের জ্ঞানের সমন্বয়ে বস্তুর বোধ আমাদের হয়। বিজ্ঞানের পরিণামে আত্মা ও বাহ্যধর্মের উপচার হয়ে থাকে- যোগাচার বিজ্ঞানবাদীদের ভাববাদী তত্ত্বের এই কেন্দ্রীয় বক্তব্যকে বাহ্যার্থবাদীরা আক্রমণ করতে চেয়েছেন বলেই পূর্বপক্ষী বৈয়াকরণদের যুক্তির সাহায্যে তাদের এই ভাষাগত দৃষ্টিভঙ্গির বিরুদ্ধে যুক্তিজাল নিক্ষেপ করেন। আচার্য স্থিরমতির ত্রিংশিকাভাষ্যে পূর্বপক্ষীর মত খণ্ডন পূর্বক যোগাচারবাদের নিজস্ব যুক্তিনির্ভর অবস্থানে ভাষাদর্শনের যে অভিমুখ ফুটে উঠেছে তা একাধারে তাদের আধিবিদ্যক তত্ত্বকে আরো গভীরভাবে প্রোথিত করার পক্ষে দাবি রাখে বলে মনে হয়েছে। আর, উপচার বিষয়ে বৈয়াকরণদের যে তত্ত্ব উন্মোচিত হয়েছে, সেখানে বাচক শব্দ ও বাচ্য অর্থের মধ্যে Correspondance Theory থাকতে পারে বলে মনে করা যেতে পারে। আনুরূপ্যবাদের সপক্ষে যে যুক্তি দিয়েছেন, তা খণ্ডন করে Essentialist theory of meaning এর বিরুদ্ধে স্থিরমতি নিজের যুক্তি প্রদান করেছেন। তাঁর তত্ত্ব পাশ্চাত্য ভাষাদর্শনের আঙ্গিকে আলোচিত Causal Theory of Reference এর সঙ্গে কতটা সাযুজ্যপূর্ণ তা পর্যালোচনার অপেক্ষা রাখে। যেহেতু, বিজ্ঞানবাদীর ক্ষেত্রে বস্তু দ্রব্যতঃ সৎ নয়, তাই ভাষা ও বাহ্য অর্থের সারূপ্য তাঁরা স্বীকার করবেন না। বস্তুগত গুণই কেবল ভাষায় ধরা পড়তে পারে, শব্দ এবং তার বাচ্য অর্থের আনুরূপ্য সম্বন্ধ থাকা সম্ভব নয়।

### উল্লেখপঞ্জি

১. Kunjunni Raja, *Indian Theories of Meaning,* p.231-232

২. Vasubandhu, *Vijñaptimātratāsiddhi,* trans. Dr Mahesh Tiwar, p.24

৩. Bhartrihari, *Vākyapadīya,* trans. K Raghavan Pillai, p.94

৪. তদেব, পৃ. ১৭৬

৫. Ganganath Jha, *The Nyāya Sūtras of Gautama,*Vol.2, p.123

৬. তদেব, পৃ. ৪৯১

৭. Vasubandhu, *Vijñaptimātratāsiddhi,* trans. Dr Mahesh Tiwary, p.38

৮. তদেব।

৯. তদেব।

১০. তদেব।

১১. তদেব।

১২. তদেব।

১৩. তদেব ।

১৪. তদেব।

১৫. তদেব।

## নির্বাচিত গ্রন্থপঞ্জি


Chatterjee, Ashok Kumar. *The Yogācāra Idealism*.New Delhi: Motilal Banarasidas, 1975.

Kunjunni, Raja. *Indian Theories of Meaning*. Madras: Adyar Library and Research Centre, 1963.

Jha, Ganganath. *The Nyāya Sutras of Gautama*, Vol-2. New Delhi: Motilal Banarasidas, 1989.

Pillai, K Raghuvan. *The Vākyapadīya*. Vol-1. New Delhi. Motilal Banarasidas: The Chowkhamba Vidyabhawan, 1980.

Tiwari, Mahesh.*Vijñaptimātratāsiddhi of Vasubandhu*. Varanasi: The Chowkhamba Vidyabhawan, 1996.

Tzohar, Roy. *The Yogācāra Buddhist Theory of Metaphor*. New York: Oxford University Press, 2018.

# PART- II

## CONTRIBUTORS

### SECTION A

| SL NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1. | PROF. DEBARCHANA SARKAR | Professor, Department of Sanskrit, Jadavpur University. |
| 2. | PROF. BRAJAKISHORE SWAIN | Former Professor, Department of Dharmasastra, Sri Jagannath Sanskrit University. |
| 3. | PROF. RATNA BASU | Former Professor, Department of Sanskrit, University of Calcutta. |
| 4. | PROF. SARBANI GANGULI | Former Professor, Department of Sanskrit, Jadavpur University. |
| 5. | DR. GARGI BHATTACHARYA | Assistant Professor, Department of Sanskrit, Visva-Bharati. |
| 6. | DR. CHINMAY MANDAL | Assistant Professor, Department of Sanskrit, Jadavpur University. |
| 7. | ANINDYA BANDYOPADHYAY | Assistant Professor, Department of Sanskrit, University of Kalyani |
| 8. | PROF. DIDHITI BISWAS | Former Professor, Department of Sanskrit, University of Calcutta. |
| 9. | DR. SWADES RANJAN GHOSAL | Associate Professor, Department of Dharma Shastra, Sri Sitaram Vaidic Sanskrit Adarsha Mahavidyalaya. |
| 10. | DR. DEEPASHREE MONDAL | Assistant Professor, Department of Sanskrit, Trivenidevi Bhalotia College. |

### SECTION B

| SL NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 11. | SIKHA SARKAR SIKDAR | Assistant Professor, Department of Sanskrit, Galsi Mahavidyalay. |
| 12. | DR. SOUMYAJIT SEN | Assistant Professor, Department of Sanskrit, Cooch Behar Panchanan Barma University. |
| 13. | SUBRATA GAYEN | Assistant Professor, Department of Sanskrit, Chandernagore College. |

| | | |
|---|---|---|
| 14. | NARUGOPAL DAS | State Aided College Teacher, Department of Sanskrit, Swarnamoyee Jogendranath Mahavidyalaya. |
| 15. | RIYA PAL | State Aided College Teacher, Department of Sanskrit, Chhatna Chandidas Mahavidyalaya |
| 16. | BASUNDHARA GANGULY | Assistant Professor, Department of Philosophy, S.C.B.C College. |
| 17. | DR. SWADHIN KUMAR MANDAL | Assistant Professor, Department of Sanskrit, Michael Madhusudan Memorial College. |
| 18. | PRASENJIT BERA | Assistant Professor, Department of Philosophy, AKPC Mahavidyalaya. |
| 19. | DR. PRIYANKA SAHA | Assistant Professor, Department of Sanskrit, Berhampore Girls' College. |
| 20. | SANTU KANDAR | Assistant Professor, Department of Sanskrit, Ramakrishna Mission Vidyamandira. |

## SECTION C

| SL NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 21. | PROLAY NANDI | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute. |
| 22. | PURNIMA HALDER | Ph.D. Research Scholar, Department of Sanskrit, University of Calcutta. |
| 23. | PUSPENDU MONDAL | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Bankura University. |
| 24. | RAHUL DAN | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Bankura University. |
| 25. | SAYANTI GORAI | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Cooch Behar Panchanan Barma University. |
| 26. | SOMNATH BARMAN | Student (PG), Department of Sanskrit, Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute. |
| 27. | SUBIR DOLUI | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Cooch Behar Panchanan Barma University. |
| 28. | SUSANTA BANERJEE | Ph.D. Research Scholar, Department of Sanskrit, University of Calcutta. |
| 29. | TAPAS BARMAN | Ph.D. Research Scholar, Department of Sanskrit, |

| | | |
|---|---|---|
| | | Cooch Behar Panchanan Barma University. |
| 30. | RAJESH ADHIKARI | M.Phil. Research Scholar, Department of Sanskrit, Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute. |
| 31. | SUDIP SARDAR | M.Phil. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University. |
| 32. | SUDIP HALDER | Ph.D. Research Scholar, Department of Sanskrit, University of Calcutta. |
| 33. | PRATIKA SANYAL | Student (PG), Department of Sanskrit, Jadavpur University. |
| 34. | OISHI SAHA | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University |
| 35. | MITHUN NASKAR | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Cooch Behar Panchanan Barma University. |
| 36. | MANIKA HANSDA | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University. |
| 37. | MOUSUMI SANPUI | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University. |
| 38. | PALLABI MALIK | Ph.D. Research Scholar, Department of Sanskrit, SKBU. |
| 39. | PINKI KHATUN | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University. |
| 40. | SK SAMSUDDIN ALI | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University. |
| 41. | SWAGATA BISWAS | Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University. |
| 42. | RANU MONDAL | M.Phil. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University. |
| 43. | SHUBHABRATAA CHAKRABORTY | M.Phil. Research Scholar, Department of Philosophy, Jadavpur University. |